





যারা ভোর এনেছিল আনিসুল ব্রু

উৎসর্গ

তোমরা যারা একান্তরের পরে জন্মেছ

ANNA RESOLUTION DE CONTRA LES CON

ভূমিকা

এটি উপন্যাস, ইতিহাসগ্রন্থ নয়; যদিও ঐতিহাসিক বটনা বর্ণনার সময় সত্যতা রক্ষার যথাসাধ্য চেষ্টা করা হয়েছে।

এই কাহিনি রচনার সময় বিভিন্ন লেখকের শুদ্ধি বই থেকে উদার হাতে গ্রহণ করা হয়েছে, কোথাও কোথাও উদ্ধৃত বর্ত্তা-ইয়েছে অবিকল, কোথাও বা পুনর্লিখন করা হয়েছে মাত্র। সবার কার্ক্তে অনুস্থাকার করছি আন্তরিকভাবে। বাংলাদেশের ইতিহাসের সবচেই ফ্রিন্সবান অর্জন স্বাধীনতা। তা যে এক

বালে।দেশের হাতহাসের সবচেয়ে জ্বলাবান অজন স্বাধানত। তা যে এক দিনে আসেনি, এক বছরেও না হিন্তু বই রচনাকালে কথাটা বারবার মনে হয়েছে।

এই বইয়ে আমরা ক্রিক ১৯৫২ সালের ফেব্রুয়ারি পর্যন্ত আসতে পেরেছি। আমাদের আর্ক্ত বন্ধ পথ পাড়ি দিতে হবে। আপনাদের কাছ থেকে উৎসাহ পেলে ক্রাম্ক্র জন্য কাজটা সহজ হবে। পরামর্শ, সংশোধনী, তথ্য পাঠাতে পারেন ই-মেইলে।

ধন্যবাদসহ

আনিসুল হক



এক ছিল ব্যাঙ্গমা। আরেক ছিল ব্যাঙ্গমি। একটা আমগাছের ডালে ছিল তাদের বাস।

ওই আমগাছটা কোথায় ছিল? ঢাকা বিশ্ববিদ্যালয়ে। ঢাকা বিশ্ববিদ্যালয়টা কোথায়? পূৰ্ব পাকিস্তানে।

শেখ মুজিব অবশ্য কখনোই পর্ব পার্কিজান শব্দটা উচ্চারণ করতে চাইতেন না। ১৯৪৭-এর পরও তি ক্রিয়াভূমিকে তিনি ডাকতেন পূর্ব বাংলা বলে। বিশ শতকের মুর্বেটি নশকের শেষের দিকে তিনি এর নাম দিয়েছিলেন বাংলা দেশ বিশুটার্ক, ইংরেজ শাসনের অবসানের পর, পাকিজানের পূর্ব বাংলা কেন্দ্র বহিনিন পূর্ব পাকিজান নাম দেওয়াও হয়নি, এটা পূর্ব বাংলা কেন্দ্রক বহিনিন পূর্ব পাকিজান নাম দেওয়াও হয়নি, এটা পূর্ব বাংলা কিজান রাখার উদ্যোগ নেওয় হয়, শেখ মুজিব এর নাম সরকারিভাবে পূর্ব কাকিজান রাখার উদ্যোগ নেওয় হয়, শেখ মুজিব এর প্রতিবাদ করেছিলেন। পাকিজান পণপরিষদে তিনি বলেছিলেন, সার, আপনি দেখবেন, ওরা পূর্ব বাংলা নামের পরিবর্তে 'পূর্ব পাকিজান' নাম রাখতে চায়। আমরা বহুবার দাবি জ্ঞানিয়েছি যে আপনারা এটাকে বাংলা বলে ডাকেন। বাংলা শব্দটার একটা নিজস্ব ইতিহাস আছে, আছে ঐতিহা।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের সামনের খোলা চত্বর ছিল আমগাছটা। এই আমগাছের একটা ঐতিহাসিক গুরুত্বও ছিল। ১৯৫২ সালে এই আমগাছের ছারাতলে সমবেত হয়েছিল ঢাকার স্কুল-কলেজের শিক্ষার্থীরা। সেখান থেকে রাষ্ট্রভাষা হিসেবে বাংলাকে প্রতিষ্ঠার দাবিতে সরকারের নিষেধাজ্ঞা তেঙে তারা বেরিয়ে পড়েছিল মিছিল নিয়ে।

আমাদের এই গল্পে ওই আমগাছের গুরুতু অবশ্য সে কারণে নয়।

সেই গাছে বসে ব্যাঙ্গমা আর ব্যাঙ্গমি মনের খেয়ালে নিজেদের মধ্যে কথা বলছিল।

ব্যাঙ্গমি বলে, 'ওগো শুনতেছ!'

ব্যাঙ্গমা তথন আমের ডালে তার ঠোঁট ঘষছিল। আরামে তার চোখ বুজে আসছিল। চোখ না খুলেই সে বলে, 'ভনতেছি।'

ব্যাঙ্গমি বলে, 'আছ্ছা, কও তো, এই সব স্কুল-কলেজের ছেলেমেয়েরা এসে এইখানে আমাদের বাসার নিচে মিটিং করে, মিছিল করে, বায়ায় সালে মিছিল করতে গিয়া তো শেষে কয়জন পুলিশের ভলিতে মারাও গেল। এই সব কইরা কোনো লাভ আছে?'

ব্যাঙ্গমা চোখ খুলে বলে, 'হ, লাভ আছে না! আছে।'

'কী লাভ?'

ব্যাঙ্গমা বলে, 'এই যে ভূমি আমার সাধে এই সব নিরুদ্ধি কইতেছ। এইটাই তো লাভ।'

ব্যাঙ্গমি ঠোঁট বাঁকিয়ে পুচ্ছ নাচিয়ে বলে, ইপু প্রার্ক্ষি বৃথি কথা কই না। সারাক্ষণ তো আমিই কথা কই। ভূমি তো আজি...'

ব্যাসমার মুখে হাসি, 'ক্যান, আমি করা ক্র নাঃ কত আদর-সোহাণ কইরা কথা কই।'

ব্যাসমি তার ঘাড়ের পালক ক্রিটে বলে, 'না, তুমি মোটেও আদর-সোহাণ কইরা কথা কও না, আব্দ্র-সোহাণ করার মতলবে মিঠা মিঠা কথা কও। তারপর কাম ক্রাইলে মুখ ফিরায়া থাকে। কথা যা কওরার আমিই কই।'

ব্যাসমা গদ্ধীর ক্লিক্টর্নলে, 'আচ্ছা, আমি কথা কইতেছি। কথা কথা কথা...' তারপর সে হিন্দে ফেলে।

ব্যাসমি দুই ভানা ঝাপটে বলে, 'চালাকি করো! আমার লগে চালাকি কইরো না। যা কই, মন দিয়া গুলো।'

ব্যাক্রমার মুখ থেকে হাসি সরে না, 'আগে কান দিয়া গুনি। তারপর মনে লই?' সে তার এক পা দিয়ে কানের ওপরের পালক সরায়।

ব্যাঙ্গমি প্রবোধ মানে, বলে, 'আছা, তা-ই করো। গুনো, এই যে পশ্চিম পাকিন্তানিরা এত ফাল পাড়ডেছে, কোনো লাভ নাই। একটা লোক পূর্ব বাংলারে স্বাধীন করব।'

'আছ্যা।' ব্যাঙ্গমা উৎকর্ণ। বলে, 'কোন লোকটা?' 'এই দেশের সবচেয়ে সুন্দর লোকটা। ছয় ফুট উঁচা। সাদা পাঞ্জাবির

০ 🛡 যায়া ভোর এনেছিল

ওপরে কালো হাতাকাটা কোট পরে। এক আঙুল উঁচায়া কথা কয়।

'বুঝছি বুঝছি,' ব্যান্সমা নড়ে বসে, 'আর কইতে হইব না। তুমি শেখ মুজিবরের কথা কও।'

'আছ্ছা, কও তো, শেখ মুজিব এক আঙুল তুইলা কথা কর ক্যান?'

'কারণ, সে নানা কথা কর, নানা কাজ করে, কিন্তু শেষ লক্ষ্য তার একটাই।' ব্যাঙ্গমা এবার বউরের ধাঁধার জবাব দের।

ব্যাসমি চোখ উজ্জ্বল করে বলে, 'দেশ স্বাধীন করব। এইটাই তার জীবনের একমাত্র টার্গেট।'

ব্যাঙ্গমা বলে, 'দেশ স্বাধীন হইব। যুক্ক কইরা। সেই যুক্তের সময় মুজিবর আর একলা একটা মানুষ থাকব না, সাড়ে সাত কোটি মুজিবর হইয়া যাইব। তই রকম মানুষ যদি সাড়ে সাত কোটি হয়, তার মানে কী দাঁড়ায়, তুমি বুঝলা!'

'সাড়ে সাত কোটি আগুল-মানুষ। হা হা হা সানিজ্ঞানিওলান খুব নাতানাবুদ হইব।' ব্যাঙ্গমি মুখের পালকভক্তে সুনিয়ে বলে, 'আছা, কও তো, ক্যান আমি কইলাম এই কথাটাং কোন হিসাবে যে বাংলাদেশের মানুষের জয় হইবং'

ব্যাঙ্গমা মুখ তোলে। '১০১টা কুলি আছে। এর মধ্যে একটা হইল, ছর ফুট লোকটার ডান হাত কুইছ আছে একটা পাঁচ ফুট লোক। তার নাম তালউন্ধান। মূজিবর হুইল, ফুটর মতন। স্বকিছু উড়ায়া নেয়। মূজিবর হুইল সাগরের মত্বন সুক্ষকিছু বুকে টাইনা লয়। আর তালউন্দীন হইল চাঁভা মাখার মার্কী তথা কম কয়। আতে কয়। কিন্তু মাথা ঠাভা রাইখা পরিকল্পান বিভাগিত পরমা কিন্তু মাথা ঠাভা রাইখা পরিকল্পান ক্রিউপারে। বাঙালির পরম সৌভাগা যে তারা শোখ মূজিবরের মতন নেতা প্রাইছিল। তবে সোনার সঙ্গে সোহাগা পাইছিল তালউন্দীনরে।'

'বাংলাদেশ স্বাধীন হইব। হি হি হি।' দুজনে হাসতে থাকে। খলবলানো হাসি।

ব্যাঙ্গমা বলে,

বাংলাদেশটা স্বাধীন হইব একদিন।
মুজিবর নেতা তার সঙ্গী তাজউদ্দীন ॥
মুজিবর এক করে সমস্ত জাতিরে।
মুজিবর এক করে সকল সাধিরে ॥
মুজিবর অগ্নি করে সমস্ত মানবে।
তাজউদ্দীন সম্পাদক মাথে সাথে রবে॥

ব্যাঙ্গমি বলে,

শেখ মুজিবর মানে মুক্তি স্বাধীনতা।
তাজউদ্দীনও সারাক্ষণ বলে সেই কথা ॥
বৈচে থাকতে তাজউদ্দীন করেন সে উক্তি।
মৃত্যুতে প্রমাণ হলো সে কথার যুক্তি ॥
জীবন বিচ্ছেদময় উত্থানে পতনে।
মৃত্যু সব মিলে দেয় নিষ্ঠুর যতনে ॥

-

'আপনি কাকে বেশি ভালোবাসেন? ব্রুবন্ধনে, না বাংলাদেশকে?' তাজউদ্দীন আহমদকে এই প্রশ্ন করা হরেছে। এই প্রশ্নের উত্তর দিতে তাজউদ্দীন আহমদকে গালে হাত সিক্তা ভারতে বসতে হয়নি। কারণ, এই প্রশ্নের উত্তর তাঁর বহু আগেই ক্লাম প

১৯৭২ সালের ১০ জানুষার ক্ষর্তকু পাকিন্তানের কারাগার থেকে ফিরে
আসছেন, বিমানের সৈঞ্জি তাজউদ্দীন জড়িয়ে ধরলেন তাঁর মুজিব
ভাইকে। পরস্পারের ক্ষুণ্টেশ্বলেমিশে বইতে লাগল এক ধারায়। তাঁদের
মাথার ওপর বান্ধ্যিই আকাশ, পারের নিচে জন্মভূমির পূণ্য মাটি। কত
নিদ পর মুজিব বিশ্বর এসেছেন তাঁর কাঞ্জিত মুক্তির ঠিকানায়, স্বাধীনতার
আলোয় ঝলবলে বাংলাদেশে!

প্রচণ্ড ভিড় ঠেলে তাঁরা উঠলেন খোলা ট্রাকে। সেখানেও ভিড়। সেই ভিড়ের মধ্যেই তাজউদ্দীনের কানে কানে বঙ্গবন্ধু বললেন, 'তাজউদ্দীন, আমি কিন্তু প্রধানমন্ত্রী হব।' পরে আলোচনা করে সাব্যক্ত করা হলো, নংসনীয় গণতত্রই হবে শাসনপজনিও, আর বঙ্গবন্ধু হবেন প্রধানমন্ত্রী। ওই দিনটা ছিল তাজউদ্দীনের এক পর্ম সুখের দিন। কারণ, নেতা সংসণীয় পদ্ধতির গণতত্ত্রে রাজি হয়েছেন। কিন্তু তাজউদ্দীন আহমদের মুক্তিযুদ্ধকালীন গণসংযোগ র্কর্তা আলী তারেকের মনে হিধা, তাঁর বোধ করি মনে হয়েছিল যে বঙ্গবন্ধু রাষ্ট্রপত্তি আর তাজউদ্দীন প্রধানমন্ত্রী হিসাবে

রাষ্ট্র পরিচালনা করলে তা হবে সব দিক থেকে সুন্দর। আলী তারেক ছুটে গেলেন ভাজউদ্ধীনের কাছে, বললেন, 'আপনি প্রধানমন্ত্রী থাকুন, এখনই একটা কিছু করনন। বঙ্গবন্ধুকে বোঝান।'

তাজউদ্দীন বললেন, 'বঙ্গবন্ধু প্রধানমন্ত্রী হবেন, এইটাই তো আমরা সবাই চাই।'

'আর আপনি?'

'আমি? আমার আবার কী চাওয়া? আমার দুইটা চাওয়া ছিল। এক. বাংলাদেশের স্বাধীনতা। দুই. আমাদের মধ্যে বঙ্গবন্ধুকে ফিরে পাওয়া। আমার দুইটা চাওয়াই পূর্ণ হয়েছে। আমার তো আর কোনো চাওয়া নাই।'

তর্মণ আলী তারেক অবাক হয়ে তাকিয়ে রইলেন সেই সৌম্যদর্শন মানুষ্টার দিকে। তারপর বললেন, 'আপনি কাকে বেশি ভালোবামেন? বলবন্ধুকে, না বাংলাদেশকে?'

তাজউদ্দীন দ্বিধাহীন কণ্ঠে জবাব দিলেক জিলী তারেক, আমি

বঙ্গবন্ধকে বেশি ভালোবাসি i'

তাজউদ্দীন জানতেন, গভীরভাবে বিশ্বস্থা করতেন, বাংলা, বাংলাদেশ আর বাঙালির প্রতি বঙ্গবন্ধু শেখ মুক্তিবর্তা ভালোবাসার কোনো তল ছিল না। কোনো খাদ ছিল না। মুক্তিব জাই সারাটা জীবন একটা জিনিসই চেয়েছেন, তা হলো বাঙালির স্কৃতি। কাজেই মুজিব ভাইকে ভালোবাসার মধ্য দিয়েই বাংলাদেশুকে উচ্চশাবাসা যায়।

٥.

ব্যাঙ্গমা আর ব্যাঙ্গমির আদি বাসস্থান আমগাছটা ছিল পরবতীকালে যেখানে ঢাকা মেডিকেল কলেজের জরুরি বিভাগ স্থাপিত হয়, দেখানে। গাছটা কাটা পড়ে। ভাষা আন্দোলনের স্মৃতি হিসেবে তার একটা ওঁড়ি রেখে দেওয়া হবে।

উশ্বাস্ত ব্যাঙ্গমা আর ব্যাঙ্গমি এসে আশ্রয় নেয় একই বিশ্ববিদ্যালয়ের কলা ভবন চত্বরের বটগাছের ভালে। এই জায়গাটা ভাদের আরও পছন্দ হয়। এখান থেকে আকাশটা আরও বড় বলে মনে হয়। আর প্রাঙ্গণটাও কত বড়! সারা ঢাকা শহর থেকে যখন স্কুল-কলেজের ছেলেমেয়েরা এখানে এসে সমবেও হয়, সতা করে, মিছিলে মেলার কণ্ঠহর, যখন ওালের মৃষ্টিবদ্ধ হাত উল্লোলিত হয় আকাশের দিকে, তখন ব্যাঙ্গমা আর ব্যাঙ্গমি রোমাঞ্চিত রোধ করে।

বটবৃক্ষের শাখায় বসে দুই বিহঙ্গ একদিন আবার কথা বলে পূর্ব বাংলার ভবিষ্যৎ নিয়ে।

'মুজিবুর রহমান আর তাজউদ্দীন কেমন একসাথে মিলামিশা করতেছে, খেয়াল করছ?'

'শেখ মুজিবুরের সাথে সবাই মিলামিশা কাজ করতেছে। থালি তাজউদ্দীন নাকি?'

'কিন্তু তাজউদ্দীন ঠিক রাখতেছে কাগলপত্রওলান, শুখি প্রত্যাগুলান লিখিত-পড়িত রাখতেছে। তোমারে কইছি না, এই ইছলনের এই ভালোবাসার সম্পর্ক বাংলারে স্বাধীনতা দিব।'

'হ, তা তো কইছই। এইটাই তো পাকিষ্কানেই ৰূপালে লেখা।' 'কিন্তু এই দুই নেতা তো একসময় সামাধ্য হইয়া যাইব।' 'তা হইব। তথনই আসব আঘাতুন

'কেম্ন?'

'জানি না। কিন্তু আঘাত জানবই। সেইটা জানি। সেই আঘাত সামলানো কঠিন হইব। শেঅধুন খাঁরা পড়ব। দেশটাও অন্ধকারের মেখের নিচে ছাইয়া থাকব। ক্রিটার বহুদিন আর চেনাই যাইব না।'

ব্যাঙ্গমা বলে, ১)
'মুজিবর-তাঞ্জউদ্দীনে দূরত্ব যখন হয়।

বাংলার আকাশে তখন ঘোর দুঃসময় 1'

ব্যাঙ্গমি বলে,

'মোর দুঃসময় ছায় বাংলার আকাশ। অঞ্চ রক্ত অন্তর্যাত নিহত বিশ্বাস॥ হালভাঙা নৌকা যেন বিক্ষুক্ত সাগরে। ছেঁড়া পাল চিহ্নহীন ডুবে যেন মরে॥'

ব্যাঙ্গমা আর ব্যাঙ্গমি মন খারাপ করে।

আর বটগাছের পাতাগুলো হয়ে পড়ে নিথর। পুরো বিশ্ববিদ্যালয় এলাকাতেই রোদ মরে যায়। ছায়া নেমে আসে।

কিন্তু আমেরিকার ভার্জিনিয়ায় সিআইএ সদর দণ্ডরের টেলেক্স মেশিনের পাতাগুলো নিশ্চল হয় না। তারা নড়তে থাকে।

ব্যাঙ্গমা আর ব্যাঙ্গমির এই কথাগুলো ধরা পড়ে সিআইএর রাডারে। তারা পুরোটা ধারণ করে এবং কথাগুলোর মর্ম উদ্ধারে তৎপর হয়। তারা বলে, গ্রিসের রাজনীতিতে একদা অ্যাপোলোর এই সব ভবিষ্যদাণীর ভূমিকা ছিল বটে। সফোক্লিসের ইদিপাসে দৈববাণী উচ্চারিত হয়েছিল, ইদিপাস নিজের পিতাকে হত্যা করবে, আর সঙ্গম করবে নিজের মাতার সঙ্গে। পুরো নাটকে থাকে সেই পরিণতি এড়ানোর চেষ্টা। কিন্তু সেই নিয়তিকে এডানোর সব চেষ্টা শেষ পর্যন্ত ভবিষ্যমাণীটিকেই ফলিয়ে তোলে। এসব পুরাণকথা। বাস্তবে অ্যাপোলো এখন বিমার নভোযানের নাম, ফলে অ্যাপোলো এখন আমাদের। বস্তুত অফুরাই অ্যাপোলো। আমরাই নির্ধারণ করব পৃথিবীর কোথায় কী সুষ্ট্র কি সিংহাসনে বসবে, কে সিংহাসনচ্যুত হবে, কে হবে রাষ্ট্রনায়ক, কিস্রীয়ন্তশাসন পাবে আর কে হবে আরও অধীন, সেসব ঠিক কর্ত্ত ক্রিপ আমরা। কে বেঁচে থাকবে, কে মারা যাবে, তা তো এখন স্মার্থদৈর হাতে।

তাহলে কারা এই ভবিষ্যসন্ত্রিকেন তারা এই ভবিষ্যদ্বাণী করছে? কী তানের উদ্দেশ্য? তানের ক্রম্ভবে উৎসই বা কী?

আমরা যদি আজুকের দিনৈও গ্রিক ট্র্যাজেডিগুলোর মতো অলৌকিক হাতে নিয়তি নির্পারকটো ক্ষমতা দিয়ে রাখি, তাহলে আমরা আর আমেরিকা কের্ব্ ক্রীলাভ তাহলে আমাদের অ্যাটম বোমা রেখে? কী লাভ চাঁদের উদ্দেশে মুর্নুর পাঠিয়ে? কী লাভ সিআইএর অ্যাকাউন্ট থেকে মাসে মাসে, সপ্তায় সপ্তায় বেতন তুলে!

'আমরা ঘটনা ঘটাব আমাদের ইচ্ছা অনুসারে।'

'আমরা আমাদের লোক ঢুকিয়ে দেব এই দুজনের মাঝে।'

'কাকে ঢোকাব?'

'বললামই তো, আমাদের লোক।'

'কে সে?'

'আছে। তাজউদ্দীন ছাড়াও মুজিবের খুব কাছে যথেষ্ট পারঙ্গম লোক আছে।'

'তা তো আছেই। অনেকেই আছে।'

'না . জনেকের কথা হচ্ছে না। হচ্ছে একজনের কথা।'
'কার কথা?'

'সে আমাদের লোক।'

'কে সে?'

'মুজিবের পিছে পিছে সে ছায়ার মতো লেগে থাকে। মাথায় জিন্নাহ টুপি! লোকটা ছোটখাটো। মিনমিন করে সব সময়। হাত কচলায়।'

'বুঝেছি বুঝেছি। আর বলতে হবে না। একজনই আছে এই রকম, যে বলে বেড়ায় যে সে আমাদের লোক। আছা, তাকে আমরা লাগিয়ে রাখলাম। তারপর আমরা কী করব?'

'আমরা দেখব আর উপভোগ করব। নিয়তির নির্ধারক আমরাই।
পৃথিবীর প্রতিটা মানুষ কান্ত করবে ভার নিজের সাঞ্চারতা, কিন্তু ফল
ভোগ করবে আমাদের মর্জিমাফিক। প্রাচীন বিশ্বীর উচু পাহাড়ের
শানুদেশে ছিল ভেলফি। ক্যান্টালিয়া খরনার ক্রান্ত্র্যাক্ত গভীর খাদ থেকে
উঠে আসা বাগশমালা, তারই আড়ালে তিন্ন পা এলা চৌকি থেকে উভারিত
হতো আগেশেলার ভবিষায়াণী। মানুদ্ধেন সৈব পথ দেখাত। কথনো বা
জানিয়ে দিত, তাদের মুক্তি নাই প্রত্রেবতই খোঁজা হোক না, ভবিতর্য কেউ খণ্ডাতে পারবে না। পুরুষ্ঠ ক্রিই প্রিস নাই, সেই অ্যাপোলো নাই,
সেই ভবিষ্যৎ বলনেওয়াকি মুর্নিয়া নাই। এখন আছে আমাদের মহান
মার্কিন যুক্তরান্ত্র, আছে নার্যাক্তি ভার্জিনিয়া, আছে হোয়াইট হাউস, ক্রেট
ভিপার্টমেন্ট, পেইবিরা এখন আমাদের কর্চই একমাত্র দেববাণী।
আমাদের ইচ্ছ্কি ক্রেমাত্র স্থান ইছা। এই সময়ে, এই বিংশ শতালীর
যাটের দশকে, খাংলা নামের ওই স্থানটিতে এ কোন রহস্যময় কন্ঠষর
শোনাচ্ছে এ কোন নতুন ওরাকল?

সত্য বটে, বাংলা চিরকালই গণ্য ছিল রহস্যলোক হিসেবে। হিমালয়ের পাদদেশে বঙ্গোপনাগরের জীর ঘেঁষে এ হচ্ছে পৃথিবীর উর্বরতম জায়ণা, যেখানে বীজ পড়ার আগেই প্রাণের সঞ্চার ঘটে! এ হচ্ছে সেই জায়ণা, যেখানে বিদেশিরা সহজে ঢুকতে পারে না; কিন্তু একবার গেলে আর কিবতেও পারে না, যেখানে জায়নামাজে চড়ে নদী পেরিয়ে যান আউলিয়ারা; সেখানে এমন কিছু ঘটতে পারে বটে। এখনা!

'কোথা থেকে এল ওই কণ্ঠস্বর! ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলা থেকে! কারা কথা বলছিল তখন!' কুলকিনারা করে উঠতে পারে না ঝানু এজেন্ট আর তাদের গুপ্তালাপ-াবশেষজ্ঞরা। তারা কেবল মাথা ঝাকায় আর বলে, 'ও মাই গড়, ক্যান ইউ বিলিভ ইট!'



8.

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবন চত্ত্বের বটগাছটাও একদিন কাটা পড়ল আবার উদ্বাস্ত হয়ে পড়ল বিহঙ্গদ্বয়।

ষাটের দশকের শেষের দিকে যে তীব্র গণ-আন্দোলন শুরু হয় বাংলার, তখন এই বটগাছও তার ছারাদারী ভূমিকা রাখতে থাকে। আন্দোলনের দিনগুলোর ওই বটগাছের নিচেই হতো ছাত্র সভা ব্যাবেশ। ১৯৭১-এর ২৫ মার্চ রাতে যখন পাকিস্তানি বাহিনী ট্যাংক পার কামান নিয়ে হামলে পড়ল নিরস্ত্র ঘূমন্ত ঢাকাবাসীর ওপর, কামান বিচল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রাবাসগুলোর, কাতারবন্দী করে হত্যা ক্রিক ছাত্রদের, ঘূমন্ত ছাত্রদের ওপর চালাল ক্টেনগানের গুলি, বিদ্ধান ক্রিকেশ ভাসিয়ে দিল রক্তে, বন্তির পর বন্তি জ্বালিয়ে দিয়ে কালো ক্রেকের আর্বাসগুলন রক্তিমাভ, সেই দিনও ত্রিকালদানী ব্যাসমা ক্রমি স্থাসমি ওই বটগাছের আশ্রয়টুকু ছেড়ে যারনি।

কিন্ত মুক্তিযুদ্ধ থকা হওঁয়ার পর পাকিন্তানি শাসকদের আক্রোশ গিয়ে পড়ল ওই বটগাছের ওসর। তারা মজুর জোগাড় করল অনেক কজন, ওরা একযোগে গুরু করল কুঠার চালনা। ব্যাঙ্গমা বলল, 'কী মূর্য! আর কী নিষ্ঠর!'

ব্যাঙ্গমি বলল, 'আর কী আক্রোশ! একটা নিরীহ বটগাছকেও ওরা বাঁচতে দিতে চায় না।'

ব্যাঙ্গমা বলল, 'কুড়াল দিয়া কি আর বটগাছ কাটা যায়? আরে মূর্থ, ইলেকট্রিক করাত আন ৷'

তারপর এল ইলেকট্রিক করাত। বিপুল জিঘাংসা নিয়ে বটগাছের শরীরে ওরা চালাল করাত। গুঁড়ো গুঁড়ো হলুদ রক্তে ভেনে যেতে লাগল জায়গাটা। একান্তরের এপ্রিলের ৪ তারিখে মৃত্যুদণ্ড কার্যকর করা হয় ওই বটগাছের। তখনো চারদিকে ধ্বংসের চিহ্ন। জ্বপন্নাথ হলের নিহত ছাত্রদের যে গর্তে মাটিচাপা দেওয়া হয়েছিল, সে মাটি তখনো কাঁচা। মুহসীন হল গোলার আঘাতে আংশিক ধ্বন্ত। রমনার কালীবাড়ি মন্দির মিশে গেছে মাটির সঙ্গে।

বটগাছটা যখন হড়মুড়িরে পড়ে গেল ভালপালাসমেত, তখন ব্যাসমা আর ব্যাসমি উড়াল দিল আকালে। উড়তে উড়তে তারা বলতে লাগল, 'পাকিন্তানি শাসকরা ভাবতেছে, গায়ের জােরে ইতিহাসের গতি বদলায়া দেওন যায়, বন্দুকের নলের মুখে মানুষের দাবি রােধ করা যায়, বটগাছ কাইটা ফেললে ইতিহাস কাইটা ফেললে ইতিহাস কাইটা ফেললে ইতিহাস কাইটা ফেললে ইতিহাস কাইটা কেলা যায়। এইটা ভুল।'

ব্যাঙ্গমা আর ব্যাঙ্গমি গিয়ে বদল রমনা পার্কের অশ্বপ্নগাছটায়। এই গাছটাও খুবই ওরুত্বপূর্ণ বাংলাদেশের ইতিহাকে

যখন বিশ শতকের বাটের দশকে পাকিজা নির্মুক্তরা বাঙালিদের বাধা দিতে লাগল রবীন্দ্রসংগীত গাইতে প্রীক্ত রবীন্দ্র-জন্মণতবার্ধিকী পালনে, যখন শাড়িকে বলা হতে লাগল-হিন্দুর্য্যানি পোশাক, কাফেরদের পোশাক, যখন আরবি-ফারনি কিংবা ব্যাক্ষর আব্দরে বাংলা লেখার চেটা চলতে লাগল, তখন এই অখপ্ততাত সমবেত হতে লাগল বাঙালিরা, প্রতিবছর পয়লা বৈশাধে, সুর্ব্বেশ নিবর্ধ পালনের উদ্দেশ্যে ভোরের আলো ফোটার সঙ্গে সমবেত মুর্ব্বেশ নিত এই বিটপীতলে সমবেত হয়ে গেয়ে উঠল বর্ধবর্ধেক পুনি এসো হে বৈশাধ।

कार्ज्य जार्गार्थ जार्रेन रत्ना ना वाज्या-वाज्यित।

ব্যাঙ্গমা বলক্ । তাকা ইউনিভার্সিটির হেড দারোয়ান জামালউদ্দীন ঠিক কাজটাই করছে। আবার একটা বটগাছের চারা নিয়া যত্ন কইরা লাগায়া দিছে আগের জায়গাতেই।

ব্যাঙ্গমি বলল, 'হ। ঠিকই করছে লোকটা। আর কী কইতেছে, খনো। পানি দেয় আর কয়, আর তো শত্রু নাই। এইবার গাছ বড় হইলে আর কেউই কাটতে পারব না!

'হ্ম। কাটতে পারব না। দেশ স্বাধীন। পাকিস্তানি বাহিনী সারেন্ডার করছে। মুজিব ফিরা আইছে। তাজ্ঞজীন তার হাতে প্রধানমন্ত্রীর চেয়ার বুঝায়া দিয়া কী পার্তি পাইছে। বলে, আজকে আমার সবচেয়ে পুথের দিন। সবচেয়ে পান্তির দিন। আমি চাইছি, নেতা পার্লামেন্টারি ফরম মাইনা বিক উনি মাইনা নিছেন।' 'আর ওই যে কইল, দেশের চাইতেও বেশি ভালোবাসি বঙ্গবন্ধুরে। সেইটা?'

'দেইটা তো ঠিকই কইছে। ২৮ বছরের তালোবাসা। ২৮ বছর আগে ১৯৪৪ সালে দুইজনের পরিচয়। একান্তরে যুদ্ধের সময় একটা দারুপ কথা কইছিলেন তাজউদ্দীন। ভারবাংলা পত্রিকায় ইন্টারভিউ দিয়া কইলেন, সেই চুয়ান্নিশ সালে পরিচয়। আমি মুজিব ভাইরে কোনো দিনও হারতে দেখি দাই। এইবাবাও গুনার জয় হইব।

সাতাশ বংসর চিনি মুজিব ভাইরে।
পরাজিত হতে তারে আমি দেখি নাই রে॥
এমনি বিশ্বাস ছিল তাজউদ্দীনের।
অমোঘ বন্ধন যেন অনত দিনের॥

তিন বছরের ফুটফুটে ক্লেম্মিটা পূর্বপূক্ষর এলেছিলেন আরব দেশ থেকে, ইসলাম প্রচারের জুনী করিতের এই পূর্বাঞ্চলে নদনদীধোরা পাগুববর্জিত চরাঞ্চলে কেন জুনি কর্মিদ আন্তানা গেড়েছিলেন, বলা মুশকিল। আন্তর্য যে পিচিম দিক খেলৈ আন্তানা গোড়েছিলেন, বলা মুশকিল। আন্তর্য যে পিচিম দিক খেলে, আন্তান পানিয়ের চেয়ে পূবে, এই পূর্ব বাংলার তারা ভাদের প্রচারকাজে বেশি সফল হলেন, পূর্ব বাংলার ক্ষাক্রের ইসলাম গ্রহণ করল বেশি। এই প্রদেশে মুসলমানেরাই সংখ্যাগরিষ্ঠ। মেয়েটার নাম রেনু। পূর্বপূক্ষকের গায়ের ধবধ্বে সালা রংটা পেয়েছে সে, আর পেয়েছে চোখের ক্ষাক্ষ কটা ভাবটা। গোলগাল চেহারা।

তাদের নিকটভম পূর্বপুরুষদের অবশ্য ব্যবসা ছিল কলকাতায় ছোট্ট মেয়েট। গুটি গুটি পায়ে বাঁটো, আধো আধো কথা বলে, নতুন নতুন শেবা শব্দ বলে সবাইকে উন্নেলিত করে, মাটিতে বদে কাঠি দিয়ে ছবি আকে উঠোনে মা-মুরগি ঘুরে বেড়াচ্ছে অনেকগুলো দুর্নিচ হানা আর গোটা পাঁচেক হাঁসের ছানা নিয়ে। হঠাৎ চিলে ছোবল দিয়ে মুরগির ছানা তুলে নিয়ে গেলেই কককক করে ভিকে গুঠে মা-মুরগি। রেনু ভয় পেয়ে কেঁদে উঠলে রারাঘর থেকে ছুটে আদেন মা, তাকে কোলে তুলে নেন।
মেয়েটির পুতুল খেলারও বয়স হয়নি। তার পারে ঘুঙুর বাধা, একা একা
কোথাও গেলে যেন খুঁজে পাওয়া যায়। উঠোনে মাদুরে তাকে বসিয়ে
সামনে একটা কাঁসার বাটিতে কিছু খই দিয়ে রাখলেই সে দিবিয় বসে
থাকে। লালা ফেলতে ফেলতে খই তুলে খায়। খায় যত, তার চেয়ে বেশি
ছিটায়। মুরগি আর পায়রারা তখন তাকে থিরে ধরে।

আর আছে তার খেলার সাথি। তার চেয়ে দুই বছরের বড় তার বোন। বুবু তার মাধার চুল আঁচড়ে দেওয়ার চেটা করে। তার নাকের নিচে ঝুলে থাকা সর্দি মুছে দেয় নিজের জামার কোঁচা দিয়ে।

কিন্তু মেয়ে দুটোর জীবনে এক আলোকিত দুপুরে হঠাৎ নেমে এল দুখের কুয়াশা। তাদের বাবা শেখ জহরুল হক মৃত্যুবরুধ করলেন। রেনু দেখল, উঠোনভরা মানুষ, মেয়েদের মাথায় কাপ্ত জৈলেদের মাথায় টুপি। চারদিকে কামার রোল। সবচেয়ে বেশি কুল্ফুস মা।

বুবু এসে বলল, 'রেনু, তুই কেন্দে নে। বিনিলৈ বুকটা হালকা হবি।'

বাবাকে উঠোনে গোসল করানো বলো সাদা কাপড় পরিয়ে তাঁকে একটা খাটিয়ায় তুলে লোকজন কার্মি কার্ম নিয়ে গেল বাড়ি থেকে, 'লা ইলাহা ইলাল্লাহ' বলতে বলতে ঠ্রিক্সিন্টেন, মাথায় বড় ঘোমটা দেওয়া মহিলারা কোরজান শরিষ্ঠ প্রকৃতি আর তসবিহ গুনছে। আগরবাতির ধোঁয়ায় শ্বাস বন্ধ হওয়ার উপ্রথম।

রেনুর দাদা তখানা বুর্টি। বিষয়-সম্পত্তি তাদের ভালোই ছিল, কিন্তু বাবা মারা গেছের কার্ট্ট বিটে আছেন, এই অবস্থায় নাতি-নাতনিরা দাদার সম্পত্তির কোর্বে কর্মই পাবে না, এই ছিল আইন। রেনুর মা তাই নিঃম্ব হয়ে যেতে পারতেন। মা এক কান্ত করলেন—তিনি দুই মেয়েকে বিয়ে দিয়ে দিলেন। রেনুকে বিয়ে দেওয়া হলো একই বংশের শেখ লুফরের ছেলে থোকার সঙ্গে। একই বাড়ি তাদের, আলাদা ঘর, তারা নিকট-প্রতিবেশী।

দাদার ছেলে ছিল একটাই। তিনি তাঁর ছেলের প্রাণ্য সম্পত্তির অংশ দুই নাতনির নামে লিখে দিলেন, আর রেনুর সম্পত্তির গার্জিয়ান করলেন বরের আববা শেখ লুৎফরকেই।

বিয়ের মর্ম রেনু কী বুঝল, সে-ই জানে!

খোকাই বা কী বুঝল! সে তো ব্যস্ত ছিল তার দূরন্তপনা নিয়ে। ফুটবল খেলত সে। বাবা লুৎফর রহমানও খেলোয়াড় ছিলেন। মাঝেমধ্যে বাবা- ছেলেও নেমে পড়তেন মাঠে। রোগা একরন্তি একটা ছেলে খোকা। ফুটবলে লাথি মারলে ফুটবল নড়ে না, নিজেই উল্টো পড়ে যায়। বাবা হেসেই গড়াগড়ি খান। খোকা রেগে যায়।

বাড়ির কাছে বাইপার নদী। মধুমতী নদীর একটা শাখা। কিন্তু বর্ষাকালে সেই নদীই দুই কুল উপচে যেন সাগর হয়ে যায়। শীতকালে একটা পোষমানা শীর্ণ শ্রোতধারা মাত্র। নদীতে সাঁতার কাটা খোকার একটা প্রিয় কাছ।

মা খুব নিষেধ করতেন খোকাকে, 'নদীতে যাস নে খোকা।' তাঁর মনে তর, কখন কী হয়ে যার! দুই মেয়ের পরে তাঁর এই ছেলে। ছেলে বাড়িতে কুকুর পোরে। সারাক্ষণ ভুলু তার পায়ে পায়ে 'যুরছে। খোকা একদিন একটা বানরের বাছা ধরে নিয়ে এল কোখেকে। কী? না, সে বানর পূষবে। ছোট বান হেলেনের দায়িত্ব বানরকে সেমুকুর্বা করা। খোকা পড়ে গ্রামেরই কুলে। পিমাভাঙ্গা টুলিপাড়া কুলু বাছিক এক পাশে খালের ওপরে বড় কাচারিযর। তার পাশে মাক্সিকুর্বা আরুর মৌলভি সাহেবদের থাকার ঘর। দুরভপনা করে খেলুকুর্বাও খোকার মুক্তি নাই। মান্টার পড়ান ইংরেজি আর অঙ্ক, প্রক্রিক্ত খোলার মৌলভি পড়ান আরবি।

ফরিলপুরের গোপালগুর্জ স্কুট্রুমার টুঙ্গিপাড়া গ্রামে খোকাদের শেখবাড়ি। পূর্বপুরুষের ক্রেট্রুমাড়ি বানিয়েছিলে। নদীপথে ইট, কাঠ আর মিদ্রি এসেছিল বুলিকার্টা থেকে। সেই দালানটার এখন আর কেউ থাকে না। খোকামের মাড়িটা পাকা। সুন্দর ছিমছাম ঘরের সঙ্গে ছোট্ট বারান্দা। উর্চেট্টি ক্রেরিয়ে দূরে খোলার ওপরে কাচারিছর। চারদিকে আম-জাম-তাল-সুন্ধিগাছের ঝাড়, বাড়ির পেছনে বাঁশঝাড়।

বাড়ি থেকে স্কুল মাইল খানেক দূর। নৌকায় চড়ে খোকা স্কুলে যায়। প্রথমে খাল, ভারপর বাইগার নদী। একদিন নৌকা গেল ডুবে, বই-খাতাসমেত খোকা ভাসতে লাগল, কিন্তু বই সে ছাড়বে না। মাঝি তাকে কোলে ভূলে নিয়ে তীরে উঠল। ভেজা জামায় আর স্কুলে যাবে কী ফিরিয়ে আনা হলো বাড়িতে। দেবে মা অস্থ্রির। বাজে এই ছোট নৌকায় স্কুলে যাওয়া। ভাগাস এখন নদীতে পানি কম, স্বোতও নাই। বর্ধাকালে হলে মাঝি নিজেকে সামলাত, নাকি খোকাকে বাঁচাতে যেত! না, স্কুল বাণবাও।

খোকার বাবা শেখ লুৎফর রহমান চাকরি করেন গোপালগঞ্জ।

গোপালগঞ্জ কোর্টের সেরেন্ডাদার। ছেলেকে তিনি ভর্তি করালেন গোপালগঞ্জ সীতানাথ একাডেমিতে। তৃতীয় প্রেণীতে। বাবার সঙ্গে গোপালগঞ্জেই থাকে খোকা। মাঝেমধ্যে বাড়ি আনে। এনেই প্রথমে খোঁজ করে কেমন আছে তার কুকুর, কেমন আছে পোষা বাদরটি। এই সব নিয়েই যখন সে বাস্ত, তখাইই একদিন বাবার হাত ধরে বাড়ি ফেরা। জমগাছের নিচে দাঁড়িয়ে আছেন মা। ওই যে খাল থেকে উঠে আসছে খোকার বাবা আর খোকা।

হঠাৎ বাড়ি আসা কেন? 'খোকা, তোর বিয়ে।'

কী ব্ৰেছিল খোকা তখন? বিয়ে কী? কার সাথে বিয়ে?

'রেনুর সাথে। তোর জহুর চাচার মেয়ে।'

খোলাকে পায়জামা-পাঞ্জাবি পরানো হলো। মাথুমে বাদ্ধানো হলো। কিন্তি টুপি। খোলা চলল বিয়ে করতে। একই বাদ্ধি হৈটেই চলল বরমাঞী। মৌলভি এলেন। কনে বসে আছে শাক্ষির ক্রানে। কবুল বলো, মা, কবুল বলো। অতটুকু মেয়ে কবুল বললেই জী রী বললেই কী। কনের শিতামাতা রাজি থাকলেই হলো।

মৌলভি সাহেব দরদ শরিফ ক্রিড লাগনেন। তারপর দোয়া। তেতরবাড়িতে খবর পাঠাও। এসং ক্রেমাছাত হবে। মহিলারা অবঃপুরে বনে দুই হাত তুলে মোনাজাতে স্মেল করে। টুপি পরে বনে ছিল বর। তার হাতে কে যেন ধরির ট্রিফটিল রুমাল। সেটা মূর্বে চেপে রেখেছিল সে। মোনাজাতের স্মার্ক রুমান্দিকলে পড়ল। এক হাতে রুমাল ধরে এক হাতে মানাজাত রুক্তরে নাকি মুখ থেকে রুমাল সরিরে দুই হাতে মোনাজাত রুক্তরের প্র

শেষে সে দুই হাতই মুখের কাছে এনে রুমালসমেত মুখটা ঢেকে রাখল।

আমিন।

বাবা বললেন, 'খোকা, দাঁড়িয়ে সবাইরে সালাম দ্যাও।' খোকা দাঁড়িয়ে বলল, 'আসসালামু আলাইকুম।'

'এই তবারক দ্যাও। তবারক।'

খোরমা বিতরণ করা হলো সমবেতদের মধ্যে।

ব্যস, বিয়ে হয়ে গেল।

'বউরে কোলে ন্যাও। বউরে কোলে ন্যাও।' পরের দিন রেনুকে কোলে

করে এনে একজন উঠোনে খুঁজে বের করলেন খোলাকে। 'কই থাকো তুমি, তোমারে পাই লা।' ভাবিগোত্রীয় তরুণীটি হাসিতে ঢলে পড়ছেন। 'দুলারে আমি আর রেনু বলে কত খুঁজলাম।ল রেনু, দুলার কোলে উঠ।'

'যাও।' খোকা লজ্জা পায়। বউকে সে কোলে নেবে না।

নেবে না বললেই হলো! তার কোলে রেনুকে চাপিয়ে মহিলা দূরে সরে যান খিলখিল করে হাসতে থাকেন।

খোকা কী করবে এখন। বাচ্চাটাকে নামিয়ে দেবে?

বিকেলে আবার নৌকার উঠে গোপালগঞ্জ যাত্রা। প্রতিবার প্রাম ছেড়ে যাওয়ার সময় খোকার মন খারাপ লাগে। মাকে ছেড়ে যেতে হয়। মায়য় শাড়িতে একটা আচহার গদ্ধ আছে। সেইটা তাকে আছয় করে রাখে। তার ওপর তার পোষা প্রাণীভলো তাকে দেখলেই কেমন ইন্তর। ভূলু নামের কুকুরটা তো তার পিছে পিছে বারে। তার গায়েছ খায় শোকে। যেন বলতে চায়, এত দিন আমাদের ছেড়ে কোবায় ছিলায় এইলায়

আর মা? মা যে কী করেন তাকে পেলে: (की क ব্যন্ত হন! আগে গ্রামের কুল থেকে সে যখনই আসত, প্রথমেই পিড্রিট্রত বনে কাঁসার বাটিতে এক বাটি দুধ খেতে হতো ভাত দিয়ে (ক্রি) উড় অথবা কলা। ওড় মাখলেই দুধ লাল হয়ে যায়। এখন গোপস্থাক্ত দুধ পাওয়া যায় কি না, সেই দুধ খাটি কি না, এই সব নিয়ে শ্ব ক্রিপ্ত প্রথম করেন!

আছ শুধু মা নয়, এই প্রামের খেলার সাথি নয়, নয় শুধু পোষা প্রাণীগুলো; তার খুর্ব মুর্ব্ব পড়ছে রেনুর কথা। ছোট বাজা একটা। কেমন করে তার কোনে ইক্ট্রুতার চুল টেনে দিয়েছিল।

নৌকায় উঠি বঁসৈ আছে খোকা। পাশে বাবা। নৌকা চলছে। লগি ঠেলছে বিমল মাঝি। পানি দুভাগ করে নৌকা এগিয়ে চলেছে খালের পাড়ে মা দাঁড়িয়ে আছেন। দাঁড়িয়ে আছে বোনেরা। আর দাঁড়িয়ে আছেন চাচ। গতকাল থেকে তার শাশুড়ি তিনি।

চাচি কোলে রেনুকে নিয়ে এলেই তো পারতেন। বাড়িতে রেনু কার কাছে?

খোকা আকাশের দিকে ভাকায়। আকাশে খণ্ড খণ্ড মেঘ। সে নিচে
তাকায়, জলে তার ছায়া পড়েছে। পানির পোকা লকলকিয়ে ছুটে যাচ্ছে
গানির ওপর দিয়ে, তিরতির করে কাঁপছে পানি। সে নৌকার পাটাতনে
বসে হাত বাড়িয়ে পানি ছোঁয়। একটা কলমিলতার পাতা ছিড়ে নেয়। বাবা
বলেন, 'বেশি খুঁকে বইসো না খোকা। পানিতে পড়ে যাবানে।'

বাবার কথা খোকার কানে ঢোকে, মনে ঢোকে না। আজ তার গোপালগঞ্জ যেতে ইচ্ছা করছে না।

রেনুর দুখের দিন ফুরোয় না।

দুই বছর পর তার মা-ও মরে যায়।

বাবা যখন মারা যান, তখনকার কথা তার কিছুই মনে নাই : কিন্তু মায়ের মৃত্যুটা সে কিছুটা উপলব্ধি করতে পারে। মা আর আসবেন না। মা মরে গেছেন। তার বুবু তাকে বোঝায়। বাড়িময় কাল্লা। চাচিরা, খালারা এসে তাকে কোলে নিয়ে কাঁদছে। হঠাৎ সে আর বুবু সবার মনোযোগের কেন্দ্র হয়ে পড়েছে।

মাকে গোসল করানো হয় চাদরঘেরা একটা জায়গায়, উঠোনের এক কোণে . গাছের নিচে। মাকে নিয়ে যাচ্ছে খাটিয়ায় ক্লরে স্মাগরবাতির ধোঁয়া পেরিয়ে গাছের নিচে দাঁড়িয়ে দুই বোন সেদিকে ছার্কিয়ে থাকে।

তাদের চোখে জল।

আত্মীয়ারা বিলাপ করছে। মুরব্বিরা স্মর্কু দেন, 'মাইয়া মাইন্ষের ক্রান্ট্রে মূর্দার কট হয়। আল্লাহ-গলা বাইরে যায় ক্যান। জানো না রসুলের নাম লও। দোয়া-দরুদ পক্তে

রনুর পিঠে হাত। সে পেছকে জিলায়। দুলার মা। তারও মা। যামবাংবৈগম, তার শান্তড়ি তাকে কোলে তুলে নেন । তারপর সোজা নির্বে সার্সেন নিজের বাড়িতে।

রেনু শাশুড়ির ক্রিই বুরু পুকায়। তার ভারি কান্না পায়। কিন্তু সে মাকে না ডেকে বাবাকে জব্দত থাকে 'বাবা বাবা' বলে। হয়তো তার মায়ের স্মৃতি এখনো জুলব্ধুল করছে, বাবার মুখটাও ধূসর হয়ে এসেছে, শাশুড়ির কোলে উঠে মায়ের মৃত্যুদিনে তাই সে বাবাকে ডাকছিল। সায়রা বেগম নিজের চোখের জল সামলানোর বৃথা চেষ্টা করতে করতে বলেন, 'আমিই

তোর বাবা, রেনু রে, আমিই তোর বাবা।

খোকা আসে মাঝেমধ্যে গোপালগঞ্জ থেকে। এলেই পাড়ার ছেলেমেয়েরা খালপাড়ে ভিড় করে। রেনুর কাছে খবর নিয়ে আসে শেফালি, বুলি, জরিনারা। দুলা এসেছে। দুলা এসেছে। রেনু বুঝত না যে তাকে খবরটা কেন বিশেষভাবে দেওয়া হচ্ছে। সে-ও ছুটে যেত নদীর ধারে, কিংবা তার 'বাবা' সায়রা বেগমের কাছে, তার হলুদের গন্ধমাখা আঁচলে মুখ লুকিয়ে বলভ, 'বাবা, দুলা এসেছে।'

দুলা বাড়িতে নেমে জ্বতা-স্যান্তেল ছুড়ে মেরে মায়ের হাতে দুধভাত থেয়ে প্রথমে যেত বাদরটার কাছে। লালু তো আগেই তার পায়ে পায়ে ঘূরতে গুরু করেছে। তারপর পাড়াটা ঘূরে এসে বন্ধুবান্ধবের খবর নিয়ে ঝিমধরা বিকেলে তারা কাচারিষরের চৌকিতে গুরু করত পুতুল থেলা।

পাড়ার ছেলেমেয়েদের দলের এই খেলায় পুতুলের বিয়ে হতো। ছেলেপুতৃল মেয়েপুতুলের মা-বাবা সাজত ছেলেমেয়েরাই। খোকাও সেই খেলায় মেতে উঠত।

হঠাৎ কী একটা ব্যাপারে রেনুর ওপরে রাগ করল খোকা। তাকে একটা আলতো করে ধাক্কা দিতেই সে গাল ফুলিয়ে কাঁদতে ওরু করে দিল, 'দুলা আমারে মেরেছে। দুলা আমারে মেরেছে। বাবা বাবা, দেখো'—বলৈ সে সোজা চলে গেল তার শাতড়ি সাররা বেগমের কাছে।

'কী হয়েছে রে, মা। কান্দিস ক্যান?'

'দুলা আমারে মেরেছে।'

সায়রা বেগম হাসি গোপন করে মুখ্ট প্রীর করে তুলে বলেন, 'থোকার তো সাহস বড় কম নর। আমতি সায়ের গায়ে হাত তোলে। থোকা থোকা...'

খোকা আসে। 'মা, ওরে আর্মি মার নাই, মা। ও বানায়ে বলে।'
'না, মারিস নাই। ও বার্মার জ্রোল। না মারলে ও কান্দে ক্যান?'
'আরে, একটু হাতু বিশ্বস্কোরে দিতে গিয়েছিলাম। সাথে সাথে

কানতে শুরু করেছে/*৴

না, মারবি রা এটার্ব পিঠটা।' খোকা পিঠ এগিয়ে দিলে মা তার পিঠে নিজের হাতটি কেবে সেই হাতে চড় মারেন। মারের শব্দ হয়। রেন্ ভাতেই খুশি। সচথের জল সামলে মুখে হাসি ফোটাবার চেটা করে। সায়রা বেগম বলেন, 'হয়েছে? খুশি এখন?'

'इं,' জামা সামলাতে সামলাতে রেনু বলে।

'এখন এসো, হাতমুখ ধোও। দৃধভাত দিই। খাও।'

দুজনে পিঁড়ি পেতে বসে রান্নাযরে। মা দুজনের সামনে দুটো কাঁসার বাটিতে দুধ দেন। দুধের পাতিলে সর ভাসছে। তিনি সরটা তুলে দুডাগ করে দুজনের মুখে পুরে দিতে চামচ বাড়ান। খোকা মুখ ফিরিয়ে নেয়। রেনু সর খেতে পছন্দ করে। সে দিব্যি খেয়ে নেয়।

গুড়ের কৌটায় পিঁপড়া উঠেছে। রেনুর দুধের বাটিতে পিঁপড়া সাঁতার কাটছে। রেনু বলে, 'দুলা, দেখো কী?' 'কী?'

'পিঁপড়া।'

খোকা বলে, 'মা, একটা চামচ দ্যাও তো। পিঁপড়াটা তুলি।' তার নাকের নিচে দুধের গোঁফ।

চামচ দিয়ে পিঁপড়া ভোলা বড় মুশকিল। ভাসমান পিঁপড়ার নিচে চামচ ধরে দুধটা তুলতে পিঁপড়াটা ঠিক পড়ে যায়। খোকা কয়েকবার চেষ্টা করে। পারে না রেনুর পাতের পিঁপড়াটা তুলতে। শেষে বলে, 'খাও একটা পিঁপড়া, সাঁভার শিখতে পারবা।'

মা হাসেন। দুটো কুদ্র ক্রদরের এই সব সামান্য কাণ্ডকীর্তি তাঁর মাতৃক্রদয়ে এক অপার্থিব মারার সঞ্চার করে। তিনি মনে মনে প্রার্থনা করেন, আল্লাহ এদের বাঁচারে রাশ্বক।

খোকার বয়স ১৪। গোপালগঞ্জ থেকে বাবা বদলি হ্রুমুহ্ন মাদারীপুরে। ছেলেকেও বাবা নিয়ে চললেন তাঁর সলে। মাদ্রনীপুরু ইসলামিয়া হাইস্কুলে সে ভর্তি হয় ক্লাস ফোরে। বাবার কাছে থেকে সে স্কুলে যায়। বাবার আশা, ছেলে বড় হয়ে আইনজীবী হবে। স্পানালতের সেরেরাদার বাবা দেখেন, উকিলদের বড় সম্মান, ক্রুমুর্নিস্কুলি বি আল্লাহর রহমতে ছেলে তাঁর এই রকম কোনো ডাকস্কুল্রুক্তিকিল যান হতে পারে, তাঁর মনের সাধ পূর্ণ হয়। ছোট ছেকে স্কুলের তো এখনো ছোট। তার মধ্যে ছোটবেলায় নামেরের, পালিও হয়েছিল, একটা পা ক্লতিগ্রন্থ হয়েছে। ছেলেটা খুড়িয়ে হাঁটে, জুম্ব জন্যও বড় মায়া হয় লুংফর রহমানের

খোকা পড়তে কাছিছ না। বলে, 'বাবা, বই পড়তে পারি না। সবকিছু
নাপসা দেখি। '১০ অবস্থায় কিসের লেখা, কিসের পড়া। বাবা
মাদারীপুরের সবচেয়ে বড় চোখের ডাজারের কাছে নিয়ে যান। নানা
ওযুধপত্র নেওয়া হয়। কিন্তু ছেলের চোখের জ্ঞ্যোতি দিন দিন যেন কমেই
মাছে। আশপাশে যেখানে যে ডাকারের নাম শোনেন, বাবা তাঁর কাছেই
নিয়ে যান ছেলেক। কোনো লাভ হয় না।

ডান্ডাররা বলেন, 'ছেলের বেরিবেরি হয়েছে। তাকে বেশি করে টেকিছাটা লাল চাল খাওয়ান। ভিটামিন বি-এর অভাবে এই রোগ হয়। স্থান থেকে নার্ভের সমস্যা হতে পারে।'

ছেলেকে বাড়ি নিয়ে আসেন তিনি। আপাতত বাড়িতেই থাকুক। বাড়িতে সব সময় ঢেঁকিছাটা চালই খাওয়া হয়। এই কদিন ্যোপালগঞ্জ-মাদারীপুর করেই ছেলের শরীরটা গেছে।

রেনুর বয়স সাত বছর। রেনু এখনো বোঝে না, দুলা মানে কী। তবে দুলার শরীরটা ভালো না, এখন তার যত্নের প্রয়োজন, ওইটুকুন মেয়ের সেই উপলব্ধিটা ঠিকই আদে। কোখেকে আসে, আল্লাহ মানুম সে দুলার কাছে যায়। নিজের জামার খুঁট কামড়ে ধরে বলে, 'দুলা, তোমার কী হয়েছে?'

'আমার? না, কিছু হয় নাই।'

'তাইলে যে সবাই কয় তোমার অসুখ হয়েছে?'

'হাাঁ, হয়েছে। লাল চাউল খাওয়ার অসুখ।'

'হি হি হি। সেইটে কী ধরনের অসুখ?'

'এই অসুখ হলে খালি লাল চাউল খেতে হয়।'

'তুমি আর যাবা না নে?'

'কোথায়?'

'মাদারীপুর?'

'না আপাতত বাড়িতেই থাকব। বাড়িছে প্রকিব আর হামিদ মাস্টারের কাছে পড়ব।'

'আমিও মাস্টারের কাছে পড়ক্র (বি 'না, তুমি পড়বা আমার কাছেন')

গৃহশিক্ষক আবদুল হার্মিক ছিলেন অত্যন্ত আকর্ষণীর এক ব্যক্তিত্ব। তিনি ব্রিটিশবিরোধী আক্রিনিশনের একজন সক্রিয় কর্মী। স্বদেশি করতে গিয়ে জেল থেটেকে ক্রিনিদ মাস্টার খোকাকে পড়াতেন। খোকার চোখ খারাপ। কার্কের ক্রিটা না পড়ত, তার চেয়ে বেশি ভনত গল্প। হার্মিদ মাস্টার তাকে শোনাতেন মাস্টারদা সূর্য সেনের গল্প, তিতুমীর আর ক্র্দিরামের গল্প।

খোকা জিজেন করে, 'স্যার, জেলে তো যায় চোর-ডাকুরা। আমরা চোর-দারোগা, বাবু বাবু খেলি না! আপনি স্যার জেলে গিয়েছিলেন? আপনার খারাপ লাগে না?'

হামিদ মান্টার বলেন, 'শেখ মুজিবুর রহমান, শোনো, দেশের জন্য যদি কেউ পুলিশের হাতকড়া পরে, বুঝবা দেশমাতা তাকে গলায় ফুলের মালা পরাবেন দেশের জন্য জেলে যাওয়া গৌরবের ব্যাপার।'

হামিদ মাস্টার খোকাকে ডাকেন পুরো নাম ধরে।

'এই যে সূর্য সেনের ফাঁসি হয়ে গেল, সূর্য সেন কি চোর ছিলেন? তিনি

হচ্ছেন বিপুরী। ফাঁসির আগে তিনি কী বলে গেছেন? বলেছেন, "মৃত্যু আমার দরজায় কড়া নাড়ছে। আমার আত্মা উড়ে যাছে অনতের দিকে, আমি মৃত্যুকে আলিঙ্গন করব আমার প্রিয়তম বন্ধুর মতো, এই সুখী, পবিত্র, কঠিন মুহূর্তে আমি তোমাদের জন্য কী রেখে যাছিহ? একটামাত্র জিনিন। আমার স্বয়া। আমার গোনালি স্বয়া। খাখীন তারতবর্ষের স্বয়া। প্রিয় বন্ধুরা, সামনে এপিয়ে চলো। পিছনে ফিরবে না। ওই যে ধা যাছে স্বাধীনতার আলোকরশ্মি। জাগাঁ, হতাশার কাছে হার মেনো না। জয় আমাদের স্ববেই।" শোনো শেখা মুজিবুর রহমান, যে মরতে ভয় পায় না, তাকে কেউ হারাতে পারে না। জয় তার হবেই।"

খোকার ছানি পড়া চোখ চকচক করে ওঠে, সে মেরুদণ্ড সোজা করে নড়েচড়ে বসে। তার চোয়াল শব্দ হয়।

হামিদ মাস্টার কুদিরাম বসুর গন্ধ করেন। ১৮ বছরের লাক কী করে হাসতে হাসতে ফাঁসির মঞে উঠেছিল। তার ভাল কাজ কবিরা গান লিখেছেন, হামিদ মাস্টার কেশে গলা পরিষ্কার্থ করে গাইতে থাকেন, 'একবার বিদায় দে মা ঘুরে আসি, হাসি প্রব ফাঁসি দেখবে জগৎবাসী।'

এই গানের সুর খুবই করুণ সার্ক ক্রিট্রুপনী। হামিদ মান্টার গাইছেনও থুবই দরদ দিয়ে। বালক শেখু মুজ্জ্বর চোখে জল আদে। তার মনে হয়, দে-ও যদি যোগ দিতে পার্ক ক্রিরীদের দলে, এমনি করে দেশমাতার জন্য যদি সে-ও ফাঁসিমে ক্রিক্টেড পারত...

অনেক পরে, অভিন্ত সালে, পাকিস্তানের কারাগারে যখন শেখ মুজিবের গোপর বিশ্ব অনুষ্ঠিত হবে ইয়াহিয়ার সামরিক আদালতে, রায়ে তাঁর জন্য বরাদ হৈবে মৃত্যুদও। তাঁর সেলের পাশে কবর খোঁড়া হতে থাকবে আর তাঁকে চাপ দেওয়া হতে থাকবে কমাপ্রার্থনা করে তুল খীকার করে পাকিতানিদের বশাতা খীকারমূলক একটা বিবৃতিতে সই দিতে। তিনি তা দিতে অখীকার করবেন। মৃত্যুত্য ও কারাবাসের তয় তাঁর কোনো দিনও ছিল না। তিনি বলবেন, 'আমি ক্ষমা চাইব না। তোমরা আমাকে ফাঁসি দিতে পারো, খাঁসির মঞ্চে গিয়েও আমি বলব, আমি বাঙালি, বাংলা আমার ভাষা, বাংলা আমার দেশ, জ্বর বাংলা। তমু একটাই অনুরোধ, মৃত্যুর পর আমার দেহটা বাংলাদেশের মাটিতে পৌছে দিয়ো...'

না, বেরিবেরির চিকিৎসায় খোকার চোখের উন্নতি হয় না, বরং পরিস্থিতি দিন দিন খারাপ হতে থাকে। তখন শেখ লুৎফর রহমান ছেলেকে নিয়ে যান কলকাতায়, কলকাতা মেডিকেল কলেজের চক্ষ্বিশেষজ্ঞ ডাক্তার টি আহমেদ তাঁর চোখের ছানি অপারেশন কবেন। খোকা আবার সবকিছু পরিষ্কারভাবে দেখতে গুরু করে, তবে চশমা জিনিসটা তার জীবনের চিরুসঙ্গী হয়ে যায়।

তিন বছর পর খোকাকে আবার ভর্তি করা হয় স্কুলে, এবার গোপালগঞ্জ মিশনারি স্কুলে, ক্লাস ফাইভে। শেখ লুৎফর রহমানও বদদি হয়ে এসেছেন গোপালগঞ্জে। ছেলের বয়স বেশি। সহপাঠীরাও তাকে ভাই বলে ভাকে। তাতে তার নেতাগিরি করতে সুবিধাই হয়।

মজার ব্যাপার হলো, একই স্কুলে ক্লাস্ ওয়ানে ভর্তি হয় রেনু। তার ভালো নাম শেখ ফজিলাত্রেছা।

খ্রিষ্টান মিশনারি স্কুলে ভর্তি হওয়ার ফলে বালুক মুজিবের দৃষ্টি আরেকটু প্রসারিত হয়। সে বুঝতে শেবে, ব্রাক্তিটের ধর্ম অনেক রকম—কেউ হেন্দু, কেউ মুসলমান, কেউ বৌশ্ধ্য করিছ বা খ্রিষ্টান; কিন্তু সবাই আসলে মানুষ। সবারই ক্ষুধা পায়; তুম্প পায়। আনন্দে সবাই হানে, দৃঃখে কাঁদে। সূর্য সবাইকে সমান স্কুলো দেয়, মেঘ দেয় সমান বৃষ্টি। সৃষ্টিকর্তা মানুষে-মানুষে তেলুক্তিক না।
মুজিব এইবার ভালো কর্ত্তে মুক্তে কুটবলে। তিন বছর মায়ের কাছে

মুজিব এইবার ভালো করন্ধে থকে ফুটবলে। তিন বছর মায়ের কাছে খেয়ে আর বলে থেকে প্রেক্তি খার স্বাস্থ্যটা আগের চেয়ে ভালো। পায়ে জোর হয়েছে। এবার ক্ষুদ্ধ ফুটবল লাখি দিয়ে পড়ে যায় না

পরে মুজিব গোপানুগাঁজের একজন কৃতী ফুটবলার হয়ে উঠেছিলেন।
একদিন মুজিক জিলিছে প্রাইভেট পড়ে। তার স্কুলের শিক্ষক রসরঞ্জন
দেনব্যপ্তের বাষ্ট্রিকে গিয়ে প্রাইভেট পড়ে দে। তবন শীতকাল। তীষণ শীত
পড়েছে। মুজিবের পরনে লুলি, গারে শাঁট, তার ওপরে চালন। পথে দে
ক্ষেত্র একটা বালক, তার চেয়েও কম বয়সী হবে, তার পরনে ভধু
শতচ্ছির একটা নেংটি, গায়ে কিছুই নাই। মুজিব করল কি, চটপট
কোমরে জড়িয়ে নিল চালরটা। পরনের লুলি খুলে দিল ছেলেটার হাতে।
লুলি দেওয়ার পরও ছেলেটার গা খালি। কী যে তীষণ ঠাভা হাওয়া বইছে।
মুজিব দেখল, তার চাদর দিয়ে নিজের শরীরের উর্ধ্বাংশও বেশ ঢাকা
চলে। দে গায়ের শাটিও।ও খুলে ফেলল। ছেলেটাকে নিজ হাতে লুলি আর
শাট পরিয়ে দিল সে। তারপর কায়দা করে গায়ের চাদর দিয়ে পুরোটা
শরীর চেকে দে ফিরে এল বাসায়।

ছেলের ফিরতে দেরি হচ্ছে বলে বাবা শেখ লুংফর রহমান ঘরের

বাইরে পারচারি করছেন। মা তখন গোপালগঞ্জে ছিলেন। তিনি বাড়ির বাইরে এসে দাঁড়িয়ে আছেন। এমন সময় দেখেন, ছেলে আসছে। 'এই, তোমার কী অবস্থা? চাদর এইভাবে পরে আছ ক্যান?। শাড়ির মতো কইরে?'

মুজিব মা-বাবাকে খুলে বলে সব।

বাবা বলেন, 'দিয়েছ, ঠিক করেছ। তবে লুঙ্গি-শার্ট না দিয়ে গায়ের চাদরটা দিলেও তো পারতা?'

মুজিব বলে, 'আমার লুঙ্গি-শার্ট আরও আছে। গায়ের চাদর তো একটাই।'

বাবা বলেন, 'দান করে দিলে কিনাই তো দিতাম।'

শেখ মুজিব মাঝেমধ্যে টুঙ্গিপাড়ায় আদেন। একে দেখেন, হামিদ মান্টার একটা ছোটখাটো সংগঠন গড়ে তুলছেন স্থানকৈ বলা হয় ধর্মগোলা। ধান কাটার মৌসুমে সঞ্চল কৃষকদ্বে তাই থেকে ধান, চাল ইত্যাদি সংগ্রহ বোকালের জন্য রেখে প্রত্যান তারপর যথন অভাব পড়ে গ্রামে, গরিব মানুষের ঘরে খাবার খাকে না, পকেটে কানাকড়িও থাকে না, তখন ওই ধর্মগোলা থেকে তুলিকার মধ্যে খাল্যসাহায়্য বিতরণ করা হয়। মুজিবও লেগে পড়েস্থ এই কাজে। মান্টারের সহকারী হিসেবে তিনিও যুরতে থাকেন বাড়ি ক্ষিত্রি সংগ্রহ করতে থাকেন ধান-চাল।

ধর্মগোলার কথা এলে অস্ট্রেলির মনে পড়ে যাবে আরও একজনের কথা, যিনি মুজিবজে আর্কুরিনেন, যিনি মুজিবজে চেনেন সেই ১৯৪৪ সাল থেকে, এবং অনুক্রির ভালোবেসেছেন দেশের চেয়েও অধিক দেশ তেবে। তাজজ্ঞীন ১৯৪৩ সালের দুর্ভিচ্ছের ভয়াবহতা, অনাহারে অগুনতি মানুষের মৃত্যু, ক্লুধিত মানুষের সার সার নীরব মিছিল, পথের ধারে কুকুর-বেড়ালের মতো পড়ে থাকা লাশ অথবা জ্যাক কল্লান তাজউন্দীনকে নাড়া দিরেছিল খুব। তিনিও তাঁর নিজ গ্রাম দরদরিয়ায় ফিরে গিয়ে স্থাপন করলেন ধর্মগোলা, ধনীদের কাছ থেকে সংগ্রহ করলেন ধান-চাল, রেখে দিলেন আগামী বছরের আকালের মৌসুষের জন্য।

তাঁদের চিতার সাযুজ্য তাঁদের কাছে আনতে থাকবে, যে নৈকট্য ভবিষ্যতে রচনা করবে বাংলাদেশের জন্মযুত্ত ।

মুজিবের বয়স ১৮। রেনুর ১১। এবার তাঁদের আনুষ্ঠানিক বিয়ে দিতে হয়। লুৎফর রহমান দিনক্ষণ ধার্য করেন। এক শুভদিন দেখে টুঙ্গিপাড়ার আখীয়স্বজন, পাড়া-প্রাতবেশী ডেকে আনুষ্ঠানিকভাবে বিয়ের অনুষ্ঠান সম্পন্ন করা হয়। তত দিনে রেনু ক্লাস ফাইভ পাস দিয়ে ফেলেছেন। এখন শাড়িই তাঁর একমার পোশাক। বিদ্ধিমচন্দ্র, রবীন্দ্রনাথ ঠাকুর, শরৎচন্দ্রের বই এখন তিনি ৬ড়ভড়িয়ে পড়তে পারেন। তথু পড়তে পারেন তা না, এই সব তাঁর খুব প্রিয়ও হয়ে উঠেছে। সঙ্গে সঙ্গে তাঁর প্রিয় হয়ে উঠেছে আরও একটা জিনিস, তার নাম পান।

রেনু খুব ভালো পান সাজাতে পারেন। আন্ত একটা খিলি মুখে দিয়ে খানিকটা চিবিয়ে যখন পানের বোঁটা থেকে চুন জিবে লাগান, দেখে মনে হয় একেবারেই পাকা গৃহিণী।

মুজিব বলেন, 'আমাকে একটা খিলি সাজিয়ে দ্যাও দেখি।'

দুলা পান চেয়েছে। যত্ন করে পান সাজান রেনু।

মুজিব বলেন, 'আমারে দুটো পান, ডবল সুপারি ক্রাটা । খালি চুনটা কম দিবা। আমার সবকিছুই চাই ডবল ডবল।'

রেনু দ্বিগুণ আনন্দে বরের জন্য ডবল পানি আর্থান। কিন্তু তাতে চুন দেন চার গুণ।

'কী করো? ভিতরে যে চুন দিয়া চুক্রকাঞ্চ করে ফেললা?'

'তোমার না সবকিছু ডবল জামি তো এমনিতেই চুন বেশি দেই,

তোমার জন্য চার ডবল দিছিল তুঁ তুঁ বিয়ে হলো বটে, কিছু এখন একসলে থাকা হচ্ছে না দূজনের। মুজিব জাবার ফিরে গেলেন খালাকগঞ্জে, মিশনারি স্কুলে। পড়াশোনা চলছে, প্রাইডেটও পড়ছের কিছু পড়ার চেয়ে তাঁর মন বেশি পড়ে থাকে বাইরে। রাজনীতিতে। কিছু পাহানিক আবদুল হামিদের মুখে শোনা বিপ্লবীদের বীরত্বপাথা তাঁর করে বাজে। ভারতবর্ষকে স্বাধীন করতে হবে। ইংরেজ ভাড়াতে হবে। মুসলিম লীগ গঠিত হয়েছে। গোপালগঞ্জেও আছে তার মহকুমা অফিন। মোহাম্মদ আলী জিয়াহ ফিরে এসেছেন ইংল্যাভ থেকে, মুসলিম লীগের প্রতিষ্ঠাতা লিয়াকত আলী বান তাঁকে জোর করে ফিরিয়ে এনেছেন ভারতবর্ষকে মুসলিমদের নেতৃত্ব দেওয়ার জন্য। গত বছর প্রাদেশিক নির্বাচনে মুসলিম লীগ ভালো করেছে। নেহক মুসলিম লীগের সঙ্গে ক্ষমতা ভাগাভাগি করতে চুক্তি করেছেন। মুজিব মুসলিম লীগের গোপালগঞ্জ অফিসে যেতে গুক করলেন। স্বেছানেক হিসেবে এটা ওটা কাজ করেন। পার্টির যেকোনো কাজের ভাক গড়লেই হলো, তিনি বাঁপিয়ে পড়েন। শিগগিরই তাঁকে মুসলিম লীগ গোপালগঞ্জ শাখার

নিরাপত্তাবিষয়ক সম্পাদক পদে ভূষিত করা হলো।

এরই মধ্যে তিন-তিনবার তাঁকে পুলিশ ধরেছে।

প্রথমবার ধরেছে গোপালগঞ্জের মেলা থেকে। হিন্দু মুসলমান উভয়
মম্প্রদায় মিলেমিশেই ওক্ত করেছিল মেলা। কিন্তু মেলার আধিপতা নিয়ে
গন্তগোল লেগে গেল উদ্যোজ্ঞাদের মধ্যে। অচিরেই সেটা আকার পেল
মাম্প্রদায়িক ছদ্বের। এই বুঝি দুই পক্ষের মধ্যে মারামারি রেধে যায়।
মা প্রস্তুত মুজিব ছুটলেন তাঁর জনুগত ছাত্র-মুবাদের নিয়ে। হাতে লাঠি।
কেউ মারামারি করতে পারবে না। হিন্দু-মুসলিম ভাই ভাই। দালা থেমে
গেল।

কিন্তু দাঙ্গায় যারা উসকানি দিচ্ছিল, দু-চারটা লাঠির বাড়ি খেয়ে তারা গেল খেপে , তারা মুজিবুর রহমানের নামে মামলা ঠুকে দিল থানায়।

মুজিব তথন তাঁর গোপালগঞ্জের বাসায়। কুল থেকে মুখ্য ফিরেছেন।
তাঁর বন্ধুরাও তাঁর সঙ্গো, চুলোর ওপরে হাঁড়িতে দুখ্য ছবই, শেখ লৃংফর
রহমান জানেন, ভেলে দুখভাত খায় কুল থেকি চিরে, আসার সময়
বন্ধুবাজবদেরও ধরে আনে। সবাই মিনে ক্রেমল দুধের বাটি নিয়ে
বসেহেন, অমনি বাড়ি থিরে ফেলল পরিন্ধালোর মুজিবুর রহমান, পিতা
শেখ লৃংফর রহমান, আপনার বিরুক্তি চারীয়ানা আছে, আপনি গ্রেপ্তার।
বাড়িতে থবর গেল। ছেলেকে চারীনিয়ে গেছে পুলিশ।

মা সায়রা বেগম বিলাধ কর্মতে শুরু করলেন, 'পোলা আমার সবই হামিদ মান্টারের কাছে টিক্লিছে, হামিদ মান্টারও জেলে ছিল, আমার পোলারেও জেলে ক্রি প্রামি তথনই কইছিলাম, স্বদেশি করে, এই রকম মান্টার রাথার স্বর্জাছ্ক শাই।'

সাত দিনের জিল হলো মুজিবের। তাঁর জীবনের প্রথম কারাদও। মুক্তি পেয়ে এদেন বাড়িতে। রেনু জিজেস করলেন, 'তুমি কী চুরি করেছ যে তোমারে জেলে নিলঃ'

'চুরি করি নাই, রেনু। মানুষের উপকার করতে গিয়েছিলাম হিন্দুমুসলমানে মারামারি-কাটাকাটি করতে নিয়েছিল, আমি সেইটা থামাতে
গিয়েছিলাম।'

'তাইলে তোমারে ধরল ক্যান?'

'এইটারে কয় পলিটিকস। তৃমি সূর্য সেনের গল্প গুনো নাই, ক্লুনিরামের গল্প? নেতাজি সূভাষচন্দ্র বসুর নাম গুনো নাই? আমাদের হামিদ মাস্টারের কথা জানো না? দেশের যারা ভালো চায়, তাদেরকে জেলে যেতে হয়। সূর্য সেন কী বলেছেন, "মৃত্যু আমার দরজায় কড়া নাড়ছে আমার আত্মা উড়ে যাছে অনতের দিকে, আমি মৃত্যুকে আলিঙ্গন করব আমার প্রিয়তম বন্ধুর মতো, এই সুখী, পবিত্র, কঠিন মৃহুর্তে আমি তোমানের জন্য কী রেখে যাছিং একটামাত্র জিনিস। আমার স্বপ্ন। আমার সোনালি স্বপ্ন। স্বাধীন ভারতবর্ষের স্বপ্ন। প্রিয় বন্ধুরা, সামনে এগিয়ে চলো। পিছনে দিরবে না। ওই যে দেখা যাছে স্বাধীনতার আলেকরিশ্ম। জাগো, হতাশার কাছে হার মেনো না। জয় আমাদের হবেই"। মুজিব মেন যাত্রার পার্ট গাইছেন, বাক্যের তোড়ে তেনে যাছেন, নিজেই হয়ে উঠেছেন সূর্য সেন।

ুত্মি যে গেলা লাঠি নিয়ে মারামারি থামাতি, তোমার মাথায় যদি একটা বাড়ি মারত লাঠি দিয়ে?' রেনু আঁচলে নাকের ঘাম মুছতে মুছতে বলেন।

মুজিব তাঁর পাঞ্জাবির হাতা গোটাতে গোটাতে পার দেন, 'গুনো রেনু, যে মরতে ভয় পায় না, তাকে কেউ কাল্ডি পারে না। জয় তার হবেই। আমি ভয় পাই না। জয় আমার হবেই।

গোপালগঞ্জ মিশনারি কুলে বা ক্রেও পড়েছেন। ফাইভ পাস করেছেন। ব্যাপারগুলো সম্পর্কে কুমি তাসা ধারণা তাঁরও হয়েছে। তিনি তার দুলার দিকে মুগ্ধ দৃষ্টিকে ক্যাকিয়ে থাকেন। কী সুন্দর করে কথা বলতে পারে দুলা! একেবাকি স্কান্তার রাজার মতো।

রেদু ধরেই নিয়েছেব কর্তী তাঁর বিধিলিপি। তাঁর বর প্রায়ই কারাগারে যাবেন।

আর অনেক ক্রিপ পর স্থাধীন বাংলাদেশে বসে নিজ জীবনের ফেলে আসা দিনের স্থাতিচারণা করতে গিয়ে মুজিব বলবেন, 'আমার যেদিন প্রথম জেল হয়, সেদিনই আমার নাবালকত্ব যুচে গেছে।'

এন্ট্রান্স পাস করেছেন মুজিব। রেজান্টের পর বাড়ির সবাই খুশি। যে দুরন্ত ছেলে. সে যে পাস করেছে, এই বেশি।

ি রাজনীতির নামে সারা দিন কোথায় কোথায় থাকে, কী সব করে বেডায় মা একা একা বকে চলেন।

বাবা বলেন, 'ছেলে তো তোমার মুসলিম লীগের কাউসিলর হয়েছে মন্দ কী?'

মা কৃত্রিম রোখ ফুটিয়ে বলেন, 'ছেলে তো তোমার খালি জেলখানায় যায় লোকে আমারে কয়, সে নাকি সিনেমা হলে আগুন দিয়েছিল?' বাবা বলেন, 'তুমিও যদি এই কথা বিশ্বাস করো, কেমনে হয়! সেদিন সোহরাওয়াদী সাহেব, আবুল হাশিম সাহেবের মিটিং ছিল না গোপালগঞ্জে? কাদের মোল্লা আছে না, ওয়াহিদুজ্জামানের বাপে, সে গুডাপান্তা নিয়ে গেছে মিটিং ভাঙতে। ভাঙতে পারে নাই, খোকা তো টের পেয়ে তার পোলাপান নিয়ে আগেই মাঠ ঘেরাও দিয়ে রেখেছে, না পেরে ওডাগুলান গেছে সিনেমা হলে আগুল দিতে, যাতে গঙ্গপোল পাকে। তারপর উল্টা নাম দিয়েছে খোকার, যে সে-ই সিনেমা হলে আগুল দিছে। ফলস কেনে পুলিশ ধরেছে খোকারে। তারপর আমি জামিনের চেটা করি, মুসলিম লীগের নেতারা চেটা করেন, জামিন হয় না। কাদের মোল্লা সবকিছু আগে থেকে ম্যানেজ করে খুয়েছে।

মা বলেন, 'খালি তোমার ছেলে ধরা পড়ে। সে বোকা নাকি। অন্যে

দেয় আগুন আর হাজত খাটে সে!'

রেনু এগিয়ে আসেন। বলেন, 'বাবা,' বলে ফেলেই জৈনি জিব কাটেন; কারণ, তিনি তাঁর শাণ্ডড়িকে অভ্যাসবশত বাস্ত্যাস্থ্য কৈলেছেন, আসলে শ্বণ্ডরের সামনে শাণ্ডড়িকে বাবা বলে ডাকার প্রমূষ্ট ধঠে না, কিন্তু অসুবিধা হয় না; কারণ, শ্বণ্ডর বলেন, 'কও, বউন্দা

রেনু আর তাঁর শাশুড়ি চোখে ক্রেক্সিম পোপন হাসিবিনিময় সেরে নেন। তারপর রেনু বলেন, 'রুম্ম জ্বিমার সাথে আপনার ছেলের কথা হয়েছে সে বলেছে, পুলিসের পার্ক্সিছলো দেশপ্রেমিকের গলার মালা সে বলেছে, যদি কেউ ভয় স্বাপ্যায়র, তাইলে তাকে কেউ হারাতে পারে না!'

মা হাল ছেড়ে দেওকা ঐপিতে বলেন, 'তুমি আর এই সব বইলে বইলে পাগলরে সাঁকো (মুজুজুর কথা মনে করায়া দিয়ো না।'



এন্দ্রাঙ্গ পাস করে কলকাতা চললেন মুজিব। ১৯৪২ সাল। গেলেন কলকাতা ইসলামিয়া কলেজে পড়বেন বলে। পড়াটা উপলক্ষমাত্র, আসল লক্ষ্য হলো রাজনীতি করা। কলকাতা তখন উপমহাদেশের এবং বাংলার রাজনীতির এক কেন্দ্রীয় লীলাক্ষেত্র। মুজিব উঠলেন বেকার হোস্টেলেরোল নম্বর ১৪। আইএ ক্লাস। ২৪ নম্বর ক্রমে থাকেন। একই ক্রমে থাকেনে শহাদে হোসেন, গোপালগঞ্জের ক্লুলজীবনের সহপাঠী ভূমিহীন থেতমজুরের ছেলে ছিলেন শাহাদৎ। বাড়ি থেকে তাঁর টাকাপয়সা আসত না শেখ মুজিবের নামে বাবা শেখ লুংক্লর রহমান পাঠাতেন মানে ৭৫ টাক। সেটা দিয়েই দুই সহপাঠীর বেশ চলে যেত।

হোস্টেলের রুন্মে সারাক্ষণ চলছে রাজনৈতিক আছ্ডা। মুসদমানদের জন্য আলাদা আলাদা স্বাধীন রাষ্ট্র হবে কি না, হলে দুই বাংলা কি এক থাকবে? শেরেবাংলা ফজলুল হক যে লাহোর প্রস্তাবে বললেন, সংখ্যাগরিষ্ট মুসলিম এলাকা নিয়ে দুটা আলাদা স্বাধীন রাষ্ট্র হবে, তা কি নেতারা ভূলে গেলেন? কলকাতা কার ভাগে পড়বে? কত তর্কবিতর্কা এই রুন্মে রাখা হয় দুটো পত্রিকা, দৈনিক আলাদ আরু সাঞ্চাহিক ইত্রেকা। সেই পত্রিকা পড়তে ভিড় করে ছাত্ররা। আর চলে নানা বুক্ত্রেকা প্রালোচনা।

কলকাতা তথন পরিণত হয়েছে ভূতুড়ে বিচৰে। দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলছে। জাপানিরা যেকোনো সময় বোমা মার্ক্ত সারে। শহরে নিম্প্রদীপ মহড়া হচ্ছে, এখানে-ওখানে খোঁড়া হচ্ছে (সিমা)। একদিন বোমাও পড়ল।

লোকেরা ছড়া বানিয়ে বল্তে স সারে গা মা পা ধ্রবি

বাম ফেলেছে ক্লাশ্বনি বোমের মধ্যে ক্লিডটে সাপ বিটিশু ব্যৱস্কালরে বাপ।

मल मल दिनार्के भरत एटए ठटन याटण्ड ।

কন্ত ইসলঁমিয়া কলেজ আর বেকার হোস্টেল সরগরম। মুসলিম তরুণেরা সব ঝুঁকে পড়ছে রাজনীতির দিকে। এই হোস্টেলের দুই নুর—নুরুল হুদা আর নুরুদ্দিন। নুরুল হুদা সোহরাওয়াদী সাহেবের রাজনৈতিক সচিব হিসেবে স্বেছাগ্রম দিছেন। তিনি নতুন সক্রিয় মুসলিম লীগকমী মুজিবকে বলেন, 'চলুন, আপনাকে একটা জায়গায় নিয়ে যাব .'

'কোন জায়গায়?' 'লিডারের বাড়িতে।' 'কোন লিডার?' 'সোহরাওয়াদী সাহেব।' 'আছ্ছা চলেন।' 'আপনার মতো একজন কর্মী পাওয়া আমাদের জন্য খুব লাভজনক হবে। লিডার খুশি হবেন।'

বেরিয়ে পড়লেন মুজিব। কলকাতা শহরে সন্ধ্যা শামছে। গ্যাসবাতিগুলো জ্বলে উঠতে গুরু করেছে। জাপানিদের ভয়ে বর্মা থেকে আসছে শরণাথী। তারা ধ্বন্ত, ক্লান্ত। তাদের কারও কারও পায়ে জুতোর বদলে বিচালি।

থিয়েটার রোডে সোহরাওয়াদী সাহেবের বাংলোর সামনে পুলিশ। গেটে নাম লিখে ঢুকলেন দুজন। বিশাল দ্রয়িংরুম। বড় বড় গদিঅলা সোফা সবকিছু বিদেশি কেতায় সাজানো।

সোহরাওয়াদী সাহেব এলেন। নুরুল হুদা বললেন, 'লিডার, আপনার সঙ্গে পরিচয় করিয়ে দেই।'

সোহরাওয়াদী চোখ তুলে ভাকালেন। আরে, এ ৠ ফুজিব! শেখ মুজিবুর রহমান। তিনি এগিয়ে গিয়ে হাত বাড়িয়ে দুর্ফেন ক্রীজবের দিকে। মুজিবের পরনে শেরওয়ানি। ইসলাঘিয়া কলেনে খেরওয়ানি পরাটাই ছিল দস্তর। হেমন্ডের শীত শীত সন্ধ্যায় মুজিব সেউই সরে গিয়েছিলেন।

নুরুল ছদা বিশ্বিত। শেখ মুজিবের স্বরে সিতার আগে থেকে পরিচয় ছিল! কেউ তো কিছই বলেনি!

শেখ মুজিবের সঙ্গে ফজলুর হক্ষ আর সোহরাওয়াদীর প্রথম সাক্ষাতের ঘটনাটা বেশ নাটকীয়

মাঘ মাসের দুর্বার ক্রানেশ সূর্য আছে, তবু যেন তেজ নেই ছারাওলোকে কেন্ট্রিশ বোছে। মফস্বল শহর গোপালগঞ্জ আজ তটস্থ। হাফ প্যান্ট পরা ফুলিশ লাল টুলি পরে বেত হাতে শহরের মোড়ে মোড়ে পাহারা দিছে। গোমেনাও গিজপিজ করছে, নানা ছমবেশে। গোপালগঞ্জ মিশনারি কুল পরিদর্শনে আসবেন অবিভক্ত বাংলার প্রধানমন্ত্রী শেরবাংলা এ কে ফজলুল হক আর বাণিজ্য ও পল্পী উন্নয়নমন্ত্রী হোসেন শহীদ শেহরাওয়ানী। কুলে আই সাজ সাজ রব পড়ে গেছে কয়েক দিন আগে থেকেই প্রতিটা ঘর পরিশ্লার করা, বাণানগুলো ঝকবাকে করে তোলা। প্রধান শিক্ষক গিরিশবাবু ধৃতি সামলে সেই সব তদারক করে বেড়াছেন। ছাত্রদের নির্দেশ দেওয়া হয়েছে যেন ধোপদুরস্ত কাগড় পরে আনে।

ছাত্রদের মধ্যেও বেশ একটা উত্তেজনা। এত বড় দুজন মানুষ আসছেন তাদের স্কুলে! হঠাৎ যদি শেরেবাংলা বা সোহরাওয়াদী কোনো প্রশ্ন করে বদেন, কে উত্তর দেবে, ক্লাসে ক্লাসে সব শিখিয়ে দিচ্ছেন শিক্ষকেরা

তথ্য ক্লাস এইটে পড়া একটা ছেলের মাথায় অন্য মতলব ছেলেটার চোখে মোটা কাচের চশমা। বেরিবেরি রোগ হয়েছিল, চোখে অপারেশন করতে হয়েছে, অনেক দিন লেখাপড়া বন্ধ ছিল তার : স্কুলের অন্য ছেলেদের তুলনায় সে বয়সে একটু বড়, উচ্চতায়ও। শীতের রাতে হোস্টেলের চালের দিকে তাকিয়ে তার ঘম আসে না। চালটা ফুটো হয়ে গেছে। বৃষ্টি হলে পানি পড়ে। এখন এই বিছানায় কাঁথার নিচে তয়ে কুয়াশাঢাকা চাঁদের আলো দেখা যাচ্ছে ছাদের ফুটো দিয়ে। বালিশের কাছে রাখা চশমাটা চোখে পরে নিয়ে সে টিনের ছাদের ফুটো দেখে।

এই হোস্টেলে সে নিয়মিত থাকে না। কাল প্রধানমন্ত্রী আসছেন, তারই উত্তেজনায় আজকের রাতটা সে কাটাচ্ছে হোস্টেলে∕∧্মাননীয় অতিথির জন্য স্কুলের প্রবেশপথে দেবদারুপাতা দিয়ে তেরিল স্বানানো হয়েছে তারা তাদের ক্লাসরুমটার মেঝে নিজেরা ঝাড়ু দিচুয় শুন্দর করে মুছেছে আজ রাতে সে থেকে গেছে হোস্টেলে। তার্ব একর্টা বিছানা ছেড়ে দিয়েছে তার বন্ধরা।

হেডমাস্টার কি প্রধানমন্ত্রীকে ক্লানাবৈন তাঁদের হোস্টেলের ছাদের দুর্দশার কথা? কোনো ব্যবস্থা ঠি বিশ্বর্যা হবে?

ছেলেটি বিছানার তড়াক বিহুর উঠে বসে। 'এই তোরা ঘুমাস, ঘুমালে হবে? ওঠ।'

'কী, মুজিব ভূাই ্ব্রির চেয়ে বয়সে মোটামুটি সবাই ছোট। সবাই তাকে ভাই বহেই ১১০ । কিন্তু একটা এক-পা ছোট ছেলে, যে পড়ে ক্লাস নাইনে, তার **খুঁরুই ভিক্ত, তড়াক করে বিছানায় উঠে বসে**। অন্য ছাত্ররাও মোটামৃটি তার্কে মেনেই চলে।

'সবাই শোনো।'

সবাই কাঁথা থেকে লেপ থেকে মাথা বের করে।

'আমাদের হোস্টেলের ছাদ ভাঙা, কিন্তু এইটা ঠিক করার কোনো নামগন্ধ তো নাই। আমরা কাল প্রধানমন্ত্রীকে বলব এটা ঠিক করে দিতে। তাঁদের ডেকে এনে দেখাব ছাদের কী হাল। তোমরা সবাই থাকবা আমার সাথে '

'জি, মজিব ভাই।'

'কী, থাকবা তো?'

'জি, মুজিব ভাই।'

পরের দিন কালো জাচকান আর মাধায় লাল ফেন্ড টুপি পরা বিশালদেহী ফন্ডলুল হক আর তাঁর পাশে কোট-গ্যান্ট-টাই পরা ছোটখাটো গোলগাল চেহারার সোহরাওয়াদী এলেন স্কুল পরিদর্শনে সঙ্গে মহারা প্রশাসক গোলাম আহাদ। আর আহে নিরাপত্তারক্ষী আর প্রটোকল-কমীরা। তাঁরা হেডমান্টারের রুশমে চুকলেন। খানিকক্ষণ কাটালেন বারান্দা ধরে হাঁটলেন। ফ্লাসক্রমেও উকি দিলেন।

তারপর ফিরে যেতে ল্যাগলেন সদলবলে। পাশেই ডাকবাংলো। চোরকাঁটাভরা মাঠের মধ্যে মাথার সিথির মতো পায়ে চলা সরু পথ। সেই পথে উঠে পড়েছেন তাঁরা।

ক্লাস এইটের ছেলেরা মুখ চাওয়াচাওয়ি করছে। 'মুজিব ভাই, মন্ত্রীরা চলে যাচ্ছে তো।'

'তাই তো। চল সবাই আমার সাথে।'

মুজিনের পেছনে পেছনে বেরিয়ে গেল কয়েকজন ছাত্র তারা পড়িমরি করে দৌড়াতে লাগল। যে করেই হোক, মুর্কীপর পথ রোধ করে দাঁড়াতেই হবে।

তারা দৌড়ে সামনে চলে পেল স্পার্টির মন্ত্রীদের। হেডমাস্ট্যর সাহেবের পিলে চমকে উঠল। কী করুছে প্রস্থ ছাত্ররা!

এসডিও সাহেব রেগে অগ্নিশুর্স, ইট্রই, কী করো? পথ ছাডো।

বেতের মতো চিকন শরীর বৃদ্ধ চৈথে কালো চশমা—মুজির এগিয়ে গেল প্রধানমন্ত্রীর পর্বতপ্রমাণ স্বর্গারের সামনে, বলল, 'আপনারা চলে যাজ্ঞেনং আমাদের ব্লেডিংডিরের চালের কী হবেং'

'কী সমস্যা জেফ্লিকের বোর্ডিং ঘরের?'

'চালটা পুরানা স্থিয়ে ফুটা হয়ে গেছে। বৃষ্টি হলে পানি পড়ে। এখন শীতের রাতে ঠান্ডা হাওয়া ঢোকে। কুয়াশা পড়ে।'

'কত টাকা দরকার?' এ কে ফজলুল হক বললেন।

'হাজার-বারো শ টাকা হলে হবে।'

'আছ্ম। স্কুল বোর্ডিং ঘর মেরামত বাবদ বারো শ টাকা এখনই বরাদ্দ করছি। আমার নিজস্ব ফান্ড থেকে এটা দেওয়া হবে।' তিনি তাঁর সঙ্গের কর্মকর্তাকে অনতিবিলম্বে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিলেন।

সূর্যকে আড়াল করে দাঁড়িয়েছিলেন শেরেবাংলা, তাঁরই পেছনে উকি দিচ্ছেন সোহরাওয়াদী। তাঁর চোখে মিটিমিটি হাসি। শেখ মুজিবের কিশোব-মুখে পড়েছে শীতদুপুরের হলদেটে আলো, তার উচ্ছুল ঈষৎ বাদামি চোখে সেই আলো চিকচিক করছে।

ভাকবাংলায় ফিরে গেলেন দুই নেতা। দুপুরের বাবার খেতে খেতে কথা উঠল ওই লখা চশমাজলা ছেলেটাকে নিয়ে। কী রকম সাহস? কী রকম স্পষ্ট করে জানাল তাদের অভাব-অভিযোগ। 'এই রকম ৩৯গই তো চাই।' বললেন, সোহরাওয়াদী। একটা আন্ত মুরগির রোস্ট পাতে তুলে নিয়ে বিশাল থাবায় সেটা কবজা করতে করতে সম্মতি জানালেন বাংলার বাত সোহরাওয়াদী পার্শ্ববর্তী কর্মকর্তাকে বললেন, 'চেনেদ নাকি ছেলেটাকে?'

'স্যার।'

'ডেকে আনুন না তাকে।' ভাঙা বাংলার বললেন সোহর।ওয়াদী।
'ছেলেটাকে আমার খুবই পছন্দ হয়েছে। একটা প্লিপ পঠিয়ে দিন। যেন ও এনে সরাসরি আমার সাথে দেখা করতে পারে ১১

মুজিবকে ডেকে আনা হলো স্কুল থেকে। হিন্তুমুস্তার সাহেব ভীষণ দক্ষিতাগ্রস্ত। কী-না-কী শান্তি হয়ে যায় মজিবির্ত্ত

মুজিবকে ডেকে এনে সোহরাওয়ানী বহুলেন, 'তোমার নাম মুজিবুর রহমান।'

'জি, শেখ মুজিবুর রহমান 🗸

'তোমার সাহস, তোমার ক্রান্তর্গতা আমার খুব পছন্দ হয়েছে তোমার মতো ছেলেই আমাদের প্রিকৃষ্ণ। দেশের দরকার।' সোহরাওয়ানীর ভাঙা ভাঙা বাংলা বলাও মুক্তিষ্কা খুবই পছন্দ হলো।

কলকাতায় ত্রাইস্কর্তাদীর বাসতবনের বৈঠকখানার বদে সেই সব কথা আবার মনে পড়ে গেল দুজনেরই। সেদিনও লিভার বলেছিলেন, মুজিবের মতো ছেলে দরকার দেশের রাজনীতিতে, আজকেও তা-ই বললেন। 'এসেছ। খুব ভালো করেছ। কাজে লেগে পড়ো।'

সোহরাওয়াদী বাংলারই নেতা ছিলেন, কিন্তু ঠিক বাঙালি ছিলেন না।
ডিনি কথা বলতেন ভাঙা বাংলায়, কিন্তু উর্দু কিংবা ইংরেজিটা ভালো
বলতেন। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ফেরত সোহরাওয়াদী ব্যাবিস্টার হিসেবে
ছিলেন খুব নামকরা। আজও মুজিবকে যথারীতি উর্দু-ইংবেজি মেশানো
বাংলায় অভ্যর্থনা জ্ঞানালেন সোহরাওয়াদী। উর্দি পরা বেয়ারা তাঁদের জন্য
খাবার নিয়ে এল।

খেতে খেতে অনেকক্ষণ গল্প করলেন তাঁরা, আলোচনা করলেন দেশের পরিস্থিতি নিয়ে, বিশ্বযুদ্ধ নিয়ে আর তাঁদের এখনকার কাজ সম্পর্কে। মুজিব খুবই ব্যস্ত হয়ে পড়লেন কলকাতার মুসলিম লীগের রাজনীতি নিয়ে। মুসলিম লীগের রাজনীতিতে দুটো ভাগ। একটায় জমিদার ও সামত্তধেণী, আরেকটায় আবুল থাশিম প্রমুখের মতো বামপন্থী প্রগতিশীলেরা, যাঁরা জনগণের জন্ম মুসলিম লীগকে খুলে দিতে চান, আর ধনীয় রক্ষণশীলতার উর্ধ্বে উঠে রাজনীতি করতে চান মানুষের কল্যাণের জন্য। মুজিব প্রগতিশীলদের দলে।

১৯৪৩ সাল। মন্বরর দেখা দিয়েছে দেশে। 'একটু ফেন দাও মা' বলে কলকাতার বাড়িগুলোর দরজায়-দরজায় ঘুরে ফিরছে অনাহারী মানুষের স্রোত। পথেঘাটে নিরয় মানুষ পড়ে আছে অসহায়, মুমূর্ছ। শেখ মুজির প্রচণ্ড বাত্ত হয়ে পড়লেন দুর্গত অসহায় মানুষের পাশে এসে নাড়ানের জন্য মুসলিম গীল চুজিছ আদি কমিটি প্রতিষ্ঠা করুল। তহিবল সংগ্রহ করে ছুখা মানুষদের খাদ্য সাহায্য করার কান্ত চক্তি ক্রীপল পুরোদমে। এই কাজে সবার আগে শেখ মুজিবুর রহমান। এমানি সরকারও মুজিবের তৎপরতা ও অবদানের প্রশংসা করতে বাখা মুসেন

বেকার হোক্টেলের সুপারিনটেন্ডেট ছিলেন সহিদুর রহমান। আকালের ধান্ধা তাঁর হোক্টেলেও এসে লাগল কিল খাদ্যসংকট। কাজেই তিনি নিয়ম করে দিলেন, হোক্টেলেক ক্রিমনকৈমে সবার জন্য এক বাটি করে তরকারি। হয় মাছ, নয়তে স্থিত যেদিন যেটা দেওয়া হবে। কিন্তু সবাই এক বাটি করে নেবে, স্কেউ হুই বাটি নিতে পারবে না।

শিগণিরই সাইদুর বহুমানের কাছে অভিযোগ এল, একজন ছাত্র রোজ দুই কাপ তরকারে মায়া

কে? \চ শেখ মুজিব

বারবার অভিযোগ আসায় সাইদুর রহমান ডেকে পাঠালেন মুক্তিবকে। মুক্তিব এলেন।

'মুজিবুর, তুমি নাকি রোজ দুই বাটি করে তরকারি খাও?'

'জি, স্যার, খাই।'

'তুমি জানো না, এটা অন্যায়? নিয়ম করা হয়েছে, সবাই এক বাটি করে তরকারি খাবে?'

'কী করব, স্যার। এক বাটিতে যে আমার হয় না।'

সাইদুর রহমানের মনে পড়ে গেল, আমেরিকার প্রেসিডেন্ট জর্জ ওয়াশিংটন চেরিগাছ কেটে ফেলে বাবার কাছে সত্য কথা স্বীকার করতে দ্বিধা করেননি। এ-ও তো দেখছি আরেক জর্জ ওয়াশিংটন। অপরাধ করে অকপটে স্বীকার করে। আবার সে যে এটেশ্বে তহবিল জোগাড় করছে, বিতরণ করছে—এসক করছে চরম সভতার সঙ্গে। সেটা সবার মতো সাইদুর রহমানও জ্ঞানেন, একটা পরসা সে এদিক-ওদিক হতে দিছে না 'আছ্ম্যু,' সাইদুর হেসে বলালেন, 'তোমার চাহিনা যথন দুই বাটি, তখন

তোমাকে আর মানা করি না। তুমি দুই বাটিই খাবে।

মুজিবকে নিয়ে সাইদুর রহমানের আরেকটা অসুবিধা হতে লাগল।
মুজিব রোজ দেরি করে ছাত্রাবাসে ক্ষেরেন। কিন্ত ছাত্রাবাসের নিয়ম, রাত
আটটার মধ্যে সবাইকে হোস্টেলে ঢুকে পড়তে হবে। হোস্টেলের গেটে
একটা রেজিস্টার খাতা আছে। ওখানে নাম লিখে খাক্ষর দিয়ে ফেরার
সময় উল্লেখ করে ঢুকতে হর। সেই খাতা যাচাই করে লেখা যাছে,
মুজিবের ফেরার কোনো ঠিক-ঠিকানা নাই। সে সেখা খাড়ত করে হোস্টেলে
ফেরে।

সাইদুর রহমান জ্ঞানেন, মুদ্ধিব রাজনীঞ্চিবির ব্যস্ত। সে দুর্ভিক্ষণীড়িত মানুষের সেবা করছে। কিন্তু হোস্টেন্পের নিয়স তো মানতেই হবে। তিনি

তাঁর কক্ষে ডেকে পাঠালেন মুজিরুক

'শেখ মুজিবুর রহমান, তুঙ্গি বার্ক্স'নটার পরে হোস্টেলে ফেরো এটা ঠিক নয়। আর করবে না প্রেমুস্টের্ম মতো মাফ করে দিলাম . কিন্তু আরেক দিন যদি তুমি দেরি ক্লুক্র স্ট্রানো, তোমাকে জরিমানা দিতে হবে। যাও।'

'স্যার, আমি নেটার মধ্যে ফিরতে পারব না। ছরিমানা দিতে হলে সেটাই বরং দেব জাদানি জানেন, বাইরে আমাকে অনেক রকমের কাজে বাত থাকছে হুইটা দেশে দূর্ভিক। মানুষ খেতে পায় না। আমরা নিরম মানুষের মুখে অন্ন জোগানোর চেটা করছি। একটা মানুষও যদি একমুঠো খেতে পায়, সেটা ভালো। বরং আমি ফাইনই দেব।

সাইদুর রহমান দেখতে পেলেন, মুজ্জিবের দুই চোখ জল ও মায়ায় চকচক করছে। তিনি বললেন, 'আছা, এক কাজ করো। গেটের দারোয়ান তো আর লেখাপড়া জানে না। তুমি যখন রেজিস্টার খাতায় স্বাক্ষর করবে, তখন ফেরার সময় লিখে দিয়ো নয়টা। যাও।'



মুজিব ব্যন্ত কলকাতার। ওদিকে আমাদের গদ্ধের আরেক কুশীলব তাজউদ্দীন তথন পড়েন ক্লাস নাইনে। ঢাকা মুসলিম বয়েজ গতর্নমেন্ট হাইকুলে। এর আগে পড়তেন নাগরী দেন্ট নিকোলাস কুলে। ক্লাস সিত্রে তিনি বৃত্তি পরীক্ষার ফার্স্ট হয়েছেন। তীহণ তালো করছেন লেখাণড়ার . আগের বছর তাদের কুল থকে অনেককে নিয়ে যাওয়া কুমুজিল আহসার উদ্ধাহ কুল অব ইঞ্জিনিয়ারিং পরিদর্শনে। ফিরে আসারর বললেন, 'সবাই লেখা তো দেখি কে কী দেখলে।' সবাই পিশা। তাজউদ্দীন লিখেছেন ইংরেজিতে। সেটা পড়ে শোনালোক শিক্ষার বলকেন, 'এই রকম লেখা তো ইংরেজিতে এমএ পাস ক্লেক্সেকে লিখতে গারবে না।'

তাঁরা থাকেন ডাফরিন মুসলিম কেন্ট্রেক বিষেশকানুন খুবই কড়া। নামাজ পড়া বাধ্যতামূলক নামাজ না পড়লে খাবার দেওয়া হয় না। বাইরে যাওয়া বারপুর চিন্দ্র তাজউদ্দীন ক্লামের কার্স্ত বয়। সবকিছুতে তিনি ভালো। ক্রিয়েই নমুভদ্র। তাকে হোস্টেলের বাইরে যাওয়ার অনুমতি দেওয়া মুনা (হোস্টেল সুপার অন্বর আলী ভীষণ রাগী। তাঁর ভয়ে সবাই ব্রক্ত করে কাঁপে। তিনি ছেলেদের ইংরেজি পড়ান। তাজউদ্দীনকে তিন্দিকটলেন, 'ভালো ভালো ইংরেজি হবি দেখতে যাবে। তাজাক নিকে তিন্দিকটলেন, 'ভালো ভালো ইংরেজি হবি দেখতে যাবে। তাছলে তোমার ইংরেজির উচ্চারণ ভালো হবে। লিসেনিং ক্যাপানিটি বাড়বে।

ষিতীয় বিশ্বযুদ্ধ চলছে। তিনি সিভিল ভিকেন্স ট্রেনিং নিলেন। তারপর রাতের বেলা তাঁদের পাঠানো হয় ইউনিফর্ম পরে লোকালর পাহারা দিতে। তাঁদের বলা হয় হোমপার্ড। তাঙ্গউদ্দীনের ডিউটি পড়ে বাহাদূর শাহ পার্ক এলাকায়। কয়েক মাস তিনি এই কান্ধ করেছেন। প্রতি রাতের জন্য তাঁর বেতন আট আনা। ক্লাস টেনে উঠে তিনি স্কুল বদলালেন। এবার পোলেনে সেন্ট প্রেগরীজ স্কুল। উঠলেন কলতাবাজারের এক মেসে। বন্ধুদের কলেনে, পরীক্ষার ফল তালো করে জী হবে। আসল হলো দেশ। দেশের কাজে লাগতে হবে।

কামরুদ্দীন সাহেব মুসলিম লীগের প্রগতিশীল অংশের নেতা ছোটখাটো মানুষ। তাঁর চিন্তাভাবনা সংশ্বারশুক্ত। কামরুদ্দীন সাহেবের কাছে নির্মায়ত যাওয়া তরু করলেন তাজউদ্দীন।

স্কুলের ছাত্র অবস্থাতেই তাঁকে ঢাকা জেলা উত্তর মহকুমার মুসলিম লীগের তরুণ কর্মী হিসেবে সংগঠন গড়ে তোলার দায়িত্ব দেওয়া হলো। ফরিদপর জেলার জন্য এই দায়িত্ব গড়ল শেখ মুজিবের ওপর

ভাজউদ্দীন খুব মনপ্রাণ ঢেলে দিয়ে কাজ করতেন। পাকিতান সম্পর্কে তাঁর ধারণা কী? স্কুলে ফিরে এসে সহপাঠীদের বলতেন, পাকিতান হতে পারে, কিন্তু ভাষাবল হবে না। বন্ধুরা এই সব কথার মাথামুধু বুঝত কি না, কে জানে।

তাজউদ্দীন ছিলেন অন্তর্মুখী। তিনি কখনো মঞ্চে উঠে বক্তৃতা করতেন না ফলে, সাধারণ ছাত্র বা কর্মীরা তাঁকে তেমন চিন্তু ক্র কিন্তু নেপথ্যে থেকে পার্টি গড়ে তোলার জন্য তিনি খাটতেন প্রচুক্ত

এত কিছু করার পরও যথাসময়ে বসক্ষে স্ক্রীক্ষার হলে। ১৯৪৪ সালের ম্যাট্টিকুলেশন পরীক্ষার কল বেরেন্ত্রে দেখা গেল, তিনি প্রথম বিভাগে মেধাতালিকায় দ্বাদশ স্থান স্ক্রিক্সেক করেছেন।

সেন্ট প্রেগরীজ কুল। সেন্ট বিক্রিলাস ইনস্টিটিউট। দুটো খ্রিষ্টান মিশনারি কুল। মধ্যখানে মুনাক্ষ্মপুরেজ। অথচ তাঁর জীবন শুরু হয়েছিল মক্তবে পড়ে। ঢাকা জেন্দ্র কাশীসিয়ার দরদারায়া গ্রামের সম্পদ্ম ভূষামী ইয়াসিন খানের ক্রুপিল পরিবার তাঁদের এই সক্তানকে প্রথমে পিড়ারিলন মক্তব্য তাঁদের পূর্বপূরুবরা নাকি দিল্লি থেকে এখানে এমেহিলেন মক্তব্য তাঁদের পূর্বপূরুবরা নাকি দিল্লি থেকে এখানে এমেহিলেন মক্তব্য কার জন্য। ছেলে তাঁর শিক্ষা গুরু করল কোরআন শারিফ হিচ্ছা দিয়ে। তাঁর শ্বৃতিশক্তি ছিল অসাধারণ। সহজেই সে কোরআন শারিফের করেক পারা মুখন্থ করে ফেলল। তার এই মেধাশক্তির পরিচয় পেয়ে মক্তবের শিক্ষকই একদিন বলে বসলেন তার বাবাকে, 'আল্লাহ ছেলেটার মগজ ভালো দিছে। খান সাহেব, ছেলেকে কুলে ভর্তি করায়া দিলে হতো না? এই মক্তবের পড়া তো শেষ করে ফেলছে।'

বাড়ি থেকে স্কুলের দূরড় দুই মাইল। নয় বছর বয়সী তাজউদীন গ্রামের অন্য ছেলেদের সঙ্গে দল বেঁধে হেঁটে পৌছাতেন স্কুলে স্কুলের নামটাও সুন্দর। ভূলেশ্বর প্রাথমিক বিদ্যালয়। শাল-গজারির বন আর নদী-খালে ভরা জনপদ। গাছের ছায়ায় পাথির ডাক শুনতে শুনতে তিনি স্কলে যান। সমস্যা হলো, পথে অনেকগুলো খাল পেরোতে হয় সাঁকো নাই। নৌকায় বা হেঁটে খাল পেরোতে হয়। হাফ প্যান্ট টেনে ওপরের দিকে তলতে তলতেও বানিকটা ভিজে যায়। 'তাহলে এক কাজ করা যায় না, আমরা নিজেরাই সাঁকো বানিয়ে ফেলি। গ্রামে বাঁশের তো অভাব নাই। কটা বাঁশই বা লাগে একটা সাঁকো বানাতে। বন্ধদের উৎসাহিত করে তিনি লেগে পড়েন সাঁকো তৈরির কাজে। বাঁশঝাড়ে বাঁশের অভাব ছিল না। দা নিয়ে তাঁরা চললেন বাঁশ কাটতে। একট বয়স্ক ছাত্ররাও এগিয়ে এসে হাত লাগাল। ব্যস্পাঁচটা সাঁকো তৈরি হয়ে গেল এখন স্কলে যাওয়া অনেক সহজ হলো না কি!

ক্লাস ওয়ান থেকে টুতে ওঠার সময়ই ক্লাসে ফার্স্ট হয়ে গেলেন তাজউদ্দীন। তাঁকে এ জন্য পুরস্কার দেওয়া হলো। পুরস্কারের মূল্য ১০ পয়সা। দেড় পয়সা দামি কালির দোয়াত, সাড়ে আট প্রিষ্ট্রে কলম। ক্লাস থ্রি পর্যন্ত তিনি এই স্কুলেই পড়লেন। এরপর পুর্ম স্ট্রাইন দূরে কাপাসিয়া এমই স্কুলে ক্লাস ফোরে ভর্তি হলেন তিনি।

তখন তাঁর বয়স ১৩ বছর। তখনকার দিনে যোগাযোগব্যবস্থা খুব খারাপ ছিল। ফলে, বাড়ি থেকে স্কুলে ব্রিক্সি মাইল যাতায়াত করা ছিল ওই কিশোরের পক্ষে অসম্ভব 🔊 🕸 তিনি এক আত্মীয়ের বাড়িতে জায়গির থেকে স্কুলে যেতে **স**্থাবৈর্স।

ক্ষুলে একদিন গুনতে শেকৈ, রাজবন্দী এসেছেন।

স্কলে রাজবন্দী?

তাজউদ্দীনের ইংক্রের সীমা নাই।

জায়গিরবার্দ্ধি চ্রেকৈ স্কুলে যাওয়া-আসার পথে কাপাসিয়া পুলিশ স্টেশন শীতলক্ষ্ণী নদীর ধারে বড় জায়গাজুড়ে এই থানা। সেথানে তিনজন রাজবন্দীকে রাখা হয়েছে ডিটেইনি। দিনের বেলা পুলিশ প্রহরায় তারা বেরিয়েছেন এলাকা দেখতে। হাঁটতে হাঁটতে তাঁরা চলে এসেছেন তাঁদের স্কুলে।

তাজউদ্দীন গুনতে পেলেন এক শিক্ষকের মুখ থেকে, এঁরা সবাই ব্রিটিশবিরোধী। স্বরাজ প্রতিষ্ঠা করতে চান।

তিনি ক্লাস থেকে বেরিয়ে হেডমাস্টারের রুমের সামনে দাঁড়ানো তিনজনের কাছে গিয়ে দাঁড়ালেন।

প্রহরারত পুলিশ বলল, 'কী, খোকা?' 'রাজবন্দী দেখতে এসেছি।'

পুলিশ সদস্যটি হেসে ফেললেন। 'রাজবন্দী দেখবে? ওই যে দেখো?' তাজউদ্দীন বললেন, 'রাজবন্দী কোথার? ওরা তো দেখতে রাজবন্দীর মতো না।'

'রাজ্বন্দীর মতো না!' দারোগা তাঁর বেতটা মাটির সঙ্গে ঠোকাতে ঠোকাতে বললেন, 'রাজ্বন্দীরা দেখতে কেমন?'

'আমাদের ব্যাকরণ বইয়ে পড়েছি, রাজবন্দী মানে রাজা হইয়াও যিনি বন্দী। ওরা তো রাজা নাগ'

'এটা ব্যাকরণ বইয়ে লেখা আছে?'

'রাজর্ধির ব্যাসবাক্য লেখা আছে; রাজা হইয়াও যিনি ঋষি। তাহলে রাজবন্দী মানে তা-ই হওয়া উচিত, নয়?'

দারোগা হেসে বললেন, 'রাজবন্দীরা রাজা হয় না। রাজারা যাঁদের বন্দী করেন রাজনীতির কারণে, তাঁদের রাজবন্দী বৃদ্ধ

রাজবন্দী বলা হচ্ছে যাঁদের, সেই তিনুদ্ধন স্ট্রুপনর কথোপকথন শুনহিলেন। তাঁদের একজন বললেন, 'সুক্ষাই তোমাকে তো বেশ বুদ্ধিমান মনে হচ্ছে। এদিকে এসো তো তুমি তোমার নাম কী?'

নমান মনে হচ্ছে। এদিকে এসো তো তৃষ্টি তোমার নাম ক এইভাবে আলাপ-পরিচয়ের গুরুগ্

তাঁরা ছেলের সব বৃত্তান্ত—সাম্পার্য কোন স্কুল, কোন ক্লাস— জেনে নিলেন

তাজউদ্দীন বললেন, জাসম্বামী যদি রাজবন্দী হন, তাহলে আপনাদের বেঁধে রাখে নাই ক্লেক্ জিপনাদের তো বাইরে ছেড়েই রেখেছে?'

তাঁদের একজন কিলেন, 'ছেড়ে দিয়ে রাখেনি। এই যে দেখো না আমাদের পার্বজ্ব দিয়ে রেখেছে।'

আরেকজন\বলৈনে, 'আমরা আসলে রাজার অতিথি। তাই আমাদের নিরাপত্তার জন্য পুলিশের পাহারা।'

ওঁদের মধ্যে লম্বা মুখের একজন বললেন, 'কারণ, আমরা চাই, ব্রিটিশরা এই দেশ থেকে চলে যাক। আমাদের ভারত আমাদের হাতেই দিয়ে যাক। শুনে রানিমাতা এত খুশি হলেন যে আমাদের রাজ-অতিথি হিসেবে বরণ করলেন। বললেন, "যাও, তোমাদের থাকা-খাওয়ার চিন্তা নাই। আমরাই তোমাদের খাওয়াব-পরাব"।'

বাকি দুজন হেসে উঠলেন। ইয়া বড় গোঁফঅলা একজন বললেন, 'এই, ওকে কনফিউজড করে দিয়ো না।'

তিনি বললেন, 'দেখো, ভারতের লোক খেতে পায় না, পরতে পায়

না। কিন্তু ইংরেজদের বাবুণিরি তাতে কমে না। ওদের কোনো চিত্রাভাবনাই নাই এই দেশের মানুষকে তালো রাখার। কেন নাই? কারণ, এটা তো তাদের দেশ না। যার দেশ, তারই শাসন করা উচিত, তাই না? দে জন্য আমরা বলছি, আমরা ভারত থেকে ইংরেজদের তাড়াতে চাই আমরা স্বরাজ্ঞ চাই।

পুলিশ সদস্যটি বললেন, 'এই, তোমরা রাজনৈতিক আলোচনা কোরো না। ব্রিটিশরাজের কর্মচারী হিসেবে আমি সেটা অ্যালাউ করতে পারি না '

ওঁরা বললেন, 'আমাদের কাছে বই আছে। তুমি বই পড়ো। তুমি এসো থানার। তোমার সঙ্গে গল্পও করা যাবে। আর তোমাকে বইও দেওয়া যাবে। কাজী নজরুলের কবিতা পড়েছ? তুমি থানায় এসো। তোমাকে বই দেব।'

পরের দিনই ভাজউদীন থানায় গিয়ে হাজির। হার্ম্পর্টারোজ যেতেন ওদের কথা ওনতে। একজনের নাম রাজেন্দ্র নার্ম্মন্ত্রী ক্রিনি থুব আমুদে। কথায় কথায় হাসেন আর হাসান।

একজনের নাম বীরেশ্বর চ্যাটার্জি। আর প্রফি আছে। তিনি প্রতিটা ঘটনা, প্রতিটা বিষয় খুব যত্নের সঙ্গে বিষয়েতে চেটা করেন।

আরেকজন মণীন্দ্র শ্রমণি। বিষ্ণি মুর্বেমধ্যে গান করেন। তাঁর প্রিয় গান হলো. 'ধনধান্য পৃষ্ণভঙ্গ, ১০

তাজউদ্দীন রোজ একটা ক্রিট বই নিয়ে আসেন ওই রাজবন্দীদের কাছ থেকে। সেটা বাড়িতে বিনু পড়েন। কী সব আগুনে তাতানো নেশা ধরা একেকটা বই। পরেব দিন বইটা কেরত দেন। নতুন বই নেন। বন্দীরা তাঁর সঙ্গে আংকিইটিনের পড়া বইটা নিয়ে আলোচনা করেন।

পেছনে শীত দক্ষ্যা নদী। তাজউন্ধীনের চোধ নদীতে। নৌকা চলছে জাহাজ চলছে। কিন্তু তাজউন্ধীন সেসবের কিছুই দেখছেন না। তিনি মন দিয়ে বলীদের আলোচনা পোনেন। বিভোর হয়ে যান। দুনিয়াতে মানুহ মুক্তির জন্য ও শান্তির জন্য, স্বাধীনতা আর অধিকারের জন্য কী কাঙটাই না করছে।

এইভাবে ৫০-৬০টা বই পড়া হয়ে যায় তাজউদ্দীনের।

এর মধ্যে রাজবন্দীদের মুক্তির দিন আসে। ওপর থেকে আদেশ এসেছে, ওঁদের ছেডে দেওয়া হয়।

় ওঁরা এরই মধ্যে থানার বাগানে গোলাপগাছের যত্ন করে ফুটিয়ে তুলতে পেরেছেন কয়েকটা গোলাপ ফুল। সেই বাগান থেকে একণ্ডছ গোলাপ তুলে তাঁরা বিদায় নেওয়ার জন্য যান তাজউদ্দীনের জায়গিরবাড়িতে। এই কদিনেই এই মেধাবী ছেলেটি তাঁদের চিত্ত জয় কবে নিতে সমর্থ হয়েছে। ছেলেটার সঙ্গে গল্প করে, কথা বলে, বই নিয়ে আলোচনা করে তাঁরা সমযটা কাটিয়েছেন আনন্দে।

জায়গিরবাডিতে গিয়ে দেখা গেল, তাজউদ্দীন নাই। তিনি গেছেন ফুটবল ম্যাচ খেলতে।

বন্দীরা গোলাপগুচ্ছ রেখে যান ওই বাডিতেই।

ফিরে এসে তাজউদ্দীন বাড়ির লোকদের কাছে জানতে পারেন, ওঁরা এসেছিলেন। তিনি ছটে যান থানায়। ততক্ষণে ওঁরা কাপাসিয়া থেকে চলে গেছেন।

ওই বিপ্লবীদের সাহচর্য তাজউদ্দীনের মনের একট্রা দুয়ার খুলে দিয়ে যায়

তাই তো ম্যাট্রিক পরীকার আগে তিনি বসক্তি সংরছিলেন, 'অ লেখাপড়ার দরকার নাই। আসল কান্ধ হলে বিশ্বিস উপকার করা '

ঢাকা কলেজে আইএতে ভর্তি হয়েও তা না।

তাজউদ্দীন একদিন গেছেন বিক্রাক্তিদ্দৌলা পার্কে। এখানে জনসভা

হবে। বক্তৃতা করবেন মুসন্তিম্পুনির নেতা আবুল হাশিম। আবুল হাশিম ছিলেন জ্বাস্থান্ধনী পুরুষ। ভাষার ওপর যেমন তাঁর দখল ছিল, তেমনি ছিল ইক-রাজনীতি-অর্থনীতি-সংস্কৃতি নিয়ে তাঁর নিজস্ব মতামত। তাজইন্দীন আকৃষ্ট হলেন সেই বক্তব্যে। আবুল হাশিমের আহ্বানে সাড় পিয়ে কামক্রদ্দীন সাহেবের নেততে তাঁরা ১৫০ চক মোগলটুলীতে\র্কড়ে তুললেন পার্টি হাউস। ঢাকার উত্তর মহকুমা মুসলিম লীগ গড়ে তুলতে এই মেধাবী ছাত্রটি কলেজের পড়াশোনায় বিরতি নিলেন ৷

কলকাতায় বঙ্গীয় প্রাদেশিক মুসলিম লীগের বার্ষিক সভা হবে। তাজউদ্দীন যাবেন সেখানে। তিনি একজন কাউন্সিলর। এর আগে ঢাকায় কমিটি নির্বাচনে ভোটাভূটি হয়েছে। তাজউদ্দীনদের লক্ষ্য ছিল মুসলিম লীগকে আহসান মঞ্জিল থেকে বের করে এনে সাধারণ মানুষদের জন্য উন্মক্ত করে দেওয়া। আবল হাশিমের মতানসারী এই উপদলকে বলা হতো বামপন্তী। ভানপন্তীদের নেতা খাজা নাজিম উদ্দিন তখন প্রধানমন্ত্রী তারা তাদের মতো নবাব পরিবারের সদস্যদের দিয়ে কমিটি করার জন্য পরিকল্পনা করেন। কিন্তু তাজউদ্দীন আহমদরা চাইছিলেন নবাব পরিবারের বাইরে থেকে নেতৃত্ব নির্বাচন করা। শেষ পর্যন্ত বামপন্থীরাই এতে জিতেছে। তাজউদ্দীন আহমদ এই নির্বাচনের জন্য বড়ই খায়খাটুনি খেটেছেন।

কামরুদ্দীন সাহেবসমেত তাঁরা তিনজন যাবেন কলকাতা।

বাবা চান না যে তিনি কলকাতা যান। এমনিতেই পড়াশোনায় বিদ্ব ঘটছে, এটা বাবার পছন্দ হচ্ছে না। তাজউদ্দীন ছাত্র হিসেবে খুবই তালো বলে গণ্যা, প্রতিটা ক্লানে ফার্স্ট হয়েছেন। ক্লাস এইটে বুলি পরীক্ষায়ও ফার্স্ট হয়েছেন। দেন্ট প্রেগরীক্ষ ক্লুলে ভর্তি গরীক্ষায় ইংরেজিতে পেয়েছেন আশি। এ সবই এখন যত্রণার ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। বাড়ির সবাই চাইছেন, তাজউদ্দীন যেন মন দিয়ে ক্লাস করে। রাজনীতি,করে কী লাভ?

সাভের জন্য তো তিনি রাজনীতি করছেন না। তিনি মানুলীতি করতে চান মানুষের জন্য। দেশের ভালোর জন্য। স্বাই কেন্ট্রেড পায়। মারে গত বছরই নিদারুণ দুর্ভিক্ষ ঘটে গেছে। রাভায়ে কাছার স্বানাহারী মানুষ নাথেতে পেয়ে মরে পড়ে ছিল। এই মানুষের মূপে খাদ্য দেওয়া যদি রাজনীতি হয়, তিনি তো সেটা করবেনুইন

কলকাতা যেতেই হবে। খাজা সুষ্ঠিত হাত থেকে মুসলিম লীগকে উদ্ধার করতে হবে। এটাকে সুষ্ঠিত সানুষের লীগ করে গড়ে তুলতে হবে। আবুল হাশিম সাহেরহার সত শক্তিশালী করতে হবে। কলকাতা যাওয়ার পেছনে তাঁর স্বাবৃধিক উদ্দেশ্য আছে। শেখ মুজিবুর রহমানের সঙ্গে দেখা হবে। গেবিশীক্ষির এই মানুষটার কথা প্রায়ই পার্টি অফিসে শোনা যায়।

বাবা বললেন, ১পড়াশোনার ক্ষতি করে কলকাতা যাওয়ার দরকার নাই।'

তাজউদ্দীন বাবার চোখের দিকে তাকিয়ে বললেন, 'আবা, আমি কখনো আপনার কথার অবাধ্য হই নাই। এবারও হতে চাই না। আমি কলকাতা যাবই। আপনি অনুমতি দেন।'

মৌলভি ইয়াসিন খান সাহেব টুপি খুলে হাতে নিলেন। ফুঁ দিয়ে আবার পরলেন . তার মানে, তাঁর মনের মধ্যে টানাপোড়েন। তিনি সিদ্ধান্ত নিতে পাবছেন না। তারপর বললেন, 'ঠিক আছে, যাও।'

জীবনে এই প্রথমবারের মতো কলকাতা যাত্রা। প্রথমে স্টিমার, তারপর ট্রেন। শিয়ালদহ স্টেশনে নেমে দেখেন, মুসলিম লীগের কর্মীরা তাঁদের স্বাগত জানানোর জন্য ভিড় করে আছে। একজন বলল, 'দাদা, আমি *অস্তৃতবাজার* কাগজ থেকে এসেছি, দেখুন, কী লিখেছি আমাদের কাগজে।' তাজউদ্দীন দেখলেন, *অস্তৃতবাজার* সভি্য বিরাট করে লিখেছে, বাজা নাইজিম উদ্দিনের পরাজ্য এরেকজন বলল, 'দাদা, আমাদের কাগজ্ঞটাও দেখুন।' সেটার দিকে দৃষ্টি দিলেন তাজউদ্দীন। আহসান মঞ্জিলের নেতৃত্বের অবসান

তাঁদেরকে বিপুলভাবে অভ্যর্থনা জানিয়ে নিয়ে যাওয়া হলো আবুল

হাশিমের কাছে।

কাউলিল গুরু হলো। এইখানে তাজউদ্দীন আহমদের দেখা হলো শেখ মুজিবের সঙ্গে।

তাজউদ্দীন থেয়াল করলেন, শেখ মুজিব খুবই দৃঢ়তেতা, সাহসী আর পরিশ্রমী। তিনি যা করতে চান, তা করে কেলতে ক্ষেত্রক ইধা করেন না, আলস্য বলতে কোনো জিনিসও তার মধ্যে সুষ্টি আর প্রগতিশীল তরণদের মধ্যে তিনি প্রবল জনপ্রিয়। স্প্রেম্বর্ধাদী সাহেবকে তিনি ভাকেন লিভার বলে। লিভারকে তিনি প্রবৃহ্ট্ স্মার্দ্য করেন।

সোহরাওয়াদী এই কাউদিলে স্ক্রিক দুই গ্রুপের দলাদলির উর্ধের্ব

রাখার একটা ভাব দেখাচ্ছেন

কিন্তু তাঁর শিষ্য মুজিরের প্রস্থান আবুল হাশিমের পক্ষে স্পষ্ট ও বাঙ্কময়।

শেখ মুজিব এক স্থাঁকৈ ডেকে নিলেন তাজউদ্দীনকে। বললেন, 'তোমার নাম ভাজকীন তোঃ'

তাজউদ্দীৰ বৃত্তলৈন, 'জি।' 'ঢাকা থেকে আসছ?'

'फि⊤।'

'তোমরা তো চমৎকার কাজ করছ, মিয়া। আহসান মঞ্জিলরে হারায়া দিছ। এইবার আমাদের পালা।'

তাজউদ্দীন বললেন, 'শহীদ সাহেব তো মনে হচ্ছে নিউট্টাল থাকবেন। তাহলে হাশিম সাহেবের পঞ্চে সুবিধা করা সম্ভব হবে?'

শেখ মুজিব বললেন, 'লিডার নিউট্রাল আছেন। থাকুক। আমি মুজিবুর রহমান তো নিউট্রাল না। ইনশাল্লাই আবুল হাশিম সাহেরেরই জয় হবে।' কাউন্সিলে শেখ মুজিব বক্তৃতা করবেন। অসাধারণ ব্যাগ্মিতা দিয়ে তিনি কাউন্সিলেরদের সম্মোহিত করে ফেললেন। কাউন্সিলররা বেশির ভাগই অবস্থান নিলেন আবুল হাশিমের পক্ষে।

দিনটা ছিল ১৭ নভেম্বর ১৯৪৪। ওই দিন ভোট হয়। বামপন্থীদের প্রার্থী আবুল হাশিম আবারও জয়লাভ করেন সাধারণ সম্পাদক পদে

ঢাকার কাউন্সিলররা ফিরে আসেন বিজয়ীর বেশে।

বিজয়ীর গৌরবের আলো পড়ে শেখ মুজিবের চোখেমুখেও।

তাজউদ্দীন ফিরে আসেন এই বিশ্বাস নিয়ে যে শেখ মুজিব হারেন না। এর পরও তাঁকে বছবার দেখেছেন, বহু সংকটে, বহু জাতীয় বা দলীয় সংঘাতে মুজিব লড়েছেন, যে লড়াইয়ে কেউ কোনো দিন জেতার কথা ভাবতেও পারবে না, মুজিব সেখানেও বান্ধি ধরেছেন এবং শেষ পর্যন্ত জিতেছেন।

কলকাতা থেকে ট্রেনে ফিরে অস্সক্রে তাজউদ্দীন আর সতীর্থরা কলকাতা পেছনে রেখে। মুজির অহি ব্রুলছেন, 'আমি আসছি! আমার গোপালগঞ্জ কমিটিটাতেও অমেছ স্ক্রান্সপন্থীদের ভূত। ওইটাও তাড়াতে হবে।'

'লিভারকে সাথে *ন্নিয়*ি **সুনন্**ব।'

সেই কথাগুলাও ঝিক তার সঙ্গে সঙ্গে আসছে।

ট্রেন চলে। ক্রিন্স মিইল। ট্রেনের চলার একটা ছন্দ আছে। শব্দটার মধ্যে একটা সুরব্ধিছে।

স্ক্লোগানের সুরের মতো। ট্রেনের সিটে বসেই তাজউদ্দীন ঘূমিয়ে পড়েন।

তাজউদ্দীন স্বপ্ন দেখেন। মূজিব ভাই বলছেন, 'তাজউদ্দীন, তৈরি থাকো। আমি আসতেছি।'

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আমগাছে বসে এক ব্যাঙ্গমি তার ব্যাঙ্গমাকে বলে, 'গত দুই দিনে একটা ঘটনা ঘটল।'

'কী ঘটনা?'

'যেই পাকিন্তান জন্মায় নাই, তার মৃত্যুর জন্য যে দুইজনের সাক্ষাৎ

হওন দরকার আছিল, সেইটা হইয়া গেছে। ব্ঝলা কিছু?'
'কিছ কিছ...'

'কিছু কিছু বুঝবা কেন। পুরাটাই তো জলের মতো সোজা, ভোরের আলোর মতো পরিষ্কার। শেখ মুজিব আর তাজউদ্দীনের দেখাটা হইয়া গেল।'

'হ⊹ তাহইল।'

'এইটা খুব বড় ঘটনা। ভবিষ্যতে মনে রাইখো।' প্রভাহ ঘটনা ঘটে হাজার হাজার। ইতিহাসে সেসবের মূল্য কিবা আর ॥ তাজউদ্ধীনের সাথে দেখা শেষ মূজিবের। বিশাল ঘটনা এটা পরে পাবা টের॥

রেনু বললেন, 'এবার জুমি অমাকে কলিকাতায় নিয়ে যাবা?'

বাইগার নদী ধেকে বিভিন্ন পাশ খেঁষে খালটা এই শীতে শীর্ণ। হিজলগাছণ্ডলো বর্ত্তালৈ কোমরপানিতে ডুবে যায়। এখন পানি নাই, পুরো গাছ জেপে আছে। আমন ধান উঠে গেছে। খোলাজ্ড, খড় গুকানো হয়। ইতন্তত খড় ছড়িয়ে আছে। একটি গব্দ বাঁধা জিগাগাছের সঙ্গে। তার পিঠে তিনটা কাদখোঁচা পাধি। পিঠের পোকা খাছে। গব্দটা আরাম করে চোব বজে গুয়ে আছে।

কাচারিঘরের সামনে টং। ছড়ানো খড়ের গায়ে লুটাচ্ছে বিকেলের রোদ।

সেই রোদে পা ডুবিয়ে টঙে বসে আছেন রেনু। বেগুনি ধরনের একটা শাডি তাঁর পরনে।

শাড়ির আঁচল মাধায় জড়ানো। বেগুনি শাড়ির ফাঁকে ফরসা মুখটাকে লাগছে শালিকের রোগা ঠ্যাঙের মতো।

মুজিব তাঁর দিকে ঘুরে বসেন। বাঁশের টং মচমচ করে শব্দ তোলে

রেন কলকাতা যেতে চাইছেন।

নিয়ে যাওয়াই তো উচিত। তাঁর কাজের অসুবিধা হবে। রাজনীতির কাজে তিনি প্রচণ্ড ব্যস্ত। আবার সামনে আইএ পরীক্ষাও। এই অবস্থায় রেনুকে নিলে হোস্টেলের বাইরে একটা বাসা ভাড়া নিয়ে থাকতে হবে। বাসা জোগাড় করা কোনো ব্যাপার নয়। কলকাতায় এখন বাসা ভাড়া পাওয়া যায় সহজেই। যুদ্ধে জ্বাপানি বোমার ভয়ে যারা শহর ছেড়ে চলে গেছে, তাদের অনেকেই ফেরেনি।

হোস্টেলে পরীক্ষার আগে থাকলে সুবিধা। সহপাঠীদের কাছ থেকে পড়া বুঝে নেওয়া যেত। বইপত্র, সিদেবাস, নোট—সব পাওয়া যেত হাতের কাছেই। তবে অসুবিধা হলো, সারাক্ষণ রুমে মানুষজন গিজগিজ করে এরই মধ্যে তিনি কলেজ ইউনিয়নের সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন বিনা প্রতিছম্বিতার। ছেলেরা তার রুমে নান্ম বুরুগে আনে, অকারণেই আসে বেশির ভাগ। মুজিব ভাইয়ের মির্কিস সবার জন্য খোলা

তবে রেনুর একটু হাওয়া বদল করা দ্রেকার্ত্রপ। মেয়েটা কী রকম রোগা হয়ে গেছে। ১৭-১৮ বছরের তক্ত্মীর মুসখানা কী রকম ফ্যাকাশে দেখাছে। আর কী রকম দুখী!

তাদের একটা ছেলে হয়েছিল ছিলেটা কয়েক দিন বেঁচে ছিল।

মুজিব চিঠি লিখে জানিমেজিকেই হাতের কাজগুলো শেষ করেই বাড়ি চলে আসবেন। হাতের কাজ কৈ সহজে শেষ হয়? কলকাতার পার্টির প্রাদেশিক সম্বেলন ইন্দির তারপর যেতে হলো কৃষ্টিয়া। মুসলিম ছাত্রলীগের প্রাদেশিক সম্বেলন। এই সম্বেলনে হাশিম গ্রুপের সমর্থিত বামপন্থী প্যানেল ছিল। মুজিবকে সেই প্যানেলকে জিতিয়ে আনার জন্য নানা চেষ্টাচরিত্র করতে হয়েছে। কিন্তু এখানে এসে দেখা গেল, ডানপন্থীরা দলে ভারী। মারামারি পর্যন্ত লেগে গেল। শেখ মুজিব কয়েকটা ঘূষি বসিয়ে দিলেন পাজাদের ধামাধরা শাহ আজিজের মুখ বরাবর। শেখ মুজিবের পেছনে ছিলেন বামপন্থীদের অনেকেই। খানিকটা পেছনে ছিলেন তাজভাউন্দীন আহমদরাও। কিন্তু শেষতক ভাঁদের সমর্থিত প্যানেল হেরে গেল

তারপর মুজিব ব্যস্ত হয়ে পড়লেন ফরিদপুর আর গোপালগঞ্জের সম্মেলন নিয়ে। সোহরাওয়াদী সাহেব উঠেছেন তাঁর বন্ধুর বাসায়। আবুল হাশিম সাহেব উঠেছেন শহরের উপকণ্ঠে নদীর ধারে এক বাংলায়।

আবল হাশিম সাহেব নিজে দায়িত্ব দিয়েছেন মুজিবকে। ডানপন্থী মোহন মিয়া খাজার এক নম্বর দালাল। তাঁরা যেন জিততে না পাবেন না, এখানে ডানপন্থীদের জ্বিততে দেওয়া যায় না। এটা মজিবের নিজের এলাকা। যোহন যিয়া আর ওয়াহিদজ্জামানের দল তাঁর চিরদিনের প্রতিছন্দ্রী: হাতে লাঠি, সড়কি, রামদা নিয়ে তাঁদের ভাড়াটে গুন্ডারা সম্মেলন কেন্দ্রে উপস্থিত। কিন্তু তাঁর নাম মুজিবুর রহমান। এসব দেখে ভয়ে দমে যাওয়ার পাত্র তো তিনি নন। তিনিও নির্দেশ দিলেন কর্মীদের, 'লাঠি আনো।' হোসেন শহীদ সোহরাওয়াদী আর আবুল হাশিম বসে আছেন মঞ্চে। দঙ্গে আছেন অবসরপ্রাপ্ত ডেপুটি পুলিশ কমিশনার। তিনি আবুল হাশিমদের নিরাপত্তা দেবেন। শেখ মুজিব মঞ্চের একদিকে অবস্থান নিয়েছেন। বিপরীত পাশে ডানপন্থীরা। প্রথমে শুরু হলো কথা-কাটাকাটি তারপর ধন্তাধন্তি। পুলিশ কমিশনার রিভলঙ্কার 🗽 রের করলেন সোহরাওয়াদী অভতপর্ব সাহসের পরিচয় দিল্লেক ১০টনি মঞ্চ থেকে নামলেন। বিবদমান দুই পক্ষের মধ্যে अदिह 'শান্তিপূর্ণভাবে ভোট হতে দাও। ভোটে যে খার্কিল জিতবে, তাকেই মেনে নেব আমরা। এর নাম গণতন্ত।

ভোট হলো। শেখ মুজিবের খাল্সিলই জয়লাভ করল। ফরিদপুরেও

তিনিই জিতলেন।

গোপালগঞ্জে সম্মেছন প্রেম সোহরাওরাদী আর আবুল হাশিমকে মূজিব তাঁদের গোপালগঞ্জের বাসায় নিয়ে গেলেন। চা এল। সবাই গল্পে মেতে উঠলেন।

গোপালগঞ্জ শৈকৈ অতিথিদের বিদায় দিয়ে মুজিব রওনা দিলেন টুঙ্গিপাড়ার পর্যে। খবর পেয়েছিলেন, রেনুর শরীরটা ভালো নয়। কিন্ত ছেলে যে মারা গেছে, জানতেন না।

ছেলে যে মারা গেছে, জানতেন না।

সেটা শুনলেন সমীর মাঝির কাছে। নৌকায় চড়ে বসার পরই সমীর মুখ খুলল, 'মিয়া ভাই, এত দিনে আইলেন! ছাওয়ালটার মুখটাও তো দেখতে পারলেন না। ভগবান ভগবান!'

সমীর মাঝির মুখের দিকে তাকাতে সাহস পেলেন না মুজিব। তিনি শীতার্ত নদীটির দিকে তাকালেন। তখন সন্ধ্যা। আকাশ লাল হয়ে আছে। লালচে চেউগুলো তিরতির করে কাঁপছে।

আকাশে একঝাঁক পাখি। ঘরে ফিরছে। একটা মাছ লাফিয়ে উঠল বইঠার আঘাত পেয়ে। তাঁর চোখে জল এসে যাচ্ছে। তিনি চশমাটা খুলে কাচ মুছলেন পকেট থেকে রুমাল বের করে। চশমার কাচের দোষ নাই, আসলে তাঁর চোখই ঝাপসা

রেনু তাঁর পাশে বসে আছে। এই মেয়েটি তাঁর জন্ম থেকেই যেন তাঁর সঙ্গে নিজের ভাগাকে বেঁধে ফেলেছে। কিন্তু তিনি তাকে সময় দিতে পারলেন কই। একা একা মেয়েটা দশ মাস তাঁর সন্তানকে ধারণ করেছে। মাত্র ১৭ বছর বয়সে। তারপর দেখেছে ছেলের মুখ। বাবা আসার আগেই ছেলে বিদায় নিয়েছে।

সেই দুখের দিনগুলো কী করে পার করেছে রেনু!

এবার আসার পরও রেনুর কোনো অভিযোগ নেই। তথু বললেন, 'এড দিনে আসলা? ভালো ছিলা? ভনেছ সব?'

শেখ মুজিব তাঁর ব্যাগটা টেবিলের ওপর কেছে। বললেন, 'হাা, ওনলাম।'

'কালকে কবরস্থানে যাইয়ো। রাতের বেল্য খার দ্বাওয়ার দরকার শাই। হাতম্থ ধোও। আমি পানি তইলে দেই এ

'তোমাকে পানি তুলে দেওয়া ল্যুগুকে সা। বাড়িতে লোকের অভাব পড়েছে নাকি।'

মা-ই বরং কাঁদলেন, 'পোর্ছা? পালা হয়েছিল। ঠিক তোর মতন দেখতে হয়েছিল।'

শেষরাতে সেদিন সুমাজিক পিয়েছিল মুজিবের। নিরুম রাত্রিতে ঝিঁঝির ডাক, বাশঝাড় থেকে ক্রিস আসা শিয়ালের ডাক ভেদ করে তিনি ওনতে পান কান্নার শর্প ক্রিটা সরিয়ে রেনুর চোথে হাত দিয়ে টের পান অশ্রু। রেনু কাঁদছে

'কী হয়েছে, রেনু? কানতেছ ক্যানং'

'তুমি আসলা না, আমি তো তোমার ছেলেরে তোমারে দেখাতে পারলাম না।'

'কাইন্দো না, রেনু। দোষ তো আমারই। আমিই তোমার পাশে থাকতে পারি নাই।'

সকালবেলা ছেলের কবরের কাছে এলেন মুজিব। জিয়ারত করলেন। বাঁশঝাড়ের নিচে পারিবারিক গোরস্থান। সেখানে একটা ছোট্ট কবর। বাঁশের বেড়া এখনো কাঁচা। পিথানে খেজুরের পাতা হলদে হয়ে গেছে। বিকেলে রেনুকে নিয়ে একটু বের হলেন। সেয়েটা কও দিন খরেব বাইরে আসে না! শরীরটা সূর্যের আলো পায়নি কত দিন, তাই তাকে আরও ফরসা. আরও নীরক্ত দেখাচ্ছে।

উঠান পেরিয়ে কাচারিষরের পাশে এই টঙে এসে বসলেন দূজন। মুজিবের পরনে লুঙ্গি, গায়ে ফতুরা। রোদটা চনমনে থাকায় চাদরটা আর নেননি

রেনু লাল রঙের গায়ের চাদরটা নিয়েছিল, সেটা গুটিয়ে কোলের ওপর রেখেছেল।

মুজিব বললেন, 'আছহা, বাবাকে বলে তোমাকে নিয়ে যাব কলকাতায়।'

শৃংকর রহমান সাহেব রাজি হলেন না। বললেন, 'এমনিতেই মাইয়ার শরীরটা ভালো না, তার ওপরে ও কলকাতার নিমে কাইটে মেয়েটারে কই দেবে নিজের কোনো ঠিক-ঠিকানা নাই। কলিক্সিটা কার কুটিয়া কইরে বেড়ায়। আজ হিন্তি তো কাল দিন্তি। মিছিল-সিটি ক্রম্নের থায় আবার কোন দিন অ্যারেস্ট হবিনে। এর মধ্যে ক্রম্মান্ত্র-নিয়ে গিয়ে দে থাকবে কই, বউমা থাকবে কই? সারা দিন সে কৃট্ট্রের্ থাজবরর নিতে পারবে?'

বাবার কথার ওপর তো কপ্পুট্রান্তর্না। রেনুও বললেন, 'থাক তাইলে, বাবা যখন মানা করতেছেন্দ্র

মূজিব গিয়ে ধরলেক মক্টের্গ। 'মা, ভূমি বাবারে বুঝাও, আমি কিন্ত রেনুরে নিয়া যাবই (ক্ষুন্ত্রিজাতা গেলে ওর মনটা যদি একটু ভালো লাগে।' মা মূশকিলে ক্ষুন্ত্রেল । এক দিকে বাপ, আরেক দিকে পোলা। তিনি এখন কী কর্মক্ষাই

শেষে বলনে, 'খোকা, ভূই যা। আমি বউমারে পাঠায়া দিব নে।' ' 'কেমনে দিবাং'

'তুই যা না । দ্যাখ, কেমনে কী করি?'

'আছা, আমি কলিকাতা গিয়া বাসা ঠিক কইরা তোমারে চিঠি লিখতেছি। তথন তুমি পাঠায়া দিয়ো।'

মুজিব চলে গেলেন কলকাতা। কিন্তু মনটা ভার হয়ে রইল যাওয়ার দিন রেনুর দিকে তাকানোর সাহসও হচ্ছিল না। মেয়েটা তাঁর সঙ্গে যেতে চেয়েছিল। তিনি তাকে সঙ্গে নিতে পারলেন না!

মা বললেন, 'খোকা, অত মন খারাপ করে আছিস কেন? বললাম না, আমি পাঠায়া দিব।' মুজিব কলকাতা গেলেন। বাসা ভাড়া করলেন একটা। চিঠি লিখলেন মাকে। 'মা, এই যে আমার বাসার ঠিকানা। তুমি বলিয়াছিলা পাঠাইবা . এখন ব্যবস্থা করো।'

চিঠি পেয়ে সায়রা বেগম গেলেন লুৎফর রহমানের কাছে। বললেন, 'খোকার চিঠি আসছে।'

লুংফর রহমান বললেন, 'চিঠি আসছে? কেমন আছে খোকা? পড়াশোনা কেমন হচ্ছে?'

'সামনে পরীক্ষা। কিন্তু পড়াশোনা ভালো হচ্ছে না। আলাদা বাসা নিছে। হোটেলে খায়। সেখানকার রামা ভালো না। খোকার পেটের অসুখ।'
'আলাদা বাসা ভাভা নিছে ক্যানঃ'

'পরীক্ষার সময় হোস্টেলে রুমে ভিড়-হইচইয়ে সে পড়তে পারে না।' 'তাইলে এখন কী করবা? ভালো ডাক্তার দেখাইছে ক্স্কু

'রান্না খারাপ হইলে ডাক্তার কী করব?'

'তাইলে তো দুন্চিন্তার কথা?'
'বউমারে পাঠায়া দেই। পরীক্ষার কয়ন দিব প্রেইকে আসুক। রামাও করতে পারবে, আবার একটু হাওয়ার কর্মা করেনে। পোলাটা মারা যাওয়ায় বউমার মনটাও খারাপ।'

'কার সাথে যাবে?'

'তুমি রাজি হইলে সে রবেস্থাও আছে।'

লৃৎফর রহমান রাজি থালিন রেনুকে কলকাতায় পাঠিয়ে দেওয়া হলো।
মূজিবের পরীক্ষার কটে দিল কলকাতায় থেকে আবার ফিরে এলেন রেনু।
কারণ, মূজিব্রে স্কনেক কাজ। দেশ তাঁকে চায়।



দ্যালিম লীগের সম্মেলন হচ্ছে কলকাতায়। মুসলিম ইনস্টিটিউটে। ঢাকা থেকে তাজউদ্দীন গেছেন কাউন্সিলর হিসেবে। শরৎকালের শেষ দিক। ধীরে ধীরে গরমের ভাব কমে গিয়ে আবহাওয়াটা মিষ্টি হয়ে উঠেছে। এই কাউন্সিলটা হচ্ছে মুসলিম লীগের পার্লামেন্টারি বোর্ড গঠনের জন্য। এই বোর্ড থেকে সিদ্ধান্ত নেওয়া হবে, কারা হবেন প্রাদেশিক নির্বাচনের প্রাথী

এখানেও প্রতিদ্বন্ধিতা খাজা নাজিম উদ্দিনের সঙ্গে সোহরাওয়াদী-আবুল হাশিম গ্রুপের। তাজউদ্দীন সব সময়ই বামপন্থী গ্রুপের সঙ্গে আছেন

শেখ মুজিব আছেন সোহরাওয়াদীর সঙ্গে।

কিন্তু সাহরাওয়াদী নিজেই দোটানায় পড়ে গেছেন। তরুণেরা সবাই আবুল হাশিমের ভক্ত। শেখ মুজিব নিজেও চান আবুল হাশিমই সাধারণ সম্পাদক থাকুন। এদিকে প্রবীণদের মধ্যে কানাঘুবা, আবুল হাশিম আসলে কমিউনিই। তাকে প্রাদেশিক মুসলিম গীগের সাধারণ সম্পাদক পদে রাখা ঠিক হবে না। বাজা নাজিম উদ্দিন, মওলানা আকরাম বাঁ এসে ধরলেন সোহরাওয়াদীকে। আবুল হাশিমের বদলে ডাক্ডার আবদুল মোভালিব হকে মুস্তুর্বের সম্পাদক। নাহরাওয়াদী সেই কথা জানিয়ে দিলেন আবুল মুস্তিরের আবুল হাশিম

লোহরাওয়াদী মানতে পারেন, আরুব হার্ট্রপথ মানতে পারেন। কিন্তু তরুণেরা কি তা মানবেং শেখ মুঞ্জির কি তা মেনে নেওয়ার পাত্রং

সন্ধার পর কাউন্সিল চলছে 🕮

সোহরাওয়াদী সাহেবের সামুদ্ধে তরুণেরা বিক্ষোভ প্রদর্শন করতে শুরু

ডানপন্থীরা খেলে পার্ব । তারা শুরু করল হাতাহাতি।

ফরিদপুরের ক্রেইন শীয়া হঠাংই মুলিগঞ্জের বামপন্থী গ্রুপের শামসূদ্দিন আহমেদকে প্রক্রের লাথি মেরে বসলেন। লাথি তাঁর পেটে লাগল। তিনি জ্ঞান হারিয়ে পড়ে গেলেন মাটিতে। শেখ মুজিব এই দৃশ্য সহ্য করার ব্যক্তিন। তিনি ঝাঁপিয়ে পড়লেন মোহন মিয়ার ওপর। তাঁর গলা চেপে ধরে তাঁকে ফেলে দিলেন মাটিতে। ওইখানে চেপে ধরে রাখলেন।

সভার কার্যক্রম স্থগিত হয়ে গেল। পরের দিন আবার শুরু হলো অধিবেশন। তরুণ শেখ মুজিবুর রহমান বক্তুতা দিতে শুরু করণেন।

তিনি আবুল হাশিমের পক্ষে। আর কে সাধারণ সম্পাদক হবে, সে সিদ্ধান্ত ভোটের মাধ্যমে নেওয়ার পক্ষে জারালো ভাষায় বক্তব্য দেওয়া তরু করপেন। শেখ মৃজিবের কণ্ঠম্বরে অমিত তেজ, তার বক্তব্য অতাত যুক্তপূর্ণ। পুরো সভা স্তব্ধ হয়ে রইল তার ভাষণের সময়। ওই বক্তব্যে কেবল পুরো কাউন্সিল মন্ত্রমুগ্ধ হয়ে গেল না, সোহরাওয়াদী নিজেও অভিভূত হয়ে গেলেন।

সোহরাওয়াদী দুটো গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করলেন। একটা সিদ্ধান্ত তিনি জানিয়ে দিলেন সঙ্গে সঙ্গে। মুসলিম লীগের সাধারণ সম্পাদক কে হবে, তার সিদ্ধান্ত নেবে কাউন্সিলররা, ভোটের মাধ্যমে। স্মারেকটা সিদ্ধান্ত সোহরাওয়াদী নিলেন মনে মনে, তার বাকি জীবনের জন্য। এড এত কমীর মধ্যে কে হবেন তাঁর একান্ত নির্ভরতা, কার ওপরে বানিটা জীবন তিনি ভরসা করবেন, আজীবন কাকে তিনি তার স্নেহ ও সমর্থন দিয়ে যাবেন, এই সিদ্ধান্ত নিয়ে ফেললেন। এই কমীদলের মধ্যে শেখ দিয়ে যাবেন, এই নিমান্ত নিয়ে ফেললেন। এই কমীদলের মধ্যে শেখ ফোনি পরিষ্কার তাঁর দৃষ্টিভিন্স। এই রক্ষম একজন রাজ্যনৈতিক কমীকেই তাঁর দরকার, দরকার দেশের।

কাউন্সিলররা ভোট দিলেন। বামপন্থীরা জয়লাভ বিষ্কা। আবুল হাশিম সাধারণ সম্পাদক নির্বাচিত হলেন।

সোহরাওয়াদী ভবিষ্যতে হতে যাচ্ছেন স্মার্শামেন্টারি দলের নেতা

সেটাও স্থির হয়ে গেল।

কাউলিল শেষে মুজিব গেলে কিডারের বাদায়। সোহরাওয়াদী মুজিবকে জড়িয়ে ধরদেন। কুলে পুরুজিব, আমার জীবনে একটা আশ্বর্য ঘটনা ঘটল। আমরা সিক্ষুদ্ধ সৈছিলাম আরুল হাশিমকে আরু সাধারণ সম্পানক রাখব না। এই দার্মার আরুল হাশিম সাহেবও মেনে নিয়েছিলেন। কিন্তু তোমরা তর্বক্রা এটা মানলে না। কিন্তু আমি আমানর আগের কিন্তুত থেকে কিন্তু এলেছি কেবল তোমার বক্তৃতা গুনে। সত্যি তো, কাউলিকরার সিদ্ধান্ত নেবে কে হবেন সাধারণ সম্পাদক। এটাই তো ডেমাক্রেসি। তোমাকে ধন্যবাদ আমার চোধ খুলে দেওয়ার জন্য।

মুজিব সোহরাওয়াদীর আলিঙ্গনে। তাঁর কালো ফ্রেমের চণমার নিচে জঙ্গ টঙ্গমল করছে। এত বড় নেতা সোহরাওয়াদী, তিনি কী অনুপ্রেরণাই না দিছেন একজন তরুণ কর্মীকে। গণতন্ত্রের জন্য সোহরাওয়াদী সাহেবের অঙ্গীকারটাও কত তীব্র।

কেন্দ্রীয় আইনসভার ১৩২টি আসনের নির্বাচন নিয়ে সবাই ব্যস্ত হয়ে পড়েছে . এর মধ্যে মুসলমানদের আসন ৩০টি। শেখ মুজিবুর রহমানের ওপরে দায়িত্ব পড়েছে ফরিদপুরের মুসলিম লীগের প্রার্থীদের জিতিয়ে আনা। দিন নাই, রাত নাই তাঁকে নির্বাচনী প্রচারে অংশ নিতে হচ্ছে।

ঢাকার দায়িত্ব পড়েছিল কামরুজ্জীন সাহেবের গুপর। তিনি ছিলেন গাজউন্সীনের নেতা, আর তাজউন্ধীনকে করা হলো উত্তর মহকুমার নির্বাচনী সম্পাদক। কাজেই মুসলিম লীগের প্রার্থীকে জেতানোর জন্য গাজউন্সীনও যে দিবারাত্রি খাটবেন, তাতে আর সন্দেহ কী!

শেখ মুজিব ও ৩াজউদ্দীন—এ দুই তরুণ নেতা ৩খন একই উদ্দেশ্যে পূর্ব বাংলার দুই প্রান্তে প্রচন্ত পরিশ্রম করতে লাগলেন।

মুজিব ফরিদপুরের সব মহকুমা আর থানায় যান। বজ্তা করেম অসাধারণ বাগ্মী মুজিব এই সময় ফরিদপুরে সবার মুজিব ভাই হয়ে ওঠেন। ১৯৪৫ সালের ১০ ও ১২ ডিসেম্বরের শীতের দিন দুটো নির্বাচনের হাওয়ায় গরম হয়ে ওঠে।

নির্বাচনে মুসলিম লীগের প্রার্থীরা ৩০টি আস্তরেই জয়লাভ করে

বাংলার ছয়টি আসনের সব কটিতেই।

কলকাতার অক্টার লি মনুমেন্টের পাদক্রিপ্রেসলিম লীগ ওকরিয়া দিবদের সভা আহ্বান করে। দলে দলে মুস্ত্র্যুদ্ধেরা সেই জনসভায় যোগ দেয় তানের মুখে শ্লোগান : ছিনকে ক্ষেত্রুক পাকিস্তান, লড়কে লেয়েকে পাকিস্তান, সিনামে গুলি লেয়েকে ক্ষুক্তিগ্রন।

ছেলেপুলেরা হুড়াও কাটে ক্রিস্টমে বিড়ি মুখে পান, লড়কে লেয়েঙ্গে

পাকিস্তান :

কামরুদ্দীন আহমুদ বৰ্ণকাতায় সেই দৃশ্য দেখেন। তাঁর বুক ভেঙে আসতে চায়। তিনি বিভূবিট্ট ক্ষুতে থাকেন, সমস্তটা সমাজ যেন পাগল হয়ে গেছে।

এরপর ১৯৪৬ স্লিলের সাধারণ নির্বাচন।

নির্বাচনের জন্য প্রাধী মনোনয়ন দিতে হবে। সোহরাওরাদী সাহেব মনোনয়ন ঘোষণা করকেন। তার আগে এলাকায় পৌছে একটু জনমত যাচাই করে নেওয়া দরকার। দিনিয়ায়াট থেকে দেশি নৌকায় চলেছেন দোহরাওয়াদী। সঙ্গে শেখ মুজিবুর রহমানসহ গোটা ১৫ জন কর্মী। রাতের মধ্যে গোপালগঞ্জ পৌছানো দরকার। সকালবেলাভেই সোহরাওয়াদীকে মনোনয়ন ঘোষণা করতে হবে।

এমনিতেই যাত্রারম্ভ করতে দেরি হয়ে গেছে।

সোহরাওয়াদী বললেন, 'আমরা কি ঠিক সময়ে পৌছাতে পারব, মুজিব?'

মুজিব বললেন, 'আছা, একটা কাজ করি। মাঝি ভাই, আপনারা নেমে যান নৌকা থেকে। গুণ টানেন।'

মাঝিরা বলল, 'আমরা গুণ টানলে দাঁড় বাইব কেডা? হাল ধরব কেডা?' মুজিব বললেন, 'আমরা বসে থাকব নাকি। আমরা পালা করে দাঁড় বাইব, হাল ধরব। আপনারা গুণ টানেন।'

মাঝিরা নেমে গেল।

মুজিব নিজে দাঁড় টানতে লাগলেন।

পানিতে দাঁড় পড়ছে। ছলাৎ ছলাৎ শব্দ উঠছে। পানির ছিটা এসে পড়ছে তার গায়ে।

তারা বহুক্ষণ কিছু খাননি। সবারই খিদে পেয়েছে। কিন্তু কেউ কিছু বলছে না।

সাতপাড় বাজার দেখা যাছে। দূর মাঠে আলপথে স্কান্ত্র্যাধে, ঝাঁকা মাথায় হাটুরেরা যাছে হাটের দিকে।

সোহরাওয়াদী বললেন, 'তোমরা একটু নৌকাট্ট'শার্ট্রার্থে? আমি আসছি।' তিনি নেমে গেলেন নৌকা থেকে। ফিফলেন সেজুরের গুড় আর চিড়া কিনে।

সেই চিড়া-গুড় তিনি বিতরণ কর্মেন্দ্র সর্বার মধ্যে। আগে দিলেন নৌকার মাঝিদের। তারপর কর্মীদের। শেষ্ট্র প্রদিনি নিজেও চিড়া আর গুড় চিবুতে লাগলেন।

ওই চিড়া-গুড় খেয়েই জীৱা-কাঁটিয়ে দিলেন। কেউই ভাতের নাম মুখে আনলেন না।

বঙ্গীয় আইনসভার । । রৈতি আসনের মধ্যে মুসলমানদের জন্য সংরক্ষিত ১১৯ আসন। প্রতিষন্দিতা হচ্ছে সোহরাওয়াদীর নেতৃত্বাধীন মুসলিম লীগ আর শেরেবাংলা ফজলুল হকের কৃষক প্রক্তা পার্টির মধ্যে। ১০ হাজার যুব বেজ্ঞানেবক নিয়ে শেষ মুজিব ব্যস্ত হয়ে পড়লেন মুসলিম লীগের পক্ষে প্রচারবার কাজে। বাংলাদেশের বিভিন্ন অঞ্চল সফর করতে লাগলেন তাজউদ্দীন ব্যান্ত রইলেন ঢাকা অঞ্চলে।

সোহরাওয়াদী বললেন, 'মুঞ্জিব, আমার একটা গোপন প্ল্যান আছে। আমি চাই, তুমি ফজলুল হক সাহেবকে বরিশালে ব্যস্ত রাখো। ভাহলে তিনি আর বাংলার অন্যত্র প্রচার চালাতে পারবেন না। ভাহলে আমাদের মুসলিম লীপের কাছে তাঁর কৃষক প্রজা পার্টি সহজেই হেরে যাবে। মুজিব বললেন, 'তা-ই হবে, লিডার।' তিনি ইসলামিয়া কলেজের ছাত্রদের নামিয়ে দিলেন বরিশাল অঞ্জলে।

সোহরাওয়াদী সাহেব প্রচারাভিযানে বেরোলেন। ৪২টি জলযানের এক বিশাল বহর নিয়ে বরিশাল চললেন ভিনি। সঙ্গে শেখ মুজিবসহ আরও আরও নেতা। তাঁরা এক মাস প্রচার চালালেন বরিশাল অঞ্চলে।

ফরিনপুরে মুসলিম লীগের প্রাধী ছিলেন মোহন মিয়া। তিনি ডানপন্থী গ্রুণপের লোক। মুজিব ফরিদপুরের নির্বাচনী প্রচারদদের প্রধান। স্বেচ্ছাদেবক, নির্বাচনী প্রচারদার নানা জিনিসপাতি—সব তাঁর অধীনে। তিনি নানা জারগার মুসলিম লীগের জন্য ভোট চেয়ে বেড়াফেল, তথু ফরিদপুরে মোহন মিয়াকে টাকা দিচ্ছেন না, বেচ্ছামেবক পাঠ্যছেন না, জিনিসপাতি দিয়েও সাহায্য করছেন না। মোহন মিয়া, লিখিত অভিযোগ দিলেন মুজিবের বিরুদ্ধে। মুজিব বললেন, 'অভিযোগ শিলা বার তাঁর কেন কেন্ডের সাহায্য লাগিত প্রস্কাব বার নাই তার জন্য, যার আছে তার জন্য না।'

১৯৪৬ সালের মার্চে নির্বাচন হলো সুর্বুর্ত্ত মুসলিম লীগের জোয়ার। ১১৭টা আসনের ১১০টাই জিতন মুসাইম লীগ। যে সাতটা আসনে জিততে পারল না, তার একটা ফুব্লিছেপুরের যোহন মিয়ার আসন

শেখ মুজিব এইখানে ক্র্মিনিটির মধ্যে একটু 'পলিটিকস' ঢুকিয়ে দিয়েছিলেন।

বৈশাখের এক উত্তর্ভ দিনে অখণ্ড বাংলার মুখ্যমন্ত্রী হিদেবে শেখ মুজিবের লিডার হৈছিল হাাদী শপথ নিলেন।



٥٥.

সোহরাওয়াদী তাঁর বাসভবনে ডেকেছেন। মুজিব কয়েকজন ছাত্রনেতাসমেত গেলেন মুখ্যমন্ত্রীর থিয়েটার রোডের বাড়িতে। সোহরাওয়াদীকে আজ বেশ চিন্তিত দেখাচ্ছে। তিনি আঙুল ফোটাতে ফোটাতে বললেন, জিয়াহ ১৬ আগস্ট ১৯৪৬ সারা ভারতে ভাইরেক্ট অ্যাকশন ডের ডাক দিয়েছেন। জেনারেল স্ট্রাইক হবে।

মুজিব বললেন, 'লিডার, ২০টা ট্রাক দেন। আর মাইক দেন কতগুলো থৈ আপস্ট থেকেই প্রচার চলবে। লিডার, খাজা নাজিম উদ্দিন তো ঘোষণা করে দিয়েছে, এই অ্যাকশন হিন্দু ও কংগ্রেসের বিরুদ্ধে। সঙ্গে সঙ্গে আবুল হাশিম বিবৃতি দিলেন, এই অ্যাকশন ব্রিটিশ উপনিবেশের বিরুদ্ধে; কংগ্রেস বা হিন্দু সম্প্রদায়ের বিরুদ্ধে নয়।'

সোহরাওয়াদী বললেন, 'খাজা ভো বলবেই। সে তো ব্রিটিশ প্রভুদের খুশি করতে চায়।'

'আমাদের সাবধান থাকতে হবে।'

সোহরাওয়াদী বললেন, 'শিয়োর। আমরা সাম্প্রদায়িক বিভেদ সৃষ্টি করতে চাই না। আমরা ব্রিটিশদের বিরুদ্ধে শ্লোগান দিব; কংগ্রেসের বিরুদ্ধে না।'

চা-বিষ্কুট খেয়ে মুজিব বেরিয়ে পড়লেন। ঠাঁই আনক কাজ , সব ছাত্রকে সংগঠিত করতে হবে। সবাইকে উদ্ধুক্ত করতে হবে গড়ের মাঠে যেতে।

১৫ আগন্ট বিকেলবেলা বেকার তেন্টেরের সামনে ট্রাক আর মাইক এসে যায়। সবাই সমবেত হয়েছে ছিটিলংক্ষমের সামনের লনে। মুজিব বললেন, 'সবাই থেয়ে নাও।'

খাওয়া সেরে নিয়ে সুবাই ভিড় করে আছে লনে। মুজিব বললেন, 'আমরা এখন ট্রাকে রুবে মির্ছিল নিয়ে বার হব। প্রোগান দেব। প্লোগান যেন ব্রিটিশদের বিস্কৃতিকার্থ্য, উসকানিমূলক না হয়। সবাই ট্রাকে ওঠো।'

সবার সামন্দ্র ক্রীক শেখ মুজিব। তাঁর হাতে একটা চোঙা তিনি রোগান ধরলেন ক্রোগান উঠল: 'নারায়ে তকবির, আল্লাছ আকবর,' 'অল ইডিয়া মুসলিম লীগ জিন্দাবাদ,' 'গড়ের মাঠে মিক্টার জিন্নার জনসভায় যোগ দিন,' ভাউন ভাউন বিটিশ ইন্পেরিয়ালিজন,' আপ আপ লীগ ফ্লাগ লীগ ফ্লাগ ।' বড়বালার ধানার সামনে মিছিল গেলে থানার ইনচার্জ শেখ মুজিবকে অনুরোধ করলেন, মিছিল যেন শান্তিপূর্ণ থাকে। রোগান যেন কংগ্রেসের বিকদ্কে না হয়। তিমি নিজেও মুসলমান। মুজিব বললেন, 'এই, সবাই সুশৃঞ্চলভাবে মিছিল নিয়ে চলো।'

তাঁরা শান্তিপূর্ণভাবে মিছিল সেরে ফিরে এলেন হোস্টেলে।

পরের দিন সভা। বিকেল তিনটায় সভা শুরু হবে। মুজিবের নেতৃত্বে বেকার হোস্টেলের ছেলেরা মিছিল করে আগেডাগেই পৌছে গেছে মাঠে তাদের হাতে মুসলিম লীগের পতাকা।

কিন্তু পরের দিন সভা চলাকালেই শোনা গেল, শহরে সাম্প্রদায়িক হানাহানি শুরু হয়ে গেছে।

সোহরাওয়াদী নির্দেশ পাঠালেন, "মুজিব, শান্তভাবে সব ছেলেকে নিয়ে হোস্টেলে ফিরে যাও। সারা রাভ গেটে ভালা দিয়ে রাখবে। কাউকে বের হতে দেবে না।'

মুজিব সব ছাত্রকে নিয়ে ফিরে আসছেন। সবাইকে অভয়ও দিচ্ছেন, বলছেন, 'একসাধে আছি আমরা, কিছু হবে না।'

কিন্তু ফেরার পথে হ্যারিসন রোভের ছাদের ওপর থেকে হঠাৎই মিছিলে আক্রমণ শুরু হয়।

বেকার হোস্টেলের ছেলেরা হোস্টেলে ফিরে এলে মুজিব গেটে তালা লাগিয়ে পাহারার ব্যবস্থা করলেন। ছাত্রদের বাইরে স্ক্রিট্মানা।

সোহরাওয়াদী হোস্টেলের ছেলেদের নিরাপ্**তরি তর্মা** ভেবে ৪০-৫০ জন অস্থধারী পূলিশ পাঠিয়ে দিলেন।

মুজিব ছাত্রদের সঙ্গে নিজের রুমে বাজ আলোচনা করে কাটালেন। তাঁর মন খুবই খারাণ। সানুক্তিভাবে মানুষকে হত্যা করতে পারে! মানুষ এইভাবে ঘূণার স্ক্রা শার্পিয়ে ঝাঁপিয়ে পড়তে পারে অন্য মানুষের ওপর। মানুষ কি ক্লেম্বে ক্লিবি মানুষ হবে না?

কলকাতার সেই দাঙ্গা ছিন্দু খুবই মারাত্মক। হাজার হাজার মানুষ মারা পেল। 'দ্য গ্রেট কাদ্যবাদী কিলিং' নামে সেই ঘটনা ইতিহাসে কালো অক্ষরে লেখা আছে 1

মুজিব ছাত্র ক্রিট্র করিরে পড়লেন দাঙ্গাবিরোধী তৎপরতায়। তাঁরা রাজ্য পাহারা ক্রিতে লাগলেন, যাতে কোনো অপ্রীতিকর ঘটনা ঘটতে না পারে বালিগঞ্জ থেকে ইসলামিয়া কলেজের রাজ্য হিন্দুদের জন্য হয়ে পড়েছিল বিশক্জনক। মুজিব সেই রাজ্যয় অবস্থান নিলেন। এই পথে কোনো হিন্দু গোয়ালা বা মুচি বা শিক্ষক বা উকিন যদি ভূক করে এসে পড়ে, তার জন্য এটা হতো ভয়ংকর ব্যাপার। তেমনি হিন্দু-অধ্যুষিত এলাকায় কোনো মুসলমান ভূলে গিয়ে যদি পড়ে, তার প্রাণে বাঁচার সন্ভাবনা ছিল খুবই কম। এমন ভয়ংকর ছিল ওই দিনওলো।

ভবতোষ দত্ত ইসলামিয়া কলেজের অধ্যাপক। তিনি লক্ষ করলেন, তাঁর মুসলমান ছাত্রদের মধ্যেও দুটো গ্রুপ। দুদলই পাকিস্তান চায়, এমনকি মুসলমান শিক্ষকেরাও। কিন্তু একদল আছে উর্দুভাষী তারা নিজেদের কুলীন ভাবে। আরেক দল আছে বাংলাভাষী, তাদের নেতা ওকনো লম্বা একটা ছেলে। তার নাম শেখ মুজিবুর রহমান। তার দলটাই ভারী। বাংলা ভাষা, বাঙালি সংস্কৃতির দিকেই তার টান।

দাঙ্গার দিন কটায় তিনি দেখলৈন, মুজিবের নেতৃত্বাধীন অংশটা শান্তির পক্ষে কাজ করছে। তারা রাঝা পাহারা দিছে। তবতোষ দত্ত ওন্ড বালিগঞ্জের মোড়ে এসে দেখতেন, ছেলেরা আছে পাহারায়। তাঁকে দেখে নমস্কার দিয়ে তারা বলত: 'আর ভয় নাই, স্যার। চলুন, আমাদের সঙ্গে আমারা এগিয়ে দিছি।' ওরা তাঁকে ওয়েলেসলি স্ক্রিটে কলেজ পর্যন্ত পাহারা দিয়ে যেত। ছটির পর আবার ছাত্ররাই ভিরিয়ে দিয়ে যেত। এই শান্তি প্রহরীদলের নেতা ছিলেন মুজিবুর রহমান।

ব্যাসমা খাড় বাঁকিয়ে ঠোঁট দিয়ে নিজের পিঠের পালক ব্রুক্তর বলে, 'বুএছ?'
'না কইলে বুঝুম কেমনে?' ব্যাসমি একটা স্ক্লোট পেটা টুপ করে গিলে
বলে,

'এই যে ভবতোষ বাবু, শেখ মুজিবের এই ক্রকন ঘটনা কিন্তু তার মনে দাগ কাইটা ফেলতাছে। জীবনেও তিনি ভূপতে পারবেন না এই ঘটনা। এই ঘটনার ৪২ বছর পরে এই ক্রেডি একখান বই লিখব। সেই বইয়ে উনি লেখব শেখ মুজিবের এই মুখ্

ব্যাক্ষি বলে,

ভবতোষ বার ঝুঁঝে নিজ স্থৃতিকথা, মুজিব শান্তির সক্ষে লেখা রহে তথা। সময় হিষ্ট্রীচলে নদীর মতোন, নিন্দুকে রহিয়া যায় স্থৃতির রতন।

পার্ক সার্কাসের কাছে লেভি ব্রাবোর্শ কলেজ। সেখানে ছাত্ররা আগকার্য পরিচালনা করতে ওরু করল। দুস্থ মুসন্দিম পরিবারগুলোকে তারা সাহায্য করছে। শেখ মুজিব ছুটে এন্দেন তার দল নিয়ে। বলনেন, 'আমি এসে গেছি, আর কোনো দুচিতা নাই। এখন থেকে সব কাজের ভার তোমরা নিশ্চিতে আমার ওপরে ছেড়ে দাও।' তার পরিশ্রম করার ক্ষমতা সাংঘাতিক, নেতৃত্বের গুণ অপ্রতিরোধ্য, মানুষকে আকর্ষণ করতে পারেন তিনি অমোঘভাবে। ঠিকই এই আণকেন্দ্রটির পুরোটাই যেন তারই হয়ে গেল

দিনরাত পরিপ্রম করছেন তখন মুজিব। নাওয়া-খাওয়ার কথা তাঁর মনে থাকত না। কলেজের ছাত্রসংসদের সাধারণ সম্পাদক তিনি, তাঁর দায়িত তো কম নয়।



১১.
সোহরাওয়াদী বললেন, 'বিহারিদের প্রথম ব্যাচটা আসবে বাংলার।
শরণাধীদের জন্য সীমাতে আমরা আশ্রমণিবির খুলেছি মারুক্সারি লোকেরা
তো করবেই। আমাদের মুসলিম লীগের পক্ষ ক্রিক্সারি কোর উচিত।
ছাত্রলীগ আর মুসলিম লীগের ন্যাশনাল গাড়িছ ক্রান্টিয়ার কোর ফর্ম
করো। এ কাজটার নেতৃত্ তুমি দাও। বৃষ্ঠারে ভূমি যদি পরণাধীদের
প্রথম ব্যাচটাকে অভ্যর্থনা জানাও, স্বত্র ছালো হয়। যাবে?' গলা থেকে
টাইটা টিলা করে নামিয়ে নিলেন গ্রেছরাওয়াদী। সারা দিনের পরিশ্রমে
ভাকে ক্রান্ত দেখাছে।

মুজিবও ক্লান্ত। দাসন্ত্রতী মানুষের ত্রাণের কাজে ব্যব্ত তিনি . আহতদের গুশ্রমা, চিকিৎসার ব্যবস্থা, গৃহহারাদের আশ্রয় দেওয়া, উদ্বান্ত পরিবারগুলোর থান্ত্রের স্থাবস্থা করা—কাজ কি কম!

মুজিব বলদেশ স্থামাকে কয়েকটা দিন সময় দেবেন। আমি আপনাকে জানাই।

সোহরাওয়াদী বললেন, 'কয়েকটা দিন সময় চাচ্ছ কেন?'

মুজিব বললেন, 'রেনু একটু বলছিল বাড়ি যেতে। কলিকাতার নানা খারাপ খবর ওরা পায়। দেখতে চায়।'

'রেনুর শরীরটা কেমন? বাচ্চাটা মারা গেল। ওর মনটা নিক্যই খারাপ থাকে। তোমার উচিত ছিল ওকে একটু বেশি করে সময় দেওয়া। দেখো। এদিকে বিহারে লক্ষ লক্ষ বিহারি শরণাথী। আমার মনটা ভালো না। শরীরটাও। দেশটার কী হলো? এই সব দেখেন্ডনে মনটা খুবই দমে গেছে।'

'মানুষে মানুষে এত হিংসা, এত বিদ্বেষ ভালো লাগে না। আমারও খুব

বিষণ্ন লাগে। তবে মন খারাপ করবেন না, লিডার। আপনি আপনার সাধ্যমতো করেছেন। আমরা জীবন দিয়ে চেষ্টা করেছি জানমাল রক্ষার। আমাদের দিক থেকে আন্তরিকতার, চেষ্টার কোনো কমতি নাই, এটা বলতে পারি।

থিয়েটার রোভের মুখ্যমন্ত্রীর বাসা থেকে বেরিয়ে মুজিব হাঁটতে লাগলেন। নেতাকে তিনি এত মন খারাপ করতে কখনো দেখেননি। তাঁর নিজেরও শরীরটা ভালো না। এই কদিন খাওয়াদাওয়া একদমই ঠিকমতো করা হয়নি । গোসল হয়নি । মানুষ মারা যাচ্ছে, মানুষ কাতরাচ্ছে, মানুষের ঘরদোর নাই. সেখানে নিজের শরীর আবার কী? কিন্তু শরীরটা একসময় ভেঙেও তো আসে। তার ওপর যদি মন ভেঙে যায়?

मूत्रिक लीर्शत माघ मिछता २८०६ घटेनात छना ⊾िवर्गिष करत, সোহরাওয়াদীকে। কেন তিনি ১৬ আগস্ট সরকারি ছুটি <mark>ছৈ।ছা</mark>সা তাতেই তো বেশি করে এই দাঙ্গা ঘটতে পারল।

কথা ঠিক নয়। ছটি ছিল বলেই যে যার রাষ্ট্রিত থাকতে পেরেছিল, ফলে রাস্তায় দাঙ্গা কম হয়েছে। আরেক্টা অভিযোগ উঠেছে নেতার বিরুদ্ধে তিনি কেন লালবাগে পুলিশ **্রেড্রি**র্যার্টারে গিয়ে বসে ছিলেন। তিনি নাকি পুলিশকে বলেছেন অনুকুষ্ম নতে। ঘটনা তা নয়। তিনি গিয়ে অনুরোধ করেছেন সেন্যুবাছিনী ভাকতে। আর আগের দিন তিনি পুলিশকে বলেছিলেন, রাজুইনছিক কর্মকাণ্ডে হস্তক্ষেপ না করতে।

যদি দোষ কারও থাকে হৈ। খাজা নাজিম উদ্দিনের। উনি কেন বলতে গেলেন, এই অ্যাক বি কার্যেস আর হিন্দুদের বিরুদ্ধে?

আর দোষ যদ্দিকু প্রতি থাকে তো সেটা হিন্দু-মুসলমানের নিয়তির। মুসলমানেরা ⁄ই দিন জনসভায় যোগ দিতে মিছিল করে আসছে. হিন্দুবাড়ি থেকে টিল ছোড়া হয়েছে। আর মুসলমানেরাও মিছিল থেকে হিন্দু দোকানে ঢিল ছুড়েছে, ওরা কেন দোকান খোলা রেখেছে? এইভাবে ওরু। চিল-পাটকেলে আহত লোকেরা আসতে লাগল ময়দানের জনসভায় আহত লোকদের রক্তমাখা পতাকা হয়ে উঠল তাদের নিশান জনতা ফুঁসে উঠল। তারই পরিণতি এই দাঙ্গা। কত নিরপরাধ মানুষের অকারণ মর্মান্তিক মৃত্যু ! কলকাতা থেকে দাঙ্গা বিভিন্ন স্থানে ছড়িয়ে পড়ল দাবানলের মতো—নোয়াখালীতে, বিহারে, ঢাকায়। মানুষ যথন মানুষকে হত্যা করতে উন্মত্ত হয়ে ওঠে, তখন মানুষের ওপর আস্থা রাখা মুশকিল হয়ে পড়ে। শেখ মুজিব বিড়বিড় করে, রবিবাব, আপনি বলেছেন, মানুষের ওপর আস্থা হারানো পাপ, এত মৃত্যু দেখেও কি আস্থা রাখা যায়?

মুজিব হাঁটছেন। আকাশে একফালি চাঁদ উঠেছে। শিউলি ফুলের গন্ধ
আসহে নাকে। ফুটপাতের ধারে একটা ঝাঁকড়া শিউলিগাছ। মাথার ওপর
তার পাতা, ফুল আর শাখা-প্রশাখার সম্ভার। হাত বাড়িয়ে তিনি গাছের
একটা ডাল অলফ্যে স্পর্শ করলেন। একটা চিকল ডাল ধরে টেনে নিচে
নামিয়ে ছেড়ে দিতেই সেটা ঝাঁকি দিয়ে ওপরে উঠে গেল। শিশির আর
শিউলি ফুল টুণটাপ করে বারে পড়ল তাঁর মাথায়, শরীরে, পায়ের কাছে।
তিনি দুটো ফুল কুড়িয়ে নেবেন বলে উপুড় হলেন। তখন মনে হলো, বাকি
ফুলগুলো ফুটপাতে পড়ে থাকলে কোনো পথচারীন পায়ের চাপে পড়ে
থেঁতলে বেতে পারে। তিনি সব কটা ফুল কুড়িয়ে হাতে নিয়ে সুই হাতে
ধরে হাঁটতে লাগলেন। যাথার ওপরের চালটাও হাঁটুছে তাঁর সঙ্গে সঙ্গে।

হোস্টেলে ফিরে নিজের রুমে ঢুকে প্রথম কাজ বৈট্য করলেন, তা হলো
চিঠি লেখা। চিঠি লেখার প্যাডের কাগজ আর্ম কর্ম তার তৈরিই থাকে।
প্রায়ই তাঁকে চিঠি লিখতে হয়।

তিনি লিখলেন :

প্রিয় রেনু, ভালোবাসা নাও।

আশা করি, তুমি ভালো শ্রন্ধি পুরাতির সকলেও খোদার ফজলে ভালো আছে। তুমি আমাকে বাজি ক্রাইন্সটা দিন সময় কাটাতে বলেছিলে আমিও তোমাকে কথা দিয়েছিলুক্তি স্টেম্বরে আলব। কিন্তু আসা হয়ে ওঠে নাই।

তুমি জানো, অ্রিকা দিশের জন্য কাজ করছি। মানুষের সেবা করছি। মানুষের বিপদে তার পাশে এসে দাঁড়াছি। নিজের আরাম-আয়েশের কথা আমি কথনো টিজা করি নাই।

লিভার সোঁহরাওয়াদী সাহেব আমাকে একটা নতুন কাজ দিয়েছেন।
তিমি চান, আমি বিহারের সীমাত্তে যাই। ওখানে বিহারি শরণাঝীনের জন্য যে অভ্যর্থনা শিবির খোলা হয়েছে, সেটার দেখাশোনা করি। তুমি জানো, লিভার এই সব ব্যাপারে আমার ওপর কত নির্ভর করে থাকেন। সরকারি লোকজনের চাইতে আমার ওপরেই তাঁর রেশি ভরসা।

এদিকে তোমার জন্যও আমার খুবই মারা বোধ হচ্ছে। তোমার কাছে যেতে ইচ্ছা করছে। তোমার কাছে যেতে পারি নাই, সেই অপরাধবোধে আমি এমনিতেই আক্রান্ত আছি।

এখন আমার কী করা উচিত আমি ঠিক জানি না। সিদ্ধান্ত নেওয়ার ভার তোমার ওপরে। এর আগেও আমি বহু ব্যাপারে তোমার পরামর্শ নিয়েছি। তোমার বিচক্ষণতার ওপরে আমার ভরসা আছে। তুমি যা বলবে, আমি তা-ই করব।

তোমার শরীরের প্রতি যত্ন নিয়ো।

আব্বা-মাসহ গুরুজনদের সালাম দিয়ো। ছোটদের স্নেহাশিস দিয়ো। ইতি—

তোমার মৃজিব

চিঠিটা পরের দিনের জরুরি ভাকে ধরিয়ে দিলেন মুজিব। ১০ দিন পর এল উত্তর।

রেনু পিখেছেন, 'তুমি তধু আমার স্বামী, এইটাই তোমার একমাত্র পরিচয় নয়। দেশের একজন সেবক তুমি, এইটাও তোমার একটা পরিচয়। তুমি কেবল আমার স্বামী হওয়ার জন্য জন্ম করে নাই, দেশমাতার সেবার জন্যও জন্মেছ। দেশের কাজই ত্রেমির জন্য চন্তা করে কাজ। তুমি নিশ্চিত মন নিয়ে সেই কাজে যাও তার্মার জন্য চিন্তা করবে না। আল্লাহের ওপরে আমার ভার ছেতে দং৬১

মুজিব পড়লেন। তাঁর বুকের ওপর প্রের একটা পাথর নেমে গেল। তিনি আরেকবার চিঠিটা পড়ে তাতে একটা চুমু দিলেন। বামসহ যত্ন করে চিঠিটা রেখে দিলেন।

এবার তাঁর ছুটে যাবাৰ ক্ষিত্র নিজের কাছে। একেবারেই তৈরি হয়ে বের হলেন। বিহারের স্ক্রান্তর্তি যেতে হবে। সোহরাওয়াদীকে বদলেন, 'আমি ভলান্টিয়ার মাইন নিয়ে বিহারে যেতে প্রস্তুত। একবারে তৈরি হয়েই এসেছি।'

সোহরাওয়াদী বললেন, 'তুমি বিবির সাথে কথা বলেছ?'

মুজিবের চোধ চকচক করে উঠল। তিনি বললেন, 'আমি তার চিঠি পেয়েছি, লিভার। সে লিখেছে, "তুমি নিশ্চিত মনে বিহার যাও, আমার জন্য তেবো না।"

শহীদ সোহরাওয়াদী সাধারণত আবেগাক্রান্ত হন না। কিন্তু আজ তাঁকে খানিকটা দ্রবীভূত মনে হলো। তিনি মূজিবের কাছে এসে বললেন, 'মূজিব, শি ইজ অ্যা ভেরি প্রেশাস গিফট টু ইউ ফ্রম গড। ডোন্ট নেগলেক্ট হার, প্লিজ…'

মুজিব কী বলবেন বৃদ্ধি না পেয়ে পকেটে হাত দিলেন। পকেটে কতগুলো কী যেন লাগছে। বের করে দেখলেন, সেদিনের শিউলি—সেই শিউলি ফুলগুলো। ত্তকিয়ে গেছে। তবে বোঁটার লালচে ভাবটা স্পষ্ট বোঝা যাছে।



۵٩.

খুবই শীও পড়েছে কলকাতায়। ট্রেনের জানালা দিয়ে শীতের বাডাস আসছে। তথন সকাল আটটা মতো বাজে। শিয়ালদা স্টেশন আসতে আরও আধ্যণ্টা-প্রভাৱিশ মিনিট দেরি হবে। আকাশে এখনো কুয়াশা। জানালা দিয়ে তবু এক টুকরো দ্রান আলো ঢুকে পড়েছে কামরার মেঝেতে আর সিটে। কোনো গাছ বা বাড়ি সেই রোদটুকরাট্টকে বাধা দিলে তা একবার জ্ঞাছে, একবার নিবছে।

ভাজতদ্দীন বললেন, 'কামরুদ্দীন সাহেব, এই উত্তনি পণ্ডিমে শীত নাই। শীত ডো ভালোই পড়েছে। আপনি চারিম্মে শলা পর্যন্ত উঠিয়ে নিন। আপনার শীত করতে পারে।'

কামরুদ্দীন বললেন, 'আপনার শীন্ত সাগছে তাই বলে-চলছে। মাঘের শীতে বাঘ পাল্লয়ে

ভাজউদ্দীন বলেন, 'দুনু প্রাপ্তির তেমন লাগছে না শীত। কারণ, আমাদের কাপানিয়ার, ধুনু পাঁঘ আছে। আমি একবার বাঘ শিকারে গিয়েছিলাম। আমি বন্ধুর্ক ধরিনি। কয়েরজ্জন বীরের হাতে বন্দুক ছিল আমাদের হাতে ক্রিকাট। বাবের গায়ে গুলি লাগল। বাঘ আরও ভরংকর হয়ে উঠল। ক্রিক্তমলারা সব পালাতে লাগল। আমার সাথে যে ছিল, সেবলল, "বাঘ ঠো এদিকেই আসছে। চলেন, পালাই।"

'আমি বললাম, হাতে লাঠি আছে কী জন্য? আসুক না বাঘটা, তারপর দেখা যাবে?'

'কবেকার ঘটনা?' কেশে গলাটা পরিষ্কার করে নিয়ে অ্যাডভোকেট কামরুন্দীন আহমদ জিজ্ঞেস করলেন।

'এই তো ছেলেবেলার _।'

'আরে, আপনার ছেলেবেলা কেটেছে নাকি?'

'কী বলেন, আমার বয়স এখন একুশ। সাড়ে বিশ তো বটেই।'
'আর বায়ের সামনে দাঁডিয়েছিলেন কবে?'

'এই তো বছর পাঁচেক আগে হবে।'

'হ্ম। তাহলে তো তখন রীতিমতো বালক ছিলেন।'

'তখন বালক থাকলে এখনো বালকই আছি।'

'না না। মুসলিম লীগ করতে গিয়ে আপনার বয়স বেড়ে গেছে। বিশেষ করে, আমার মনে পড়ে সেই দিনের ঘটনা।'

'কোনটা, বলুন তো?'

'ওই যে গফরগাঁওয়ে। সেদিনও এই রকম ট্রেনে করেই তো যাচ্ছিলাম আমরা আপনি সেদিন ওই বৃদ্ধি না করলে কী যে হতো!'

তাজউদ্দীন হাসেন। বুদ্ধি কি আর এমনি বেরিয়েছিল। জীবন বাঁচানোর জন্য।

গফরগাঁওয়ে মুসলিম লীগের সম্মেলন ছিল। সব কেন্দ্রীয় নেতা গেছেন সেখানে এর মধ্যে আছেন নবাবজাদা লিয়াকত আলী খানু, সোহরাওয়াদী, খাজা নাজিম উদ্দিন প্রযুব। কিন্তু গফরগাঁওয়ে এমারস্থ শাস্তিসানের স্থানীয় একটা পার্টি খুব শক্তিশালী। তাদের হাজারো স্থানীক্তাটিসোঁটা-স্কৃতিন রামদা-বর্শা নিয়ে প্রস্তুত। মুসলিম লীগারদের স্থান্ত প্রব্রুত না গফরগাঁওয়ে। পুলিশ প্রহরায় নেতারা নামতে যাবেন। ক্ষাম্ম টেল এসে পড়ল দরজায়। পুলিশি তৎপরতায় নেতারা ট্রেন থেকে মুম্বতি টেল এসে পড়ল দরজায়।

তাঁরা টেলিগ্রাম করলেন ঢাক্সা ক্রলিদি তিন-চার শ গুডাজাতীয় নিজীক লড়িয়ে লোক নিয়ে গুকুষপুঁজি আলো। এসওএস। সেভ আওয়ার নোলস।

কামরুদ্দীন আর চার্লাউনীন পার্টির সঙ্গে মিটিং করে দেড় শ বাছাই করা দুর্ধর্ম মাতান বিশ্বে প্রত্রেনে উঠলেন। গফরগাও স্টেশনে গিয়ে দেখেন, বড় বড় রাম্বন্ধ, ইতি হাজার হাজার লোক। তারা চিৎকার করছে—এমারত শার্টি, জিন্দাবাদ।

এই সশস্ত্র হাজারো মানুষের কাছে এই দেড় শ গুড়া কিছু না

তাজউদ্দীন তখন এক বুদ্ধি করলেন। স্লোগান ধরলেন: 'লাঙল যার জমি তার, জমিদারি প্রথা উচ্ছেদ করো, জমিদার নিপাত যাও।' তার সঙ্গে দেড় " গুডা এই স্লোগান দিতে দিতে নামল। তাজউদ্দীন একবারও নিলেন না মুসলিম লীপের নাম। মারমুখী স্থানীয় জনতা বিভ্রান্ত হয়ে গেল 'এরা আবার কারা। এরা যে দেখিছ আমাদের মনের কথা বলে।' তারা তাদের ওপর আর হামলা করল না।

ঠিক এক বছর আগের ঘটনা। এমনই শীতকাল। এমনই এক ট্রেনেই তাঁরা গিয়েছিলেন ময়মনসিংহের গফরগাঁও। আজকে তাঁরা যাচ্ছেন কলকাতায় প্রাদেশিক মুসলিম লীগের সম্মেলনে।

কামরুদ্দীন বললেন, 'আমরা কিন্তু সম্মেলনে আবুল হাসিমকেই সভাপতি পদে সমর্থন করব।'

তাজউদ্দীন বললেন, 'তাঁর তো কোনো প্রতিছন্দী থাকার কথা নয়। তিনি হয়ে যাবেন।'

কামরুক্ষীন বললেন, 'না। শেরেবাংলা এ কে ফজলুল হক এবার সভাপতি হবার চেটা করতে পারেন। জিল্লাহ সাহেব যেহেতু তাঁকে মুসলিম লীগে ফেরার অনুমতি দিয়েছেন, ফজলুল হক সাহেবই সভাপতি হয়ে যাবেন। আমরা পিয়ে দেখি পরিস্থিতি কী দাঁড়ায়। তনি সোহরাওয়াদী সাহেব কী বলেন।'

এর মধ্যে ট্রেন শিয়ালদা স্টেশনে ঢুকে পড়েছে। ফ্রাক্টি আন্তে তার গতি মন্তর হচ্ছে। তাঁরা তাঁদের মালপত্র গুছিরে নিলেন্

সম্মেলনস্থলে এসে দেখলেন, এ কে ফল্পুলুক্ত ইকের দিকেই সমর্থনের পাল্লা ভারী। এর আগে মুসলিম লীগের ভাষ্ট্রক ছিলেন মওলানা আকরম থাঁ তিনি পদত্যাগপত্র জমা দিয়েক্সেন্

আশ্বর্য যে সোহরাওয়াদী স্যুক্তে তরপেক্ষ অবস্থান নিলেন :

কামরুক্দীন সাহেব রাত্রের বিশা গেলেন দোহরাওয়াদী সাহেবের বাসার তাঁকে বললেন 'আপ্রেমি এটা কী করছেন! ফজলুল হক সাহেব সভাপতি হলে তিনিষ্ট ক্ষাপ্রধানমন্ত্রী হবেন। আপনার তো তথন বিদায় নেওয়া ছাড়া কিছুই ক্ষাপ্র থাকবে না।' কিন্তু তিনি নিরপেক্ষতা পরিত্যাগ করলেন না।

একসময় ছার্বারা আবুল হাশিমের ওপর চড়াও হওয়ার চেটা করল। মনে হচ্ছে, তারা লোহার রেলিং আর গেট ভেঙে আবুল হাশিমের ওপর চড়াও হবে। ছাত্রনেতারা দোতলা থেকে বিক্লোভ দেবছেন।

এই সময় মারমূখী ছাত্রদের সামনে এগিয়ে গেলেন অকুতোভর একজন—শেখ মুজিবুর রহমান। বাঘের মতো গর্জন করে উঠলেন, 'সব চুপ। কেউ এক পা আগাবা না। একটা কথা বলবা না।'

কামরুদ্দীন সাহেবের মনে হলো, ছাত্ররা না আবার যুজিবকেই আক্রমণ করে বসে।

না, তা হলো না। শেখ মুজিবের ওই ধমকেই যেন কাজ হলো। তাজউদ্দীনের শ্রদ্ধা চিরদিনের জন্য কিনে নিলেন শেখ মুজিব। কিন্তু আবুল হালিম আর এ কে ফন্তলুল হকের এই দ্বন্দের স্যোগে মওলানা আকরম থাঁ খবর পাঠালেন, তিনি পদত্যাগপত্র প্রত্যাহার করছেন। কান্তেই তিনিই সভাপতি।

এটা ছিল একটা খেলা, ফেরার পথে ট্রেনে পরিস্থিতি ব্যাখ্যা করে তাজউদ্দীন বললেন কামরুদ্দীনকে।

কামরুন্দীন বললেন, 'হাা। এক ঢিলে তিন পাখি মারা হলো। আবুল হানিম আউট। এ কে ফজপুল হক আউট। এর পরের ধাপ হবে দোহরাওয়াদীকে আউট করা।'

কামরুন্দীন সাহেব হতাশার নিচের চোঁট কামড়াতে লাগদেন। তাজউদ্দীন বলদেন, 'সোহরাওয়াদী সাহেব কেন এই রকম আচরণ করদেন? জিলাহ সাহেবের আন্তা অর্জনের জন্য?'

'হতে পারে। পলিটিকসটা তো উনি আমাদের চেরে আলা বোঝেন বলেই মনে হয়।'

রাতের ট্রেন। কলকাতা শহরের আলো মিন্সি র্ট্রীরে কমে আসছে। আন্তে আন্তে অন্ধকারের পেটের ভেতর চুক্তে বুক্ত ট্রেনটা।

শীতের ঝাপটা আসছে খোলা জানান্তর্গর্য। তাজউদ্দীন জানালার কবাট নামিয়ে দিতে দিতে বললেন প্রক্রাপ্তায়ে শীত যায় না।



তে.

সূজিব এখন ব্যস্ত অথণ্ড স্বাধীন বাংলার প্রচারণায়। তাঁর নেতা
মৃজিব এখন ব্যস্ত অথণ্ড স্বাধীন বাংলা চান। তিনি এই বিষয়ে সংবাদ সন্দেলন
করছেন, সংবাদপত্রে বিবৃতি দিচ্ছেন, কংগ্রেসের নেতাদের সঙ্গে দেখা
করছেন, জিনাহকে চিঠি লিখছেন, ব্রিটিশদের বোঝাচ্ছেন। অতএব, শেখ
মুজিবও আছেন অথণ্ড বাংলার পক্ষে। আসাম, পূর্ব ও পশ্চিম বাংলা,
ব্রিপুরা—সবটা মিলে একটা বৃহত্তর স্বাধীন বাংলা।

সোহরাওয়াদীর প্রতিষ্ঠিত দৈনিক *ইতেহাদ*-এ অখণ্ড বাংলার পক্ষে খুব লেখা হচ্ছে। আর নাজিম উদ্দিন প্রমুখের দৈনিক *আজাদ*-এ বলা হচ্ছে, অখণ্ড বাংলা হচ্ছে মুগলমানদের জন্য মৃত্যুপরোয়ানা।

মুক্তিব যাঙ্ছেন ইসলামিয়া কলেজের দুই হোস্টেলের রুমে রুমে ছাত্রদের বোঝাছেন। তাঁর বিরোধিতা করছেন ছাত্রলীগের ডানপন্থী গ্রুপের নেতা শাহ আজিজ প্রমুখ।

হোস্টেলের লনে দাঁড়িয়ে এখন মুজিব কথা বলছেন, অখণ্ড বাংলার পক্ষে যুক্তিগুলো উপস্থাপন করছেন। ছাত্ররা গোল হয়ে তাঁর বক্তব্য ভনছে। তিনি বললেন, 'ৰাধীনতা এলে হিন্দু-মুসলিম সমস্যাও থাকবে না। এটা হচ্ছে, কারল, ঔপনিবেশিক শাসকরা বিভেদ জিইয়ে রাংতে চায়: মানুবের পেটে ভাত নাই, পরনে কাপড় নাই, তাই তারা নিজেনের সূর্তাগ্যের জন্য হিন্দু বা মুসলমানকে দায়ী ভাবছে। বাংলা হাধীন হলে এই সমস্যা থাকবে না। বাংলা হবে একটা স্বাংসপৃত্রি ক্রান্ত মানুবের অন্তব্যর সমস্যা থাকবে না। বাংলা হবে একটা স্বাংসপৃত্রি ক্রান্ত বা। বাংলা হবে একটা স্বাংসপৃত্রি ক্রান্ত বা।

বারের সমস্যা না থাকলে সাম্প্রদায়িকভার সম্পদ্ধিত জাকবে না।
একজন বললেন, 'আমার একটা প্রশ্ন আহেন আপনি যে বলহেন,
বাংলা হবে স্বয়ংসম্পূর্ণ, কিন্তু বাংলা দিয়ি (ছবেল প্রতিবছর ৬৪ কোটি ফণি পায় সেটা না পেলে আমাদের ক্রীস্ক্রিউঠ

মুজিব একটু থমকে গেলেন

তাঁকে উদ্ধারে এগিয়ে মুর্বুলি তাঁর সহপাঠী একজন। তাঁর নাম সালাহউদ্দীন। তিনি সুধুরীকি তালো বোঝেন। তিনি বললেন, 'দিপ্লি বাংলাকে ৬৪ কোটি কার্দ্ধ দিয়, কিন্তু বাংলা ট্যাক্স থেকে, কাস্টমস থেকে ৬৪ কোটি ফুর্ণির্ব হৈট্য অনেক বেশি দেয় দিল্লিকে।'

মুজিব ব্লক্টেই 'তাহলেই বুঝুন, আমাদের কী করা উচিত? আমরা চাই বৃহত্তর কাবীন বাংলা।'



১৪. ঢাকা বিশ্ববিদ্যালয়ের আমগাছের পাভায় পাভায় বৃষ্টির পানি জমে আছে। কাল রাতে একপশলা বৃষ্টি হয়ে গেছে। ত্রিকালদশী ব্যাঙ্গমা আর ব্যাঙ্গমি ণাছের ভালে বসে পরস্পরের চোখের দিকে তাকায়। বৃষ্টিটা হওয়ায় পরমটা একটু কমেছে। শহরের মানুষেরা একটু জিরোতে পারবে। যা গরম পড়েছে এবার!

ব্যাঙ্গমা বলে, 'ব্যাঙ্গমি, নেহরু কী করতেছে, খেয়াল করতেছ!' ব্যাঙ্গমি বলে, 'নেহরু কী করে, সেইটা দেখার আমার দরকার নাই। তমি দেখো!'

'আহা, শোনো না, ভাইসরয় লর্ড মাউন্টব্যাটেন কী কন?'

'উনি তো এখন ব্যস্ত কংগ্রেস আর মুসলিম লীগের মধ্যে সালিসিতে। ভারত কীভাবে স্বাধীন হইব। ভাগ হইব, নাকি প্রদেশগুলো স্বায়ন্তশাসন পাইয়া যুক্তরাষ্ট্র গড়া হইব-এই সব নিয়া তিনি ব্যস্ত।

ব্যাঙ্গমা হাসে। 'উনি তো এই সব নিয়াই ব্যস্ত থাকবের। ওনার ঘর-সংসার নিয়া তো কোনো টেনশন নাই। বউ শান্তিতে ক্রেই উনি তাঁর প্যালেসের আভিনায় খাড়ায়া আকাশের দিকে তাক্সি ইস ছাড়তেছেন, পামেলার মা একটা ভালো বন্ধু পাইয়া গেছে? নেহরুর সাথে ওর বনে ভালা।^{*}

'হ, কথাটা খারাপ কইল কী?'

আরে, জহরলাল নেহর তথি প্রেম চালায়া যাইর মাউল্বাটেনের বউ এডুইনা মাউল্বাটেনের সাথে। দেখতেছ নাঃ' প্রেম চালায়া যাইতেছে

'অরা প্রেম করে নাকি গোস্কা করে করুক। আমগো কী?'

'কোনখানে শুরু হইুৰ 🛱 কও তো দেখি। ম্যাশোবরায়। ওই পাহাড়ি স্টেশনটা, ওইক্সকৈ তারা সবাই বেড়াতে গেল, না কী একটা ফ্যামিলি পার্টি কর্ম্বর ভর্মনই ওই প্রেমের ভর্ম।

'কিসের প্রেম∱ছই যে অরা সোফায় বইসা কথা কইতেছে, নেহরু আর এড়ুইনা। কই, খালি তো দেখি কথাই কয়। শরীরের পোশাক-আশাকও তো ঠিক আছে। তুমি খালি বানায়া কথা কও। ওনাদের মাইয়া পামেলাও তো দেখি ওইখানে ঘুরঘুর করে।'

'তমিও তো দেখি মাউন্টব্যাটেনের মতো নিচিন্ত। যাক। এডুইনা ভালো আছে। নেহরুর সাথে তার বনে ভালো। অরা একসাথে থাকলে বড় ভালো থাকে। থাকুক।

'ই, ভালো থাকলে থাকক।'

'আর এই সুযোগে লর্ড মাউন্টব্যাটেন ভারতকে স্বাধীনতা দিয়া দিতেছে '

'ভালো। স্বাধীনতা পাইতেছে ভারত। খারাপ কী?'

'খারাপ-ভালো বলার তো আমরা কেউ না। আমরা গুধু কী ঘটতেছে, সেইটা দেখতে পারি। ঘটনার গতিপথ তো আমরা বদলাইতে পারি না তাই নাঃ'

'সেই। আগামী ১০ বছর ধইরা এছুইনা আর নেহক চিঠি লেখালেখি চালায়া যাইব। এইটাও আমগো দেখতেই ২ইব। আমরা কিছু কইতে পারব না।'

'এক সুটকেস ভরা চিঠি লেখব। ১০ বছর পরে চিঠিতে মনে করব এখনকার দিনগুলানের কথা, কী লেখব আমি তোমারে কই—সম্ভবত ছুমিও বুঝতে পারলে, আমাদের মধ্যে আছে এক গভীর গভীরতর লগ্নতা, বী এক অপ্রতিরোধ্য শক্তি যেন আমাদের দুজনকে পরস্পারের কাছে টানছে। আমি অভিভৃত হলাম, হলাম উল্লাসিত, এই বুজুন আবিজ্ঞারে । আমা আরও অভরকভাবে কথা বলতে লাগাস্য ক্রেইনেনা পর্ন পর্বার । সমরে, আমরা পরস্পারের চোখে তালাতাম ক্লেইনেনা বা অস্বতি ছাড়াই ।'

'তুমি তো দেখি ভালোই পড়ো। শেখে প্রিটো। দেখলা, কত সুন্দর কইরা লিখছে। তুমি কোনো দিনপু ক্রমারি এমন সুন্দর কথা কইছ?'

ব্যাঙ্গমি বলে।

'নেহরু তার বউরে কোনে দিন্ত কইছে?' ব্যাঙ্গমা জিজেস করে।

'তার বউ তো মইরা (প্রেড ব্যাঙ্গমি জানায়।

'তাইলে। তুমি চাও পান্ধি লেডি মাউন্টব্যাটেনরে এই সব কথা কই?' ব্যাঙ্গমা রসিকতা ক্রিছি চিষ্টা করে।

ব্যাঙ্গমি ক্রিক্সি দেখায়, 'ওরে ৷ মনে মনে তোমার এই...'

'আরে না \shিউরে প্রেম করতে দেখলে ভালো লাগে, তাই না? নেহক কত কী করব এই লেডির লাইণা। এরপরে নেহক হইব ভারতের প্রথম প্রধানমন্ত্রী। তারপর বিটেনে নেহক বানিরে চিঠি লিখব: লর্ড মাউন্টব্যাটেন আর তার বউ লেডি মাউন্টব্যাটেন ভারতের স্বাধীনতার জন্য অনেক কিছু করছেন, তাঁদেরকে পুরস্কার দেন। এই চিঠি নিয়া রানির অফিসে অনেক হাসাহাসি হইব। যে উত্তরটা অরা লিখব, সেইটা মোটেও ভালো কিছু না।' ব্যাক্ষমা বলে।

ব্যাঙ্গমি মুখ ঝামটা দিয়ে বলে, 'আরে, বাদ দাও। অরা প্রেম করে, অন্যদের সহ্য হয় না।'

'তবে প্রেমটা কিন্তু হইব অমর প্রেম। ১০ বছর পর যখন এডুইনা মারা

যাইব, তখন প্রধানমন্ত্রী নেহরু ভারতীয় নৌবাহিনীর জাহাজ পাঠায়া দিব সেইখানে, যেইখানে সাগরের বৃকে সমাহিত করা হইব এড়ুইনারে। নৌবাহিনী পিয়া নেহরুর পক্ষ থাইকা ফুল দিব এড়ুইনার সলিলসমাধিতে।

ব্যাঙ্গমি দীর্ঘখাস ফেলে বলে, 'আহা, কী গভীর ভালোবাসা!'

ব্যাঙ্গমা ঠেস দিয়ে বলে, 'অরা যখন প্রেম করে, তখন মাউন্টব্যাটেন ভারতের ভাগ্য নির্ধারণ করে। পাকিন্তান হইব। ভারত হইব। কাটাছেঁড়া চলব।'

ব্যাঙ্গমি বলে, 'তাই তো।' ব্যাঙ্গমা বলে

নেহরু এডুনা করে পিরিতি যখন।
মাউন্টব্যাটেন ভাঙে ভারত তথন ॥
কলমের দাগ দিয়া খণ্ডিল ভারতে।
এডুনা নেহরু ওড়ে ভালোবামা রথে
এক বাক্স চিঠি লিখনে প্রেমিকম্পলে
এই কথা লেখা থাকে কর্তিত ভ্রমিটেল।
এডুনার মাথা নিল নেহত ক্রিটের্মা।
পোকা কাটা পাকিত্যুস মুইনি জিল্লাহ।

ব্যঙ্গমি বলে, আমরা সেনির নামি দর্শক কেবলি। করতে পারিশা কিছু গুধু কথা বলি ॥



ነ৫.

জ্যৈষ্ঠ মাস। প্রচণ্ড পরম পড়েছে। কাঁঠালপাকা গরম। কাঁঠালগাছগুলোর কাঁঠাল নিশ্চয়ই পাকতে শুরু করেছে। শুধু নদীর ধারের মড়াঘাটির কাঁঠালগাছটার কাঁঠাল অবশ্য বর্ষাকালে পাকে। কিন্তু এই রকম গরম পড়লে কাঁঠাল তো কাঁঠাল, পাথরও পেকে গলে যেতে পারে:

এই গরমে শেখ লুংফর রহমান সাহেব বেরিয়েছেন তাঁর বাড়ি থেকে। হেঁটে হেঁটে নদীর ঘাটে পেলেন তিনি। ওখানকার দোকান থেকে চারটা ব্যাটারি কিনলেন। রেভিওটা কাল বৃব শোঁ শোঁ আওয়াজ করেছে। ব্যাটারি না বদলালেই নয়।

হেঁটেই ফিরলেন বাসায়।

রেডিওতে আজ আছে বিশেষ অনুষ্ঠান। ব্রিটিশ ভারতের গভর্নর জ্বেনারেল ভাইসরয় লর্ড লুইস মাউন্টব্যাটেন (অব বার্মা) তাঁর ঘোষণা দেবেন। ভারতের স্বাধীনতা বিষয়ে হবে এই ঘোষণা।

শেখ লুংফর রহমান সাহেব হাতঘড়ির দিকে তাকালেন। সাতটা ১০ বাজে। দিল্লি সময় সাতটায় ভাষণ হবে। তার মানে, ঢাকার সময় সাতটা ৪০ মিনিট। এখনো ২০ মিনিট দেরি আছে।

সাতটা ২৪ বেজে গেল। আবার যড়ির দিকে বিকালেন শেখ লুৎফর

রহমান ৷

মাউন্টব্যাটেন ঘোষণা দিলেন আর্থ্য কর্মের মিনিট পর। ইংরেজিতে বদলেন, ভারত দুটো দেশে ভাগ সুরে ভারত আর পাকিন্তান। এইভাবে ভারত স্বাধীনতা পাছে।

তামত নাণাশতা সাক্ষে।

এরপর বললেন অওহনুদুদ্ধ নৈহক আর মোহাম্মদ আলী জিরাহ।
দুজনেই জানাদেন, এই প্রাচিত তারা সম্মত আছেন। জওহরলাল নেহক
বক্তৃতা করলেন হিন্দান্ত তির গলার স্বরেই বোঝা গেল, তিনি কিছুট।
হতাশ। তিনি মহাঝা পারীকে ধন্যবাদ দিলেন। মোহাম্মদ আলী জিরাহর
কণ্ঠসরে ফুর্টে উঠ্রল আল্বিশাস।

লুৎফর রহীবান সাহেব খুশি।

তিনি হাঁক ছাড়লেন, 'রেনু রেনু।'

রেনু এল। 'বাবা, ডেকেছেন?'

'মা, তোমার স্বামীর মোকসেদ তো পুরো হরে গেল। পাকিন্তান হরেই যাছে। পর্ড মাউন্টব্যাটেন ভাষণ দিল। কায়েদে আজম ভাষণ দিলেন। যাও। খুশির ববরটা তোমার মারে জানাও।'

রেনু বলল, 'বাবা, বাংলা কি দুই ভাগ হবে?'

'হাা। তাই তো।'

'কলকাতা কি ইন্ডিয়াতে পড়বে, আর ঢাকা পাকিস্তানে?'

'তা-ই তো মনে হয়।'

'সোহরাওয়াদী সাহেব তো এখন সেইটা আর চায় না।' 'চায় না! তাইলে কী চায়?'

'তারা এখন চায়, বাংলা স্বাধীন হোক। কিন্তু বাংলা ভাগ করা যাবে নানে।'

'একেক সময় একেকটা চাইলে হবে?'

'কী জানি।' রেনু বলল।

'আরে, আমি আরও খুশি মনে চাইরটা ব্যাটারি কিইনে আনলাম। খবরটা ওনে খুশি হলাম। এর মধ্যে অরা আবার নতুন লাইন ধইরেছে।'

শেখ মুজিব ইসলামিয়া কলেজের বেকার হোস্টেলে আর সবার সঙ্গে বসে মাউন্টব্যাটেনের ঘোষণা গুনলেন। তবে তিনি হতাশ নন। নিব্নিতে বনেছে নিখিল ভারত মুসলিম লীগের কাউলিল। সেখানে সাহরাওয়াদী সাহেব, আবুল হাশিমরা বাংলার পক্ষ থেকে কথা বলুকার জানিয়ে দেবেন, বাংলা ভাঙার পক্ষে তারা নন। শরব বসু, জারুল মাশম এই মর্মে একমত হয়েছেন। চুক্তি স্বাক্ষরিত হয়েছে কংগ্রেনি আরু মুসলিম লীগের এই দুই নেতার মধ্যে। জিলাহও বলেছেন, দুই বাংলার থাকলে তো খুব ভালো হয়। কলকাতা ছাড়া বাংলাকে তেওমা কোনো মানে হয় না কাজেই এই মাউন্টব্যাটেন ঘোষণা মুসান্ধর সাংগর কাউলিলে প্রত্যাখ্যানও হতে পারে।

সোহরাওয়াদী সাহেব, আবন কার্দিম সাহেব আর বাংলার কাউন্সিলররা বদেছিলেন থিয়োটার রোছের স্পেইরাওয়াদী সাহেবের বাসভবনে। সবাই ঠিক করেছেন, বাংলা বোডার প্রস্তাব এলে তারা বিরোধিতা করবেন। এর অন্যথা তো হওয়ার ক্রম্বাদা। কাউন্সিলরদের একজন ঢাকার তাজউদ্দীন। তার সঙ্গে মুজিবের ক্রমা হয়েছে। তিনি বলেছেন, 'আমরা আপনাদের সঙ্গে একমত। জিরাহই তো বলেছেন, পোকার খাওয়া পাকিস্তান তিনি চান না।'

তাজউদ্দীন আহমদ আর ঢাকার কাউপিলররা আবুল হাশিমকে ছিরে বসে আছেন দিল্লির ইন্দিরিরাল হোটেলের লবিতে। এই হোটেলেই আজ উদের কাউনিল হয়ে গেছে। সকালবেলা। এখান থেকে গিয়ে জিল্লাহ রেডিওতে বক্তৃতা দিয়েছে। তাঁরা খুবই হতাশ। কারণ, গোহরাওয়াদী তাঁর কথা রাখেননি। তিনি আগতাগে দিল্ল এসেছেলেন প্লেনে মাহনাওয়াদীকে ভেকে জিল্লাহ বলছিলেন, জিল্লাহর প্রস্তাব খেন তাঁরা সমর্থন করেন। জিল্লাহর প্রস্তাব থেন তাঁরা সমর্থন করেন। জিল্লাহর প্রস্তাব থেন তাঁরা সমর্থন করেন। জিল্লাহর কথার খেনহবাওয়াদী রাছি হয়ে গিয়েছিলেন।

আজ রেডিওতে ভাষণের আগে, সকালবেলা, কাউসিলে নর্ড মাউন্টব্যাটেনের প্রগুর মেনে নেওয়ার সিদ্ধান্ত জিল্লাহ পাস করিয়ে নিয়েছেন। সোহরাওয়াদী তাঁর পাশে দাঁডিয়ে ছিলেন।

পর্ড মাউন্টব্যাটেনের বাংলা ভাগ করে পাকিস্তান বানানোর প্রস্তাবটা সমর্থন করার জন্য জিল্লাহ উপস্থাপন করলেন।

এই সময় তাজউদ্দীন যা ঘটতে দেখলেন, তা মনে করে তাঁর শরীর এখনো কাঁটা দিছে।

হোটেলের রান্নাঘর থেকে বাকসার আন্দোলন নামে একটা স্বাধীনতাকামী গোষ্ঠীর সদস্যরা বেলচা হাতে আক্রমণ করতে এল সভাককের সামনে ও পেছলে—দুই দিক থেকেই। সামনের নিকে সভা পাহারা দেওরার জন্য ছিল বাংলা ও পাঞ্জাবের স্বেচ্ছাপুন্ত বাইনী আর পেক ছিল পাঞ্জাবি স্বেচ্ছাপেনকের দল। খ্যাক্রমন্ত্রীসর ওপরে তারা চড়াও হলো। খাকসারদের রাজে তেনে গেল ক্রিন্সাক্রমের মেধে।

রক্তাক খাকসারদের সরিয়ে আবার সন্ধার্থ ক্রান্ত শুরু হলো আবুল হাশিম বললেন, 'আমার ক্রিন্তু ক্লা আছে।'

জিল্লাহ বললেন, 'না, আবুল হাণিমকে বলতে দেওয়া হবে না।'
কাউলিলররা বললেন, 'না জামুদ্যা আবুল হাশিমের কথা ভনতে চাই।'

জিনাহ বলদেন, 'আর্মিওমার্চ এখন আবুল হাশিমকে বলতে দেই, তাহলে তাঁর বক্তবা খড়া ক্রাতে আমার ১০ জন প্রথম প্রেণীর বক্তাকে বক্তব্য দেওয়ার সুর্ব্বমুখ্যিতে হবে। এত সময় আমার হাতে নাই।'

কাউন্সিলরুরা তবু ইইচই করতে লাগলেন।

জিন্নাহ কটিন পূর্বায় বললেন, 'আলোচনা করার কী আছে। বাংলা আর পাঞ্জাবের ভাগ নিয়ে কথা তো! এই বিষয়ের মীমাংলা হয়ে গেছে বলে ধরে নিতে হবে। আপনাদের মাউন্টব্যাটেনের রোয়েদাদ হয় সম্পূর্ণভাবে মেনে নিতে হবে, না হয় সম্পূর্ণভাবে নাকচ করে দিতে হবে। বলুন, হ্যা কি নাং'

হাত উঠিয়ে ভোট হলো। সোহরাওয়াদী বিজয়ীর ভঙ্গিতে বললেন, 'কায়েদে আজম, কেবল ১১ জন আমাদের বিপক্ষে, আর সবাই পক্ষে। প্রভাব গাস।'

তাজউদ্দীন আর কামরুদ্দীন আবুল হাশিমকে বললেন, 'কী কববেন এখন।'

আবুল হাশিম বললেন, 'একটা প্রেস বিজ্ঞপ্তি দিছি। তাতে লিখেছি, মুসলিম লীগের কাউন্সিলরদের সিদ্ধান্ত তিন প্রকার ভয়ের পরিণাম—এক. জিমাহর প্রতি চিরাচরিত ভীতি, দুই. অনিশ্চিত ভবিষ্যৎ সম্পর্কে শক্ষা আর তিন. জিমাহ অসম্ভষ্ট হলে ভবিষ্যতে পাকিস্তানে সরকারি পদ পেতে অসুবিধা হবে, এই ভয়। তাজউদ্দীন, কেমন হলো আমার বিবৃতিটা?' আবুল হাশিম জিজ্ঞেস করলেন।

'ভালো। কিন্তু এই সব বলে এখন কী হবে?'

'বলে রাখলাম। ভবিষ্যতের ইতিহাস জানবে, আবুল হাশিম প্রতিবাদ করেছিল।'

'এরপর আমাদের আর কোনো আশা নাই?'

কামরুক্ষীন বললেন, 'একমাত্র আশার জায়গা হলো বাংলার এমএলএদের ভোট। তাঁরা যদি এই প্রভাবের বিরোধিতা করেন, তাহলে বাংলা ভাগ রোধ করা যাবে।'

সেই আশা নিয়ে তাজউদ্দীনসমেত পূর্ব বাংলার ক্রিট্রেলররা গেলেন দিল্লির খাজা নিজামউদ্দিন আউলিয়ার দরগা সাম্বিট্রে । সেখানকার পরিদর্শক বইয়ে স্বাক্ষর করলেন তাঁরা।

প্রাদেশিক পরিষদের অধিবেশন বসল। প্রস্তুম পূর্ব বাংলার মুসলিম সংখ্যাগরিষ্ঠ জেলাওলোর এমএলএর তেওঁচুটাতে অংশ নিলেন। ১০৬-৩৫ ডোটে প্রভাব পাস হলো, ব্যক্তের করা চলবে না।

এরপর পশ্চিম বাংলার উর্পুন্দিলিম সংখ্যাগরিষ্ঠ জেলাগুলোর এমএলএরা ভোট দিলেন এবান্ধ বাংলা ভাগ না করার প্রভাব গৃহীত হলো ৫৮-২১ ভোটে।

এরই মধ্যে একটা কিছু ঘটল। এরপর উভর অংশের যুক্ত অধিবেশন বসল। এবার ক্ষিয়া সল, বাংলা ভাগের পক্ষে প্রন্তাব পাস হলো ১২৫-৯০ ভোটে।

শহীদ সোহরাওয়াদী সংবাদপত্রে তাঁর প্রতিক্রিয়া জানালেন, 'আশানিরাশার যন্ত্রণার ইতি হলো অবশেষে। স্বাধীন সার্বভৌম বাংলা রাষ্ট্রের
আদর্শের পিঠে ছুরিকাঘাত করা হলো। বাংলাকে দ্বিধাবিভক্ত করা হবে
অচিরেই। মুসলিম বাংলার ক্ষোভের বিশেষ কোনো কারণ নেই। আমরা
অবশ্য চেয়েছিলাম সুষম ঐক্যের ভিত্তিতে গঠিত রাষ্ট্র, যেখানে আমরা
ম্বর্নিক্তর হয়ে আমানের সম্পদের সদ্ব্যবহার করে বিশ্বের একটি অন্যতম
প্রেপ্ত প্রতিশীল ও সমৃদ্ধিশালী জাতি গড়তে পারতাম। কিন্তু সেই লক্ষ্যের
প্রেপ্ত প্রতিহারে এগিয়ে যাওয়ার সৌভাগ্য থেকে আমরা বঞ্চিত হয়েছি '
এবার তিনি কেন আবার বসভক্তের বিরুদ্ধে বল্লেন, তাভ্রভদ্ধীন কিছই

বুঝছেন না। খবরের কাগজে সব পড়ছেন। কামরুদ্দীন সাহেবের বাসায় গিয়েই খবরের কাগজ পড়েন তিনি। ইভেহাদ-এ ছাপা হয় সোহরাওয়াদীর পক্ষের খবর ও লেখা। আজাদ-এ ছাপা হয় খাজা নাজিম উদ্দিনের পক্ষের খবর। পরস্পরকে আক্রমণও করছে তারা।

কামরুন্দীন সাহেব বললেন, 'মনে হয় সোহরাওয়াদী সাহেব বুঝে গেছেন, পাকিন্তানে তিনি মন্ত্রিত্ব পাছেন না। পিয়াকত আলী খান তো তাঁকে দই চক্ষে দেখতে পারেন না।'

'কী জানি।' তাজউদ্দীন মাথা চুলকাতে লাগলেন।

'চলেন, কলকাতা থেকে ঘুরে আসি। আবুল হাশিম সাহেবের সঙ্গে পরামর্শ করে আসি।'

'চলেন।'

-

১৬.

তাজউদ্দীন আবার গেলেন ক্রিটেটা। তিনি একা নন। পূর্ববঙ্গের মুসলিম
লীগের বিভিন্ন জেলার জাকি-শ্রীশমণট্টা কর্মীরা। এখন তাঁদের কর্তব্য কী.

এত দিন তাঁরা এক্সাম্ব পাকিন্তান, একবার অথও বাংলার পক্ষে কাজ
করেছেন। শব ক্রিক্সাম্বা আবুল হাশিম-সোহরাওয়াদী ফ্রুপে ছিলেন খাজা
নাজিম উদ্দিনদের দলে কখনো ভেড়েন নাই। এবার তাঁরা কী করবেন। বাংলা

আবুল হার্শিম বললেন, 'না, আমি কলকাতা ছাড়ব না। আপনারা, বাংলাদেশের সমস্ত বামপন্থীরা একটা যুক্তফ্রন্ট গঠন করুন। ঢাকা যান। ঐক্য রচনা করুন।

যদি সত্যি ভাগ হয়ে যায়, তাহলে আবুল হাশিম ঢাকায় আসবেন তো?

শেখ মুজিবের সঙ্গে দেখা হলো। তিনি বললেন, 'আমি তো এখন ঢাকায় ফিরতে পারব না। কারণ, সামনে আমার পরীক্ষা। বিএটা দিয়ে থাই ওওও। তার ওপর সামনে প্রাদেশিক পরিষদ তাদের নেতা নির্বাচন করবে এবার মনে হচ্ছে, সোহরাওয়াদী সাহেবকে ওরা সরাতে চাচ্ছে। আমি দেখি, লিডারের পাশে থাকি। আপনারা যান। পরীক্ষা দিয়ে আমিও আসব। আমাদের আবার ওরু করতে হবে। আমরা পূর্ব বাংলাতেই আমাদের সংগ্রাম চালিয়ে যাব আমরা হার মানব না।'

এই বার্তা নিয়ে তাজউদ্দীন ফিরে এলেন ঢাকায়।

মূজিব রইলেন তাঁর নেতা সোহরাওয়াদীর সঙ্গে। নেতা আদেশ করলেন, 'সিলেটে গণভোট হবে। ওরা পাকিস্তানে থাকরে, নাকি ভারতে থাকরে মুজিব, তুমি যাও। সিলেটবাসীকে পাকিস্তানের পক্ষে ভোট দিতে উত্বন্ধ করো।'

মুজিব, তুমি যাও। সিলেটবাসীকে পাকিস্তানের পক্ষে ভোট দিতে উদ্বুদ্ধ করো।'

৫০০ কর্মী নিয়ে শেখ মুজিব চলে গেলেন সিলেটে। ব্যাপক প্রচার
চালালেন পাকিস্তানের পক্ষে। সিলেটবাসী পাকিস্তানের পক্ষে ভোট দিল।

এখানেই শেখ মুজিবের দেখা হলো মওলানা ভাসানীর সঙ্গে। তিনিও সিলেটে পাকিস্তানের পক্ষে প্রচার চালাছেন। মুজিব গিয়ে তাঁর পায়ে সালাম করলেন, 'হজুর, আমার নাম শেখ মুজিব। আমার জন্য দোয়া করেন।'

ুড়মি শেখ মুজিবং মুজিবকে জড়িয়ে ধরদেন ভাসারী মেনা, তোমার নাম আমি অনেক শুনছি। তোমারে দেখার ইচ্ছা ছিল। ক্ষাক্রম সেইটা মিটায়া নিল '

সিলেট রেফারেডামে পাকিন্তানপন্থীদের জয় হলে। ক্লান্ত দেহে কিন্তু হাষ্টচিত্তে মুজিব ফিবুৰেন্ ক্লীকাতায়।

এবার বলীয় আইন পরিষদের (ছি) দির্বাচন। কে হবে পূর্ব বাংলার প্রধানমন্ত্রী (চিফ মিনিস্টার)।

এইবার আবুল হাশিম বর্গকে আমি যখন সভাপতি হতে চেয়েছিলাম, সোহরাওয়ার্নী নিরপেক্ষতা দেখার্ক্সছিলেন। এবার আমি নিরপেক্ষতা দেখাব ' বামপন্থীরা আব্যব্ধ হুই ভাগে ভাগ হয়ে গেল।

আর তখন শাক্ষিট্রাপর জ্ঞাপ সর্বত্র। এত দিন ধরে খাজাপদ্বীরা প্রচার করেছে যে অথও ব্রিপোর সমর্থক সোহরাওয়াদী ও আবুল হাশিমের মুসলিম লীগ ও পাকিস্তান নিয়ে কথা বলার অধিকার নাই।

নিলেটের ১৭ জন পরিষদ সদস্য সোহরাওয়াদীর কাছে প্রস্তাব দিলেন, তাঁদের থেকে যদি তিনজন মন্ত্রী নেওয়া হয়, তাহলে তাঁরা সোহরাওয়াদীকেই সমর্থন দেবেন। সোহরাওয়াদী বললেন, 'শর্ড দিয়ে আমি ভোট কিনে নেতা হতে চাই না।'

খাজা নাজিম উদ্দিন টাকা ছড়াতে লাগলেন।

মির্জাপুরের আর পি সাহা টাকার ব্যাগ নিয়ে হাজির হলেন সোহরাওয়াদীর বাড়িতে। বললেন, 'ওরা এমএলএ কিনছে। আপনিও কিনুন। আপনার জন্য এই যে টাকা...' সোহরাওয়াদী বললেন, 'টাকা দিয়ে এমএলএ কিনতে হবে? আমি কেনাবেচার রাজনীতি করি না ।'

ভোট হলো। প্রতিশ্বন্দী দুজন—সোহরাওয়াদী আর থাজা নাজিম উদ্দিন। সোহরাওয়াদী পেলেন ৩৯ ভোট, নাজিম উদ্দিন ৭৫ ভোট।

তিনি পূর্ব বাংলার মুখ্যমন্ত্রিত্বের দায়িত্ব খাজাকে, আর পশ্চিম বাংলার দায়িত প্রফল্ল ঘোষকে অর্গণ করলেন।

মুজিব গেলেন তাঁর কাছে। 'নেতা, এখন আমার কী কর্তব্য? কান্ধ দেন।' নেতা বললেন, 'গান্ধীজির সঙ্গে আমি যাব শান্তিমিশনে।'

মাথায় কংগ্রেসি টুপি, পরনে খন্দর পরে গান্ধীজির সঙ্গে বেরিয়ে পড়ঙ্গেন সোহরাওয়াদী।

শেখ মুজিবের মনে হতাশা। এখন তাঁরা কী করবেন? তিনি ইসলামিয়া কলেজের সিরাজউদ্দৌলা হলে ডাকলেন তাঁর ছাত্র-মুখ্য কৈতা-কর্মীদের। 'দরজা বন্ধ করো।' দরজা বন্ধ হলো।

এখন আমরা কী করব?' একেকজন একেক ক্ষুম্ম বর্জন্য দিলেন এবার মুজিবের বলার পালা। মুজিব বললেন, স্বাধীনজাস্থ্রীমে শেষ হয়নি। এবার আমাদের যেতে হবে বাংলা দেশের পবিক্রমান্তি । এই স্বাধীনতা স্বাধীনতাই নর। মুসলিম লীগের বুর্জোরা মন্যোক্তি । তাতে পশ্চিমাদের যে প্রাধান্য, তা থেকে আমার মনে হছে, হয়তে। ক্ষুম্মে মাটিতে নতুন করে আমাদের সংগ্রাম শুরু করতে হবে।'

তারপর শেখ মুজিব ব**দক্ষির** পরীক্ষার হলে।

١٩.

মার্কিন যুক্তরাষ্ট্র। ওয়াশিংটন ডিস্ক্রিক্ট কলম্বিয়ায় এখন গ্রীষ্মকাল। রাভায় রাভায় ছেলে-বুড়ো সব হাফ পার্টিট আর টি-শার্ট পরে ঘুরে বেড়াচ্ছে। কিন্ত স্টেট ডিপার্টমেন্টের ভেতরে শীত বা গ্রীষ্ম আলাদা করে বোঝার উপায় নাই। শীতাতপনিয়ন্ত্রক যন্ত্র সরকারি দপ্তরগুলোর ভেতরের আবহাওয়া বারো মাস একই রকম রেখে দেয়। পরবাষ্ট্রমন্ত্রী মার্শাল তাঁর নিজের কেদারায় বসে আরামে পা দোলাছেন। তাঁর পরনে ঘিয়ে রঙের স্যুট। টাইয়ের রং নীল আর লাল। আমেরিকার পতাকার রং। তাঁর হাতে একটা চিঠি। এই চিঠি যাবে প্রেসিডেন্টের কাছে।

তার দক্ষিণ এশিয়াবিষয়ক সহকারী চিঠিটা মুসাবিদা করেছেন। করেছেন তারই নির্দেশ ও পরামর্শমাফিক। তিনি দুটো ছোট সংশোধনী দিলেন। আরেকবার ইলেকট্রিক টাইপরাইটারে খটখট শব্দ তুলে সংশোধিত হয়ে কাগজটি এল তাঁর হাতে। তিনি নিচে স্বাক্ষর করে দিলেন।

শারক চলে গেল প্রেসিডেন্ট হ্যারি এস টুম্যানের কাছে। চিঠিটা প্রেসিডেন্ট হাতে তুলে নিয়েছিলেন অন্যমনস্কভাবে। পড়তে গিয়ে তিনি সোজা হয়ে বসলেন। খুবই গুরুত্বপূর্ণ চিঠি।

মার্শাল লিখেছেন, '১৫ আগন্ট ১৯৪৭ পাকিন্তান রাষ্ট্র রলে একটা নতুন সরকার গঠিত হতে যাচ্ছে, ভারতের উত্তর-পশ্চিমের **এক্মি, ড**ড় অংশ আর দক্ষিণ-পর্ব দিকের একটা ছোট্ট অংশ নিয়ে।

'আমি বিশ্বাস করি, আমাদের জ্বানীয় বার্শ্ব মন্ত্রিত হবে যদি আমরা রাষ্ট্রটিকে যত তাড়াভাড়ি সম্ভব খ্বীকৃতি দিয়ে ভিই্র্রেটিকে যত তাড়াভাড়ি সম্ভব খ্বীকৃতি দিয়ে ভিই্র্রেটিক বা যাবে সম্ভাব্য রাষ্ট্রদত বিনিময়ের অনুরোধে ইতিবাচক,শাক্ষ্য ক্রিটির।

'পঁচাত্তর মিলিয়ন লোকের পাকিস্তব্ধ করে পৃথিবীর সবচেয়ে রড় মুসলিম রাষ্ট্র, আর এটা হবে রণকৌশকের বিক্ত থেকে পৃথিবীর সবচেয়ে গুরুত্বপূর্ণ এলাকা।'

হ্যারি এস ট্রুম্যান অব নাগাসাকিতে
পারমাণবিক বোমা শুরীক্ষ করে। যুদ্ধে জেতার জন্য এটা দরকার ছিল না,
দরকার ছিল ওই বোমা কটা মানুষ মারতে পারে, সেটা যাচাই করে দেখা।
এবার তিনি ঠুই হাত ব্যবহার করনেন একটা ইশারা প্রদানের কাজে।
তিনি মার্শালকে হাত নেড়ে সম্বতি দিলেন, এগিয়ে যাও। মার্শাল গুভেছাবাগী

াতান মাশালকে হাত নৈড়ে পন্মাত ।দলেন, আগমে বাও । মাশাল ওড়েছ্ছাবাদা পাঠালেন পৃথিবীর সবচেয়ে গুরুত্বপূর্ণ এলাকাটার গভর্নর জেনারেল মোহাম্মদ আলী জিন্নাহকে।

জিন্নাহ ১৫ আগস্টের চার দিন আগে, অ্যাসেম্বলির বৈঠকে জ্ঞানিয়ে দিলেন, যুক্তরাষ্ট্রের সরকার আর জনগণ আমাদের ওভেচ্ছা পাঠিয়েছেন। আপনাদের আসন্ন মহান কর্তব্যের সুমহান সাঞ্চল্য কামনা করেছেন তাঁরা।

ব্যাঙ্গমা আর ব্যাঙ্গমি তখন সূর্যস্ত্রান করছিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের আমণাছের ডালে। হঠাৎই ব্যাঙ্গমা উদাসীন হয়ে গেল। ব্যাঙ্গমি বলল, 'কী হলো?' ব্যাঙ্গমা বলল, 'বর্ধাকালে আজকে একটু রোদ উঠছে, কী একটু আরাম কইরা পালকঙলা তাপায়া নিব, ওই দিকে পোনো না আমেরিকানবা কী করে? এই পাকিস্তান রাষ্ট্রটা কী হইব না হইব, না জাইনাই তারা তাগো পেছনে ত্যাল ঢালা স্তর্ফ করতাছে।'

ব্যাঙ্গমি ঠোঁট দিয়ে লেজটা ঠুকরে নিয়ে বলল, 'গরিব দেশগুলান ভাবে, ভারা নিজের ভাগ্যের চাকা নিজে ঘোরায়। ঘোরায় বটে, তবে সেইটা কোন দিকে যাইব. সেই দিকটা ঠিক কইরা দেয় ওপরঅলা।'

ঠিক করব, কিম্ব পুরাটা এবার শ্যাম চাচা পারব না। সেইটা বুঝতে দুই যগ অপেক্ষা করতে হইব।'

ব্যাঙ্গমি বলে,

কোন দেশে কী ঘটবে, কে বা করে ঠিক। নেতা নাকি সৈন্যদল, কিংবা পাবলিক ॥ শ্যাম চাচা কলকাঠি নাড়ে তলে তলে। গরিবের ভাগ্যচাবি তাদের দখলে ॥

ব্যাঙ্গমা বলে,

তলে তলে নয় কাঠি প্রকার্ম্যেই নর্মার্ড, পাকিতানে নেবে তার্যু স্টুর্যান্ডর দারে? ছয় দশকের পরে শাকিট্রান কবে— আমারে ছাড়িলে ক্রমি মোর ভালো হবে ॥ তোমার ছাড়িলা ক্রমি শাম চাচা, আমারে ফ্রিড়িয়া চাচা প্রাণ মোর বাঁচা ॥



১৮. আজ রাতে স্বাধীন হবে দেশ? কীভাবে? পাঞ্জাবিদের অধীনে? খাজা নাজিম উদ্দিন, লিয়াকত আলী খাঁকে মন্ত্ৰী বানিয়ে?

তাজউদ্দীনের মনে কোনো প্রতিক্রিয়া নাই। তিনি সকালবেলা উঠে আটটার মধ্যে বেরিয়ে পড়লেন। প্রেসে যেতে হবে। নতুন দলের কর্মসূচি ছাপাতে হবে এক হাজার।

মুসলিম লীগের সভ্য তিনি। মুসলিম লীগের নেতৃত্বে আছা রাত ১২টার ব্রিটিশ শাসনের অবসান হতে থাছে। তাঁর তো খাধীনতা নিয়ে খুশি থাকার কথা। কিন্তু তাঁর মনে এই সব নিয়ে কোনো ভাবনা নাই, উত্তেজনা নাই। তিনি আছেন তাঁর নতন দলের ম্যানিকেন্টো ইত্যাদি নিয়ে

তাঁরা আবুল হাশিমের সঙ্গে দেখা করে এসেছেন। ঢাকায় এসে প্রগতিপন্থী সবাই বসেছেন অনেকবার। এবার তাঁরা ঠিক করেছেন, নিজেরা একটা দল করবেন। দলটার নাম একবার ভাবা হয়েছে গণ-আজাদি নীগ। এর মানে হলো, যে আজাদি আমন্ত্র পাঞ্জি, তা জনগণের ময়। গণ-আজাদি লীগ তাই প্রতিষ্ঠা করতে হকে

কামরুদ্দীন সাহেব আছেন। তিনিই আর্ক্স

সেই গণ-আজাদি লীগের ম্যানিফেস্ট্রে প্রেস্থর কল্পোজ করতে দেওয়া সংযাতে।

ডাজউদ্দীন প্রেলে চুকলেন্দ্র এইনো পেছনের দিকে পাটি বিছিয়ে একজন কর্মচারী ঘুমুক্তে ডিকি চুকতেই আরেক কর্মচারী তাকে জাগানোর জন্য 'এই উঠু এই উঠ, হালায় কত ঘুমায়' বলে চিৎকার করে উঠল।

প্রুফ তোলা হুরু স্কাপজে আঠা দিয়ে সেই কাগজ ঠেসে ধরা হয় কম্পোজ করা পুরুষ্ঠের ওপর। কালি লাগানো থাকে। ছাপ পড়ে।

তিনি গভী মনোযোগ দিয়ে প্রফ দেখলেন। ভুল ছিল। তিনি লাল পেনসিল দিয়ে সেসব কেটে সঠিক অক্ষর বসালেন। বললেন, 'এখনই এই সব কারেকশন করে। সেকেড প্রফ দেখে যাব।'

রোজার দিন। তিনি রোজা আছেন।

কোরআন শরিফ খুব সুন্দর পড়তে পারেন।

এখনো গ্রামে গেলে মসজিদে নামাজে ইমামতি করেন।

একটা একটা করে অক্ষর বদদে সংশোধনের কাজ চলছে। কম্পোজিটর ছেলেটার বয়স বেশি নয়। কিন্তু এরই মধ্যে চোথে চশমা নিতে হয়েছে। তার শুকনো পাতলা মুখটাকে দেখাছেও বুড়োর মতো। সেকেন্ড প্রুক্ত এসে গেল। তিনি সেটাও মন দিয়ে দেখালেন এক হাজার কপি ছাপবেন। তিনি অর্ডার দিলেন।

বাইরে খুপঝুপ করে বৃষ্টি হচ্ছে। তিনি আনমনে বৃষ্টি দেখতে লাগলেন। বাংলার বৃষ্টির অপরূপ রূপ তাঁকে আছেন করে ফেলল বৃষ্টি থেমে গেল আধ্যণ্টা পরই। আকাশ একদম ঝক্বাকে। রোদ উঠে গেল। রাত্তায় একট্য একট্য গানি জমেছে।

একটা ইনজেকশন নিতে হবে। ছাপাখানা থেকে বেরিয়ে গেলেন হাসপাতালে। ইনজেকশনটা নিলেন।

তারপর আবার ছাপাখানা। ছাপার জিনিসটা নিজে সব সময় তত্ত্বাবধান করতে হয়। এখন ধরিয়ে না দিলে কাজটা তারা মেশিনে তুলবেই না ছাপাখানার ম্যানেজার এরই মধ্যে এসে গেছেন। তিনি বললেন, 'ভাই, বিলটা তো দেওন দরকার আছিল।'

তাই তো। বিল দিতে হবে। কাজ তো উঠে গ্রেছ আবার ছুটদেন কামরুন্দীন সাহেবের বাসার। বাহন তাঁর সাইক্রেন্টী ২২ বছরের যুবক সাইকেলে চলাচল করেন অনায়াদে।

কামক্রন্দীন সাহেব চেক লিখলেন। কুড়িনিকার চেক। তাজউদীনের হাতে তুলে দিয়ে বললেন, 'শহরে কেনেন কিছু দেখলেন? আজ রাতে না স্বাধীন হচ্ছে ভারত।'

ভাজউদীন বললেন, 'স্প্রিইমিনের দেশটা হচ্ছে পাকিস্তান। না, তেমন কোনো কিছু দেখিই তিবে ডেকোরেটরের লোকজন দেখলাম তোরণ বানাছে।'

'কাল কি ওর রেট্রাস-ট্যালি করবে?'

'নবাব তে খিক্সে' দিয়েছেন র্য়ালি মিছিল না করতে। কমিটিরও তো সেটাই সিদ্ধান্ত পুনী করবে ওরা, কে জানে?'

চেক নিমে তাজউদ্দীন গেলেন পার্টি অফিসে। সেখান থেকে আবার ছাপাখানায়। ম্যানেজারের হাতে চেক তুলে দিলেন। একজন বাইভার দরকার। নিজেই বেরিয়ে গেলেন বাইভারের খোঁজে। কুমারটুলী গিয়ে ধরে আনলেন একজনকে। নিজেরই সাইকেলের সামনে বসিয়ে তাকে নিমে চলে এলেন ছাপাখানায়। ততক্ষণে ছাপা ওক্ষ হয়ে গেছে। পড়তে গিয়ে দেখলেন, তুল রয়েই গেছে। উষ্ট্! কোনো কিছু ওক্ষতার প্রকাশ করা যে কত কঠিন। মেশিন থামালেন। আবার প্রফক্ষ কাটলেন। আবার কারেকশন হলো। ছাপা শেষ হতে হতে বিকেল পেরিয়ে গেল। বাইভারের কাছে বৃথিয়ে দিয়ে তিনি বেরিয়ে পড়লেন সেখান থেকে।

পার্টি অফিসে এলেন। সেখান থেকে আবার কামরুদ্দীন সাহেবের বাসায়। ইফভারের সময় হয়ে এসেছে। ইফভারি খেলেন।

এর মধ্যে নবাববাড়ি মুসলিম লীগ থেকে প্যাক্ষলেট বেরিয়েছে। কাল শোভাযাত্রা বেরোবে। খাজা নাজিম উদ্দিন এসে পৌছেছেন ঢাকায়।

তারাবির নামাজসহ এশার নামাজ পড়ে মসজিদ থেকে বেরিয়ে দেখতে পেলেন, রাতের আকাশে তারা ঝলমল করছে। তারই পাশে আবার মেঘ . আকাশে এত তারা! সেই আকাশে আবার মেঘ। তিনি তাকিয়ে ঐইলেন আকাশের দিকে।

এখন থেকে এটা আর ব্রিটিশ ইন্ডিয়া না। এ আকাশ স্বাধীন আজ শুরু হচ্ছে নিজেদের শাসন।

রাত ১২টার পর ঘুমুতে গেলেন।

স্বাধীনতার ভোরে উঠে নামাজ সেরে তাড়াতান্তি বৈজ্ঞীরে পড়লেন বাইডারের কাছে। সকাল আটটার মধ্যে সেখানে পৌছার পারা। ৫০০ কপি ম্যানিফেন্টো নিয়ে গেলেন কামরুদ্দীন সাহেবেশ্ব বিস্ফুর্ম তিনি বাসায় নেই। কার্জন হলে গভর্নর আর তাঁর কেবিনেটের অনুষ্ঠানে যোগ দিতে গেছেন।

বিকেলে ওরু হলো স্বাধীনতা দ্বিন্দ্রের শোভাযাত্রা। সামনে একটা গাড়িতে খাজা নাজিম উদ্দিন। মধ্যপুরিষ্ট একার নবাব। বিরাট শোভাযাত্রা। তবে গত বছর ১৬ আগস্টের ক্রাইরিষ্ঠ অ্যাকশন দিবসে এর চেয়ে বড় শোভাযাত্রা হয়েছিল। অবৃধ্যু-এইনারের সঙ্গে আজকের শোভাযাত্রার একটা বড় পার্থক্য আছে। অকৃষ্ঠ কুটিয় হিন্দুরাও যোগ দিয়েছে।

সাড়ে চারটার দ্বিক্ত শাভাযাত্রা পৌছাল ভিক্টোরিয়া পার্কে। খাজা নাজিম উদ্দিনের স্কুর্ত্তপতিত্বে পতাকা ডোলা হলো। মুসলিম গীগের গতাকা। এখনো জাতীয় পতাকা ঠিক হয়নি। জাতীয় সংগীত ঠিক হয়নি। জাতীয় সংগীত ঠিক হয়নি। জাতীয় সংগীত ঠিক হয়নি। জাইকে গান বাজতে লাগল। আব্বাসউদ্দীন ও জসীমউদ্দীন সাহেব বেগার উদ্দীন জার সোহরাব হোসেনকে নিয়ে গাইতে লাগলেন 'আমার সোনার পূর্ব পাকিতান' আর গোলায় মোনজ্বর 'পাকিতানে অভাব কী।' প্রধানমন্ত্রী নাজিম উদ্দিনসমেত মুসলিম লীগ ও ছাত্রলীগের নেতারা বক্তৃতা করলেন।

লাখে। লোকের সমাগম হয়েছে। ঢাকার বাইরে থেকে বিনি পরসায় টোনে চডে এসেছে অনেকে।

তারা এসেছে পূর্ব পাকিস্তানের রাজধানী দেখতে। রমনা দেখল তারা, সেখানেই রেসকোর্সের মাঠ। পাশেই ঢাকা ক্লাব। রমনার ভেতরে কালীমন্দির। পাছ আর পাছে সবুজ এই এলাকা। ওই ওখানে চামেরি হাউজ, মেয়েদের হোস্টেল। তার পাশে তোপখানা রোডে ইডেন কলেজ। সেই ইডেন কলেজ এখন হবে সচিবালয়। বর্ধমান হাউস আজ থেকে প্রধানমন্ত্রীর বাড়ি। যুদ্ধের সময় নির্মিত মুরলি বাঁশের নীলক্ষেত ও পলাশী ব্যারাক। সদরঘাট ঢাকার কেন্দ্র। পাঁচ রাস্তার মোড়। বুড়িগঙ্গার পাশে করোনেশন পার্ক। সদরঘাটের কাছেই সবচেয়ে বড় পোস্টাফিস। নবাবপুর রোড সবচেয়ে জমজমাট সড়ক। দুধারে সারি সারি বাড়ি আর দোকান। ফুলবাড়িয়া রেলস্টেশন।

রাজধানী দেখতে আসা জনতার বেশির ভাগই এসেছে ময়মনসিংহ থেকে।

তাজউদ্দীন সভা শেষ হওয়ার আগেই অকুস্থল ত্যাগ করলেন। তারপর নামল বৃষ্টি। অল্পঞ্জণ পরই থেমেও গেল।

ভাগ্যিস তোরণগুলো বানানো হয়েছিল পাতা দিয়ে হয়নি ৷

কার্জন হলের সকালের অনুষ্ঠানে কী হরে জ্বিইনতে পারলেন তারপর। সকালে খাজা নাজিম উদ্দিন পূর্ব পাকিছানের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন।

রাতের বেলা ফুটে উঠল অুদ্রেষ্টিউর্জা। বংশীবাজার, বাবুবাজার সেতু থেকে মোগলটুলী পর্যন্ত রাজ্বরী দুই পাশে জ্বলজ্বল করছে রঙিন বৈদ্যুতিক বাতি। আহসান মঞ্জিলেক হড়াৰ আলোকসজ্জা হয়েছে নয়নজুড়ানো সারা রাত আত্সবাজি পটকাবাজি ফুটল।

হোটেল, মুসজিট্র সুর্বলওয়ে স্টেশন, এমনকি খোলা মাঠে লোক আর ধরছে না। অন্নেক্তে সারা রাত ঘোরাঘুরি করল। তারা তাদের অনেক স্বপ্নের আর কট্টের স্বাধীনতা লাভ করেছে।

আকাশে তারাও জ্বলছে।

তথু এক কোণে তারা দেখা যাচ্ছে না। মেঘ জমছে সেই কোণটায়।

টুঙ্গিপাড়ার গ্রামে রেনু এপাশ-ওপাশ করছেন। তাঁর ঘুম আসছে না। প্রচণ্ড গরম। আর তাঁর শরীরটাও ভালো নয়। তিনি সন্তানসম্ভবা। তাঁর স্বামী এখনো কলকাতায়। কিন্তু কলকাতা আলাদা দেশ হয়ে গেছে।

তবু তিনি আসছেন না। পরীক্ষা দিচ্ছেন। আচ্ছা। দিক। বিএটা তো পাস করতেই হবে। শুধু দেশের সেবা করলে হবে! কিছুদিন আগে তাঁর চিঠি এসেছে। তিনি লিখেছেন, 'রেনু। তুমি সারাটা জীবন কন্ট করেছ

জন্মের পর থেকেই তৃমি কট্টই পেয়েছ তধু। আর এমন একটা লোকের সঙ্গে তোমার বিয়ে হলো, যে তোমাকে সময়ও দিতে পারে না! এমন স্বামী থাকার চেয়ে না থাকাই তালো।

কী বলে লোকটা!

লোকটা কি জানে না, তাকে তিনি কত তালোবাসেন? কী অলক্ষুনে কথাই না লিখে ফেলল!

তবে এত যে দেশের জন্য কান্ত করল, সোহরাওয়াদী সাহেবের জন্য কান্ত করল, কী হলো?

সোহরাওয়াদী সাহেবও তো মন্ত্রী হতে পারলেন না। কায়েদে আজম তো তাঁকে পাতাই দিলেন না। আর এত দিন যে তাঁরা স্বাধীন বাংলার কথা বলদেন, সেটাও তো হলো না। তবে?

ভোর হচ্ছে। বাইরে কাক ডাকছে। রেনু আন্তে আন্তে কছিলে গেলেন বারান্দায় পিতলের বদনায় পানি তোলাই ছিল। তিন্দিকাছ করলেন

আবার আঁধার করে এল।

তিনি আকাশে তাকালেন। তারা তো হেবা সাছে। তার মানে মেঘ নাই তাহলে আবার অন্ধকার হয়ে এক ক্রেম্বর

তাঁর মনে পড়ল, এ হলো সুবহে ক্রিউব। কপট প্রভাত।

দুই দিন পর ঈদ। তবু তিনি জানীবেন নাং আর কী কাজ তাঁরং রেনু এসে আবার ওয়ে পড়লেনু তার শরীরের ভেতরে আরেকটা শরীর। আরেকটা প্রাণ। মাঝেরের জী জানান দিছে তার অন্তিত্, তার আগমনী সংবাদ। তাঁর সন্তান তাঁলের সন্তান।



١۵.

ট্রেন শেয়ালদা ছাড়ল। বাজীয় ইঞ্জিনের ছস হস শব্দটার মধ্যে কেমন যেন একটা দীর্ঘস্বাস। বাক্স-পেটরা নিয়ে মুজিব আর শাহাদৎ উঠেছেন ট্রেনে। মুজিব যাবেন ঢাকায়। শাহাদৎ নামবেন গোয়ালন্দ, সেখান থেকে চলে যাবেন গোপালগঞ্জ। ট্রেনে বেশ ভিড়। হিন্দু-মুসলিম, পূর্ববঙ্গীয়-পচিমবঙ্গীয়, বাঙালি-বিহারি সব গাদাগাদি করে আছে। মুখ না খুললে বোঝাই যাবে না কে বিহারি, কে বাঙালি, কে বাঙাল, কে ঘট । যতক্ষণ ট্রেনটা থেমে থাকে, দমবন্ধমতো লাগে। মানুষের ভিড়েরও একটা গদ্ধ আছে। ট্রেন হেড়ে দিলে বাতাস ঢোকে জানালা দিয়ে। আরাম বোধ হয়। শেখ মুজিব বসেছেন জানালার ধারে। মেকেড ক্লাস কম্পার্টমেন্ট, কাঠের আসম . ট্রেন চলতে থাকলে স্টেশনের ঘরবাড়ি, গুড়, কড়িবর্গা—সব পেছাতে থাকে থথমে যেন ওই সব দরদালান-স্থাপনা-বৃক্তরাজি হাঁটছিল, পরে জােরে নিড়ে গিছিয়ে যেতে থাকে। দূরের আকাশে আলা আর মেঘ, মেঘওলা কিন্তু সামবোর দিকেই গোঁড়াছে।

শেখ মুজিব মনে মনে আবৃত্তি করতে থাকেন তার প্রিয় কবি রবীন্দ্রনাথের কবিতা.

> এই বাসাছাড়া পাখি ধার আলো-অন্ধর্মন্তে কোন্ পার হতে কোন্ পারে। ধ্বনিয়া উঠিছে শূন্য নিখিলের খাঞ্চর এ গানে— "হেথা নয়, অন্য কোথা, ক্লিন্ধ) কাথা, অন্য কোন্ধা

কলকাতার পাট তাঁর চুক্ত তিনি তাঁর পূর্ব বাংলায় ফিরে যাছেন। কলকাতা থেকে তিনি ক্রম্পাণেও বহুবার গেছেন টুঙ্গিপাড়ায়, যাওয়ার সময় বলেছেন, 'প্রের্বার্টিছ'; সবাই তা-ই বলে, গ্রামের বাড়িটাকে বলে দেশের বাড়ি ছুক্ত্রীড়াই তাঁর দেশ। দেশ আদলে কীঃ এত দিন ছিল ব্রিটিশ ভারত্ব পর তিনি স্লোগান দিলেন, লড়কে লেহে পাকিতান চাঙা তাঁর হাতে থাকত, নাকের নিচে মুখে ধরতেন চোঙা, গোঁকের জায়গাটায় চোঙার কোনা লেগে ক্ষতনতো হয়ে গিয়েছিল। তারপর সোহরাওয়াদী সাহেব, শরৎ বসু আর আবুল হাশিমের সঙ্গে গলা মিলিয়ে তিনি অবিরাম প্রচার করে গেলেন অবিভক্ত বাধীন বাংলার কথা, বৃহত্তর বাংলার কথা, যে বাংলার থাকবে আসাম, দার্জিলিং, পূর্ব আর পশ্চিম বাংলা। কায়েদে আজম পর্যন্ত তাতে রাজি ছিলেন। রাজি হলো না কংগ্রেস, বাজি হলেন না সাম্প্রদায়িকতাবাদী হিন্দু আর মুসলিম নেতারা, রাজি হলেন না নেহর আর বল্পত তাই প্যাটেল। আর এদিকে মুসলিম লীগের উর্দুআলা নেতা বাজা নাজিম উদ্দিন প্রমুধ চান না কলকাতা পূর্ব পাকিস্তানে পভুক, তাহলে তাদের কর্তৃত্ব থাকবে না, সোহর।ওয়ানী

সাহেবই তখন হয়ে উঠবেন গুরুত্বপূর্ণ, কাজেই তাঁরাও কলকাতাকে বাদ দেওয়ার পক্ষে। তাঁরা বলে বেড়াতে লাগলেন অথও স্বাধীন বাংলাকে সমর্থন করা মানে পাকিন্তান আন্দোলনের পিঠে ছুরি মারা। গান্ধীজিও বাংলা তাগকেই মেনে নিলেন। বাংলা ভাগ হলো। পূর্ব বাংলা এখন পাকিস্তানের অংশ। কলকাতা ভারতের।

নিজের দেশের মধ্যে যাতায়াভ করছেন, এই বান্তবতা হিসেবে একদিন গোপালগঞ্জ থেকে কলকাতায় এসেছিলেন। দেখান থেকে যখন ফিবছেন, কলকাতা তখন অন্য দেশ হয়ে গেছে, ঢাকা পড়েছে নিজের দেশে তাহলে নিজের দেশে তিনি ফিরছেন? বিদেশ থেকে?

পাকিন্তান আন্দোলনে তো মুজিবও ছিলেন। এখনো তো তিনি মুসলিম লীগারই। কিন্তু তাঁর মুসলিম লীগ আর লিয়াকত আলী খান বা খাজা নাজিম উন্দিনের মুসলিম লীগ কখনো এক ছিল না।

পাকিস্তান হাসিল হয়েছে, তাই বলে তাঁর কালু পেই ইরনি। মুসলিম দীণের প্রতিক্রিয়াশীল অংশ ক্ষমতার। তানের বিরুদ্ধে লড়তে হবে। ১৫ আগঠে কলকাতা শহরে মিছিল বেরিয়েছিল, ক্রপ্-মুসলিম ভাই ভাই। কেই মিছিলে তিনি যোগ দেননি, ক্রিড এই অভূতপূর্ব দৃশ্য দেখতে মিছিলের পাশাপাশি। হৈটে বেড্লিফ্টেন্স-উনেক জায়গায়। ফিরে এসে লেখাপড়ায় মন দিয়েছেন, ক্রিড উটেশ তাঁর সহকর্মী বন্ধুদের জানিয়ে দিয়েছেন, পূর্ব বাংলায় খিল্লে ক্রিডিশে তাঁর সহকর্মী বন্ধুদের জানিয়ে দিয়েছেন, পূর্ব বাংলায় খিল্লে ক্রিডিশে করা তাঁদের পরের কাজ। হেথা নয়, অনা ক্রেম্যু অনা কোখা, জন্য কোন্খানে।

আজকাল ট্রেনে বছু বাদ ভিড় হয়। দেশভাগ লাখ লাখ মানুষকে পথে
পথে ঘোরাছে। দৌকজন কলকাতা ছাড়ছে। যদিও কলকাতায় ১৫ আগস্ট
এসেছে শান্তি ও পশ্বীতির বিরল দৃষ্টান্ত স্থাপন করে। কারণ অবশ্য
গান্ধীজি। এখানে তিনি অবস্থান নিয়েছেন স্বাধীনতার বেশ কয়েক দিন
আগেই। করাচি থেকে এদে সোহরাওয়াদীও তাঁর সঙ্গে যোগ দিয়েছেন।

তবে সেপ্টেম্বরের শুরুতে আবার কিছুটা বিক্ষিপ্ত দাঙ্গা-হাঙ্গামা শুরু হঙ্গে গান্ধীন্ধি অনশন শুরু করেন। তাঁর অনশনের কারণে দাঙ্গার শক্তি পিছু হটে, শান্তিবাদীরা এগিয়ে আসেন।

গোহরাওয়াদী কাল গান্ধীজিকে নিজ হাতে ফলের রস তুলে দিয়ে অনশন ভঙ্গ করিয়েছেন।

আজ মুজিব তাঁর লিডার সোহরাওয়াদী সাহেবের কাছ থেকে বিদায় নিয়ে এসেছেন। সোহরাওয়াদী সাহেব উষ্ণ আলিন্সনের মাধ্যমে তাঁর সবচেয়ে প্রিয় ২৭ বছর বয়সী এই যুবক কর্মীটিকে বিদায় দিয়েছেন। বলেছেন, 'শেখ মুদ্ধিব, টুঙ্গিপাড়ায় যেয়ো। বউমার সঙ্গে কিছুদিন সময কাটিয়ো। বউমাকে তোমার যে সময় দেওয়ার কথা ছিল, তা থেকে আমি অনেকটাই নিয়ে নিয়েছিলাম। আপাতত আমার হাত থেকে তোমার মুক্তি।'

মুজিবের চোখ ছলছল করে ওঠে। তিনি বলেন, 'লিডার, আপনি চলুন পূর্ব বাংলায়। খাজা নাজিম উদ্দিনের মতো সাম্প্রদায়িকতাবাদী লোকদের হাতে পাকিস্তানের শাসনভার ছেড়ে দেওয়া হলে সেটা হবে সবার জন্য খারাপ। আপনাকে পাকিস্তানের দরকার হবে।'

সোহরাওয়াদী বললেন, 'ভারতের চার কোটি মুসলমানকে অনিশ্চয়তার হাতে ফেলে রেখে আমি চলে যেতে পারি না। স্ক্রমি গান্ধীজির সঙ্গে আছি দেখি, সাম্প্রদায়িক সম্প্রীতি কতথানি ফিব্লিকে মুস্যা যায়।'

নেতাকে খদন আর গান্ধীমার্কা টুপিতে আনিউই অছুত লাগছে শেখ মুজিব তাঁর চোখের দিকে তাকালে ছেটখাটো মানুষটির চৌকোনো মুখে দুটো ঠান্ডা চোখ। খেই কেখে মুজিব দেখতে পেলেন অপার্থিব মায়া।

মানুহটা এখন পর্যুদন্ত। কেন্দ্রী প্রস্তুদিন লীগে জিন্নাহ তাঁকে রাখলেন না। প্রাদেশিক আইনসভাস পার্থানেন্টারি দলের সভাপতি নির্বাচিত হলেন খাজা নাজিম। সোহরাচুকার্টী পর্ব দিক থেকে হেরে গেলেন। অখও বাংলার প্রভাব নিয়ে ছোটাইটো কর্মলেন তত দিন, জিন্নাহ যত দিন এতে সন্মত ছিলেন। তারপর ক্রিক্তিই যেদিন বললেন, তিনি চান মাউন্টব্যাটেনের প্রভাব মেনে নিতে, স্বিস্কৃদ্ধে সোহরাওয়াদী সাহেবও মত পাল্টালেন। সবকিছু করেছেন জিন্নাইর আয়ু অর্জন করতে। কিন্তু ভাবকতায় নাজিম উদ্দিনের সঙ্গে তিনি পারবেন কেন!

পাকিন্তান আন্দোলনের সমর্থক সংখ্যাগরিষ্ঠ মুসলিমরা মনে করছে, তিনি জিল্লাহর সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছেন। আর হিন্দুরা বিশ্বাস করে, ডাইরেক্ট অ্যাকশন ডে-তে হাজার হাজার হিন্দুর মৃত্যুর জন্য তিনিই দায়ী।

অথচ শেখ মুজিব খুব ভালো করে জানেন, (পরবর্তীকালে ব্রিটিশ ওদও কমিটির রিপোর্টেও বলা হবে), সোহরাওয়াদী সেদিন লালবাজার পুলিশ হেডকোয়ার্টারে বসে সব জায়ণায় পুলিশ পাঠাছিলেন শান্তি স্থাপনেব জন্য। তিনি সেনাবাহিনী চেয়ে পাঠিয়েছিলেন কেন্দ্রের কাছে, নিজের জীবন বিপন্ন করে ছুটে বেড়িয়েছেন পাড়ায় পাড়ায়, শান্তি স্থাপনের জন্য। কিন্ত শান্তি আসেনি। সেনাবাহিনী মোতায়েন করা হয়নি। মানুষ মারা গেছে।

বাংলার প্রধানমন্ত্রী হিসেবে সোহরাওয়াদীকেই দায়ী করেছে সর্বমহল। এমনকি গান্ধীও বলেছেন, প্রধানমন্ত্রী হিসেবে প্রশাসনের ব্যর্থতার দায়িত্ব তো তাঁকেই নিতে হবে।

১৫ আগস্টে ব্রিটিশ শাসনের অবসান হলো।

এরই মধ্যে করাচি থেকে ব্যর্থ মনোরথে ফিরে এসেছেন সোহরাওয়াদী।

গান্ধীজি হিন্দুদের ওপর হামলার আশব্দায় নোরাখালী গেলেন। সোহরাওয়াদী করাচি থেকে কলকাতায় ফিরে এসে গান্ধীজিকে বললেন, তিনি যেন কলকাতায় থাকেন। কলকাতায় সম্ভাব্য দাঙ্গা মোকাবিলার জন্য কলকাতায় তাঁর থাকাটা জরুরি।

গান্ধী বললেন, 'যদি আপনি আমার পাশে থেকে এইসকৈ কাজ করার প্রতিশ্রুতি দেন, তাহলে আমি কলকাতায় থাক্কে আছি আছি ।'

সোহরাওয়াদী বললেন, 'নিকয়ই।'

গান্ধী উঠলেন একটা বন্ধিনেষ্টিত পরিক্রাক্ত প্রাসাদ হায়দারি ম্যানশনে।
হাজার হাজার হিন্দু সেখানে প্রাক্তিক ধরে ধরল। তারা বলল, 'কেন আপনি মুসলমানদের রক্ষা ক্রমুক্ত এখানে এসেছেন। আপনি কেন নোয়াখালী যাচ্ছেন নাঃ'

এই তুমুল হউগোলের দুলো সোহরাওয়াদী সেখানে হাজির হলে জনতা 'চোর' খুনি' বলে তার ফাত ঘৃণা বর্ষণ করতে লাগল। গান্ধীর শিষ্যরা এসে সোহরাওয়ান্ধীকে গাড়ি থেকে বের করে ভেতরে নিয়ে গেলেন আর জনতাকে এই বন্ধি শান্ত করেন যে গান্ধীজির সঙ্গে তাঁদের দেখা হবে।

বাইরে তথন প্রচণ্ড বৃষ্টি হচ্ছে। এরই মধ্যে সোহরাওয়াদীর উদ্দেশে নিক্ষিপ্ত হচ্ছে চিল-পাটকেল-পুতু।

তারা সোহরাওয়াদীর নাম ধরে ভাকছে, 'ঝুনি চোর সোহরাওয়াদী, বেরিয়ে এসো।'

সোহরাওয়াদী জানালার ধারে দাঁড়ালেন। তাঁর কাঁধে হাত দিয়ে দাঁড়িয়ে আছেন গান্ধীজি।

জনতা বলল, 'সোহরাওয়াদী, স্বীকার করুন কলকাতার মহানিধনযক্তের জন্য আপনিই দায়ী।'

'হাা, আমরা সবাই দায়ী।' সোহরাওয়াদী বললেন।

আমাদের প্রশ্নের জবাব দিন।

সোহরাওয়াদী পলকহীন চোথে জনতার দিকে তাকিয়ে বললেন, 'আপনাদের প্রশ্নের জ্বাব দেওয়া আমার দায়িত্ব।'

বরফের মতো চোখে জনতার দিকে তাকিয়ে আছেন সোহরাওয়াদী। তাঁর চোখে এমন কিছু আছে, সেই ক্রুদ্ধ-রাগী জনতা শান্ত হয়ে এল।

আওয়াজ উঠল, 'হিন্দু-মুসলমান ভাই ভাই ৷'

হত্যাকাও বন্ধ হলো কলকাতায়।

১৫ আগস্টের মিছিলে একটাই স্লোগান, 'হিন্দু-মুসলমান ভাই ভাই।'

এ এক অপূর্ব দৃশ্য। মুসলমানপাড়ায় হিন্দুরা নির্ভয়ে ঘূরে বেড়াছে
মসজিদ থেকে মিঠাই বিলি করা হচ্ছে হিন্দু পথচারীদের মধ্যে। ট্রামে,
বানে সর্বত্র খুবই ভিড়। শেখ মুজিব তাঁর বন্ধুনের নিয়ে হাঁটছেন। পার্ক
স্ক্রিট থেকে চৌরঙ্গী, এসপ্রানেড, কার্জন পার্ক। সেখুন প্রেট্র সম্বান ঘূরে
সারা তীরে তাঁরা দাঁড়ালেন রেলিং ধরে। গঙ্গার ভূরিক পূর্ব ভূবছে। সূর্বের
সোনালি প্রতিবিদ্ধ কাঁপছে জলের গারে। পঙ্গিয়া স্কর্মিড ফিরছে আকাশে
লাল রঙের মেয। সকালে বৃষ্টি হয়েছিল্প, এইটবৃষ্টি নাই।

মজিব আবত্তি করতে লাগলেন :

✓ তবু বিহল, ওয়ে বিহল বেরর,

এখনি, অন্ধ, বন্ধ কোরো না পাখা .

কলকাতায় ব্রিটিশ অবসানের দিনগুলোয় দাঙ্গা হলো না বললেই চলে রক্ত ঝরল পাঞ্জাবে। ছয় লাখ হিন্দু-মুসলমান খুন হয়েছিল বিভক্ত পাঞ্জাবে।

শেখ মুজিব জানেন, তাঁর নেতা সোহরাওয়াদী এখন ফিরবেন না পূর্ব বাংলায়। এর মধ্যে তিনি মুসলিম লীগের পশ্চিম বাংলার পার্লামেন্টারি গ্রুপের নেতা নির্বাচিত হয়েছেন।

কিন্ত শেখ মুজিবকে ফিরতে হবে। পূর্ব বাংলায় তাঁর জন্ম।

পদ্মাপাডের ছেলে তিনি 1

হারার জন্য তাঁর জন্ম হয়নি।

তিনি বললেন, 'লিডার। আমি যাচ্ছি ঢাকায়। আপনি থাকেন। চার কোটি মুসলমানের স্বার্থ দেখেন। কিন্তু মনে রাখবেন, ওই বাংলাতেও আপনাকে লাগবে। আমি যাই। গ্রাউন্ড ঠিক করি। আপনি কথা দেন, আপনি বাংলায় আসবেন।'

সোহরাওয়াদী বললেন, 'মুজিব, তোমাকে একটা কথা বলি। রাজনীতিতে কথা দেওয়া বলতে কিছ নাই। কিন্তু তুমি জ্বানো, আমি তোমাকে ভালোবাসি। বাংলাকে ভালোবাসি। পাকিস্তানকেও ভালোবাসি। আমার মন বলছে, আমি পাকিস্তানে যাবই i'

'পাকিস্তানে যাবেন। এবং আমার মন বলছে, আপুনাকে আমরা

পাকিস্তানের প্রধানমন্ত্রী বানাব। আজ আসি।

মজিব হনহন করে চলে এলেন সোহরাওয়াদীর সমিট আর পেছনে তাকানো বিপজ্জনক। মুজিবের ক্রিবির জল লোকে কম দেখেছে। সব সময় দেখেছে তার কমীমর্কি। বিক্রীক রুদ্রমর্তি। নেতাকে তাঁর চোখের জল দেখানোর মানে হয় 🛝

নেতা অবশ্য ব্যস্ত গান্ধীজিকে কিয়ে এখন ভারতে আর পাকিস্তানে

শাতিমিশন নিয়ে ঘূরে বেড়ানেট্র মুক্তির কাজ। মুজিব ঢাকায় আসার অনুমুক্তি দেছিগাছ করেন। ইসলামিয়া কলেজের স্বার কাছ থেকে বিদায় নেন ১ ২৪ নম্বর রুমটার দিকে শেষবার তাকিয়েও ठाँत वर्फ भाग्ना दश (देके ध्रिटिक मीर्घश्वाम वितिदा जारम ।

এর মধ্যে টুর্নিসার্স থেকে রেনুর চিঠি এসেছে। রেনু লিখেছেন, তাঁর সন্তানের জন্মক্ষণ প্রিপিয়ে আসছে। শরীরটাও খুব ভালো যাচ্ছে না , তিনি যেন পরীক্ষা শেষ করেই দেশে চলে আসেন।

প্রথম সন্তানের জন্মের সময় মজিব রেনর পাশে থাকেননি। সেই সন্তানটা বাঁচেনি। দ্বিতীয় সন্তানের জন্মের সময় তিনি তাঁর পাশে থাকতে চান ৷

কিন্তু তব তিনি সরাসরি টঙ্গিপাডায় যাচ্ছেন না। আগে তিনি নামবেন ঢাকায়। ঢাকার পরিস্থিতি তাঁকে বুঝতে হবে। এরই মধ্যে ঢাকার মুসলিম লীগের প্রগতিশীল অংশ একটা প্রতিনিধি সভা ডেকেছে। সেটাতে কী হয়, তাদের উদ্দেশ্য কী, একটু বোঝা দরকার। ঢাকায় কয়েক দিন থাকবেন। সেখান থেকে যাবেন টঙ্গিপা**ডা**য়।

গোয়ালন্দ ঘাটে এসে থামে ট্রেন। তখন রাতের শেষ প্রহর। চারদিক অন্ধকার।

কুলিরা দৌড়ে এসে ওঠে চলতু ট্রেনের কামরায়।

শাহাদৎ বিদায় নেবেন। মুজিবকে স্টিমারে উঠতে হবে। তাঁরা দুজনেই ট্রেন থেকে নামেন। প্রায় একটা পাথারে এসে থেমেছে ট্রেনটা আকাশে নক্ষত্ররাজি। দূরে স্টিমারের সার্চ লাইট। কালো আকাশের গায়ে আলোর ঝাপটা ছোটাছুটি করছে। পায়ের নিচে নদীচর। জোনাক পোকার আলো দেখা যায় অন্ধকারে, থোকা থোকা।

মুজিবের স্যান্ডেলের মধ্যে বালি ঢুকে গিয়ে কিচকিচ করে।

সবাই ভুটছে স্তিমারের দিকে। যেন খানিক পরে গেলে স্টিমারে সিট পাওয়া যাবে না। কিংবা স্টিমার ছেড়ে দেবে এখনই।

মুজিব শাহাদৎকে আলিঙ্গন করেন। বলেন, 'ভালোক্তাইট্রাণ্ড বাড়ি। আমি কদিন পরেই আসতেছি। আব্বার সঙ্গে দেখা করে বুল্মো আমি ভালো আছি।'

চলন্ত মানুবের ধাক্কায় কথা বলাই মুশকিন তারা দুজন মানবস্তোতের মধ্যে বিচ্ছিন মুদ্ধে যান। স্টিমারের নাম নারায়ণগঞ্জ মেইল

তিমারের নাম নারায়ণগঞ্জ মে বডসড স্টিমার।

সেকেছ ক্লাসে একটা অনুন্ধ ক্রিকই জুটে যায় মৃজিবের। পাঞ্জাবির ওপর একটা চাদর মৃতি ক্রিক্রেসিনেন ভিনি। স্তিমার সাইরেন বাজাছে। এখনই রোধ হয় ছেন্তু দুর্বী মৃজিব চোখ বন্ধ করেন।

কিছুক্ষণের মধ্যে কুবৈ যান ঘুমের অতলে।

মুম ভাঙে বিষয় তথ্য চারদিক ঝকঝক করছে আলোয় আলোয় আনেক পরিষ্ঠিত মুখ দেখা যায়। এরা ঢাকা যাচ্ছে। মুজিব ভাইকে পেয়ে যিরে ধরে ভারা। স্তিমারের খাবার ঘরের দিকে মুজিব এগিয়ে যান সদলবলে। চা খাওয়া দবকার।

নদীর ওপারে নারায়ণগঞ্জ।

the state of the s

ষ্টিমারটা ঘাটে ভেড়ার আগেই কুলিরা কী কাষদার যে স্টিমারে উঠে যায়। কিছু বলার আগেই দুটো বাক্স ওদের মাথার উঠে গেছে। স্টিমার থেকে জনস্রোতে গা ভাগিরে নেমে পড়ে সোজা প্র্যাটফরমে। আবার ট্রেন। ওপারে রেল ছিল ব্রডগেজ। এপারে এসে হয়ে গেল মিটারগেজ।

দিনের আলোয় ট্রেনের জানালা দিয়ে তিনি দেখেন তাঁর পূর্ব বাংলা। যতবার তিনি পশ্চিমবঙ্গ থেকে পূর্ববঙ্গে এসেছেন, ততবার তাঁর একই অনুভূতি হয়েছে। পূর্ব বাংলা অনেক সবুজ, অনেক জলমধা। চারদিকে জলা আর জংলা। সুন্দর করে বললে বলা যায়, যাকে বলে সুজলা সুফলা, শস্য-শ্যামলা। আর যতই ভূমি পশ্চিমে যেতে থাকবে, আন্তে আন্তে সর্বকিছু হয়ে যেতে থাকবে ধূসর।

ট্রেন ধীরে ধীরে ফুলবাড়িয়া স্টেশনের প্র্যাটফরমে থেমে যাচ্ছে। সন্ধ্যা নামছে প্ল্যাটফরমের আলোকস্তম্ভে বাতি জ্বলছে।

ট্রেন পুরোপুরি থেমে যায়। 'কুলি কুলি' বলে রব তুলে লাল শার্ট পরা কুলিরা এসে মালপত্রে হাত লাগায়। শেখ মুজিবের সঙ্গে দুটো বড় বড় বাছ। একটা বাঙ্গে তথ্ব ই। আরেকটায় তার কাপড়টোপড় ইত্যাদি। কলকাতা থেকে তিনি কতগুলো গানের রেকর্ডও এনেছেন। তাঁদের প্রামের বাড়িতে প্রায়োফোন আছে। গান শোনাটা তাঁর নেশা। বেনুও খুব গান পছন্দ করেন। রেনুর জন্য আব্বাসভন্দীনের গাওয়া দুইন্দ্র বিকর্জ, কাজীনজরুল ইসলামের গান, রবীজ্ঞসংগীত নিয়ে এসেছের ক্রিকা।

আর আছে মা, বাবা, ভাইবোনের জন্য ক্রেটখন্তির উপহার। বাবার জন্য নিয়েছেন মহাভূসরাজ তেল, মার জন্ম বাতিরের কাণড়, বোনদের জন্য চুড়ি, ফিতা ইত্যাদি। বেশুর জন্য কিন্তে এনেছেন শাড়ি আর তাঁর

আসন্ন সন্তানের জন্য একটা ছোট সুপ্রি কুলির সাহায্য নিতেই হলো

ফুলবাড়িয়া স্টেশনে নেয়ে ক্ষিত্রে গোপালগঞ্জের মোরা জালাল আর খন্দকার আবদুল হামিদ তার ক্রমণ স্টেশনে দাঁড়িরে আছেন। তাঁরা একটা ঘোড়ার গাড়ি ভাকেল ক্ষ্মিল মালগত্র গাড়িতে তুলে ফেলে ঝটগট। তাঁরা গাড়িতে ওঠেন।

গাড়ি চলছে কৈটি-কাচারির দিকে।

সন্ধ্যার আলো-অন্ধকারে ঢাকাকে একটা প্রায় মফস্বল শহরের মতো লাগে। চলত গাড়িতে বসে থাকায় মুখে ঠান্ডা হাওয়া এসে লাগে।

মুজিব বলেন, 'এখানকার কী অবস্থা? কোনো সাম্প্রদায়িক সমস্যা?' হামিদ বলেন, 'না। এই দিক থেকে ঢাকা ঠিক আছে।'

মোল্লা বলেন, 'কলকাতার কী অবস্থা?'

মুজিব গলা পরিষ্কার করে নিয়ে বলেন, 'গান্ধীজি আর সোহরাওয়াদী সাহেব কলকাতাবাসীকে ঠিক করে ফেলেছেন। এবার আর গভগোল করার সুযোগ দেন নাই। তো নতুন রাজধানী কেমন চলছে?'

রিকশার পেছনে জ্বলা লষ্ঠনের আলোগুলোর দিকে তাঁর দৃষ্টি।

হামিদ বলেন, 'আরে ইনফ্রাস্ট্রাকচার তো কিছুই নাই। ইডেন কলেজে বসানো হয়েছে সেক্রেটারিয়েট। ঢাকা ইউনিভার্সিটির জগন্নাথ হলে অ্যাসেম্বলি, স্কুলে হাইকোর্ট।'

টমটমের হুছের রেলিং শব্দ করে ধরে মোল্লা বলেন, 'ভবে পাকিস্তানে অপশন দিয়ে যে আইসিএস অফিসাররা এসেছে, তারা খুব আন্তরিকতার সাথে খাটছে। সবাই ঝাড়ু হাতে ঘর পরিষ্কার করছে। মাথায় রুমাল বেঁধে ইট সরাছে। দেখার মতো দৃশ্য।'

মুজিব বলেন, 'ওরা ভাবছেন, ওরা সব পেয়ে গেছেন।'

হামিদ বলেন, 'আর সবার খুব রাগ সোহরাওয়াদী, আবুল হাসিম আর শরৎ বসুর ওপরে। ওরা কেন অখও বাংলা চেয়েছিলেন।'

মোল্লা বলেন, 'খাজা নাজিম উদ্দিন চিফ মিনিস্টার প্রত্যেক সন্ধ্যায় নবাব পরিবারের মেম্বারদের নিয়ে দরবার বসান। পুনিবিজ্ঞানা হয়।'

মুজিব বলেন, 'সোহরাওয়াদী সাহেব নির্দ্ধের প্রতিষ্ঠ দেওয়া আসনে খাজাকে এমএলএ নির্বাচিত করে আনলেন তো, এই হচ্ছে তার প্রতিফল।'

টমটম ছুটে চলেছে। ঘোড়ার খুরের চুক্তিক আওয়াজ ওঠে পিচঢালা রাস্তার। সন্ধ্যার দ্রান আলো ক্রিক্তির রাত্তি জঁকে বসছে। ভ্রাম্যমাণ রিকণার পেছনে লন্ঠনের অর্ক্তির ক্রেই অন্ধকারকে যেন আরও গাঢ় করে তুলছে। লোকানে দোকারে অর্ক্তিন আর লোবানকাঠি জুলে ওঠে।

তারা কোট-কাচ্যবিদ্ধ পেছনে খাজে দেওয়ান লেনের মেসের সামনে থামেন।

শেখ মুজিব চ্রুড়্টাকা বের করে টমটমঅলার ভাড়া মিটিয়ে দেন।



20.

যুব সম্মেলন হবে আবুল হাসনাতের বাড়িতে।

সম্মেলনের এই স্থান ঠিক করা হয়েছিল যে সভায়, সেটার কথা তাজউদ্দীনের খুব মনে পড়ে। ঘটনার শুরু একটা চিঠি থেকে। কলকাতা থেকে চিঠি এসেছে কামরুদ্দীন আহমদের কাছে।

কামকন্দীন আহমদের বয়স মধ্য তিরিশ, গোলগাল প্রসম মুখপ্রী।

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজিতে এমএ করে আইন পড়েছেন
মূলিগঞ্জের এই মানুষ্টা থাকেন পুরান ঢাকায়, দারুল সক্রিয়
রাজনীতিতে। '৪৭-এর আগে করতেন মুসলিম লীগের আবুল হাদিম
১৯৭, যাদের বলা হতো বামপন্থী। আগে ছিলেন স্কুলশিকক। এখন
পুরোলন্তর আইনজীবী কাম রাজনীতিবিদ। ২২ বছরের দিব্যকাতি
গোলগাল নাতিদীর্ঘ তরুল তাজউদ্দীন আহমদ তার সার্বক্ষণিক সঙ্গী
কামরুক্ষীন আহমদ করের বছর আগে ১৫০ মোগলটুলীতে মুসলিম লীগের
অফিস খুলেছেন, যাকে তারা বলেন পার্টি হাউন। তিনতলা বাড়ির
দোতলায় পার্টি হাউন। নিচতলার লগালের দোলান। এর আগে মুসলিম
লীগের ঢাকার সব কাজকর্ম পরিচালিত হতো অইনে মঞ্জিল থেকে।
প্রানেশিক মুসলিম দীগের নাধারণ সম্পাদ্ধ আবুল হাশিম ঢাকার
প্রগতিশীলদের উদ্বুজ করেন মুসলিম লীগ ব্যব্ধান্ত ভিন্তুক করে দিতে।
তারই আদর্শে উদ্বুজ করে ব্যবসক্ষীন অইন্সুল্য এই পার্টি হাউন থেকেন।

তাজউদ্দীন আহমদ ফুলটাইম ক্ষী)) আর পার্টটাইম কমীদের মধ্যে উল্লেখযোগ্য একজন হলেন কৃষ্ণিক্রী ছোটখাটো ওকনো এক যুবক, তাঁর নাম খন্দকার মোশতাক অক্সেম

ব্যাসমা আর ব্যাসমি অফুগাছের ভালে বসে খুনসূটি করে। হঠাৎ ব্যাসমা কণ্ঠস্বরে প্রস্তীরে জিটিয়ে বলে,

আলোকে স্কুলি পালে থাকে অন্ধনার, তাজউদ্বিশ্ব পালে আছে খন্দকার ॥ খন্দকার তাজউদ্দীন দুজনের দিকে, লক্ষ্য রাখতে হবে ঐতিহাসিকে ॥ আজ তারা পাশপাশি করছেন কাজ, খন্দকারের সহিত আমাদের তাজ ॥ একদা তাজউদ্দীনে হত্যার অর্ডার ৩১ বছর পর দেবে খন্দকার ॥

'কলকাতা থেকে আসা চিঠিতে বলা হয়েছে'—কামরুন্দীন সাহেব পায়চারি করেন আর বলেন, 'বামপন্থী যুবকদের নিয়ে একটা সংগঠন করতে। সে জন্য ঢাকায় একটা কনফারেস করতে বলছে।' তাজউদ্দীন আহমদের কপালে ভাঁজ পড়ে।

তাঁরা আলোচনায় বসেছেন পার্টি হাউসেই। আরও দু-চারজন নিয়মিত বিশ্বস্ত কর্মী সেখানে উপস্থিত।

খুব সতর্ক থাকতে হচ্ছে। কারণ, এখন বামপন্থীদের সমাবেশ করার চেষ্টা মানেই খাজা নাজিম উদ্দিনের গুডাদের দ্বারা আক্রান্ত হওয়া।

কামকন্দীন বলেন, 'শেরেবাংলা এ কে ফজলুল হক পর্যন্ত এই গুডাদের ভয়ে আলাদা বাসাও নিতে পারছেন না, ঘর থেকে বেব হয়ে আইন ব্যবসাও করতে পারছেন না। অথচ উনি ছিলেন অবিভক্ত বাংলার প্রধানমন্ত্রী আর লাহোর কনফারেলে পাকিন্তানের প্রভাবক।

তাক্ষউদ্দীন বলেন, 'হাা, ফজলুল হক সাহেব যেদিন ফুলবাড়িয়া রেলস্টেশনে আসেন, সেদিন তাঁকে গুভারা কালো পতাকা দেখিয়েছে।'

কামক্রন্দীন বলেন, 'উনি যাতে বাসা ভাড়া করতে ব্যু ব্যুরেন, সেই জন্য নাজিম উদ্দিন নিয়ম করেছে, এখন প্রাদেশিক ব্যুক্তানীর জন্য বাড়ি দরকার, কোনো বাড়ি ভাড়া দিতে হলে সুকৃত্তির পারমিশন লাগবে। শেরেবাংলাকে বাড়িভাড়া দেওয়ার পারমিশ্ব প্রেউ পাচ্ছে না।'

তাজউদ্দীন বলেন, স্যার সলিমুদ্ধার তাগনে সাহেবে আলম ট্রাকে করে আদালত প্রাসপে তুকে পুমুক্তিন করেণ কীং কারণ, ফজনুন হক সাহেব নাকি জিমাহ সাহেবক্তি কিন্দুজ্জাল বলেছিলেন।'

কামকন্দীন বলেন, 'প্রেক্টিপার পক্ষে এটা বলা সম্ভব। কারণ, আমি একদিন পেরেবাংলার দুন্ধে দেখা করতে বার লাইব্রেরিতে গেছি। উনি বলনেন, "খর-দুর্জ্জারে চেহারা কেমন হবে, তা তোমরা জানো! তার এক চোখ ক্রিট্রেরিকে পা আর মর্ত্যে এক পা থাকবে।" নাম বলেননি। ক্রিজ্জামরা বুঝলাম। জিল্লাহ তো একচোখো চশমা ব্যবহার করেন। তাঁর এক পা পচিম পাকিস্তানে, এক পা পূর্ববঙ্গে।'

তাজউদ্দীন বললেন, 'ফজলুল হক তাঁর লাহোর প্রস্তাবে বলেছিলেন মুসলমানপ্রধান দেশ নিয়ে একাধিক রাষ্ট্র প্রতিষ্ঠার কথা, "স্টেটন" বলেছিলেন, জিল্লাহ দেটাকে বানালেন প্রিণ্টিং মিস্টেক, বানালেন একটা গাকিস্তান, আর ফজলুল হকও প্রাদেশিক মুসলিম লীগের সভাপতি হতে পারবেন না, সব মিলিয়ে জিলাহর ওপরে ফজলুল হকের রাগ তো থাকতেই পারে।

'আরে গুধু রাগ,' কামরুদ্দীন বলেন, 'উনি কী করেন, জ্ঞানো, একবার পকেট থেকে আট শ টাকা হারিয়ে পেল। উনি লিখে রাখলেন, জিনাহ ফান্ড আট শ টাকা, রিকশাওয়ালা হাইকোর্টে যাবার ভাড়া চাইল বারো আনা, হাইকোর্টে পৌছে বলল, দিতে হবে এক টাকা, উনি দিলেন এক টাকা, আর বাড়ি ফিরে নোট রাখলেন, রিকশাভাড়া বারো আনা, জিল্লাহ ফান্ড চাব আনা। আমি একদিন তাঁর নোটবই দেখে অবাক। আপনি জিল্লাহকে সারা দিল গালি দেন, আবার জিল্লাহ ফান্ডে টাকা দান করেন। উনি বললেন, "যে টাকা চুরি হয়, যে টাকা লোকে আমাকে ঠকিয়ে নেয়, দে সবই তো জিল্লাহ ফান্ডে যায়, নইলে যায় কোথায়। হা হা হা।" তাহলে আমারা কোথায় করতে পারি যুব সম্মেলন?"

একজন কর্মী বলেন, 'বার লাইব্রেরিতে।'

'আরে বললাম না, বার লাইব্রেরিডেও সাহেবে আলম গুরু নিয়ে হামলা চালায়'—কামরুদ্ধীন সাহেবের চোখেমুখে উদ্বেগ।

'তাহলে?'

কামরুদ্দীন বললেন, 'একমাত্র উপার, মিউনিসিংক্রিটির ভাইস চেয়ারম্যান হাসনাতের বাসায় করা। হাসনাত করে আহেন মুখ্যমন্ত্রী খাজার ওপরে। কারণ, খাজা সাহেবে আলমরে অপুন মিউনিসিপ্যালিটির ভাইস চেয়ারম্যান করতে চান।'

'সেটাই ভালো।' উপস্থিত সবাই এই প্রস্থাবে সমর্থন জানালেন।

এইভাবে এই সমোলনের স্থান **নির্দ্রা**রিত হয়।

সম্মেলন আগামীকাল। আছু তাই পার্টি অফিসেই ব্যস্ত সময় কাটছে তাজউদ্দীনসহ ঢাকার অনেকৃত্যুক্তমীর।

প্রতিনিধিরা আস্কের্ম সুশের বিভিন্ন স্থান থেকে, তাঁদের অভ্যর্থনা জানাচ্ছেন তাঁরা। শুরুত্রেপটি হচ্ছে বিরামহীভাবে।

এরই মধ্যে এই প্রার্থা বৃষ্টি নিয়ে হাজির হলেন শেখ মুজিব। কলকাতা থেকে এসে এই প্রথম তাঁর পার্টি হাউসে আসা। মুজিবকে দেখে সবাই হইহই করে ওঠে।

মুজিব সবার সঙ্গে হাত মেলান। প্রত্যেকের নাম ধরে ডাকেন। কথা বঙ্গেন। অছুত স্মৃতিশক্তি লোকটার। ডাজউন্ধীন থেয়াল করছেন। যাকে তিনি একবার দেখেছেন, তার নামই কি তাঁর মনে থাকে!

তাজউদ্দীনের দিকেও এগিয়ে আসেন মৃদ্ধিব। 'কী খবর, তাজউদ্দীন, খাজা নাজিম উদ্দিনের আঞাদ পাকিস্তান কেমন লাগছে?'

তাজউদ্দীন হাত বাড়িয়ে মুজিবের সঙ্গে করমর্দন করলেন। প্রশ্নের উত্তর দিলেন না। উত্তর তাঁদের দুজনেরই জ্বানা। উর্দৃতাধী নাজিম উদ্দিন পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী, এটা তাঁদের পছন্দ নয়। নবাব পরিবারই দেশ
শাসন করবে, এটাও না। আর পাকিস্তানিরা ব্রিটিশদের মতো বাংলাকে
উপনিবেশ বানিয়ে তুলুক, সেটাই বা কে চায়। কিছু না বলে বরং
তাজউদ্দীন মুখে মৃদু হাসি ফুটিয়ে তুললে। শেখ মৃদ্ধিব বললেন, 'উদ্জিরে
আলার মর্জি। ভালোই আছে। হা হা হা।'

মুজিব কথা বলছেন। অফিসের সবাই তাঁকে ঘিরে ধরল। মুজিব বললেন, আসার সময় লিডারের সাথে দেখা করে এসেছি। সোহরাওয়াদী সাহেব বলেছেন, "ভূমি যাও। গ্রাউড ঠিক করো। সময়মতোই এই পূর্ব বাংলায় আমি আসব"।

বিদ্যুৎ চমকাছে। হঠাৎ হঠাৎ আলোর ঝলকানি, একটু পর প্রচন্ত গর্জন। আজ আর বাসায় কেরা হবে না। পার্টি হাউসের কেনেক্টেই গুয়ে পড়েন তাজউদ্দীন।

কিন্তু তাঁর ঘূম আসতে চাইছে না। নাল ক্রি সিনে পড়ছে। কিছুনিন আগে, পাকিন্তানের স্বাধীনতা প্রাপ্তির ক্রি দশেকের মাথায় তিনি গিয়েছিলেন ফুলবাড়িয়া রেলওয়ে ক্রেটার্ম। নতুন স্বাধীনতা পেয়ে লোকজন চেষ্টা করছে সবকিছু সুষ্ঠি করে তুলতে। স্টেশনে গিয়ে দেখা গোল, সুষ্র নিয়ম করা হয়েছে চিকেট বা গ্র্যাটকরম টিকেট ছাড়া কেউ গ্রাটাফরমে যেতে পান্ধর মুক্তি কিন্তু সমস্যা হলো, গাড়িভাড়া নিয়ে গাড়িফরমে যেতে পান্ধর মুক্তি করে সমস্যা হলো, গাড়িভাড়া নিয়ে গাড়িফরমে যেতে পান্ধর মান্ধার করা করে গাড়িফর গান্ধর মান্ধীকের করি বিল করা গান্ধর বিভিন্ন গান্ধর বিশিল গান্ধর বিশিল গাড়া চাইছে। এর একটা প্রতিকার করতে হবে। একটা ট্রিকে ভাড়া করতে হবে। কিন্তু এ কী!

আপার ক্লাসের প্রবেশপথের মেঝেতে একজন উলঙ্গ বৃদ্ধা পড়ে আছেন মৃত্যুপথযাত্রী। কেউ তাঁর দিকে খেয়াল করছে না। তাজউদ্দীন দিটেছার্ভ হাসপাতালে টেলিফোন করলেন। সাড়া পেলেন না। তিনি ছুটলেন হাসপাতালে। চিকিৎসকেরা বললেন, 'আমাদের তো কিছু করার নাই।' লীগ অফিসে গিয়ে আবারও ফোন করলেন একজন সহকারী স্টেশনমান্টারকে। তিনি আখাস দিলেন ব্যবস্থা হয়ে যাবে। তারপর তাজউদ্দীন ব্যব্ত হয়ে পড়লেন কলকাতা থেকে আসা কর্মকর্তাদের রেলওয়ে স্টেশনম তার্ভবিধা জানানোর ব্যবস্থা করতে। একটা ট্রাক জোগাড় করলেন ভিক্টোরিয়া পার্ক এলাকা থেকে। ট্রাকের গায়ে সাঁটালেন মুসলিম

লীগের ব্যানার। ট্রাক নিয়ে অপেক্ষা করতে লাগলেন মেইল ট্রেনের জন্য। ট্রেন এলে নীলক্ষেত, পলাশী ব্যারাক আর চকবাজারে দুটো ট্রিপ দেওয়া হলো।

পরের দিন তাজউদ্ধীন আবার গিয়ে দেখলেন, ওই বৃদ্ধা পড়েই আছেন মেঝেতে। তিনি গেলেন স্টেশনমান্টারের ঝোঁজে। পাওয়া গেল সহকারী মান্টারকে। সহকারী মান্টার নোট দিলেন রেলওয়ে পুলিশ আব ডেপুটি মেডিকেল অফিনারকে। কেউ কর্ণপাত করলেন না। তিনি এবার ফোন করলেন ডিএমওকে। সহকারী স্টেশন ম্যানেজারের নোট নিয়ে তাঁর সতীর্থ শামসুদিন দেখা করলেন ডিএমওর সঙ্গে। তিনি আবার যথাযথ কর্তপক্ষকে আরেকটা নোট দিলেন।

সকাল ১০টা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত তাজউদ্দীন আর শামসুদ্দিন দৌড়াদৌড়ি করলেন বিভিন্ন অফিসারের কাছে, বিভিন্ন পারার। এর নামই আমলাতন্ত্র।

সন্ধ্যার সময় গিয়ে দেখা গেল মহিলা প্রকার নাই। প্রশাসন ব্যবস্থা নেওয়ার আগেই হয়তো প্রকৃতিই বারস্থা নির্মে ফেলেছে। জায়ণাটা পরিষ্কার। আর পরিষ্কার ছিল সন্ধ্যার পুরুষ্কি আকাশ।

কিন্তু তাজউদ্দীনের মনের তেতুক প্রেকে মরলা যায় না। ২২ বছরের যুবক, রাজনীতি করেন। 'কিন্তু মানুহার দুঃখ যদি দূর করতে না পারি, কিদের রাজনীতি?' তাজউদ্দীন ভূমিন।

আতে আতে পার্টি, হাউনের মেঝেতে তাজউদ্দীন ঘূমিয়ে পড়লেন। পরের দিন আর্ক্সকর্মাতের বাড়িতে প্রতিনিধি সভা শুরু হয় দুপুরে। পার্টি হাউস্ ফ্রেক্সই সবাই সরাসরি যান সম্মেলনে যোগ দিতে

বাইরে তথন থাজা নাজিম উদ্দিনের সমর্থকেরা ট্রাকে করে শহরময় মিছিল করছে। স্লোগান দিছে এই যুব সম্মেলনের বিরুদ্ধে, 'ভারতের দালালেরা ইশিয়ার, সাবধান, পাকিন্তান ধ্বংসের চক্রান্ত বন্ধ করো, বন্ধ করো ' স্লোগানে স্লোগানে গুডারা ঢাকার আকাশ আচ্ছর করে ফেলছে।

প্রচণ্ড বৃষ্টি এসে তাদের সেই বিষোদৃগারকে ধুয়েমুছে দেওয়ার চেষ্টা করছে।



23.

টুঙ্গিপাড়ায় ফিরছেন শেখ মুজিব। নৌকায় চড়ে। ঢাকা থেকে প্রথমে লঞ্চ। লঞ্চয়াট থেকে নৌকা। এই হলো বাহন। বেশ সময় লেশে যায় দিনে দিনে টুঙ্গিপাড়া পৌছানো যায় না। ফরিদপুর থেকে গোপালগঞ্জ যাতায়াত করতেই লাগে ৬০ ঘণ্টা।

এখন তাঁর নৌকা ভাসছে বাইগার নদীতে। মধুমতীর শাখা এই বাইগার তাঁকে মধুমতী থেকে নিয়ে থাছে টুপিপ্দর্মি হেমন্তকালের বিকেশ। নদীর দুধারে সবুজ ধানখেত। ধানগাঙে শিক্ত মানেছে তবে পুট হয়নি শিবের ধান। বাভাসে তেওঁ খেলে মার্মন্ত ধানখেতে। দূরে দূরে ঘরবাড়ি। গাছগাছগার ছাওয়া সবুজে ঢাকা ব্রাপ্তিনারগুলো। কোথাও মাথা উচু করে দাঁড়িয়ে আছে ভালগাছ। স্পাক্তাছ আর বাশঝাড়ও চোখে পড়ে পুর। মাছরাঙা ঝাঁপিয়ে পড়ছে প্রদাক্তি তারপর ঠোঁটে মাছ ধরে উড়াল দিছে আনলে। পানকোড়ি ক্রেন্টিকও দেখা ঝাছে কর্বনো কখনো। পানকোড়ি ছব দিছে, আবিষ্ক করে ভালগিত ভালগির ভেতর থেকে। দূরে আধা তোরা ধানখেতে ব্রুক্ত সাদা বক।

চরাচরজুড়ে কাশক্র কাশকুলে সাদা হয়ে গেছে সব। এত নরম, এত শুদ্র, এত বিভারেক

কতগুলো ক্ষি সাঁতরে নদী পার হচ্ছে। তাদের পেছনে ভাসছে একটা রাখাল। রোজ সকালে গরু নিয়ে সাঁতরে নদী পার হয়ে চরে আসে এরা। সারা দিন গরু চরিয়ে আবার সাঁতরে নদী পার হয়ে ঘরে ফেরে গরু আর গরুর রাখাল।

নৌকার পাটাতনে বসে আছেন মুজিব। তাঁর চশমা পরা চোখ বাংলার অপূর্ব নিসর্গপোভা তৃথিতের মতো পান করে চলেছে। তাঁর পরনে পাঞ্জাবি আর গায়জামা। ২৭ বছরের পরিপূর্ণ যুবক বহুদিন পর বাড়ি ফিরছেন। মধ্যিখানে কিছুদিন রেনুই গিয়ে থেকে এসেছেন কলকাতায়।

কলকাতায় আর যাওয়া পড়বে না। এর মধ্যে রেজাল্ট হয়ে গেছে . বিএ পাস করেছেন তিনি। ঢাকা থেকে তাই মিষ্টি কিনে নিযেছেন কয়েক সেব তকনো লাড্ডু নিয়েছেন, যাতে দেরি করে বাড়ি পৌছালেও নষ্ট না হয়।

বাড়ি থেকে চিঠি এদেছে তাঁর মেদের ঠিকানায়। তাঁর একটা মেয়ে হয়েছে। মেয়ে হওয়ার খবর পেয়েই তিনি বাডির উদ্দেশে ঢাকা ছেডেছেন।

ঢাকায় থাকলে কাজ থাকবেই। পাকিস্তান গণতান্ত্রিক যুবলীগ গঠিত হয়েছে তার কমিটিতে ডিনিও আছেন। মুসনিম লীগের প্রতিক্রিয়াশীল অংশ কেন্দ্রে আর প্রদেশে ক্ষমতায়। তারা এখনই নানা ধরনের অথবঁতা আর বাঙালিবিরোধিতার বাক্ষর রেখেছ যথেষ্ট পরিমাণে। তাদের বিকলের আন্দোলন শুরু করতে হবে। সে জনা চাই সংগঠন। চাই কর্মসূচি। নেতৃত্বও দরকার। লিভার সোহরাওয়াদী খুব ভাড়াভাড়ি আসছেন না। একে ফজলুল হক তে। ঘর থেকেই বের হতে পারছেন না। ওজানের অত্যাচারে। আরেকজন আছেন। মওলানা আবদুল হান্দি ভান ভাসানী। শিলেটের রেফারেকজন আছেন। মওলানা আবদুল হান্দি ভান ভাসানী। শিলেটের রেফারেকজনেমর সমর তার সঙ্গে সলেটের রিফার মানুষকে আরুই করা কমভা আছে তাঁর। এই সম্বের্ক উর্জের কী, সেটা আকে বিরুক্ত বা দরকার। তো সেসব করতে গেলে, ঢাক্রার্ট থাকতে হয়। কিন্তু এই কাজের কোনো শেষ নাই, বিরামও সম্ব্রুক্ত করের ক্ষম্বের বিরিয়ে গড়েছেন ক্রম্বিয়ার উদ্দেশে।

লঞ্চে অনেকের সঙ্গে দেখা ধ্রুমেন্ত্র এনের অনেককেই তিনি চেনেন অনেকের সঙ্গে তাঁর পরিচয় হর্তান মানুষের সঙ্গে পরিচিত হওয়া, তাদের খোজখবর করা—এই স্ব ্রিষ্ট ফজাগত অভ্যাস। আর এই যে পরিচিত

হলেন, এদের আর হাজীক ভুলবেন না তিনি।

নৌকায় আর্ক্ জ্বন্স ইয়েক যাত্রী। টুপিপাড়ার যাত্রীদের সবাইকেই তিনি চেনেন। তর্ন্ধপুদের চেনেন না, কিন্তু তাদের বাবা-মাকে চেনেন। গল্প করতে করতেই যাছেন তিন। 'কী রে হাশেম আলী, তোর কী খবরং তোর বড় চাচার থা ভেঙেছিল জামগাছ থেকে পড়ে, পা রিক হয়েছে? খোঁড়ায়া হাঁটে। আবদূল মজিদের কী খবর। ভূই না মাদারীপুরে দোকান দিয়েছিল কিয়ের দোকান? মনোহারি? আছে দোকান?

'গোপালের কী খবর। ছেলেটার নাম যেন কী? নেপাল। খুব ভালো গানের গলা না?'

'মজিদ চাচা দেখি অনেক শুকিয়ে গেছেন। গালটা বসে গেছে। থুতনির ডগায় দাড়ি আগাছার মতো।' মুজিব নৌকার মাথার গলুইয়ে বসা বছর পঁয়তাশ্লিশের একজনকে দেখে মনে মনে ভাবেন। 'চাচা, ও মজিদ চাচা, নীল রঙের পাঞ্জাবিটা তো ভালো পরেছেন।' মজিদ হাসেন। বলেন, 'বাবা, ভূমি এত দিন পরে আইলা ভালো আছো তো, বাবা।'

'জি চাচা, আপনাদের দোয়া।' মুজিব একটু বাঁ দিকে সরে বসেন। সবাই ভান দিকে সরে আসায় নৌকার ভান পাশটা হেলে আছে।

মজিদ বলেন, 'বাবা মজিবর, তোমার লাইগা আমি প্রত্যেক নামাজের ওয়াক্তে দোয়া করি। বাবা, তুমি জানো, তুমি আমার ছোট পোলাটার জান বাঁচাইছিলা। সেই যে গেরামে খুব আকাল পড়ল, বাবা, কারও ঘরে খাওয়া নাই। তুমি আমগো বাড়ি গেলা। গিয়া কইলা, "লাল মিয়া আছে নার্কি"

'লাল নিয়া তো তথন খিদায় আধমরা। আর অর ছেটটা ফুল মিয়া, সে মারা যায় যায়। কিছু খায় নাই। খালি "খিদে দেশেউই মিদে লেগেছে" বইলে কান্দে। অর মা ওরে কলার থোর সেছ ক্রিট্রেস্টান্যে কয়, "খা " তুমি বাবা, ফেরেশতার মতো এইবেস পড়লে অর্কেল, "কী হয়েছে। ফুল মিয়া কান্দে কেন।" আমি কই, বাবা, মুরে কিছু নাই। খাতি দিতি পারি না। তাই কান্দে।

তৃমি বললে কি, "চলো জান্ত স্থেপ। আমাদের গোলায় তো ধান চাউল আছে।" তৃমি আমাদের তেইবলৈ নিলে। "আনো আনো, চাউল দিমু।" ভনে আমগো বাড়ির জান্ত তুলিজন তোমার পিছে পিছে লিছে ধরল বাবা, কী করব, কারুক চুরুলি তো খাবার নাই। তুমি গিয়ে গোলাযর খুইলে আমগো চাউল কিট্রা তাই করলে। আমি তুমি গিয়ে গোলাযর খুইলে আমগো চাউল কিট্রা তাই করলে। আমি তুমি বিলে। ভর্তির চাউল লাম। অরা জিনজ্রপাও নিল। সেই সময় এলেন ভোমার বাপে কয়, "ও খোকা, কী কলো।" তুমি বললে, "লাল মিয়া, ফুল মিয়া না খায়া আছে, বাবা। অগো চাউল দেই।" তোমার বাপে হাসব না কানব বুঝতে পারে না। আমি কই, "ভাইজান, পোলায় ডাইকে এনে দিয়েছে। কইলে ফেরত দেই " পুবছর ভাই কয়, "ক্যান, ফিরত দিবা ক্যান। আমার পোলায় কি তোমগো কেরত দেওনের লাইগা দিছে। শেখ বাড়িতে এয়েছ আশা নিয়া। নিরাশ হইয়ে ফিরত যাবা?" সেই দিন এই চাউলটা না পাইলে ফুল মিয়া মইরেই থাইত, বাবা। ভোমারে অনেক দোয়া করি। ভোমার শত বছর পরমায় থাক।।

মুজ্জিবের চোখ ছলছল করে ওঠে। আহা রে আমার বাংলার গরিব মানুষ! কত অল্পে খুশি! কত কম তাদের চাওয়া! খালি একটু মুখের অন্ন পেলেই ওরা সুখী। এই সুখটাই তাদের কেউ দিতে পারল না!

রেনু ভালো আছে তো? মেয়েটা কেমন আছে? আহা রে! প্রথম বাচ্চাটা বাঁচল না। বেঁচে থাকলে আজকে বছর দেড়েক বয়স হতো। তিনি স্বামী হিসেবে, বাবা হিসেবে তো ভালো না। স্ত্রী-সন্তানের বোঁজখবর তো ঠিকভাবে নেন না।

যে কন্যাকে তিনি এখনো দেখেননি, তার জ্বন্য তার বুকের ভেতরটী মাঝির বৈঠার আঘাত পাওয়া নদীর পানির মতো ছলাৎ ছলাৎ করে উঠছে। পড়ত্ত বিকেলবেলার রোদ ওয়ে আছে কেবল শিষ আসা ধানপাছগুলোর বুকের পরে, আকাশ ঘন নীল, মাঝেমধ্যে সাদা মেঘ, দিগত্তব্যাণী যেন মারা আর মারা।

তিনি অকারণে বিড়বিড় করতে থাকেন— গান গেয়ে তরী বেয়ে কে আসে পারে! দেখে যেন মনে হয়, চিনি উহারে।

পেখে বেন মনে হয়, চোন ভহারে।
ভরা-পালে চলে যায়, কোনো দিকে না

েউগুলি নিরুপায় ভাঙে দু ধারে—ু

দেখে যেন মনে হয় চিনি উহারে

তিনি তাঁর সদ্যোজাত কন্যাটিকে ক্রিকটানি। অথচ 'মনে হচ্ছে সে আমার কত দিনের চেনা।' কেনু এছক হয়। নিজের মেয়ে বলে? নিজের অতিত্বেরই একটা উৎস্কর্মাকেন।

নৌকা ঘাটে ভেডে প্রীর্ম বাক্স দুইটা বহন করার জন্য নৌকাযান্ত্রীদের
মধ্যে কাড়াকান্তি ক্রেড যায়। তিনি মাঠ পেরিয়ে বাড়ির খোলার ওঠেন।
সূর্য অনেকটা হৈছিল পড়েছে। আলোর রং হলুদ। কাচারিঘরের টিনের
চালটাকে হলুদ নদীর ঢেউ বলে মনে হচ্ছে।

সাদা গাভির পাশে একটা সাদা রঙের বাছুর। মা তার সন্তানের গা চাটছে পরম যন্ত্রে। বাছুরটা গা এলিয়ে দিয়ে সেই আদর উপভোগ করছে।

মায়া, মায়া! এই জগৎটা মায়ার বন্ধনে জড়ানো।

তাকে ঘাট থেকে উঠে আসতে দেখে এরই মধ্যে বাড়িতে বাড়িতে থবব বটে গেছে। বাঞ্চাকাচ্চারা সব ছুটে ছুটে আসছে। বউঝিরাও মাথায় কাপড় তুলে দিয়ে উকি দিছে, কেউ বলছে, 'মিয়া ভাই, মাইয়া খুব সুন্দর হুইছে, যান, ঘরে যান।' কেউ বলছে, 'মঞ্জিবর, আইলা, একেবারে পাকিস্তান বানায়া তারপর আইলা!' একজন বলে, 'মজিবর, বাবা, এত গুকায়েছ কেন!'

শেখ মুজিব নিজেদের বাড়ির উঠানে পা রাখেন। মা ছুটে আসছেন রাল্লাঘর থেকে। 'কেমন আছো, বাবা?'

'ভালো আছি, মা, ভোমাদের দোয়ায়। ভোমরা কেমন আছো?' মা আন্দোন। ছেলেকে জড়িয়ে ধরেন। মায়ের গায়ে একটা জচ্নুত পদ্ধ। মনে হয়, আলোয়ার গদ্ধ।

'বাবা কই, মা? গোপালগঞ্জে?'

'হাঁা, বাবা। গোপালগঞ্জ। যাও, বাবা, ঘরে যাও। বউমা তোমার মাইয়ারে খাওয়ায়।'

মুজাবি নিজারে ঘরে যান। পাকা ঘর। সুদার নকশা করা দয়োপা, ভাভা। ছোটো কিন্তু সুদার।

বারান্দায় উঠে তিনি আওয়াজ দেন, 'রেনু, আমি ধাই গেছি।'

রেনু বলেন, 'আসো।'

বাইরের আলোকিত প্রাঙ্গণ থেকে ঘরে ক্রিক্ট প্রথমে তাঁর মনে হয় ভেতরটা বেশ অন্ধকার। তারপর তাঁরে ক্রেট বাতত্ব হলে তিনি দেখতে পান, বিছানায় রেনু অর্ধশায়িত। ক্রিক্টেল ফুটফুটে একটা বাজা:

মা বারান্দা থেকে বললেন ক্রিউর্লি আমার মাশাল্লাহ সুন্দর হইছে। সেই জন্য তোর বাবা তারু সুমার বিশহে হাসিনা। হাসিনা মানে সুন্দর।

মুজিব বাচ্চাটাকে পুদ্ধুক্ত হাতে কোলে তুলে নেন। ওাঁর বুকের কাছে ধরে বাচ্চার চোখের দ্বিকে তাকান। তাঁর বুকটা ভবে ওঠে।



রেনু বাচ্চা নিয়ে রোদে আসেন। রোচ্ছ সকালবেলা উঠানে মাদুর পেতে হাসুর ছোট্ট শরীরে রোদ লাগান, হাতে-পায়ে সরষের তেল মাথিয়ে দেন দাদি। রেনু পাশে বসে তাঁকে সাহায্য করেন।

বারান্দায় দাঁড়িয়ে সেই দৃশ্য উপভোগ করেন মুজিব। ছেলে এসেছে। নতুন ধান কাটার নির্দেশ দিয়েছেন লুংফর রহমান। উত্তরের ভিটায় একটা খেতে আগাম ধান ওঠে। তার বিছনই ওই রকম ধান কেটে মাড়াই করে আটা কোটা হবে। তারপর বানানো হবে পিঠা। নারকেলগাছে চড়িয়ে দেওয়া হয়েছে শামসু গাছিকে। লুংফর রহমান সেসবের তদারক করছেন।

সায়রা বেগম বলেন, 'বউমা, আজকে পোলাও রান্ধি, কী কও?' রেনু বলেন, 'আপনি যেটা ভালো মনে করেন, মা।'

সায়রা বেগম বাচ্চাটার হাত-পা একথানে করে একটু শরীরচর্চা মতো করেন। মুখে বলেন, 'তাইলে তো মোরগ ধরা লাগে। জয়নাল কই, জয়নাল।'

জয়নাল তাঁদের গৃহপরিচারকের নাম।

লুংফর রহমান সাহেব আসেন। জয়নাল তাঁর পেছনে পেছনে। জয়নালের দুহাতে অনেক নারকেল।

লৃৎফর রহমান বলেন, 'আরে, গাছের কেউ মৃত্যু-প্রান্ত করে নাকি? ঠিকমতো গাছ পরিষ্কার না করলে নারিকেল মুখ্যু-প্রক্রমাল মিয়া কোনো কামের না।'

মজিব হাসেন।

বাবা বলেন, 'খোকা, বিএ তো পার ক্রালাঃ এইবার কী করবাঃ' মূজিব বলেন, 'ঢাকা ইউনিসাম্বাটিটে ভর্তি হব, বাবা ।' 'ভালো। বিএ-তে সাব্যক্ষ্ম ক্রিনিছিলাঃ'

'হিস্ট্রি আর পলিটিক্সলে স্থান্তরেন্স।'

'ভালো: এইবার স্থাত। আমার বড় শখ, বাবা, তোমারে আ্যাভজাকেট বার্দ্ধান বাঝো তো, আদালতে সেরেন্ডাদারি করি দেখি তো। উকিলদেরই সম্মান। আর তুমি তো পলিটিক্সও করবাই। উকিল হইলে পলিটিক্স করা যায় ভালো। তোমার নেতা সোহরাওয়াদী সাহেব, শেরেবাংলা, কায়েদে আজম—সবাই তো উকিল-ব্যারিস্টার। তাই না?'

'জি, বাবা।'

'তুমি ওকালতি পড়তে পারো না?'

'আপনি থখন, বাবা, শখ করছেন, নিশ্চয়ই আমি চেষ্টা করব। ঢাকায় গিয়া এবার আমি ল-তেই ভর্তি হব।'

এরই মধ্যে বাড়িতে ভিড় জমতে থাকে। মুজিবের শৈশবের বন্ধুরা খবর পেয়ে গেছেন। তাঁরা আসছেন। মুসলিম লীগের মাঠপর্যায়ের কমীরাও আসছেন দল বেঁধে। আর আছে সাহায্যপ্রাধীদের দল। তারা জানে, মজিবরের কাছে চাইলে না গুনতে হবে না।

জয়নাল লেগে পড়ে মোরগ ধরতে। পাড়ার আর ছেলেমেয়েরা তাকে সহায়তা করে। মোরগটার অবস্থান আছিনাতেই। চারপাশ থেকে সবাই মোরগটাকে ঘিরে বৃত্ত রচনা করে। তারপর বৃত্তটা ছোট করে আনতে থাকে।

কাচারিঘরে দর্শনাধীদের ভিড়ে বসে নতুন দিনের কর্তব্য সম্পর্কে কথা বলতে বলতে মুজিব ভনতে পান মোরগের কক কক আওয়াজ। সবাই ছল্লোড়ও করে উঠছে। মোরগটা ধরা পড়েছে।

রাতের বেলা মুজিবের সলে দুটো কথা বলার সুযোগ পান রেনু। ঘরের এক কোশে একটা আলমারি। আর একটা ছোট্ট টেবিল। টেবিলের ওপরে রাখা দর্চন। কেরোসিনের গন্ধ আর আলো হুড়াক্টে বাড়িট্টা।

বিছানায় বসে মেয়ের কাঁথা বদলাতে বদলাতে কনু বলেন, 'তুমি এবার একটু বেশি দিনের জন্য থাকতে পারেয় বি-হাসুর আব্বা!'

মুজিব হাসেন। 'ও পো, হাঁা গো, তার খিন্টে দুলা। এখন থেকে হাসুর আব্বা! আছা, তাহলে এবার আফ্রিড তাসাকে আর রেনু না বলে বলব হাসুর মা।'

'আমার প্রশ্নের জবাব ক্রেবিস্সম না!'

'কোন প্রশ্ন। এবার বিশিক্ষ্য থাকা! না গো। ঢাকায় অনেক কাজ।'
'এত দিন দেশ প্রাধীন ছিল। এত দিন না হয় কাজ ছিল। তুমি কলকাতায় ছিল। প্রক্রীনে তোমার লিভার ছিলেন। কিন্তু ঢাকায় কী?'

'এই স্বাধীনতা সিলা রাধীনতা না, হাসুর মা। আমার আসল লক্ষ্য স্বাধীন পূর্ব বার্ক্সা। লিডাররে কলিকাতা থেকে ঢাকায় নিয়া আসব। উনি আসবেনও কিছুদিনের মধ্যে। শান্তিমিশন নিয়া। এর মধ্যে আন্দোলন-সংগ্রাম করে পার্টি গড়তে হবে।'

'আবার জেলে যাবা না তো?'

'যেতে হলে যাব। আমি তোমাকে বলছি না, যে মৃত্যুরে, জেল-জুলুমরে ভয় পায় না, তাকে কেউ দাবায়া রাখতে পারে না।'

'তোমার কিন্তু এখন একটা মেয়ে আছে i'

'আমার মেয়ের একটা মা-ও আছে।'

'খালি মিষ্টি মিষ্টি কথা।'

'দাঁড়াও। পড়াশুনাটা শেষ করে নেই। তারপর ঢাকায় বাসা নিয়া

তোমাকে নিয়া যাব। এরপর আর তোমাকে গ্রামে থাকতে হবে না।

'গ্রামে থাকতে আমার কোনোই আপত্তি নাই। বাবা আছেন মা আছেন। তাঁরা আমাকে খুব যন্ত্র কইরেই থুরেছেন। তোমারে লাগবে না। আর তা ছাড়া আমি বাবা-মা মরা মেরে। মা আমারে নিজের মেয়ের মতো মানুষ করেছেন। উনিই আমার মা। উনিই আমার বাবা।'

'বিয়া হয়ে গেলে নিজের মেয়েও তো ঘরে থাকে না। থাকে?'

'আছা। যুক্তি মানলাম। তুমি বললে যাব। তুমি তো রাজনীতি করবা। গ্রেপ্তার হবা। তখন আমার কী হবে?'

'তুমি চাও না আমি রাজনীতি করি? তাইলে কি আমি লক্ষী হেলের মতো ল পড়া শেষ করে কালো কোট পরে ওকালতি করব। তাইলে তুমি সুখী হবা?'

'না একট্ট আগে না তুমি বললা দেশ এখনো স্বাধীক কানীই। তোমার আসল লক্ষ্য পূর্ব বাংলার স্বাধীনতা। তুমি দেশের কাজ কর্মটি নামছ। দেশের কাজই করবা। আমার কথা ভেবে তোমারে গুরুষ্টি করা লাগবে না।'

'আমি জানতাম, তুমি এই রক্ষই রলবা কিন্তু তুমি কী বুঝতেছ। বলো তো।'

'বাবা রেডিওর ব্যাটারি কিনা ক্রম্বার্চন। উনি যখন বাড়িতে আসেন, ধবর খনেন। আমরাও খনি ক্রম্বর্গ তো আগেও খনেছি, তাই নাং কিন্তু আজকাল রেডিও পাকিব্যানের খালুন তনে তো কিছুই বৃদ্ধি না। উজিরে আলা ফরমাইয়াছেন। মানে ক্র্ম্বি বাবা বেলন, এর মানে হলো প্রধানমন্ত্রী ছুকুম করেছেন। সদরে বিশ্বাব্দি করি হলেন, দেশের প্রধান। সংবাদরে বলেন এলান। জিনিট বলে ভসবির। আমি আর কইতে পারছি না গো। তুমি বাবারে জিলিও। ভনলে হাসতে হাসতে চোবে পানি এলে যাবানে '

'তুমি ঠিকই ধরেছ। থাজারা কোনো ঘোষণা না দিয়াই চূপে চূপে উর্দু ব্যবহার করা গুরু করে দিয়েছে। খামে, পোস্টকার্ডে সব জায়গায় উর্দু জার ইংরাজি। পুরা পাকিভানের জনসংখ্যার মধ্যে বাঙালিরা সংখ্যায় সবচেয়ে বেশি। বাংলা হবে সরকারি ভাষা। কিঞ্জ অরা উর্দু চাপায়া দিতে চায়। ঢাকায় এই নিয়া ছাত্ররা অসন্তর্ট। এই নিয়া আনদালন গুরু করা দরকার। মওলানা ভাসানী আহেল সভোষে। আবুল কাশেম ফজলুল হক বাইর হইতে পারতেছেন না থাজা নাজিম উদ্দিনের গুড়াদের ভয়ে। মোহবাওয়াদী সাহেব খৌজ পাঠাইছেন ঢাকায় আসা যাবে কি না। ফলে ছাত্রদেরই দায়িত্ নিতে হবে।' 'তুমি এমএটা শেষ কইরো।'

'সে আমি জেলখানায় গিয়াও শেষ করতে পারব। তুমি চিন্তা কইরো না। রাজনীতিকদের জন্য জেলখানাই পড়াশোনা করার আসল জায়গা। আসল পাঠশালা।'

'তোমার একটা মেয়ে হয়েছে। এইটা যেন খেয়াল থাকে।'

'আমার একটা বউ আছে। সে কি বুঝবে না যে স্বামী দেশের কাজ করে?'

'বুঝবে।'

রাত বাড়ে। দূরে কাশবনে শিয়াল হ্কাছ্য়া বলে ভাকে। পাল্লা দিয়ে তেকে ওঠে গৃহস্থবাড়ির কুকুরের দল। তারা হঠাৎ থেমে গেলে চারদিক নিস্তব্ধ বলে মনে হয়। গুধু কানে আসে ঝিঁঝির একটান্যু ভাক।

ঘুমের জাদুকরি স্পর্শ এসে মুদে দেয় সব কটা কে

টুঙ্গিপাড়ার শেখবাড়ির আঙিনায়, খুলিতে স্নাক্ত বাইগার নদীতে, কাশবনে, চরে, ঘুমন্ত ধানখেতে জোছনা স্ত্তেমধ্রে বালিতে গুকোতে দেওয়া চাদরের মতো।

২৩.

জগ্রহারণ মাস শৈষ হয়ে আসছে। শীত পড়ছে। তাজউদ্দীনের শরীরটা
ভালো নয়, প্রচণ্ড কাশি। সারা দিন নিমতলীর মুসলমান ছাত্রনের মেসে
নিজের বিছানার থারে রইলেন তাজউদ্দীন। দেয়ালে শেওল পড়েছে। সেই
শেওলার দিকে তাকিয়ে থাকলে নানা কিছুর আকার কল্পনা করে নেওয়া
যায়। একটা ভেড়ার মুখ যেন দেখা গেল ওই ওখানটায়। সে দিকে
তাকিয়ে থেকে সাত-পাঁচ ভাবছেন তাজউদ্দীন।

১৫০ মোগলটুলীর পার্টি অফিসে থাঁরা আসেন, তাঁদের মধ্যে একটা শুকনো পটকা তরুণকে প্রথম দেখাতেই কেন যেন অপছন্দ হয তাজউদ্দীনের। কোনো বিশেষ কারণ নাই। কুমিল্লা থেকে এসেছেন তিনি '৪৬-এর নির্বাচনের সময় কুমিল্লা অঞ্চলের পার্লামেন্টারি কমিটির সদস্যও ছিলেন। মানে মুসলিম লীগ থেকে কারা নির্বাচনে অংশ নেবেন, সেটা ঠিক করবাব দায়িত্ব কমিটির অন্যদের সঙ্গে তার ওপরও পড়েছিল। তরুপটির নাম খন্দকার মোশতাক আহমদ। তাঁকে অপছন্দ হওয়ার কী কারণ থাকতে পারে?

তাজউদ্দীন ভাবেন। প্রথম দেখাতে তাজউদ্দীন বলেছিলেন, 'আসসালামু আলাইকুম। কেমন আছেন?' মোশভাক জবাব দিয়েছিলেন, 'ওয়ালাইকুম আসসালাম, আল্লাহ মুসলমানদের সব সময় ভালো রাখেন। আলহামদুলিল্লাহ।' তাজউদ্দীনের জবাবটা কেন যেন পছন্দ বলো না আলভাইদীন নিজে কোরআনের হাকেন্ড, এখনো দরদারিয়া গ্রামে পেলে মসজিদে ইমামতি করেন, কিন্তু আল্লাহ প্রধু মুসলমানদের ভালো রাখবেন না, আর আল্লাহ মুসলমানদের ব্যাব্যার বাখাবেন, খারাপ রাখবেন না, এটা একটু বেশি সরলীকরণ হয়ে যায় না? আল্লাহ তো সবারই প্রভু। সর্বজনীন ও লাখত। তবু তাজক্ষীন ব্যাপারটা নিয়ে বেশি ভাবিত হতেন না, যদি না দেখকেন্সং ব্যাব্যার আরম্বান আহমদ জিজ্ঞেন করদেন, 'এই যে ক্রিকুর্টা, কেমন আছেন' তখন তিনি জবাব দিলেন, 'আপনার দোয়া, ছল্কিন্দীন সাহেব। আপনি আমার ওপুরে সব সময় দোয়া রাখবেন স্বিক্তিন আমি ভালো থাকব '

কামকন্দীন সাহেবও খেয়াল কর্মেছিলেন কথা বলার ধরনটা। পরে তিনি বললেন, 'ভাজউদ্দীন, আগুর্মাকৈ একটা কথা বলে রাখি। এই ছেলে বছনুর যাবে। মোসাহেবির এক্ট্রিপুর বড় প্রতিভা নিয়া দে কুমিল্লা থেকে

ঢাকা শহরে পা রেখেছে। (PX

সভ্যি সে তরত্দি প্রতিশিক্ষা নিগের আবুল হালিমপস্থি তথা সাগতিশীল যেসব ছাত্র আসছে, তাদের জন্য একটা ওয়ার্কার্স কাস্প ধূর্বলি হয়েছে। টাঙ্গাইলের শামসূল হক সাহেব আছেন তাতে, উনি আগতাত নেতৃত্বে বেশ এগিয়ে। আছেন শেখ মুজির, কিন্তু কার সঙ্গে আছেন এই খন্দকার মোশতাকও। এই লোক এই গ্রুণে না থেকে যদি থাকত প্রতিক্রিয়াশীল, খাজার তল্পিবাইল শাহ আজিজের সঙ্গে, তাহলেই যেন তাকে মানাত। বয়ুসে তিনি মুজিব ভাইয়ের চেয়েও বড়।

শাহ আজিজ সম্পর্কে আবুল হাশিম সাহেব সেবার ভালো বলেছিলেন। আবুল হাশিমকে তাজউদ্ধীনের সব সময় মনে হয় একজন অন্ধ হোমাবের মতো, যাঁর নিজের চোথের জ্যোতি কমে আসছে, অথচ যে কিনা আলো দেখাছেন বেপথু মুসলিম বাঙালিকে।

বিভাগ-পূর্বকালে প্রাদেশিক মুসলিম লীগের সাধারণ সম্পাদক আবুল

হাশিম কাছে থেকে দেখেছেন শাহ আজিজকে। কারণ, শাহ আজিজ কলকাতায় আগ্রন্থ গেড়েছিল। হাশিম বলেছিলেন, 'শাহ আজিজ আড়ালে আমাকে গালি দেয় কমিউনিস্ট বলে, আর সামনাসামনি দেখা হলে বলে, "হাশিম ভাই, আমি আপনার আদর্শের অনুসারী।" একই অবস্থা খুলনার আবনুস সবুর খানের। তিনি আসলে খাজা নাজিম উদ্দিনের তিব্লিবাহক, আর আমাকে মনে করে সন্ত্রাসবাদীদের পৃষ্ঠপোষক ও ঘোরতর কমিউনিস্ট। খাজা নাজিম উদ্দিনের তা-ই ধারণা। শাহ আজিজকে প্রথম দেখি ঢাকায় ডা. ময়েজউদ্দীনের বাড়িতে। তথন তাঁর বাবরি চুল। তাঁর সঙ্গেক কথা বললাম। মনে হলো, এর ওপরে আছা রাখা যায় না '

মুজিব ভাই দুই চোখে দেখতে পারেন না শাহ আজিজকে কৃষ্টিয়ার সম্মেলনে শাহ আজিজের মুখে যুধি মেরেছিলেন সেনিন বললেন, কলকাতার দাঙ্গায় শাহ আজিজেরা খুবই থারাপ জ্বিট্টাপালন করেছে। খাজা ঘোষণা দিয়েছিল, এই আক্রণন হিন্দু আক্রিটারের বিকল্পে, সেই কথাটা শাহ আজিজেরা প্রমাণ করার চেষ্টা উন্তর্গেছ। আর আবৃল হাশিম সাহেব বলেছিলেন, এই আন্দোলন ব্রিটান্টান্তর্গর বিরুদ্ধে, জিয়াহ সাহেব পর্যন্ত বলেছেন, শান্তি রক্ষা করা বিশ্ব সাহরাওয়াদী নিজের প্রাণ বিপন্ন করে দুর্গত হিন্দু এলাকায় দির্মেছিলেন

তাজউদ্দীন শেখ মৃত্তিক্তি কথার পিঠে বলেছিলেন, 'এমানতে খাজা কিন্তু খুবই ভিত্ত ক্রিপাওয়ে দেখেছিলাম না, এমারত পার্টির পক্ষে যখন হাজার ক্রিপ্তার মানুষ রামদা আর বন্ধম নিয়ে রেলস্টেশন ঘরাও করল ক্রিপ্তার করে কাঁপছিলেন। একমাত্র সোহরাওয়াদী সাহেব ওদের ক্লিক্টে চোখ রেখে নিভীক চিত্তে সোজা হেঁটে গেছেন।'

একটা টিকটিকি দেয়ালে নড়াচড়া করছে। মাকড়সার জ্বালে একটা পোকা আটকে আছে। তাজউদ্দীন সেই দিকে তাকান। টিকটিকি কি ওই পোকাটাকে থেয়ে নেবে? মাকড়সা কষ্ট করে জ্বাল পাতল, আর শিকারটাকে ভোগ করবে টিকটিকি? ভিম পাড়ে হাঁসে, খার বাগডাশে

তাজউদ্দীন পাশ ফিরে শোন।

আবার তাঁর মনের মধ্যে নানা ভাবনা ঘুরপাক খায়।

মুসলিম লীগ প্রতিক্রিয়াশীল সংগঠনে পরিণত হয়ে আছে। সবকার হয়ে পড়েছে আমলানির্ভর। দুই অংশে দুই সাবেক আইসিএস অফিসার দেশ চালাচ্ছে। জিল্লাহ তাঁর পাকিস্তান হওয়ার পর প্রথম বকুতায় বলেছিলেন, পাকিন্তান কোনো ইসলামিক দেশ হবে না, হবে ইসলামি সাম্যের আদর্শভিত্তিক দেশ, এখানে মুসলিম হিন্দু খ্রিষ্টান ইত্যাদি পরিচয় বড নয়, বড পরিচয় হবে পাকিন্তানি।

জিন্নাহর পক্ষেই এই রকম বক্তৃতা দেওয়া সদ্ভব। পোশাকে-আশাকে পূরোপুরি সাহেব। কংগ্রেসই করতেন। লোকে তাঁকে কোনো দিন নামাঞ্জ পড়তে দেখেনি। মদ্যপান করেন নিয়মিত। তাঁর মতো কেতাদুরন্ত মানুষ কমই আছে। তিনি হিন্দি বলতে পারেন না, জুর্দু বলতে পারেন না। পারিন্তান তাঁর বাড়ি দয়। জন্ম বোষেতে, কেউ বা বলে করাচিত। তাঁর বাবা ছিনেন গুজরাচি বাবসায়ী আর দাদা ছিনেন হিন্দু রাজপুত। করাচি খ্রিষ্টান মিশানারি স্কুলে পড়ে বোষের বিশ্ববিদ্যালয় থেকে ম্যাট্রিক করেন লন্ডনে বারারিগ্রার পড়েন, এশিয়ার সর্বকনিষ্ঠ সদস্য হিন্দেরে ১৯ বছরের মধ্যেই ইংল্যান্ডের বারে যোগ দেন। বোষেতে তাঁর ক্রেক্টিস ছিল খুবই তালো, ব্যারিষ্টারি করে তিনি খুবই নাম করেছিল্টি এই রকম একটা আধুনিক লোক যখন ছিজাতি ভল্ব প্রচাক্ষর বং এবং একটামার চাইপরাইটার নিয়ে পাকিন্তান প্রতিষ্ঠা করে ক্রেক্টের করেন বাবং একটামার প্রতিষ্ঠা রক্তির তার বারে মধ্যে গভগেন্স স্কুল । সেটা আর কিছু না, তাঁর শ্রেণীগত সীমাবন্ধতা, উপনিরেম্প্রিক্টার ক্রন। উর্বাচন বিরাধার ভারে ভারের ক্রিক্টার করেন। উর্বাচন বিরাধার করেন, তালের ব্রুক্তে হবে তাঁর মধ্যে গভগেন্স স্কুলন।

এই স্বাধীনতা স্বাধীনতা নহা ক্রিজ্জনীন আবার বলেন। বিছানা থেকে তিনি উঠে বন্দেন। উঠে সিক্স রান্নাঘরে পিপে থেকে গেলাসে পানি ঢালেন। পানি খান

কী করা উচ্চিত ইড়ের এখন?

'৪৭-এর ১০ কান্টের আগেই তাঁরা গণ-আজাদি দীগের পক্ষে বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবি ভুলেছেন। এই দাবি আজকের নয়। ১৭৭৮ দালে ব্রিটিশ লেখক নাথানিয়েল ব্র্যাসি হলহেড আ্যা গ্রামার অব দ্য বেঙ্গল দ্যাংগুয়েজ লিখেছিলেন। তখন উপনহাদেশের রাষ্ট্রভাষা ছিল ফারসি। হলহেড সাহেব তাঁর ব্যাকরণ বইয়ের ভূমিকায় লিখেছিলেন, ফারসির বদলে বাংলাকে রাজভাষা করা হলে কোম্পানি সরকারের সুবিধা হবে আজ থেকে ৩০ বছর আগে শান্তিনিকেতনে এক আলোচনা সভায় হিশ্বভাবে দিগুয়া ফাংকা হিশিক ইওয়া উচিত বলে মত উঠলে মুহ্মদ শহীদুয়াহ এর বিপরীতে বাংলাকে লিংগুয়া ফ্রাংকা করার পক্ষে তাঁর মত পুলে ধরেছিলেন। তাঁর পরপরই সৈয়দ নওয়াব আলী চৌধুরী ব্রিটিশ সরকারকে চিঠি লিখে জানান, ভারতের অন্য অংশে যা-ই করা হোক না

কেন, বাংলার রাষ্ট্রভাষা বাংলাই হওয়া উচিত। আর গত ১০ বছরে দৈনিক
আজানসহ বিভিন্ন পত্রিকায় রাষ্ট্রভাষা বাংলার পক্ষে অনেক দেখালেথি
হয়েছে। এটা বাঙালিদের আলোচনা ও বিবেচনার মধ্যে আছে যে বাংলার
রাষ্ট্রভাষা বাংলাকেই করতে হবে। এখন মুসলিম লীগের ক্ষমতাসীন
লোকেরা কেন সেটা ভুলে যাওয়ার ভান করছেন, তাজউদ্দীনের বোধণম্য
হক্ষে ন।

ঢাকায় বৃদ্ধিজীবীরা তমন্দ্র মজলিস গড়ে তুলেছেন। অধ্যাপক আবুল কানেম, নৈয়দ নজরুল ইসলাম প্রমুখ আছেন এই দলে। তাঁরা বাংলার পক্ষে লিফলেট বের করেছেন। তাঁদের ঘোষণাপত্র সমাবেশের মাধামে প্রকাশ করা হয়েছে। অধ্যাপক আবুল কানেম, কাজী মোতাহার হোসেন, আবুল মনসুর আহমদের মতো অধ্যাপক-সাংবাদিকেরা এতে প্রবন্ধ পাঠ করেছেন। কাজী মোতাহার হোসেন বলেই দিয়েছেন, 'বর্তমানে যদি গায়ের জারে উর্দুকে বাঙ্গালী হিন্দু-মুসলমানেক উত্তর্গরাষ্ট্রভাষা রূপে চালাবার চেটা করা হয়, তবে সে চেটা ক্ষিত্র বাইভাষা রূপে অসন্তোষ বেশি দিন চাপা থাকতে পারে বা শিষ্ট হারেলে পূর্ব-পদ্যিমের সম্বন্ধের অবসান হওয়ার আশংকা ক্ষেত্রতি প্রতি হারে পূর্ব-পদ্যিমের

এই সব কাণ্ড যখন ঘটছে অক্টিক্সীন তখন দরদরিয়ার। তবে তিনি সব খবরই পান। সাইতেই সিয়ে একবার পার্টি অফিস, একবার কামরুন্দীন সাহেবের বাস্থা বুরুর্ত্ত ঘুরে বেড়ানো আর সবকিছু পর্যবেক্ষণ করা তাঁর স্বভাব।

এর মধ্যে ক্রিক্টাটিক বৃদ্ধিজীবীর বাক্ষর সংগ্রহ করে প্রদেশের মুখ্যমন্ত্রী খন্দ্রী ক্রিক্টাটিকিনের কাছে স্মারকলিপি দিয়ে এনেছেন। এঁবা এখন গণস্বাস্থ্য সংগ্রহ করছেন। এই বাক্ষর মুখ্যমন্ত্রীকে দেওয়া হবে। তারপর আজ থেকে দিন চারেক পর এঁবা বিশ্ববিদ্যালয়ে ছাত্রসভা আহ্বান করেছেন। এতে যোগ দিতে হবে।

মুজিব ভাই গ্রামের বাড়ি গিয়েছিলেন। ফিরে এসেছেন সম্প্রতি। তাঁর সঙ্গে মাঝেমধ্যে দেখা হয়। তিনি বলেন, 'তাজউদ্দীন, আমি হলাম আমার নেতা সোহরাওয়াদী সাহেবের ফলোয়ার। উনি হলেন আ্যাকশনের মানুষ। আমিও অ্যাকশনে বিশ্বাস করি। থিয়োরি দিয়ে জ্বগৎ চলে না। ধরো, মার্রবাদীরা, তারা কিন্তু জ্বানে বলশেভিক পার্টির সদস্যসংখ্যা কত, কিন্তু জ্বানে না, পামা নদী এপার-ওপার করতে কী লাগে! আবুল হাদিম সাহেব একটা পাঠচক্র খুলেছিলেন। তাতে তিনি নানা কিছু পড়াতেন। কলকাতায়

থাকতে আমিও যেতাম। রাতের বেলা ক্লাস হতো। সবাই লেকচার ওনত।
আমি ঘ্যিয়ে পড়তাম। ঘুম থেকে উঠে কেরার সময় জিজ্ঞাসা করতাম,
আগামীকাল সকালে কী করতে হবে, সেইটা বলেন। যা বলেহেন, তা-ই
করেছি কত বড় বড় গুডাপাতা একা সামলেছি। আবুল হাশিম সাহেবকে
তো একদিন মেরেই ফেলেছিল খাজানের গুডারা, আমি একলা পিয়া
তাদেব সামনে দাঁড়ায়েছি। সোহরাওয়াদী সাহেব আমাকে বললেন,
"ফরিদপুর গোপালগঞ্জে খাজাপন্থীদের তিনজন বড় চামুণ্ডা আছে, ইউসুফ
আলী চৌধুনী মোহন মিয়া, সালাম খান আর ওয়াহিসুজ্জামান তুমি
গুইখানে আমাদের বামপন্থী লিভারশিপ প্রতিষ্ঠা করো। তোমার কালটাই
সবচেয়ে শক্ত। আমি একা। ওরা সব রামদা-সড়বি-বল্লম নিয়া প্রস্তাত
আমার এক হংকারে সব সোজা। তোমার নীতি যদি ঠিক থাকে, আদর্প
যদি সহ হয়, সাহস নিয়া দাঁড়াবা। কেউ তোমার সাঙ্গে ধ্রিবুব্ না"।"

এইখানে এসেও তিনি ওধু অ্যাকশন খুঁজুকু ভাষার প্রশ্নে আাকশনের সূত্র তিনি বোধ হয় পেয়েই গেলেন্স এবার তিনি নামবেন। কিন্তু আমি কী করব? তাজউদ্দীন ভাবেন (দিন্তি ছাত্রলীগ করেন না সরাসরি মুসলিম লীগ করেন। যদিও ক্রান্ত প্রথন কেবল ২২। সামনের বছর ঢাকা কলেজ থেকে ইন্টারমিডি(রটি) রীক্ষা দেবেন। তবে নিয়মিত ছাত্র হিসেবে নয়, প্রাইভেটে। এইট্রে তার প্রিয় হবি সাইকেল নিয়ে ঘুরে বেড়ানো। মাঝেমধ্যে বেরিক্তে পজে সাইকেল নিয়ে। দতুন ঢাকার দিকে যান। রমনার বিস্তৃত সবুদ্ধের মধ্যে সাইকেল চালাতে তাঁর কী যে আরাম লাপে। একেক দিনু কিনুসান মগবাজারের দিকে। পুরোটাই জঙ্গল। তারপর আবার ক্রুক্ত্রে পরিচিত ঢাকা শহর। এক লাখ লোকের এই শহর। ছয় বর্গক্রিনিমিটার জায়গা নিয়ে। আরেকটু বিন্তৃত করে যদি শহরটার আয়তন বাড়িয়ে নেওয়া যায়, বড়জোর তিন লাখ মানুষ হবে শহর আর শহরতলি মিলে। ইসলামপুর, মৌলভীবাজার, নাজির লাইব্রেরি থেকে ইডেন কলেজ কাম সচিবালয়, রেসকোর্স, নীলক্ষেত, সলিমুল্লাহ মুসলিম হল, হেয়ার রোড, মিন্টো রোড, ময়মনসিংহ রোড, তেজগাও-এই সব নতুন ঢাকায়।

একদিন রেসকোর্সে ঘোড়দৌড় দেখলেন। সাত বছর হলো ঢাকায় এসেছেন। এই প্রথম ঘোড়দৌড় দেখলেন। তারুল্যের উন্ধতা তাঁর ভেতবে। আবার প্রৌঢ়ের চিন্তাশীলতা। তাঁদের গ্রুপে আছেন কামরুদ্দীন সাহেব, অলি আহাদ সাহেব, তোয়াহা সাহেব। তাঁরা মুসলিম গীগের চেমেও একটা অপ্তসর দল গড়ে তুলতে চান। সেটার কতদূর কী হবে?
একদিন তাঁরা বৈঠক করে সিদ্ধান্ত নিয়েছেন, সোহরাওয়াদী সাহেবকে
পূর্ববঙ্গে আনতে হবে। নিজেদের অন্তিত্বের খার্থেই। সোহরাওয়াদী সাহেব
কিছুদিন আগে এসেছিলেন ঢাকায়, শান্তিমিশনে। বিশ্ববিদ্যালয়ে বক্তৃতা
দিয়েছেন। খাজা নাজিম উদ্দিনও ভাতে উপস্থিত ছিলেন। কিন্তু খাজাদের
মুখ ছিল বড় ওকনো। ভাঁরা ভয় গাছেন, সোহরাওয়াদী এই দেশে এলে
তাঁদের নেতৃত্ব চলে থাবে। গান্ধীজির সঙ্গে শান্তিমিশনে সারা ভারত
ভূরেছেন সোহরাওয়াদী। করাচিও গিয়েছিলেন। তাঁর হারানো মর্যাদা তিনি
বছলাগেশই পুনরুদ্ধার করতে পোরছেন।

রাত নেমে এসেছে নিমতলীতে। মেদের ছেলে রঞ্জু হারিকেন জ্বালিয়ে দিয়ে গেছে। বাইরে থেকে রিকশার টুটোং আওয়াজ, য়োড়ার দ্রেষার শব্দ আসহে।

নাহ। খিদে পাছে। রানাঘরে রঞ্জাত তুরে ক্রিটেছে চুলায়। ভাত সেন্ধ হচ্ছে, গরম ভাতের গন্ধ আসছে এই ভূমে তরপর আসে তরকারির মাল গন্ধ।

এই সর্দিকাশি জুর জুর ভাব নিয়ে প্রত খাওয়া কি উচিত হবে? তবু ভাতই খাওয়ার সিদ্ধান্ত নিয়ে ক্লেকে জিনি।

'রঞ্জু রঞ্জু।' তাজউদ্দীন সুঁকে পাঁচেড়ন। সর্দিধরা গলাটা নিজের কাছেই অচেনা লাগছে। কাশি ভুক্ত হক্ত রঞ্জু কাছেই ছিল বোধ হয়। চলে আসে। তাজউদ্দীন বলেন, 'কান্ত্ৰ দিও।'

নিজের চকির প্রের বিবরের কাগজ বিছিয়ে তিনি ভাত খেতে বসেন।



₹8

রেনুর কাছ থেকে বিদায় নেন মুজিব। দুই মাস বয়নী কন্যা হাসিনার কপালে চুমু দেন। বলেন, 'আসি মা। ভালো থাকিয়ো। অনেক বড় হও .' বাচন হাই ভোলে।

রান্নাঘরের দরজায় মুজিব মাকে জড়িয়ে ধরেন।

হাসুকে কোলে নিয়ে রেনু বারান্দায় দাঁড়ান। বারান্দার হাদে কব্তরগুলো বাকবাকুম রবে ডাকছে। সকালবেলাটায় আজ বড় কুয়াশা। রেনুর মনটা খারাপ বলেই কিঃ তবু তিনি মুখে হাসি আনার চেটা করছেন, শেখ লুংফর রহমান আছিনায়। তিনি তাঁর পাঞ্জাবির পকেট খেকে হাত বের করে মুজিবের হাতে তঁজে দেন কিছু টাকা। প্রত্যেকবার বাড়ি থেকে যাওয়ার সময় বাবা তাঁর হাতে টাকা দেন।

মুজিব টাকাটা নিতে সংকোচ বোধ করেন। 'আবার টাকা দেন কেন?' বাবা বন্দেন, 'কী, নিতেছ না ক্যান, ন্যাও।'

'বড হয়েছি না, বাবা?'

শেখ লুংফর রহমান বলেন, 'বাবা রে। বাবার কাছে ছেলে কি বড় হয়?
তুমি একদিন অনেক বড় হবা। আমি দোয়া করি। কিন্তু সেই দিনও তুমি
আমার ছেলেই থেকে যাবা, বাবা।'

বাবার সঙ্গে শেখ মুজিবের একটা গোপন আর্থিক ত্রাগাযোগ আছে।
সেটা অদৃশ্য। কিন্তু আছে সেটা। বাবাক ব্রাক্ত তেনি ছোটবেলায় গোপালগঞ্জ আর মাদারীপুরে এক বাসায় থেকেকিন। সেখানে আর কেউ থাকত না। তথু বাবা আর তিনি। তারা ক্রাক্ত সকলে ইটিতে বেরোতেন। বাবা সঙ্গে নিতেন একটা ছাতা ক্রাক্তিস ছড়ি। বাবা বলতেন, 'এই যে ছাতা বা ছড়ি, এইটে তোমাকে মুফিল দিবে। ধরো, গথে বৃষ্টি হলো, রোদ হলো, ছাতা কাজে লাগুরে ক্রিবো ধরো, একটা কুকুরে তাড়া করল, একটা গরু ছুটে আসুর এই-ছাতা বা ছড়ি তখন তোমার অন্ত্র।'

বাপ-ছেলে মিল্প জারী থেতেন নদীর ধারে। শীতকালে ভোরবেলাতে পুরো জগৎ ঘৃদ্ধির ক্রিকত কুয়াশার চাদরটা মুড়ি দিয়ে।

'বাবা।' মৃঞ্জির ডাকতেন।

'কী, খোকা?'

'এখনো সবকিছু ঘুমাচ্ছে। গাছ, রান্তা, গ্রাম। তাই না, বাবা।'
'হাা। কিন্তু একটা জিনিস ঘুমাচ্ছে না। দেখবা চলো।'

'কী, বাবা?'

'এই যে দেখো নদী। সবাই এখনো ঘূমে। কেবল নদী জেইগে আছে।' বালক মুজিব অবাক হয়ে দেখেন। তাই তো। নদী ছলছল করে বেয়ে যাচ্ছে। কী আশ্চর্য! নদী ঘুমায় না?

'বাবা, আমাদের বাড়ির সামনের খালটা কিন্তু শীতকালে ঘুমায়। সকালবেলা। তাই না?' 'হ্যা। খাল ঘুমাতে পারে। যদি খালে স্রোত না থাকে।'

কুয়াশার ভেতর দিয়ে নদীর পাড় ধরে হেঁটে হেঁটে তাঁরা ফিরে আদেন। পথের মোড়ে সেরাজ গাছি খেজুরের রসের হাঁড়ি নিয়ে বসে আছে। একটু একটু করে রোদ উঠতে তক্ষ করেছে। গোপালগঞ্জ মহকুয়া শহরের পথে দোকানপাট, পাছপালার ছায়া তবন দীর্ঘ হয়ে মাটিতে পড়তে তক্ষ করেছে। মিউনিসিপ্যালিটির দেহাতি মানুষেরা রাজা ঝাড়ু দিতে গেলে রোদের সঙ্গে পাট্টা চিত্ত তক্ষ করেছে সোনালি ধূলিকপা। বাবা বলতেন, 'নাও, বাবা, খেজুরের রস খাও।'

যাবা এক গেলাস থেতেন। মুজিব খেতেন দুই গেলাস। ঘোলা কাচের গেলাসে রস খেয়ে বাম হাতের উল্টো পিঠ দিয়ে মুজিব ঠোঁট মুছতেন বাবা বল্ডেন, 'ব্যাপারটা ভো, বাবা, ধূলায় গড়াচ্ছে।' বাবা ব্যাপারটা

জড়িয়ে দিতেন ছেলের গায়ে।

তাদের মধ্যে কথা না হলেও চোৰে চোৰে কার্মনিময় হয়ে যেত অনেক সময়। রস খাওয়া হয়ে গেলে মুজিক ছিল্লী, বাবা।' তিনি ইঙ্গিতে একটু দূরে নির্দেশ করেন। বাবা তাঁর দিছে তাকিয়ে বুখতে পারেন ছেলে কী বলতে চায়। একটা গরিব বাচ্চা কার্মান্ত ওপারে দাঁড়িয়ে তাদের খাওয়া দেখছে। ছেলে চায় বাবা তাকে ব্লিস্কিনে দিক। লুংফর রহমান সাহেব ভাকেন, 'এই, এদিকে আয়ুন্ধ

বালক মুজিব বলতেন, বারী, ওর নাম মিজান।

'সেরাজ, অত্যেপ ক্রিস্টের ' বাবা তাঁর পাঞ্জাবির পকেট থেকে খুচরো পয়সা বার করতে ক্রান্ত বলতেন।

হাঁটতে পিন্ধি ক্রী থ বৃষ্টি এসে গেলে বাবা ছাতা মেলে ধরতেন । মুজিব ছাতার নিচে মুদার পা ঘেঁমে হাঁটতেন । এমন একটা নির্ভরতা পাওয়া যেত বাবার সংশপ্রে। কিন্তু মুজিবের আরেকটা আশ্বর্য কথা মনে হয় । ছাতা হাতে না থাকলে রোনের মধ্যে মুজিব বাবার ছায়ায় হাঁটতেন । কিন্তু তাঁর ধারণা ছিল, তিনি ছায়া পাবেন বাবার ছায়ার ওপরে ওপরে হাঁটলে । বাবা সেটা খেয়াল করে বললেন, 'ছায়ার ওপরে দাঁড়ালে তো তুমি ছায়া পাবা না নে, তোমাকে আমার আড়ালে দাঁড়াতে হবে, কাছে আমা গাবা না নে, তোমাকে আমার আড়ালে দাঁড়াতে হবে, কাছে আমা ' মুজিব বাবার ছায়ার ভেতের নিজের ছায়াটাকে হারিয়ে ফেলেন।

এই রকম একটা অদৃশ্য কিন্তু অচ্ছেদ্য যোগাযোগ আছে পিতাপুত্রের মুজিব তাই বাবার কাছ থেকে টাকা নিতে শেষ পর্যন্ত আপত্তি করেন না। মেসে উঠেছেন, টাকাগয়সা তো লাগবেই। বাবার এই সহযোগিতাটুকু তাঁর দরকার হবে। তাতে তাঁর মনের জাের থাকবে। টিউশনি ইত্যাদি করতে হবে না।

মুজিব ঘাটে এসে নৌকায় সওয়ার হন। বাবাও এসেছেন ঘাট পর্যন্ত। পাড়ার নানা বয়শী ছেলে-বুড়োরাও ভিড় করে দাঁড়ায় ঘাটের পাড়ে।

'नमी कथरना घुभाग्र ना।' वावा वरनिष्ट्रिलन।

কুয়াশামোড়া সকালে গাছপালা এখনো নিদ্রিত। এমনকি এই খালটাও। খাল ঘুমাতে পারে, বাবার কথা।

নদীতে গিয়ে পড়তে পড়তে রোদটা একটু চাড়া দেবে তথন চারপাশের সবকিছুকেই মনে হবে জাগ্রত।

মাঝি নৌকা ছেড়ে দের।

কুয়াশার আড়ালে হারিরে যায় চিরপরিচিত ঘাট, সুপুরিণাছ, বাঁশঝাড়, আর মানুষগুলো।

ર૯.

টুদিপাড়া থেকে মুজিব অনুষ্ঠি দৈখেন ঢাকা মোটামুটি গরম হয়ে আছে। ১৫০ মোগলটুলীর জীয় ফাইনে তিনি হাজিরা দিচ্ছেন নিয়মিত। ঢাকা বিশ্ববিদ্যালয়ে গিন্ধে ফ্রাইন বিভাগে ভর্তি হয়েছেন এনই মধ্যে।

মুজিবের হিমাপ্প বলছে, রাষ্ট্রভাষা প্রশ্নেই ছাত্র, শিক্ষক, বুদ্ধিজীবীরা এখন বিচলিত। কিছুদিনের মধ্যেই ব্যাপারটা বিক্ষোভে পরিণত হবে। না হওয়ার কোনো কারণ নাই। কেন্দ্রে লিয়াকত আর প্রদেশে ধাজা নাজিম উদ্দিনরা যা ওরু করেছে। স্টাম্পে, দলিলে, টাকায় সবধানে উর্দু, বাংলার চিহুমাত্র নাই। এরা নিজেদের কী ভাবছে! ব্রিটিশ শাসকং আমরা কি লড়কে লেঙ্গে পাকিস্তান বলে জানবাজি রেখে শেষে আরকটা প্রস্কু পেলাম। মুসলিম লীগ গঠিত হয়েছিল এই বাংলায়। ভোটের সময় মুসলিম লীগ জয়লাভ করেছিল কেবল এই বাংলায়েতই। এখনো সংখ্যাপরিষ্ঠ মুসলমান এই বাংলায়ই। অথচ ওরা আমাদের শাসন করতে চায়!

বর্ধমান হাউসে খাজা নাজিম উদ্দিনের সরকারি বাসভবনে বসেছে

মুসলিম লীপ ওয়ার্কিং কমিটির সভা। মুজিব আজ সেখানে যাবেন ছাত্রদের মিছিল নিয়ে। তমদুন মজলিসের নেতারা গতকাল হাজার হাজার লোকের স্বাক্ষরসংবলিত স্বারকলিপি এই ওয়ার্কিং কমিটির সভায় দিয়ে এসেছেন।

কয়েক দিন ধরেই চলছে স্বাক্ষর সংগ্রহ। দাবি একটাই—পাকিতানের রাষ্ট্রভাষা করতে হবে বাংলাকে। সবাই স্বভঃক্ষ্তভাবে স্বাক্ষর করছেন। করবেই বা না কেন? দিন পনেরো আগে পাকিতানের প্রথম সিভিল সার্ভিস পরীক্ষার সার্কুলার এসেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ে। ৩১টি বিষয়ে পরীক্ষা দেওয়া যাবে। এর মধ্যে নয়টা ভাষা। নয়টা ভাষার মধ্যে বাংলার জারগা হলো না?

আজ ওধু স্বাক্ষর নয়, জ্যাত মানুষের মিছিল যাবে। মুজিব বিশ্ববিদ্যালয় ক্যাম্পানে যান। ছেলেদের জড়ো করেন। তারপর বৃক্তা করা ওরু করেন: 'বাংলা ভাষাকে করতে হবে পূর্ব পাকিত্যবের শিক্ষার বাহন, আদালতের ভাষা, অফিনের ভাষা। কেন্দ্রীয় সরকার্কে ভাষা হবে দুটো, বাংলা আর উর্দু। তবে তৃতীয় ভাষা হিসাকে উর্মের্জি থাকতে পারে। আমরা পাকিতানের সংখ্যাপরিষ্ঠ প্রদেশ আর্ক্স বাঙালিরাই পাকিতান গড়েছি, আজকে আমানেরক দাবাম্য স্বাস্থ্য চক্রান্ত ওরু হরে গেছে। ভাইরেরা আমার, আমানের সভক্র ভিচ্চ হবে। আন্দোলন গড়ে তুলতে হবে। সংগ্রাম করতে হবে।

খুব শীত পড়েছে। ঢাকে বিস্তান্তরের আমগাছের পাতায় পাতায় আলোর নাচন। এই অন্টো কর্মানের শরীরের জড়তা কাটাতে পারছে না। পায়জামা আর হাওকাই কাল পরা বেশির ভাগ ছাত্র। তাদের করেকজনকে নিয়ে মিছিল অন্ট্রকলন মুজিব: 'রাষ্ট্রভাষা রাষ্ট্রভাষা, বাংলা চাই বাংলা চাই'। মিছিল বাছ হতে শুরু করেছে। এর মধ্যে তমন্দ্রন মজলিনের নেতা অধ্যাপক আবুল কাশেমও এদে গেছেন। এনেছেন সাংবাদিক আবুল কাশেম। মুজিব রোগান ধরেছেন। ছাত্ররা রোগানের সঙ্গে কণ্ঠ মেলাছেছ। তাদের হাত উঁচু হছে, আওয়াজ উচ্চতর। তাদের শরীরের শৈত্য দূর হয়ে গেছে। বরং কপালে বিন্দু বিন্দু খাম। মিছিল ক্যাম্পাস পরিক্রমণ করল এবার তাঁরা মান্ডেছন বর্ধমান হাউদের দিকে। তাঁরা মুখ্যমন্ত্রীর বাসভবন মেরাও করবেন।

থাজা নাজিম উদ্দিনের সভাপতিত্বে চলছে ওয়ার্কিং কমিটি তাঁরা বাড়ির গেটে মিছিল করছেন। মিছিল বড় হয়েছে। মওলানা আকরম থা বেরিয়ে এলেন। ছাত্ররা তাঁকে দেখে আরও জোরে আওয়াজ তুলল, 'রাষ্ট্রভাষা বাংলা চাই'। তিনি প্রাদেশিক মুসলিম লীগের সভাপতি। দৈনিক প্রাঞ্জাদ-এর সম্পাদক। বয়স্ক মুরবির মানুষ। তাঁর সঙ্গে আছেন আবু ক্লাফর শামসুদ্দীন, সাংবাদিক আর লেখক। ৩৪ বছর বয়সী হিপছিপে এক তরুণ। তিনি কাজ করেন দৈনিক প্রাঞ্জাদ-এ। কলকাতা থেকে ঢাকায় এপেছেন। এখন আঞ্জাদ-এর ঢাকা প্রতিনিধি। সাংবাদিক হিসেবে তিনি এপেছেন এই সভার খবর সংগ্রহ করতে।

আবু জাফর শামসুদ্দীন মওলানার কোনো কোনো গোঁপন খবর জানেন যেমন মওলানা পেশাব করার পর পানি বাবহার করেন না মওলানার পানোর ঘরে থাকতেন আবু জাফর । এই নিয়ে জাফর সাহেবরে ব্রী প্রশ্ন তুলেছিলেন । বলেছিলেন, নামাজ-রোজা এই সব বিষয়েও তো মওলানা উদাসীন । জাফর সাহেব তাঁর সম্পাদককে বাঁচানোর জন্য বলেছিলেন, 'মওলানা সাহেব কোনো একটা তরিকুদ্দেলী মানুষ তাঁর তরিকায় এই সব লাগে না । একজন দরবেশ আফ্রেন্স উদ্দি কাপড় পরেন না । তাঁকে বলা হয়েছিল, "দরবেশ সাহেব, প্রশ্ন পুরুষ্টের সামনে আপনি কাপড় ছাড়া ।" তিন বলেছিলেন, "আমি কাপটে বানা নানা কারেবি না"।' তনে জাফর সামরেবির ব্রী খানিকটা প্রবোধ মেনেছিলেন ।

এখন মওলানা আকরম খা প্রিস্তেইন। এখন তিনি ছাত্রাদের উত্তেজিত মিছিলের সামনে। তিনি প্রেমিটা করলেন, 'পূর্ব পাকিত্তানের রাষ্ট্রভাষা হিসাবে বাংলা ছাড়া আরু ক্ষর্যালৈনো ভাষা চাপানোর চেটা করা হলে পূর্ব পাকিতান বিদ্রোহে করিছাকার করে এবং সেই বিদ্রোহের নেতৃত্ব দেব আমি।' এ কথা বলা মুকুন্মটার পক্ষে সম্ভবপর ছিল। আজ থেকে ৩০ বহর আগে সেই ১৯১৮-বের্ম্ব তিনি লিথেছিলেন, 'দুনিয়ায় অনেক রকম অন্কুত প্রশ্ন আছে। বাঙ্গালী মুহুল্মানের মাতৃভাষা কি? উর্দু না বাঙ্গালা? এই প্রশ্নটা ভাহার মধ্যে সর্কাপেকা অন্কুত। বঙ্গে মুহুল্মানের ইতিহানের সূচনা হইতে আজ পর্যান্ত বাঙ্গালা ভাষাই তাঁহাদের লেখ্য ও কথ্য মাতৃভাষারূপে ব্যবহৃত হইয়া আসিতেছে এবং ভবিষ্যতেও মাতৃভাষারূপে ব্যবহৃত হইয়া আসিতেছে এবং ভবিষ্যতেও মাতৃভাষারূপে ব্যবহৃত হইর।'

কিন্তু ছাত্র-শিক্ষকদের বিক্ষোভ এখানেই থেমে গেল না। বরং, রটে গেল যে করাচিতে পাকিস্তান শিক্ষা সম্মেলনে শিক্ষামন্ত্রী (ওদের ভাষায় উজিরে তালিম) ফজলুর রহমান বলেছেন যে উর্দুকেই লিংগুয়া ফ্রাংকা করা হবে। পরের দিন ঢাকা বিশ্ববিদ্যালয় উত্তেজনায় কাঁপছে। তমদুন মজলিসের আবৃল কাশেম ছুটে গেলেন মুনীর চৌধুরীর কাছে। কী করা যায়? শিক্ষক মুনীর চৌধুরী বললেন, আজকে প্রতিবাদ সভা করতে হবে। ঠিক হলো, বেলা দুটোয় বেলতলায় সমাবেশ।

শেখ মুজিব সমাবেশ সফল করার জন্য কান্ধ করতে লাগলেন। তিনি
মিছিল বের করলেন, 'রাষ্ট্রভাষা বাংলা চাই, আজকের সমাবেশে যোগ
দিন'। মুপুর হতে না হতেই বেলতলা ভরে গেল হাজার তিনেক বিক্লুজ
ছাত্রের উপস্থিতিতে। সভায় সভাপতিত্ব করলেন অধ্যাপক আবৃল কাশেম,
বক্তব্য রাখলেন অধ্যাপক মুদীর চৌধুরী, বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদের
সহসভাপতি ফরিদ আহম্ম প্রমুখ।

শেখ মুজিব তাঁদের এক পাশে দাঁড়িয়ে স্লোগান ধরুছেন।

তাজউদ্দীনও যোগ দিলেন সেই সভায়। সভা শেকে বিজ্ঞানি গেলেন বলিয়ানি ছাপাখানায়। তিনি তাঁদের প্রস্তাবিত স্থায়ীক ঘোষণাপত্র ছাপা নিয়ে বাত্ত।

শেখ মুজিব আর কোথাও গেলেন মা মুর্ভির্নি যোগ দিলেন মিছিলে মিছিলে বিশ্ববিদ্যালয় চতুর থেকে পেরিটে প্রভনা দিল সচিবারের দিকে । শেখ মুজিব হাঁটছেন মিছিলের মুক্তেস সঙ্গেন। 'উর্দু জুনুম চলবে না, গাঞ্জাবিরাজ বরবাদ' ধ্বনি কুটুটে লাগল। শেবান থেকে মিছিল গেল আরও দুই মন্ত্রীর বাসভুত্ত পাল মুখ্যমন্ত্রী থাজা নাজিম উদিনের বাসভবনে। 'উর্দু অর্থান জুর্গরাদ' প্রোগান দিয়ে এবার মিছিলের লক্ষ্য হলো মার্নিং নিউজ প্রিক্তি কারণ, মার্নিং নিউজ-এ সম্পাদকীয় ছাপা হয়েছে বাংলা ভাষার বিসক্তে, উর্দু অলাদের পক্ষে। মার্নিং নিউজ অফিসের সামনে ছাত্ররা ল্লোগান্প ধরল, 'মর্নিং নিউজ ধংস হোক, উর্দু অলা বরবাদ'। সেক্রেটারিয়েটে মন্ত্রীরা, বর্ধমান হাউসে মুখ্যমন্ত্রীর প্রতিনিধি—সবাই ছাত্রদের আথাস দিলেন, বাংলা অবশ্যই প্রদেশের রাষ্ট্রভাষা হবে, তারাও বাংলারই পক্ষে।

কিন্তু আগুনে যি পড়ছিল নানাভাবে।

ঢাকার উর্নুভাষীরাও ৩ৎপরতা গুরু করল খাজার উসকানিতে। এ কে এম ফজলুল হকের সভাপতিত্বে সিরাজউদ্দৌলা পার্কে এক সভা হওয়ার কথা। জনা পঞ্চাশেক কৃষ্টি গেল সেখানে। তারা বলন, এই সভা হচ্ছে হিন্দুদের সহযোগিতায়। পাকিস্তান ধ্বংস করা এই সভার উদ্দেশ্য তারা চেয়ারে আগুন ধরিয়ে দিয়ে সভা পশু করে দিল, ক্ষোভ প্রকাশ করল ছাত্রদের বিরুদ্ধে। ছাত্ররা পাকিস্তান ধ্বংস করতে চাচ্ছে—এই হলো তাদের অভিযত। ছাত্রদের ওপরে তাদের খুবই রাগ।

এই রাগের বহিঃপ্রকাশ ঘটল দিন পাঁচেক পর। বাসে ও ট্রাকে করে জনা পঞ্চাশেক ভাড়া করা লোক বেরিয়ে পড়ল মিছিল নিয়ে। তারা চায়, উর্দূকে রাষ্ট্রভাষা করা হোক। এই সন্ত্রাসীরা হামলা পরিচালনা করল মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজে। এখানে সংঘর্ষ বেধে গেল আক্রমণকারী আর ছাত্রদের মধ্যে। সরকারি কর্মচারীরাও উর্দূজলাদের আক্রমণকারী দোর, গুলিশ লাঠিপেটা করল আক্রমণকারীদের, গুলিও হয়েছে বলে কেউ কেউ বললেন।

এই খবর পাওয়ামাত্রই দৌড়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাদে চলে এলেন শেখ মুজিব। সমন্ত ক্যাম্পাদে যেন বিদ্যুৎ খেলে গেল আবুল কাশেমের নেতৃত্বে মিছিলে যোগ দিলেন তিনি। পলাশী ব্যবিষ্কৃত্র কাছে প্রথম সমাবেশে মিলিত হলো ছাত্ররা। মিছিল গেল ক্রিমান হামিদ লুদি পরা মিছিলকারীদের দিবে শিক্ষামন্ত্রী ক্রিমান হামিদ লুদি পরা অবস্থাতেই মিছিলে যোগ দিলেন। তিন্দ ক্রামান, বাংলা ভাষার দাবি ন্যায়, তিনি এই দাবির সঙ্গে আক্রেন্ট মিছিল কলল সচিবালয়ের দিকে। আবদুল হামিদ লুদি পরে হেঁটে ম্মান্টলের সদে সচিবালয়ে গেলেন। সেখানে কৃষিমন্ত্রী মোহাম্মান ক্রিক্টিভালকে পাকড়াও করে বিজ্ঞোভকারীরা। দুই মন্ত্রী লিখিতভাবে জ্বিক্টি মান্টাবির সঙ্গে একমত প্রকাশ করেন।

উর্দুর পক্ষে মিছিল্বকারীট্রা ট্রাক থেকে একটা লিফলেট ছেড়েছে। তাতে বলা হয়েছে, উর্দু ঘুরুষানদের ধর্মীয় ভাষা। এ ভাষার বিরুদ্ধে যে কথা বলবে, সে কার্কিন্ত এ ধরনের কাকের বা বিধর্মীদের শায়েন্তা করতে হবে। আর উর্দুকে রাষ্ট্রভাষা হিসেবে ঘোষণা করতে হবে।

এই লিফলেট ছাত্রজনতার বিক্ষোভ আরও বাড়িয়ে দিল। পরের দিন সচিবালয়ে ছিল সরকারি কর্মকর্তা-কর্মচারীদের ধর্মঘট। ধর্মঘটের কারণ ছিল কর্মচারীদের নিজস্ব দাবি-দাওয়া। তবে পলাশীতে তাদের ওপর উর্দৃঅলাদের আক্রমণ ধর্মঘটে নতুন মাত্রা যোগ করল।

তাজউদ্দীন আহমদ সংঘর্ষে আহত ছাত্রনেতা নাঈমউদ্দিন সাহেবকে দেখতে মেডিকেল কলেজ হাসপাতালে গেলেন।

সরকার এরই মধ্যে ভাষা প্রশ্নে সূচিত এই আন্দোলনকে ভারতের চক্রান্ত, হিন্দুদের চক্রান্ত বলতে শুরু করে দিয়েছে। ১৪৪ ধারা জারি হলো। আর পূর্ববঙ্গে ভারতীয় পত্রিকা, যেমন—দৈনিক *ইতেহাদ*, অসূতবাজার, যুগান্তর, আনন্দবাজার পনেরো দিনের জন্য প্রবেশ নিষিদ্ধ করে আদেশ জারি করল সরকার। দৈনিক আজান্ত সূর পান্টে ফেলল তারা এখন রাষ্ট্রভাষা উর্দু আর পূর্ববঙ্গে লেখাপড়ার ভাষা বাংলা—এই সূবে গান ধরেছে।

বর্ধাকালের শেষ দিকে, বলা যায় শরতের শুরুতে, পাকিস্তান কায়েম হলো। শরৎ যেতে না যেতেই শুরু হয়ে গেল বিক্ষোন্ড মিছিল। হেমন্তে জারি করতে হলো ১৪৪ ধারা, আর পূর্ব বাংলার মানুষের প্রতিটা ক্ষোন্ড-বিক্ষোন্ড-দীর্ঘধানের পেছনে থোঁজা হতে লাগল হিন্দু আর হিন্দুতানের চক্রান্ত, একেবারে প্রথম দিন থেকেই।

পত্ত প্রতিষ্ঠিত করাত। আছু তালা দিন আকাশ মেঘলা ছিল, তাই হয়তো কুয়াশাভাবটা কয়। এই উন্তর হাওয়া বইতে গুরু করেছে চলত রিকশার যাত্রীদের কানে মুক্ত বিশ্ব হাওয়া বইতে গুরু করেছে চলত রিকশার যাত্রীদের কানে মুক্ত বিশ্ব হাওয়া বুট গুরু করেছে চলত রিকশার যাত্রীদের কানে মুক্ত বিশ্ব হাত্র যাত্র হাওয়ার সূচ। কোথাও একটা কামিনী ফুলের আছু ক্রিক আদহে মাদকতাপূর্ণ গরা। কাচারি এলাকার দিনেমা হল মুক্ত মুক্ত শো ভাঙল। ছাকরা গাড়িওলো ছুটতে লাগল হলতাঙা দর্শক্তির সময়ে। রিকশাঅলারা ক্রিং ক্রিং শব্দে মুখর করে তুলল রাতের নীরব প্রিন-উপগলিওলো। 'আমি বনফুল গো' বলে গান গেয়ে উঠল কোনো কোচোরান। একটা বাড়ির রেডিওতে বেজে উঠল খুরশিদ খানের কঠে *তাননেন* ছবির গান—'বরষো বরষো...'। কাচারির ঘড়িতে ১টার ঘটা বাজল। শেখ মুজিব নামলেন রিকশা থেকে। যাবেন তাঁর মেনে।

সারাটা দিন বড় ধকল গেছে।

কয়েক দিন থেকেই পরিকল্পনা চলছিল। তাছাউদ্দীন, কামরুদ্দীন সাহেব, কাদের সরদার, আতাউর রহমান খান—অনেকেই পরিকল্পনার সঙ্গে যুক্ত ছিলেন। আজ মুসলিম লীগের এমএলএদের মধ্যে যাঁরা সরকারবিরোধী, তাঁদের সঙ্গে একটা সভা ছিল শেখ মুজিবদের। এমএলএদের মধ্যে প্রায় ১৬ জন উপস্থিত ছিলেন। বলিয়াদি ভবনে
অনুষ্ঠিত হলো এই সভা। বেলা তিনটা থেকে রাত আটটা পর্যন্ত চলল এই
সভা। এমএলএদের কাছে লেখ মুজিবদের প্রশ্ন ছিল, ভবিষ্যতে নেতা কে
হবেনং সোহরাওয়াদী সাহেব নাই, আবুল হাশিম সাহেব আসবেন না,
রামপন্থী মুসলিম লীগ এমএলএদের মধ্যে কাকে নেতা হিসেবে গণ্য
করবেন তারাং তারা বলেছেন, দুদিনের মধ্যেই সেটা জানাবেন।

সভা শেষ করে ওাঁরা একটা গাড়ি জোগাড় করে বেরিয়ে গেলেন। শেখ মুজিব, তাজউদ্দীন, মহিউদ্দিন, শওকত। ঢাকা বিশ্ববিদ্যালয়ের এসএম হল, নীলক্ষেত ব্যারাক, একএইচএম হল, ইঞ্জিনিয়ারিং কুল হোক্টেল, নিমতলী মেস—ঘরে ঘরে গিয়ে তাঁরা কলকাতা থেকে আসা দৈনিক ইতেহাদ বিলি করলেন। দৈনিক ইতেহাদ বিলি করলেন। দৈনিক ইতেহাদ এই দেশে নিহিছা। পর্যাবাত ক্রিক্টিয়াওয়ালী-আবুল হাশিমপহীনের আন্দোলনের ববর, বাংলা ভ্রাক্টি সমাওয়ালী-আবুল হাশিমপহীনের আন্দোলনের ববর, বাংলা ভ্রাক্টি পক্ষে নানা ধরনের লেখা এই কাগজে ছাপা হয়। এই কার্যাবি প্রক্রের এটা নিষিদ্ধ করেছে, আর এই কারণেই মুজিব-ভাজউদ্দি এক্ট্রাবি, বাংলার জবা দিছিল, সেই কালজ বিলিব করি করিব, প্রেই কাল্ডি বিলি করার জন্য। কাজটা মুক্তিশুলি করার প্রক্রিক্তির করিব করিবে, সেই ভালজ বিলিব করি করিব, তেই মুকিপূর্ব কলে করবে, ব্যক্ত শেখ মুজিব ও তরণ ভাজউদ্দিদ্ধি ছাড়া। ছাত্রনের সম্বেল বানা প্রক্রের ওপর এরই মধ্যে সবাই বিজ্ঞান ও তাশ। এই হতাশা দিন দিন বাড়ছে।

মুজিব মেদে ফির্মনি ব্রুমিরদোর সব অন্ধকার। তাঁর ঘরের দরজায় মৃদু আলো ছড়াজে অইচা হারিকেন। হারিকেনটা হাতে তুলে নিয়ে চাবি ছরিয়ে আলো বাঞ্চলেন। এক হাতে হারিকেনের হাতল, আরেক হাত নিয়ে চাবি ঘুরিয়ে দরজার তালা খুললেন। ঘরের ভেতরে গিয়ে দেখলেন, টেবিলে ভাত ঢেকে রাখা।

হাতমুখ ধুয়ে এসে গামলার ওপর থেকে থালা সরালেন। ঠান্ডা ভাত। ঠান্ডা তরকারি। বাটিতে ভাল। হারিকেনের আলায় দেখা যাচ্ছে, ভালের পানির খুব নিচে কিছু তলানি জমে আছে।

তিনি ভাত খেতে গুরু করলেন।

অন্যমনস্কভাবে। খাওয়ার দিকে তাঁর মন নাই। আগামীকালের কাজ্ব কী হবে, ভাবছেন। কাল বর্ধমান হাউসে এমএলএদের সভা। সেখানে একবার যেতে হবে। কামরুন্দীন সাহেবের সঙ্গেও দেখা করতে হবে। বিশ্ববিদ্যালয়ে গিয়ে ছাত্রদের সংগঠিত করতে হবে। ছাত্রলীগ শাহ আজিজের দখলে। এটাকে এই ডানপন্থীদের হাত থেকে মুক্ত করতে হবে। নতুন দেশ। পুরোনো নিখিল পূর্ব পাকিস্তান ছাত্রলীগকে তো পুনর্গঠিত করা দরকার। একটা কাউন্সিল দিলেই শাহ আজিজ্বরা অপসারিত হয়ে যাবেন তাঁকে ধরতে হবে, যেন তিনি কাউন্সিল ডাকেন।

পরের দিন আকাশে ছিল মেঘ। শীত-সকালের আকাশ মেঘে ঢাকা। এমন দিনে কি বাইরে যেতে মন চার?

শেখ মুজিবের মধ্যে আলস্য নাই। তিনি বিশ্ববিদ্যালয়ে যাওয়ার জন্য প্রস্তুত। ফজলূল হক হলে গেলেন তিনি। এরই মধ্যে বিশ্ববিদ্যালয়ের ছাত্রনের মধ্যে অনেকেই তার ভক্ত হয়ে গেছে। তিনি মাওয়ামাত্রই তাঁকে ছেলেরা যিরে ধরে। তিনি বললেন, 'একটা সভা হরে পৌলইকে ১২টায় জড়ো করো।' তিনি বক্তা দিতে শুরু করুছে ভিট্ট হয়ে গেল। তিনি বললেন, 'আমরা পাকিন্তান পেয়েছি। একে করতে হবে। এ জন্য দরকার একটা শক্তিশালী ছাত্রসংগঠন চিন্তুন্ন, আমরা শাহ আজিজের কাছে যাই। তাকে বলি, নিখিল প্রশ্বস্থালিন্তান মুসলিম ছাত্রদীগকে নতুন করে গড়ে তুলতে। যাতে একটো স্বিক্রশালী সংগঠন আমরা গড়ে তুলতে পারি।'

তখনই শেখ মূজিরেই বিষ্টুত্বে ছাত্ররা চলল শাহ আজিজকে ধরতে

তাঁকে পাওয়া গেল্ 🔷

শেখ মুজির অনুষ্ঠান, 'ছাত্রলীপের কাউলিল ডাকেন। সেই যে ৪৪ সালে কাউলিদ স্বরোহে, এরপর আর কাউলিল হয় নাই। এর মধ্যে পাকিন্তান হয়ে গেছে। নিখিল বাংলা ছাত্রলীগের নাম বদলে নিখিল পূর্ব পাকিন্তান রাখার মানে কী? এখন তো পশ্চিম বাংলা আমাদের সাথে নাই। পরিবর্তিত পরিস্থিতিতে অবশ্যই কাউলিল ডাকতে হবে।'

শাহ আজিজ ছিলেন অত্যন্ত ধূর্ত প্রকৃতির লোক। তিনি বুঝে ফেললেন, এখন কাউঙ্গিল ডাকা হলে তাঁর সাধারণ সম্পাদকের পদ হারাতে হবে তিনি বললেন, 'না, এখন কাউন্সিল ডাকা হবে না।'

মুজিব বললেন, 'আপনি নিখিল বাংলা মুসলিম ছাত্রলীগের সাধারণ সম্পাদক। পূর্ব পাকিস্তান মুসলিম ছাত্রলীগের নন। এটা তো বৈধ হয় না।' শাহ আজিজ বললেন, 'এখন মুসলিম ছাত্রলীগের সম্মেলন ডাকা হবে না।'

মজিব বললেন, 'গঠনতন্ত্র অনুযায়ী গত চার বছরে আটবার সম্মেলন ডাকার কথা। আপনি সেটা ডাকেননি। আপনারা অনেকেই আর ছাত্রও না। কাজেই আপনাদের নিখিল পূর্ব পাকিস্তান ছাত্রলীগ গঠনতন্ত্র অনুযায়ী এরই মধ্যে বিলপ্ত হয়ে গেছে।

শাহ আজিজ বললেন, 'আপনারা চাইলে আলাদা ছাত্রলীগ গঠন করতে পারেন '

'আছা, তা-ই হবে।' মুজিবের নেতৃত্বে ছাত্ররা ফিরে এল।

মুক্তিব এটাই চাইছিলেন। তিনি গেলেন মোগলটুলীতে। ওয়ার্কার্স ক্যাম্পের ছাত্রনেতাদের সবাইকে ডাকলেন। বললেন, '৪ জানুয়ারি সবাই ফজলল হক হলে আসেন। শাহ আজিজ কাউন্সিল ডাকবে না। আমাদের পথ আমাদেরই খুঁজে নিতে হবে।

ফজলুল হক মিলনায়তনে নেতৃস্থানীয় ছাত্রকর্মীরা সঙ্গুর্ক্ত

रला, नजून সংগঠন হবে। नाम की হবে?

প্রস্তাব এল, পূর্ব পাকিস্তান মুসলিম ছাত্রলীগ উপস্থিত ছাত্রনেতা অলি আহাদ বলুলেন সংগঠন করতে চাই। মসলিম শব্দটা প্লদ ক্তির ভধু ছাত্রলীগ নাম রাখা হোক।

মোহাম্মদ তোয়াহা এই মত ক্ষমণ করলেন। মুজিব বললেন, 'নীতিগুড়ছাজু আমি এই মত সমর্থন করি। কিন্তু বাস্তবে কৌশলগত কারুণে জ্বামর্বা এখনই এটা না করে কিছুদিন পরে করতে পারি: এখন বিভিন্নামরা মুসলিম শব্দটা বাদ দিই, সরকার আমাদের বিরুদ্ধে রাব্রুক্তি প্রয়োগ করবে। আমাদেরকে ইন্ডিয়ার দালাল বা কমিউনিস্ট বন্ধুরে স্থানীয় মানুষদেরও আমাদের বিরুদ্ধে লেলিয়ে দেবে আপাতত মুসলিম শব্দটা থাকুক। সময় ও বাস্তবতা বুঝে আমরা পুরোপুরি অসাম্প্রদায়িক নাম নিয়ে আত্মপ্রকাশ করব।

তখন সবার মত চাওয়া হলো। শেখ মুজ্জিবের মতকেই সমর্থন জানালেন বেশির ভাগ কমী। পূর্ব পাকিস্তান মুসলিম ছাত্রলীগ নামটাই গহীত হলো।

তোয়াহা মন খারাপ করলেন। ভবিষ্যতে তিনি আর এই সংগঠনের সঙ্গে নিজেকে জড়াবেন না বলে ঠিক করলেন।

রাজশাহীর নাইমুদ্দিন আহমেদকে আহ্বায়ক করে ১৫ সদস্যের একটা আহ্বায়ক কমিটি গঠন করা হলো। শেখ মৃজিবও সেই কমিটির একজন

হিসেবে থাকলেন।

ফজলুল হক হল থেকে বেরিয়ে মুজিব দেখলেন, সন্ধ্যা পেরিয়ে গেছে। কীভাবে যে বিকেলটা দ্রুত ফুরিয়ে গেল। তিনি হাঁটতে হাঁটতে রাভায এলেন। সঙ্গে রইল জনা কয়েক ছাত্রনেতা।

রাতের খাবার খেতে হবে। নিজের খাবার তো মেসে থাকবেই। ঠাডা হলেও খাওয়াটা নিচিত। আসলে দরকার সঙ্গীদের সঙ্গে একত্রে খাওয়া। তাঁরা হাঁটতে হাঁটতে গুলিন্ডানের একটা রেস্টরেন্টে গিয়ে পৌহালেন।

ঢাকা বিশ্ববিদ্যালরের আমগাছে বনে ব্যাঙ্গমা আর ব্যাঙ্গমি মনের ভাব বিনিময় করছে ঠোঁটে ও কঠে, কথায় কথায়।

ব্যাঙ্গমি বলল, 'শেখ মুজিব কিন্তু তাঁর লক্ষ্যের দিক্তে একধাপ আগায়া গেল। পূর্ব পাকিন্তান মুসলিম ছাত্রলীগ গঠন কইরা ক্ষেত্রত।'

ন। পূব পাকিতান মুশালম ছাএলাগ গঠন ক্রর্থ ক্রেড ব্যাঙ্গমা বলল, 'তা ঠিক। কিন্তু এ আর এম্প ক্রিছ

ব্যাঙ্গমি বলল, 'ভূমি সব জানো, তাও প্রামার্ক্ত দিয়ে কথা কওয়াইতে চাও এই মুসলিম ছাত্রলীগই একসময় ছাত্রলী হইব।'

ব্যাঙ্গমা যেন কিছুই বোঝে না এমন ভূমি করে বলল, 'তা যখন হইব, তখন হইব। এখন কীং'

ব্যাসমি হেসে বলল, 'এই পেওরু হইল মুসলিম লীগের ছাত্রলীগের পতন এর পরে শাহ আছিলের দল আন্তে আন্তে জনপ্রিয়তা হারাইব সলিমুন্নাহ হলে ছাত্র প্রাপ্তির নির্বাচনে শাহ আজিজের নিথিল মুসলিম দীগের প্রার্থী হার্মবার্ত্তরাধী প্রার্থী সেয়দ নজরুল ইসলামের কাছে সৈয়দ নজরুলরে মন্দ্রিকীয়েবা। ২৩ বছর পর তারে অনেক বড় দায়িত্ব পালন করতে ইইব। ফজলুল হক হলেও প্রগতিশীল মো. তোয়াহা জয়লাভ করব।'

ব্যাঙ্গমা হেসে বলল, 'কিন্তু বিশ্ববিদ্যালয়ে সভাপতি না হয় হইল বাবু অরবিন্দ ঘোষ, সাধারণ সম্পাদক কে হইল? গোলাম আযম। এইটা যে কও না?'

ব্যাঙ্গমি কপট রাণ দেখিয়ে বলল, 'কান কই না, ভূমিও জানো, আমিও জানি। এই বেটারেও দেইখা রাখো, ভবিষ্যতে এ-ও কম যন্ত্রণা দিব না।'

ব্যাঙ্গমা বলল, 'কলকাতায় দক্ষিণ এশীয় যুব সম্মেলনে কে যাইব? শাহ আজিজ, নাকি বিরোধীরা?' ব্যান্সমি বলল, 'বিরোধী ছাত্রলীপ থাইকাই দলনেতা হইল। আবদুর রহমান চৌধুরী। যুবলীপ থাইকা শামসূল হক সাহেব, ছাত্র কেডাবেশন থাইকা শহীদুল্লা কায়সার আর লিলি খান, পুলু বিলক্ষিস বানু ও গায়িকা লায়লা আর্জুমান্দ বানু। শাহ আজিজ বুব মন খারাপ করব।'

ব্যাঙ্গমা বলল, 'না, করব না। কলিকাতা যাত্রা তো! করাচি হইলে ক্ষমত!'



۹٩.

শেষ মুজিবের সঙ্গেই বিজেশটা কাটিরেছেন বিভিন্নীন। মুসলিম লীগ অফিনে। সজ্ঞার পর কামক্রন্দীন নাহেবের ব্যক্তিলোনেরও রাজনীতি নিয়ে অনেক উৎসাহ। তিনি প্রায়ই মুক্তিলোনেরও রাজনীতি নিয়ে অনেক উৎসাহ। তিনি প্রায়ই মুক্তিলোনেরও রাজনীতি নিয়ে অনেক উৎসাহ। তিনি প্রায়ই মুক্তিলোনের কাছে আদেন। কামরন্দীন সাহেবেও যান তাঁর মাহিন কাটেন সাহেবের দোতলা বাড়ি। নিচতলায় বসার ঘর। সেকুটের ইন্সে আছেন তাজভদ্দীন। ওপরতলায় কামরন্দীন সাহেব তাক্তি করি শাহভাহান সাহেবের সংগ্রাণ কামরন্দীন সাহেব অহিন করি শাহভাহান সাহেবের সংগ্রাণ করি করি শাহভাহান সংযোগ না প্রকল্প এই বাড়িতে আছে। ক্রিটির ওপর জ্বলছে বিদ্যুৎ বাতি। তারই হলুদ আলোয় চমৎকার করে সাক্রিনো ঘরটায় তাজভদ্দীন বনে আছেন আস্থাম।

হঠাৎই একজন এসে বলল, 'খবর গুনেছেন, গান্ধীজিকে গুলি করে

হত্যা করা হয়েছে।

তাজউদ্দীন একটা তীব্র-তীক্ষ্ণ আর্তনাদ করে উঠলেন। যেন রাতের কালো বুকের মধ্যে কে যেন বিদ্ধ করল একটা শব্দের বল্পম।

গৃহকর্তা ক্যান্টেন শাহজাহান দোতলা থেকে উকি দিলেন। কী হয়েছে তাজউদীনের মুখ থেকে কথা সরছে না। তাঁর সমন্ত শরীর বিকল, হাত-পা বিবশ। প্রায় তিন মিনিট তিনি যেন গুছিত, চেতনারহিত হয়ে রইলেন। তালপর কোনো রকমে বললেন, 'যা সত্যি, তা কি ঠিক? গান্ধীজি...' 'ই্যা। গান্ধীজিকে গুলি করে হত্যা করা হয়েছে।'

ডাক্রউদ্দীনের শরীরে বল ফিরে আসছে না। তাঁর মাথায় কোনো কিছু কাজ করছে না। কোনো দুখের অতলে তাঁকে কেউ নিক্ষেপ করল যেন! তিনি ডুবে যাচ্ছেন আর ডুবে যাচ্ছেন।

কামরুদ্দীন আহমদ নেমে এলেন দোতলা থেকে। নুরজাহান বিভিং থেকে বেরিয়ে এলেন তাঁরা।

বেচারাম দেউরিতে এসে রেডিওতে নিজের কানে সেই দুঃসংবাদটা শুনলেন তাজউদ্দীন। বুকের ভেতর ক্ষরণ হচ্ছে তাঁর। সেই ক্ষরণ কিছুতেই বাঁধ মানছে না।

ফজলুল হক হলে গেলেন সাইকেল চালিয়ে। শীতরাতের কুয়াশামাখা অন্ধকার পথ পেরিয়ে। সেখান থেকে গেলেন ঢাকা হলে। রেডিও বাজছে। ছেলেরা সব রেডিও ঘিরে ধরে আছে। পণ্ডিত নেহকু ক্রমনর্দার প্যাটেল ভাষণ নিলেন।

তাজউদ্দীন মন দিয়ে ভাষণ ওনলেন। তাঁর ক্রিক ক্ষত সারল না। সব জানা গেল। বিকেলবেলা গান্ধীজি অধ্য দিনের মতোই দিয়ির প্রার্থনামঞ্চের দিকে এগিয়ে যাচ্ছিলেন ব্রুটা লোক উঠে দাঁড়াল সে পিঙল বের করে তিনটা গুলি কুরুন ব্রুটা গুলি ভেদ করে গেল মহাত্মার বুক দুটো বিদ্ধ হলো তাঁর স্কুক্সক্রিটা। রক্তে ভেসে গেল চারপাশ।

বিরলা ভবনে নেওয়া হালী জাঁকে। ৩০ মিনিটের মধ্যেই এক মহান আত্মা দেহখাঁচা ছেডে ছবি ছব

হত্যাকারী **(৯) কর্তা** সঙ্গে সঙ্গেই ধরে ফেলেছে। তার নাম নাথুরাম গডনে , বোনেক অধিবাসী এই লোক একজন মারাঠি। সে *হিন্দু রাষ্ট্র* পত্রিকার সম্পাদক।

খরে ফিরে এলেন তাজ্বউদ্দীন। নিমতলী মেসের ঘর।

কিন্তু মনের মধ্যে তাঁর অস্থিরতা। যেন একটা গলা কাটা মোরগ তাঁর বকের মধ্যে তড়পাচ্ছে।

এত কষ্ট কেন হচ্ছে তাঁর? এই জীবনে প্রথম কোনো মৃত্যুগোক অনুভব করছেন তাজউদ্দীন। অথচ মৃত্যু সব সময়ই তাঁর কাছে একটা স্বাভাবিক ব্যাপার। এর আগে কোনো দিন কারও মৃত্যুতে তিনি শোক প্রকাশ করেছেন বলে তাঁর মনে পড়ে না। বড় ভাইয়ের মৃত্যু হয়েছিল তিন বছর আগে। অন্ধ বয়সে। সেই মৃত্যুতে তাঁর মনে কোনো দুঃখবোধই জাগেনি। গত বছব বাবা মারা গেছেন। তাজউদীন তখন কলকাতায়। বাবা
চেয়েছেন, তাজউদীন যেন কলকাতা না যায়। তাঁর ইচ্ছার বিরুদ্ধেই
তাজউদীন কলকাতা গিয়েছিলেন। বাবার মৃত্যুর খবর যখন পেলেন, তার
১৫ মিনিট পর তিনি চারটা পরোটা আর এক বাটি মাংদ পর্যান্তলেন, তা
অখন দিব্য মনে পড়ছে। তার পরের রাতে বাবা যে বিছানায় শেষনিঃখাস
ত্যাগ করেছিলেন, সে বিছানায় গুয়ে তিনি গভীর ঘুমে অচেতন হয়ে
পড়েছিলেন। তাঁর বিশ্বুমাত্র অসুবিধা বোধ হয়ন।

তুর্ব একটাই বোধ তাঁর মধ্যে এসেছিল, পারিবারিক বোঝাটা তিনি নিজের কাঁধের ওপর টের পাচ্ছিলেন।

কিন্তু গান্ধীজির মৃত্যুটা কেন তিনি সহজভাবে নিতে পারছেন না? কেন এই দুর্বলতাং পূর্বলতাকে তো প্রশ্নর দেওরা উচিত নর। তিনি মন শক্ত করতে চাইছেন। কিন্তু পারছেন না। তিনি অনুভব করলেন ক্রিটা পুর্বলতান্য এ হচ্ছে বিযাদ। জগৎপ্রাবী বিষাদের নিচে ক্রিটা টুবে আছেন। অনিচ্ছা সন্তেও রাত ১২টার তিনি খাবার খেলেন বিত্তার মুখানোর জন্য শরীর সমর্পন করেন বিহুনায়। কিন্তু কিন্তু মুখা আসহে না। সমন্ত তেতনা আপ্লুত করে রেখেছেন গান্ধীজি প্রাম্বীর্বশ হয়ে এল। তন্তাছের হলেন। কিন্তু তবু ওই তন্তার তেতুকাই সাম্বীজি তাঁকে আপ্লুত করে রাখলেন

তার মনে হতে লাগল বিষ্ণু দিনগুলোয় এই গান্ধীজির বিরুদ্ধেই তিনি কত কথা উচ্চারণ করেছিল। অন্তরের বিশ্বাস থেকে সেনব করেননি, করেছেন রাজনীতির কাছিরে। কারণ, মুনলিম লীগের শক্তি ছিল কংগ্রেনের নুর্বগত্তি। করি তিনি ভারতেন, কংগ্রেসকে দুর্বল করার উপায় হলো মহাত্মা গান্ধীকে ছোট করা। কংগ্রেসের আত্মাই তো ছিলেন গান্ধীকি।

বিশ্ববিদ্যালয়ে শোকসভায় যোগ দিলেন তাজউদ্ধীন। সূর্য একটু হেলে পড়লে গেলেন ফুলবাড়িয়া রেলস্টেশনে খবরের কাগজের সন্ধানে। লোকে খবরের কাগজে কেনার জনা দৌড়াচ্ছে, পত্রিকার হকারকে ঘিরে ধরছে চাক ঘিরে থাকা মৌমাছির মতো, মানুষের ওপর মানুষ হুমড়ি খেয়ে পড়ছে। সিনেমা হলে থার্ভ ক্লাকের টিকিট কেনার জন্যও এত ভিড় হয় না। একের পায়ের নিচে চাপা পড়ছে অন্যজন। খাস কন্ধ হয়ে আসছে। তবু চেষ্টা করছে খবরের কাগজের একটা টুকরা কেউ পোতে পারে নি না। মেখানে যদি পাওয়া যায় মানুষটার একটুখানি খবরঃ ভাজউদ্ধীন বিশ্বিড,

ঢাকার লোক সতিয় মহাক্ষাকে এত গভীরভাবে ভালোবেসেছিল কোনো কিছু পাওয়ার জনা মানুষের এত প্রতীক্ষা, এত আকুলতা তিনি আর কখনো দেখেনান। কাগজের দামও বাড়িয়ে দেওয়া হয়েছে বহু৪৫ । তবু মানুষ কাগজ কিনতে চাচ্ছে। একজন মানুষের কপালে একটা কাগজ ভুটছে না বলে ভাগ করে জনেকে মিলে একটা কাগজ কিনছে। দ্রুত সব কাগজ বিক্রি হয়ে গেল। তবু লোকেরা সরছে না। তারা কি আশা করে আছে পরের ট্রেনে কাগজ আসবে?

তাজউদ্ধীনের মনে পড়ে রবীন্দ্রদাথ ঠাকুরের মহাপ্রয়াপের দিনটির কথা। সেদিনও সংবাদপত্রের চাহিদা আর দাম এমনিভাবে বেড়ে গিয়েছিল। তবু তাজউদ্দীন বাহোক একটা কাগজ জোগাড় করতে পেরেছিলেন গোটা। কিন্তু আজ পুরো কাগজ নয়।

তিনি বেরোলেন স্টেশন থেকে।

আজ পুরো শহরে হরতাল। কেউ ডাকেনি এই ক্রতাল, তবু পালিত হলো। এ এক অভাবিতপূর্ব দশ্য।

তাক্ষউদ্দীন গেলেন নাজির লাইব্রেরিতে ক্রিস্টইন্ডিয়া রেডিও গুনলেন মহাত্মার শেষকত্যের ধারাবিবরণী হক্তে

ভিক্টোরিয়া পার্ক থেকে শোক (মিন্টির্ল বেরিরেছে। করোনেশন পার্কে হলো শোকসভা আর মৌন প্রাপ্তরেস্টি

তাজউদ্দীনের মনে হক্ষে এই অন্তমিত হলো। অন্ত গেল মানবতার পথের দিশারি আন্দোক্ষিতিৰা। তাহলে এর পরে কী? অন্ধকার। আলো এবং অন্ধকার। অন্ধক্ষিত্র এবং আলো। দিনের পরই তো আসে রাত। আর দিন আসে রাজের সুস্ককার তাড়াতেই।

এত অন্ধর্মার্ক্ত কেন চারদিকে? এই অন্ধর্কারের অবসান হবে না। অমাবস্যার পর আসে ক্ষীণ তনু চাঁদ। তারপর একসময় তো পূর্ণিমাও হয়। হতাশার পেষে আশা কি আসবে না? সংকটময় এই মুহুর্ত কি একদিন পরিণত হবে না বিশ্বত অতীতে?

তিনি নিজেকে প্রবোধ দেন, জগৎ থেমে থাকে না। আশা-নিরাশার এই চক্র অনিঃশেষ ও অনিবার্য।

যে মানুষটির শোকে আজ তিনি মুহ্যমান, সে লোকটিও দীর্ঘ অমানিশা পেরিয়ে তবে পৌছেছিলেন আলোর দুয়ারে। তাঁকেও অক্ষকারে উদ্বিগ্ন হতে হয়েছে আলোর অন্বেষণে! অথচ কী বিস্ময়, তিনি তো নিজেই ছিলেন আলোকবর্তিকা! আলোককে কি তুমি ধ্বংস করতে পারো! আলোক কণিকা আমাদের থেকে বহুদ্রে অবস্থান করতে পারে, কিন্তু তাতে কী! ধ্রুবতারা পৃথিবী থেকে কতদূরে, কিন্তু মরুভূমির পথহারা পথিককে সে ঠিকই পথ চিনিয়ে দেয়!

গান্ধীজির চোখের জ্যোতিকণাও এই পৃথিবীকে বহু শতানীজুড়ে পথ চেনাবে। তাহলে আর বেদনা কেনং আমরা তাঁর ফেলে যাওয়া পায়ের চিহ্ন ধরে অগ্রসর হব। তিনি শান্তি লাভ করন্দ। আমিন। তাজ্ঞদীন নিজের মনে বলেন।

রেডিওতে ওনেছেন মহাত্মার শেষকৃত্যের ধারাবিবরণী। সেই সব কথা মনে হয়।

হঠাৎ মনে হলো, আজ দুদিন তিনি মাথার চুলে চিক্রদি দেননি। তাঁর এই একটাই বিলাস। চুল আঁচড়ানো। হোক সামান্য, তবু এই তাঁর বিলাস। জাজ তিনি গোসল করেননি। একবার, তাঁর মনে আছে, ১০ মহররমে মুখে লো মের্ঘেছিলেন বলে মুসলিম লীগ অক্রিম্ব মুক্তে তিরন্ধার করেছিলেন তাঁর এক সহকর্মী। সেদিন তিনি জ্যুক্তি প্রদেছিলেন, দূখের এমন প্রকাশে আমি বিশালী নই। কিন্তু এখন হৈ প্রিক্রি তার কেয়েও ঢের বেশি করছেন। দদিন চুগও আঁচড়াছেলে ল্লাম

۷۲.

৬২ বছর বয়সী কৃষিল্লা নিবাসী পাকিস্তান গণপরিষদ সদস্য ধীরেজ্বনাথ দত্ত করাচি শহরে নামলেন উড়োজাহাজ থেকে। করাচিতে এখন নাতিশীতোক্ষ আবহাওয়া। পূর্ব বাংলার তুলনায় একটু ঠাভা। পূর্ব বাংলার তুলনায় একটু ঠাভা। পূর্ব বাংলার তুলনায় একটু ঠাভা। পূর্ব বাংলার এবন ফালুন এমে গেছে, চলছে বিখ্যাত বসন্তকাল। দীর্ঘদিন মদেশি আন্দোলন করেছিলেন, গান্ধীর ভক্ত ছিলেন, সদেশি করতে গিয়ে এই আইনজ্ঞ বারবাব জেলে গেছেন। ১৯৩৭ সালে বাংলার বাগারে আসনে কংগ্রেমের প্রারী হিসেবে কৃষিল্লা থেকে এমএলএ নির্বাচিত হন। ব্রিটিশ সানরের অবসান ঘটার পর গাকিস্তান প্রতিষ্ঠিত হলে অনেক কংগ্রেম বেসাম ঘটার পর গাকিস্তান প্রতিষ্ঠিত হলে অনেক কংগ্রেমে

গণপরিষদ সন্দোলনে উপস্থিত ছিলেন। মোহাম্মদ আলী জিরাহ সেদিন একটা অপূর্ব ভাষণ দিয়েছিলেন। বলেছিলেন, 'যা-ই হোক না কেন, পাকিজান কখনোই এমন একটা ধর্মরাষ্ট্রে পরিণত হবে না, যা কিনা ধর্মযাঞ্জকেরা পারলৌকিক মিশন নিয়ে শাসন করে থাকে। আমাদের আছে অনেক অমুসলিম—হিন্দু, স্তিষ্টান, পারসি; কিন্তু ভারা সবাই পাকিজান তারা অন্যানের মতো সমান অধিকার ও সুযোগ ভোগ করবে এবং পাকিজান বিষয়ে তাদের অধিকারপূর্ণ ভূমিলা পালন করবে। পৃথিবীতে এখনো এমন রাষ্ট্র আছে, যেখানে কোনো একটা প্রেণীর ওপর বৈষম্য ও বাধা আরোপ করা হয়েছে। ঈশ্বরকে ধন্যবাদ দিন, আমরা সেই যুগে আর নাই . আমরা ওক করছি এমন একটা কালে, যখন কোনো বৈষম্য নাই, কোনো একটা সম্প্রদামের তুলনার আরেকটা সম্প্রদামক আলানা করা হয় না, বর্ণের কারণে, গোত্রের কারণে কারও প্রতি বৈষ্ক্রম করে যে আমরা তক করতে যাছি এই মৌল নীতি স্বাক্রমণ করে যে আমরা বাই একটা রাষ্ট্রের নাগরিক এবং সম-অম্ব্রিম্বিস্ট্রিস্ট্রাণ্ডরিক।

এই বক্তৃ ধীরেন্দ্রনাথ দত্তকে আশৃত **করেছে।** তিনি আর পূর্ব বাংলা

ত্যাগ করেননি।

তিনি আজ করাচি বিমানবৃদ্ধতি সমেছেন গণপরিষদের অধিবেশনে যোগদানের উদ্দেশ্যেই। কিন্তু কিন্তুলবেন, এই বিষয়ে তাঁর বিশেষ একটা প্রস্তুতি আছে। তিনি এরাছ বিসামেন্টে কথা বলবেন বাংলা ভাষার পক্ষে।

পূর্ব বাংলায় এবর সমৌ বাংলা ভাষার পক্ষে আন্দোলন শুরু হয়ে গেছে, তিনি জানের বাংলানে যে এই দাবিতে ছাত্ররা মিছিল-মিটিং করছে, বুদ্ধিজীবীরা স্ট্রেডা করছেন, বহু বছর থেকেই পত্রপত্রিকায় বাংলাকে রাষ্ট্রভাষা করার পক্ষে যুক্তি দেখিয়ে প্রবন্ধ ছাপা হছে।

তিনি বাঙালিদের এই দাবির কথাই তুলে ধরবেন পার্লামেন্টে

তিনি গণপরিষদের অধিবেশনে যোগ দিলেন।

পার্পামেন্টে একটা বিধি প্রস্তাব করা হয়েছে। তাতে বলা হয়েছে, গণপরিষদে সরকারি ভাষা হিসেবে ইংরেজির সঙ্গে উর্দুও বিবেচিত হবে। এই প্রস্তাবে একটা ছোট্ট সংশোধনী দেওয়ার নোটিশ দিলেন্

এই প্রস্তাবে একটা ছোট্ট সংশোধনী দেওয়ার নোটিশ দিলেন ধীরেন্দ্রনাথ দত্ত। দুদিন পর তাঁকে ফ্লোর দেওয়া হলো সংশোধনী উপস্থাপনের জন্য।

তিনি উঠে দাঁড়ালেন। বললেন, 'মিস্টার প্রেসিডেন্ট, স্যার, আমার সংশোধনী: ২৯ নম্বর বিধির ১ নম্বর উপবিধির ২ নম্বর লাইনে "ইংরেজি" শব্দের পর "অথবা বাংলা" শব্দটি যুক্ত করা হোক।

তিনি ব্যাপারটা খুব সুন্দর করে ব্যাখ্যা করলেন। বললেন, 'আমি এই সংশোধনীটা ক্ষুদ্র প্রাদেশিকতার মানসিকতা থেকে উত্থাপন করিনি। পাকিস্তানের মোট জনসংখ্যা ছয় কোটি নক্ষই লাখ। এর মধ্যে চার কোটি ৪০ লাখ কথা বলে বাংলায়। তাহলে, স্যার, দেশের রাষ্ট্রভাষা কোনটি হওয়া বাঞ্ছ্নীয়!'

যে ভাষায় দেশের বেশির ভাগ লোক কথা বলে, নিশ্চয়ই সে ভাষাই হওয়া উচিত রাষ্ট্রভাষা বা লিংগুরা ফ্রাংকা।

'আমি জানি, স্যার, ইংরেজি ভাষার একটা আন্তর্জাতিক সম্মানজনক হান আছে। কিন্তু, স্যার, ২৯ নম্বর বিধিতে যেখানে বলা হয়েছে, পরিষদের বিবরণী গুধু ইংরেজি অথবা উর্দুতে বিধিসম্মত হবে, সেখানে দেশের চার কোটি ৪০ লাখ জনগোষ্ঠীর মাতৃভাষা বাংলা বক্ত ২৯ নম্বর্ম বিধির আওতায় একই ধরনের সম্মানজনক স্থান পাকে নাম

'স্যার, এই জন্য আমি সারা দেশের বিশাল ক্রপেন্ট্রীর মনোভাবের পক্ষে সোচ্চার হয়েছি। বাংলাকে একটা প্রাদেশিক প্রসী হিসাবে গণ্য করা যাবে না। এই বাংলা ভাষাকেই রাষ্ট্রভাষা ক্রিয়ারে পাণ্য করতে হবে।'

পূর্ববঙ্গের সাধারণ সদস্য প্রেমহার বিশ্বদ এই প্রভাবকে সমর্থন করলেন।

এরপর উঠলেন পাকিতানের প্রাটার্মন্ত্রী লিয়াকত আলী খান। তিনি বললেন, 'পাকিতান একটা খুসুবির্ম রাষ্ট্র এবং এ জন্য মুসলিম জাতির ভাষাকেই (উর্দু) এই রাষ্ট্রেক বিশ্বেয়া ফ্রাংকা করতে হবে। ... কাজেই আমি এই সংশোধনী উদ্দেশ্যই হলো পাকিতানের জনগড়েক মিধ্যে বিভেদ সৃষ্টি করা। এই সংশোধনীর উদ্দেশ্য হল্ছে, যে জ্বনিহিত শক্তি মুসলমানদের মধ্যে ইম্পাতকঠিন একতার সৃষ্টি করেছে, শেই শক্তিকে অপসারণ করা।

পূর্ববঙ্গের আরেক সদস্য ভূপেক্ষ কুমার দন্ত দাঁড়িয়ে বললেন, 'প্রধানমন্ত্রী বেছে বেছে এমন কিছু মন্তব্য করেছেন, যা তিনি না করলেও পারতেন।'

খাজা নাজিম উদ্দিন, পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী, বললেন, 'আমি নিশ্চিড, দেশের বিপুল জনগোষ্ঠী উর্দুকেই পাকিন্তানের রাষ্ট্রভাষা করার পক্ষপাতী।'

পূর্ববঙ্গের শ্রীশচন্দ্র চট্টোপাধ্যায় বললেন, 'পাকিস্তান মুসলিম রাষ্ট্র—এই কথাটা পরিষদের নেতার মুখে শোনার পর খুবই দুঃখ পেয়েছি। এত দিন পর্যন্ত আমার ধারণা ছিল, পাকিন্তান গণগুজাতন্ত্রী রাষ্ট্র, আর এই রাষ্ট্রে মুসলিম ও অমুসলিমদের সমান অধিকার রয়েছে।

পরিষদে সভাপতিত্ব করছিলেন মোহাত্মদ আলী জিন্নাহ। তিনি প্রস্তাবটা কণ্ঠতোটে দিলে তা বাতিল হয়ে যায়। অথচ এই পরিষদে ৭৯ জন সদস্যের মধ্যে ৪৪ জনই ছিলেন পূর্ব বাংলার।

বাংলাকে গণপরিষদের অন্যতম ভাষা করার প্রস্তাব প্রত্যাখ্যাত হয়েছে, এই খবর পূর্ব বাংলায় ছড়িয়ে পড়ল বিদ্যুতের বেগে।

ফান্ধুনের এই সকালটার আকাশ ছিল উজ্জ্বল, রোদ ছিল বিশ্ববিদ্যালয় এলাকার মাঠের ঘানে, বাড়ির ছানে, গাছের পাতায়। বাতাস ছিল মৃদুমন্দ। ছেলেখেরেরা কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ে গেছে অন্য দিনের মতোই।

হঠাৎই দক্ষিণা সমীরণ বয়ে নিয়ে এল পশ্চিমের স্থবাদ। করাচিতে গণপরিষদে বাংলাকে ইংরেজি ও উর্দুর পাশাপাদি ক্রিকটা সরকারি ভাষা করার প্রভাব প্রভ্যাথ্যাত হয়েছে। আর স্ক্রিকিম উদ্দিন বলেছেন, পাকিতানের বেশির ভাগ মানুষ বাংলা চার্ম্বার্ক চায় উর্দু।

ঢাকা বিশ্ববিদ্যালয়, মেডিকেল কর্মেন্ত্র ইঞ্জিনিয়ারিং স্কুল আর কলেজ থেকে ছাত্ররা মিছিল করে স্ল্যোপুন্ধ দিতে বেরিয়ে আসতে লাগল।

মিছিল বড় হতে লাগদ্ধ হাস্কী নোগান দিতে লাগল, রাষ্ট্রভাষা বাংলা চাই। উর্দুঅলা বরবাদ মুক্তিল পুরো রমনা এলাকা প্রদক্ষিণ করে এসে চুকল বিশ্ববিদ্যালয় তুর্বুনি তমন্দ্রন মজলিদ ও তাঁদের রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ, যেটা থেকা স্বাধা তাঁরা গঠন করেছেন, তার এক নম্বর রাক্তি অধ্যাপক অন্ত্রিক জাশেমের সভাপতিত্বে বদল প্রতিবাদ সভা। পূর্ব পাকিন্তান মুস্টিন ছাত্রলীগের আর্বায়ক নাইমুদ্দিন আহমেদ, মোহাম্মদ তোয়াহা গণপরিষদের দিল্লান্তর তীর প্রতিবাদ করলেন। পূর্ব পাকিত্তানের অবিকাংশ মানুষ উর্দুর পক্ষে, খাজা নাজিম উন্দিনের এই বক্তব্যের জবাবে তাঁরা বলনে, শতকরা ৯৯ জন মানুষই বাংলার পক্ষে।

তাজউদ্দীন ব্যস্ত রাষ্ট্রভাষা বাংলার পক্ষে এক পৃষ্ঠার একটা প্রচারপত্র রচনায়। তাঁকে এটা করতে বলেছেন ছাত্রলীগের আহ্বায়ক নাইমূদ্দিন।

ছাত্রলীগ ব্যস্ত তমনুন মজলিদের সঙ্গে এক হয়ে ১১ মার্চ ১৯৪৮ হরতাল কর্মসূচি প্রণয়নের কাজে। বাংলা ভাষাকে গণপরিষদের অফিশিয়াল ভাষার তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে। মূ্ত্রা আর ডাকটিকিট বেরিয়েছে। তাতে বাংলা ভাষার জায়ণা হয়নি। নৌবাহিনীর ভর্তি পরীক্ষার বাংলায় অংশগ্রহণের সুযোগ নাই। এসবের প্রতিবাদে এই হরতাল। সর্বত্র ছাত্রলীগ কর্মীদের নির্দেশ দেওয়া হলো, তমন্দুন মন্ধনিসের সঙ্গে হাত মিলিয়ে কাজ করার জন্য।

শেখ মুজিব ব্যস্ত ছাত্রলীগের এই সব সাংগঠনিক কাজে।

এখন তাঁর হাতে একটা বিবৃতি।

মুজিব সেটা পড়ছেন। তাঁর পাশে আছেন তমদুন মজলিসের নেতৃবৃক্ষ⊷ আর ছাত্রলীগের নেতৃবৃক্ষ।

তমন্দ্রন মজলিসের রাষ্ট্রভাষা সাব-কমিটির এক যুক্ত অধিবেশনের সিদ্ধান্ত অনুযায়ী ১১ মার্চ পূর্ব পাকিন্তানের সর্বত্র সাধারণ ধর্মঘট/ হরতাল ঘোষণা করা হয়েছে—...আমরা পূর্ব পাকিন্তানের সমক্ত দেশপ্রেমিক গণনেতা, ছাত্র ও যুবকমীদের সনির্বদ্ধ অনুয়োধ জ্বানাজি, ধর্মঘট/ হরতালকে সম্পূর্ণভাবে সফল করার জন্য যেন তারা অবস্কু, থেকে প্রস্তুত্ত থোকেন ...আমরা পূর্ব পাকিন্তানের ছাত্র বৃষ্কু, সমাজের কাছে আবেদন জানিয়ে বলি, ওঠো, জাগো, এই স্কুর্মন্তর্ক তোমাদের নিজ শক্তিবলৈ চুরমার করে দাও। দেশব্যাপী, এম্ব জান্দোলন গড়ে তোলো, যার ফলে বাংলাকে অবিলম্বে আমাদের রাজ্যজারিকপে গ্রহণ করতে সরকার বাধ্য হয়।

মুজিব চশমাটা খুলে পাঞ্জাবি কৈনা দিয়ে মুছলেন। তারপর আবার পড়তে লাগলেন। পড়া শেয়ে ভিন্দ খাক্ষর করলেন দ্বিতীয় স্থানে। ওপরের জায়গাটা তিনি ছেড়ে ফিনেন অধ্যাপক আবুল কাসেমের জন্য। তারপর শ্বাক্ষর করলেন নাইমুক্তি শার আবদুর রহমান চৌধুরী।

পরের দিন রাষ্ট্রভার্স আন্দোলনটাকে সর্বদলীয় চেহারা দেওয়ার জন্য একটা সভা ভাকাঙ্কিলো। কামরুদ্দীন আহমদ সভাপতি। তাজন্টদীন তাতে যোগ দিলেন। কমিউনিস্ট পার্টির সমর্থক ছাত্ররাও এবার এতে যুক্ত হলেন। ওধু তমদ্দুন মঞ্জলিস আর ছাত্রলীগ নয়, এবার রাষ্ট্রভাষা আন্দোলনটা সব দলের, সব মতের আন্দোলন হয়ে উঠল।

তাজউদ্দীন এইভাবে প্রতিটা রাজনৈতিক কর্মকাণ্ডে যোগ দিছেন। আবার রোজ সকালে, দুপুরে—খবনই সময় পাছেন, নিজের পরীক্ষার প্রস্তুতিও নিছেন। এবার তিনি সলিমুদ্রাহ কলেজ থেকে প্রাইভেটে আইএ পরীক্ষা দেবেন। মাস দুরেক আগে কলেজে থিজি প্রিলিপালের সঙ্গে দেবা করে ফরম ফিলআপ করে এসেছেন। সামনে তাঁর পরীক্ষা। তিনি পরীক্ষার পড়া করছেন, একই সঙ্গে ভাষা আন্দোলন, বাজা নাজিম উদ্দিন-

সরকারবিরোধী আন্দোলনও করছেন। সঙ্গে কামক্রন্ধীন আহমদের নেতৃত্ত্ব গণ-আক্রদি লীগ বা পিপলস ফ্রিভম লীগটাকে গড়ে তোলার চেষ্টাও চালিয়ে যাচ্ছেন।

আগামীকাল হরঙাল। মুজিবের রন্তের ভেতর অস্থিবতা। তিনি আন্দোলন-সংগ্রাম করা মানুষ। প্লেটোর মতো তাঁর চোঝ আকাশের দিকে বিহুর নয়, আ্রারিস্টটেলের মতো তাঁর মুখ মাটির দিকে বাঁকালো—প্রায়ই বলেন কামক্রন্দীন আহমদ। ১০ মার্চ ফজলুল হক হলের প্রস্তুতি সভার যোগ দিয়েছেন নেতার। মুজিবও আছেন। সংগ্রাম কমিটির আহ্বায়কসহ করেকলন নেতার মলে বিধা। সরকার এরই মধ্যে ১৪৪ ধারা জারি করেছে। ১৪৪ ধারা জলর করেছে। ১৪৪ ধারা ভল করা উচিত হবে কি হবে না।

হঠাৎ একটি জলদগদ্ধীর কণ্ঠ বছ্রপাতের মতো অও্যাজ করে উঠল, 'আমরা অবশ্যই ১৪৪ ধারা তঙ্গ করব। সরকার ক্রমাসের দাবি মেনে নেয়নি। ববং একটা ন্যক্কারজনক বিবৃতি দিয়েন্ত্রি সাজিম উদ্দিন স্পষ্ট করে বলেছেন, পাকিন্তান রাষ্ট্রের একটা ভার্মাস্ত্রের এবং সেটা হবে উর্দূ কেন্ত্রীয় সরকারের ভাষা হবে উর্দূ অন্ধ্র শুদ্ধানর ভাষাও হবে উর্দূ এই ক্রমাস্ত্রের একবার বিবৃতি দিয়ে বলার পরেও কেন আমানের মনে সিন্ত্রীয় একগামীকাল ধর্মঘট হবে পিকেটিং হবে। সেক্রেটারিরেটের স্যান্ত্রিক পিকেটিং করব আমি।'

সঙ্গে সঙ্গে উঠে দাঁজুলুবাই জার্ত্রনেতা অলি আহাদ। বললেন, 'আমি এই প্রস্তাব সমর্থন করি শুরুবারের বিধিনিষেধ মেনে আন্দোলন হয় না। শেখ মুজিবের সঙ্গে অধ্যাতী আকব সেক্রেটারিয়েটের গেটে পিকেটিং করতে।'

তোয়াহা, শুক্তেত, শামসূল হক সমর্থন করলেন এই বক্তব্য

এরপর দাষ্ট্রিক ভাগ করে দেওয়া হয়। কে কোন জায়গায় পিকেটিংয়ের নেতৃত্ব দেবে, কাগজে লিখে তা টাঙ্কিয়ে দেওয়া হয় দেয়ালে।

ত্বম ভাঙল খুব ভোরে। বাড়ির ছাদের ওপর তখন কাকগুলো ভাকতে শুরু করেছে। বসন্তের ভোরে হাওয়া বইছে শরীর ও মনজুড়ানো। শত শত পুলিশ এসে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবন এলাকার আমতলায় অবস্থান নেয়। তাদের পরনে হাফ প্যান্ট, হাতে বন্দুক, সচিবালয় খিরেও ভারা সারিবন্ধভাবে দাঁড়ানো।

নটার মধ্যেই ইডেন সেক্রেটারি ভবনের ১ নম্বর গেটে হাজির হলেন শেথ মুজিব, অলি আহাদসহ কয়েকজন। একটু পর সেখানে এলেন তরুণ জননেতা শামসুল হকসহ বেশ কয়েকজন কমী। সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীরা তখনো দণ্ডরে আসতে শুরু করে নাই।

সিদ্ধান্ত হয়ে আছে, চার-পাঁচজনের একটা করে দল কর্মচারীদের সচিবালয়ে ঢুকতে নিষেধ করবে। তাদের যদি গ্রেপ্তার করা হয়, পরের দলটা এসে সেই জায়ণায় দাঁড়িয়ে পড়বে।

সাড়ে নটা থেকে দশটার মধ্যে কর্মচারীরা আসতে গুরু করল। শেখ মুজিব স্লোগান ধরলেন, 'রাষ্ট্রভাষা রাষ্ট্রভাষা, বাংলা চাই বাংলা চাই। আজকের হরতাল, সঞ্চল করুন, সঞ্চল করুন'।

সবাই মিলে মুজিবের কঠে কঠ মেলাল ৷

পলিশ তৎপর হয়ে উঠল।

লাঠি চালানোর নির্দেশ এল ওপর থেকে।

সঙ্গে সঙ্গে চলল নেতাদের গ্রেণ্ডার করা। প্রথমে গ্রেণ্ডার উলন শামসুল হক , আর তাঁর গ্রুপের কমী কয়েকজন।

সচিবালয়ের গেটে এগিয়ে গেলেন শেখ মুক্তিব আর সঙ্গের কর্মীরা এগোলেন। তাঁরা বাধা দিলেন কর্মকর্তাদের সহিত্যালয়ে ঢুকতে।

পলিশ তাঁদেরও গ্রেন্ডার করল।

এবার এগিয়ে গেলেন অলি অফ্ট্রান্ক ও তাঁর দল। পুলিশ মহা খাপ্পা। লাঠি চালাল হরতালকারীদের প্রস্কৃতি প্রালি আহাদ লাঠির আঘাতে লুটিয়ে গড়লেন পথে। তাঁকে ওই মুক্ত্রাষ্ট্র গ্রেপ্তার করা হলো।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্রিডিবন চতুরে সকাল থেকেই বিভিন্ন স্কুল-কলেজের হাত্ররা সম্বেত বিচ্ছল। ছাত্রীরাও এসেছিল দল বেঁধে। শ্লোগানে স্কোগানে আকাশ ব্রুক্তিক কাঁপিয়ে তুলছিল তারা।

মেডিকেল কক্ষেক্ত আর ইঞ্জিনিয়ারিং স্কুল অ্যান্ড কলেজের ছাত্রছাত্রীরা বিক্ষোভ মিছিলে যোগ দেয় দলে দলে।

খণ্ড খণ্ড মিছিল মিলিত তৈরি করে এক বিশাল মিছিল। সেই মিছিলের নেতৃত্ব দেন অধ্যাপক আবুল কাশেম।

মিছিল এগোতে থাকে সচিবালয়ের দিকে।

তাজউদ্দীন আহমদ ঘুম থেকে ওঠেন সকাল সকাল। সকাল সাতটার মধ্যে তিনি হাজির হন ফজলুল হক হলে। তোয়াহা আর তিনি যান রমনা ডাকঘরের সামনে পিকেটিং করতে। পুলিশের প্রহারে তোয়াহা মারাত্মক আহত হন। তাঁকে গ্রেপ্তারও করা হয়। তাজউদ্দীন গ্রেপ্তার এড়াতে সক্ষম হলেন। তিনটার পর বিক্ষোভকারীরা সবাই একে একে চলে গেলে তাজউদ্দীন গেলেন কেন্দ্রীয় কারাগার, কোতোয়ালি ও সূত্রাপুর থানা ও হাসপাতালে। আটককৃত ও আহতদের দেখতে।

সকাল ১০টায় কেন্দ্ৰীয় কারাপারে প্রথম দলটা প্রবেশ করল। তারা সবাই লাঠ্যাহত। ফজলুল হক হলের কাওয়ালি পার্টি। মানে গান গায় দল বেঁধে, তাধার জন্য মিছিলে যায়, কিন্তু বুব রাজনীতি করিয়ে কেউ নয়। জীবনে প্রথম কারাগারের জভ্যন্তর দর্শন। এই নিরীহ বিদ্যাবেষীদের একটু কাতর করেছিল, যদিও তারা আগে থেকেই কাতরাজিল পুলিশের মৃদু লাঠিবর্ধণের বিপুল অভিযাতে। পুলিশের তাড়া থেয়ে তারা ফজলুন হক্ত হলের বিখ্যাত পুকুরে আরায় য়ৢ৾বিজছিল, কিন্তু মাতা পুকুর তাদের আগকে রাখতে পারেনি, পুলিশের ভ্যানে উঠতেই হলো অনেক্রেক। সেখান থেকে যখন তাদের কেন্ত্রীয় খোঁয়াড়ে ঠেলা হলো, তার্ক্য করে যে রাষ্ট্রভাষা আন্দোলনের প্রথম কারাগার প্রবেশের অমোচনীয় কর্ক্ত তারা অর্জন করে ফেলেছে। তবু এই তরুলদের আনা ক্রমিন স্থাতি তারা অর্জন করে ফেলেছে। তবু এই তরুলদের আনাদ ক্রমিন্ত্রীয়াল হলো টিনের থালায় কিছু কাঁকর ও ফলেক্টেনিকে মোটা চালের ভাত, আর টিনের বালতি থেকে আহত এক্টার্ডিক করে অড্রহড়ের ভাল। এর নামই বুঝি জেলের ভাত থাওয়া। ক্রিন্তুন্দের গিঠের মার পেটের ভাত বুঝি সুইয়ে দেবে।

এমন সময় একটা বির্মিত্বল এসে ঢুকল প্লোগান দিতে দিতে। সেই প্লোগানের মূল কণ্ঠমন কার পাল, তার নাম শেখ মুজিব। যেমন তার গলা, তেমন তার উচ্চতা বিশ্বসা এরই মধ্যে তাঁকে চিনে কেলেছে। অনেকেই এরই মধ্যে ক্ট্রিক্টিক হয়ে পড়েছে।

সন্ধ্যায় ঢার্চ্চ বিশ্ববিদ্যালয়ের আমগাছে বসে দুই পাঝি—ব্যাঙ্গমা আর ব্যাঙ্গমি সারা দিনের ঘটনা নিয়ে কথা বলছিল।

নিচে পুরো চত্তরে তথন শত শত ইটপাটকেলের টুকরা। ছেলেনের সঙ্গে পুলিশের সংঘর্ষ হয়েছে দফায় দফায়। তারই চিফ্ বহন করে আছে এলাকাটা।

ব্যাঙ্গমা বলল, 'মুজিব তাঁর কাজ আর দিশা খুইজা পাইছে। আপসহীনতার এই পথই তাঁরে একদিন লইয়া যাইব তাঁর মঞ্জিলে।'

ব্যাঙ্গমি বলল, 'ডাজউদ্দীনও গ্রেপ্তার এড়াইতে পারছে। এইটাই ইঙ্গিত দিতাছে ভবিষ্যতের।' কেন্দ্রীয় কারাগারে ভাষা আন্দোলনবন্দীদের তৃতীয় রাত। শেখ মুজিব একটা সেলের মধ্যে একটা বিছানায় বসে কয়েকজন সহবন্দীর সঙ্গে কথা বলছেন। অপেশাদার ছাত্রবন্দীরা বসে আছে সারে সারে, ছোবড়ার তোশক। এখন তাদের গোন হেব। গুনতির পর বাতি নিভিয়ে দেওয়া হবে। গোনার দায়িত্ব পালন করছে কারাগারের এক নতুন কর্মচারী। তার পাশে দুই তিনজন সশস্ত্র প্রহরী।

ছেলেরা ভাবল, একটু মজা করা যাক।

এক কাতার গোনা শেষ হওরার পর সেই কাতার থেকে দু-চারজন চুপিসারে উঠে অন্য কাতারে গিয়ে-বসে। গোনা হয়, কিন্ত হিসাব মেলে না। আবার প্রথম থেকে গুনতে গুরু করে কর্মচারীটি। আবার একই দুষ্টুমি। অধৈর্য হয়ে একজন অবাঙালি সেপাই একটা ক্ষরীল গালি দিয়ে বসল।

আর যায় কোথায়! অমনি ছাত্ররা উঠে ঘিরে পর্যুক্ত তাকে। তাদের হট্টগোলে বেশ সরগরম হয়ে উঠন (ওমুর্ভটা।

হকচকিত গ্রহরীরা বাঁশি বাজিয়ে বিক ক্রের্ট্র প্রাচীরের ওপর থেকে বেজে উঠল পাণলাঘণ্টি।

পাগলাঘণ্টির বাজা মানে ভযুক্তর কিছু ঘটা।

দলে দলে পূলিশ রাইফেল্ রাইর্ডের আসতে লাগল, তারা সিঁড়ি দাপিয়ে উঠতে লাগল দোতলায়, বৈশ্বসে এই ভাষাবন্দীদের ওরার্ড। পুলিশদের বুটের আওয়াজে প্রকৃতিক জিলখানা।

শেখ মুজির মুক্তিই তাঁর কর্তবা ঠিক করে ফেললেন। তিনি চলে গেলেন ওয়ার্ডেই স্পেট। সঙ্গে দু-চারজন সঙ্গী। তিনি দুই হাত প্রসারিত করে গেট আগলে ধরে বললেন, 'খবরদার, কেউ ভেতরে চুকতে পারবা না। সব ঠিক আছে, যাও তোমাদের জেলারকে ডেকে আনো।'

রাইফেল বাগানো পূলিশ এসে রাইফেলের নল ধরল মুজিবের বুক বরাবর। তবু অকম্পিত মুজিব। অনড় তাঁর অবস্থান।

ছেলেরা এরই মধ্যে ভীতি-বিহ্বল জ্বেল কর্মকর্তা আর সেপাইগুলোকে পার্ঠিয়ে দিয়েছে গেটের ওই পারে।

জেলোর এলানে।

মুজিব বললেন, 'সব ঠিক আছে, ওদের নিয়ে যান।' এতগুলো ছেলে সেদিন বেঁচে গেল নিশ্চিত প্রলয়ের হাত থেকে। ১১ মার্চ ধরা হয়েছিল মুজিবকে। ১৫ তারিখেই ছেড়ে দেওয়া হলো। কারণ, এর পর প্রতিদিন ধর্মঘট চলছিল সমস্ত শিক্ষাঙ্গনে। প্রতিদিন ছেলেরা মিছিল বের করছিল, শ্লোগানে প্রোগানে উত্তপ্ত থয়ে উঠেছিল সারা দেশের আকাশ-বাতাস। প্রতিদিনই পুলিশের সঙ্গে সংখর্ম ইচ্ছিল ছারদের আহতদের সংখ্যা ক্রমাগত বেড়েই যাছিল। রাভাঘাট হয়ে পড়ছিল অচল, জীবনাঝারা বাাহত। শাহ আজিজপরী ও উর্গুজনা গুডারা আক্রমণ করছিল বিক্ষোভকারীদের, কিন্তু রাজপথে প্রতিদিন মুক্ত ইচ্ছিল নতুন নতুন মুখ, জলের কাতারে যুক্ত ইচ্ছিল যেন জল, বন্যার বিপদাশস্কায় কাঁপছিল শাসকেরা। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে ছাত্র প্রেপ্তার অব্যাহত ছিল। এর প্রতিবাদে এসএম হল সংসদের সহসভাপতি সৈয়দ নজরুল ইসলাদের সভাপতিত্বে একটা সভাও অনুষ্ঠিত হলো ঢাকা বিশ্ববিদ্যালয়।

সামনেই, কয়েক দিন পর, কারেদে আজম ব্যান্তর্কন ঢাকায়। তাঁর আগমনের প্রাক্তাদে ঢাকা শহর অশান্ত হয়ে প্রক্তিস্কু-তা চাছিলেন না খাজা নাজিম উদ্দিন। তিনি তাই বারবার বাস্ত্র পাঠাছিলেন কামরুদ্দীন সাহেবকে, আবুল কাশেমকে, একট আসস-মীমাংসায় পৌছাতে তিনি আশাসও দিয়েছিলেন, বিক্লোভস্থানীস্কুল্ল পব দাবি মেনে নেওয়া হবে।

নেতারা গেলেন মুখ্যমন্ত্রীর ক্রিপ্রেলিয়ে। ৮ দফা চুক্তি স্বাক্ষরিত হলো।
ভাষা আন্দোলনের সব কুন্মক মুক্তি দেওয়া ও তাদের বিরুদ্ধে মামলা
প্রত্যাহার, পুলিশি প্রেমান্তরের তদন্ত, প্রদেশে সরকারি ভাষা হিসেবে
বাংলার বাবহার ত্বি করা, আর কেন্দ্রে বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা
হিসেবে গ্রহণ ক্রিমান্তরিত উত্থাপন, ভাষাকমীরা দেশশত্রু নয় বলে নাজিম
উদ্দিনের স্বীকারোজি—এই সব ছিল সেই চুক্তিতে। চুক্তির এই সব দফা
নিয়ে কারাগারে গেলে আবুল কাশেম ও কামরক্ষীন, শেখ মুজিব আর
অলি আহাদকে দেখানো হলো। সেসব। তারা অনুযতি দিলেন। সে রাতেই
ভাষাবন্দীদের ছেড়ে দেওয়া হলো।

রাতের বেলায় মুজিব যোগাযোগ করলেন মুসলিম লীগের বিরোধী এমএলএদের সঙ্গে। তাঁরা বললেন, 'তোমরা কাল আমাে, কাল আমরা খাজার গদি উল্টে দেব।'

পরের দিনই বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গেলেন মুজিব। বেলতলায় অনুষ্ঠিত হলো এক ছাত্রমভা, তাতে তিনি সভাপতিত্ব করলেন এবং বললেন, 'চুক্তিতে অসামঞ্জস্য আছে, যেমন পুলিশি নির্যাতনের তদন্ত সরকার বা পূলিশ করলে চলবে না, করাতে হবে নিরপেক্ষ কাউকে দিয়ে,' বললেন, 'বাংলার গণপরিষদ সদস্যদের অঙ্গীকার করতে হবে যে বাংলাকে রাষ্ট্রভাষা করার প্রস্তাব যদি গণপরিষদে পাস করাতে তাঁরা না পারেন, তাহলে তাঁরা পদত্যাগ করবে। এই প্রতিশ্রুতি এখনই আদায় করতে হবে, চলুন, এখন আমরা পূর্ববঙ্গ আইন পরিষদ ঘেরাও করি ' মিছিল তাঁর বক্তৃতায় উত্তেজিত হয়ে উঠল। জঙ্গি মিছিল ছুটল এসএম হলের কাছেই যে আইন পরিষদ ভবন, সেই দিকে। বিক্ষোভকারীরা ভবনের গেটে তালা দিল, এমএনএদের 'ধর ধর' বলে তাড়া করল.

'তবে আরেকটা ঘটনা ঘটছে,' ব্যাঙ্গমা বলল, 'ক্যান্টনমেন্ট থাইকা জিওসি আইছিল আইন পরিষদ তবনে, এই আর্মি অফিসারের নাম আইয়ুব খান। তারেও ভূমি মনে রাইখো।'

'তুমি রাখো, আমার আরও কাম আছে।' ব্যাঙ্গমি মুখ ফেরায় 'কাজ না কাম?' ব্যাঙ্গমা দুষ্টু হাসি দের।

ব্যাঙ্গমি বলে, 'খালি বদমাইশি, আইয়ুৰ্ খাই তারে ডাইকা আনছেন, বলছেন, ফজনুর হক্ত ছাত্র লেলায়া দিছে, বগুড়ার মোহাম্মদ আলী যদি সরকারের পূর্ণ বৈকা সমর্থন প্রত্যাহার করে, তাইলেই খাজা সরকারের প্**তক সার ওই দিকে ছাত্ররাও তার আইন** পরিষদ ভবন ঘেরাও কইরা বা এইছুর্ আইয়ুব খান আর্মির একটা কোম্পানি রেডি কইরা রাখলেন ফুব্রুর পীরজাদার আভারে, তারপর খাজারে কইলেন আপনি রাড়ি ছান, খাজা কয় আমি জরুরি ভাষণ দিতেছি। জ্বারে রাখেন মিয়া মিটিং, আগে বাঁচেন, খাজারে পাকঘরের ভিষ্ট্র পিঁয়া গাড়িতে তুইলা তিনি পার করেন। পুলিশরে তিনি কন, তোমরা স্পাকশন লও না কেন। ছাত্রগুলানরে পিটায়া তুইলা দেও। পুলিশ কয়, লিখিত অর্ডার দেওন লাগব, মুখের অর্ডারে পিটন দিব, কাইলকা তদন্ত কমিটি করা হইব পুলিশের বাড়াবাড়ি নিয়া। তখন আইয়ুব খান মোহাম্মদ আলী বগুড়া নামের এমএলএরে কয়, ওই মিয়া, গুলি খাইতে চান? বুলেট লাগব, যান, বাড়ি যান। বগুড়া বাড়ি না গিয়া গেছে খাজার কাছে, আমারে আর্মি দিয়া ভর দেখাও, আমি সাপোর্ট উইথড্র করলাম।'

'খাজা আইয়ুব খানরে কইব, ওই মিয়া দিলা আমারে উল্টায়া। আইয়ুব খান মোহাম্মদ আলীরে জড়ায়া ধইরা কইব, বগুড়া সাব, আপনি ইয়ারকিও বুকেন না।' পুলিশ অ্যাকশনে চলে গেল। লাঠিচার্জ হলো। গুলিও হলো। আহত হলো অনেক ছাত্র। কাঁদানে গ্যাসের ধোঁয়ার আচ্ছন্ন হয়ে পড়ল পুরো এলাকা। একসময় ছাত্রবা রগে ভঙ্গ দিল।

একদিন পরে 'কায়েদে আজম' আসছেন এই শহরে। শামসূল হকের নেতৃত্বে সংগ্রাম পরিষদ আন্দোলন কর্মসূচি স্থগিত করে জিত্মাহকে স্থাগত জানিয়ে তাঁর কাছেই দাবি দাওয়া পেশ করবার সিদ্ধান্ত গ্রহণ করল।

সে দিন বিকেদে ঝড়বৃটি হজ্জিল খুব। ঘটা উদ্দেশ্বকর বৃটি ডছ্নছ করে
দিল কায়েদে আজমের জন্য ঢাকার রাক্ষা স্থানানা তোরণগুলো। ভিজিয়ে
দিল থাজার জড়ো করা পথের দুপুলি উট্টানো নিরীহ জনতাকে বৃটি
থামলে মোহাম্মদ আলী জিলাসুক্ত জ্বর্নাট থেকে বহন করে নিয়ে আসা
বিশেষ উট্টোজাহাজটা জুরুতুর্যপূর্ণ করল। তিনি নামলেন তেজগাঁও
বিমানবন্দরে। আকাশ ক্ষুত্রিয়ার, তিনি বাতাসে জলকণার গন্ধ পেলেন

জলজংলার দেশ, জিন্ধার চার্বলেন।

এবই মধ্যে বিদ্যান্তপদরকে তটস্থ করে মারছে গভর্ণর জেনারেলের নিরাপত্তারক্ষী বিশ্ব করি। কিছুতেই কাছে ঘেঁষতে দিছে না মুসলিম লীগ আর মুসলিম বাঁললীগ নেতাদের। এমনকি এমএলএরাও ধাওয়া খাছে নিরাপত্তারক্ষীদের। কিন্তু নেতারা হতাশ হয়ে দেখলেন, মুখা সচিব আজিজ আহমদের নেতৃত্বে আমলারা সবাই ঠিকই সূটে-পাাইট-টাই পরে আর দুই পাটি দাঁত কেলিয়ে দাঁড়িয়ে আছে ডান হাত বাড়িয়ে। তারাই অভার্থনা জানাবে এই মহান নেতাকে। মুগলিম লীগ করলাম আমারা, পারিস্তানে বানালাম আমারা, আর জাতির জনকের কাছেও ঘেঁষতে পারছি না, তাকে ভালোবাসার জন্য বুক পেতে দেব বলে এসে ঘাড়ে ধারা খাছির রক্ষীদের হার আছাহ, তুমি মোমেনদের আর কত ইমানের পরীক্ষা দেবে!

জিন্নাহ বেরোলেন আজিজ সমভিব্যাহারে, উঠলেন গাড়িবহরে। দেখতে পেলেন দুধারের জনতার মাথাগুলো ভিজে আছে কাকের মতো, কাপড়চোপড়ও ভেজা। জিন্নাহ জিজ্ঞেস করলেন আজিজকে, 'লোকগুলো সব ভেজা কেন?'

আজিজ বললেন, 'বৃষ্টি এই দেশে রহমতের লক্ষণ। আপনি এসেছেন, আল্লাহর রহমত বর্ষিত হচ্ছে।'

গাড়িবহর চলল সচিবের বাসার দিকে, মিস্টো রোড হেয়ার রোড এলাকায়।

তাজউদ্দীন, শেখ মুজিবসহ কয়েকজন ছাত্রকমী সেই বিকেলে দাঁডিয়েছিলেন বিশ্ববিদ্যালয়ের মাঠে।

তাজউদ্দীন আর নাইমুদ্দিন গেলেন হেয়ার রোডে, পাশ দিয়ে আনুষ্ঠানিক মোটর শোভাবহরে গেলেন মোহাম্মদ আলী জিল্লাহ। তাজউদ্দীন খেয়াল করলেন, সরকার বিপুল মানুষের সমুবেশ ঘটানোর চেষ্টা করলেও মানুষের মধ্যে কোনো উল্লোস নাই। কেন্দ্রীসমতার নামে কোনো রোগানা দিছে না। মাত্র দুদিন আগেই জ্বাস্থা এত বড় আন্দোলন হয়ে গেল। এরপর উল্লোস অবশ্য মির্ট্রিক্স বাভাবিক। আজিজ আহমদ ঠিক বলেন নাই। জিন্তু স্ক্রেক্স বাভাবিক।

আজিজ আহমদ ঠিক বলেন নাই। জ্বিনাই স্থাপনার জন্য রহমত নিয়ে আসেন নাই। তিনি এনেছেন পাকিস্তানের স্থাপনর বীজ।

রেসকোর্স ময়দানে ভাষণ দিন্তে ছার্টেছেন মোহাম্মদ আলী জিরাহ। সাদা কোট, সাদা প্যান্ট। গুলুফ্টেছা। মাধায় সাদাকালো ছোপ ছোট মোটা কাপড়ের কিন্তি টুপ্পি ক্রুফেডায় বিপুল লোকসমাগম হয়েছে।

জিপ্তাহ বক্তব্য দিক্ষেপ খুৰ্ইই দৃঢ়কঠে। জানিয়ে দিলেন, 'প্রদেশের ভাষা কী হবে, তা প্রদেশ বিক্তানির কিন্তু কেন্দ্রের নাষ্ট্রভাষা হবে উর্দু এবং একমাত্র উর্দু। পাক্ষিত্রানার শত্রুদের পাল্লায় পড়বেন না। আপনাদের মধ্যে পঞ্চম বাহিনী ঢুকে পড়েছে। আমরা পাকিতানের শত্রুদের সহ্য করব না। জামরা খরের শত্রুদের সহ্য করব না।' স্পাই ইংরেজিতে জানিয়ে দিলেন জিলাহ।

তমদুন মজলিস আর রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদের ছেলেরা মঞ্চের পেছনের এক কোনা থেকে প্রতিবাদ করার চেষ্টা করল, কিন্তু প্রতিবাদ ঠিক জমে উঠল না।

সবাই খুবই মন খারাপ করে ফিরলেন জনসভা থেকে। ভাজউন্ধীন আহমদ ভাবছেন, 'লোকটা তো আমাদের দেশের শত্রু বলে আখ্যায়িত করল সরাসরি। আশ্বর্য তো! এই লোকটাও তাঁর দলের ওপরে উঠতে পারল না! 'উর্দুর বিরুদ্ধে যারা কথা বলবে, তারা পাকিন্তানের শত্রু, তাদের ক্ষমা নাই।' তাজউদ্দীন এই কথা গুলছেন আর রেসকোর্স ময়দানের কাদায় তাঁর এক পায়ের স্যান্ডেল ভূবে গেছে টের পেয়ে তিনি সেটা বের করার জন্য পা চালালেন, প্রথম দফায় ব্যর্থ হয়ে তাঁর মুখ দিয়ে অলক্ষে বেরিয়ে গেল, 'দূর ছাই, জুতা।' পাশের লোক উৎসাহিত বোধ করে বলল, জুতা জুতা...

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশেষ সমাবর্তন হচ্ছে কার্জন হলে। স্নাতকরা সেখানে উপস্থিত। জিন্নাহ তাঁর ভাষণে বললেন, 'উর্দু অ্যান্ড উর্দু শ্যাল বি দি অনলি স্টেট ল্যাংগুয়েজ অব পাকিস্তান।' ছাত্ররা 'নো' 'নো' বলে চিংকার করে উঠল।

ছিল্লাহ এই প্রতিক্রিয়া সম্পর্কে প্রস্তুত ছিলেন না। তিনি থতমত খেয়ে কিছুক্ষণ চুপ করে থাকলেন। তারপর আবার তাঁর বক্তৃতা চালিয়ে গোলেন

তাজউদ্দীন গেছেন জিলাহর সঙ্গে দেখা কর্মে নীষ্ট্রভাষা সংগ্রাম পরিষদের নেতৃবৃদ্দের সঙ্গে জিলাহ বসতে ক্রমেরুল। অধ্যাপক আবুল কাশেম, শামসুল হক, নাইমুদ্দিন আহমের ক্রিয়েরুলিন আহমেদ, সৈয়দ নজরুল ইসলাম, অলি আহাদ, মোরুলিই প্রীয়োহাও আছেন দলে এটা পূর্ব পাকিন্তান সরকারের মুখা সুর্বাই প্রাজিজ আহমেদ সাহেবের সরকারি বাসভবন। বাড়িটা মিন্টো ক্রেজিই গোলার আগে শরীর তল্পাশি করল নিরাপতারক্ষীরা। তাঁরা ক্রমিউন শেরিয়ে বৈঠকখানার দিকে যাছেল। দেশ গরিব হলেও বাড়িটায় মার্কিন্ত শেরিয়ে বৈঠকখানার দিকে যাছেল। দেশ গরিব হলেও বাড়িটায় মার্কিন শের বাং লৌকর্মের চিহ্ন। আশ্বর্ম এই রকম প্রাসাদাশম বাড়িতে প্রতিক্র মুখ্য সচিব। আর তাঁরই হাত দিয়ে চলে দেশ। এ নিশ্বন্ত বল সোজা লোক খাজা নাজিম উদ্দিনকে নাকে দড়ি দিয়ে ঘোষা।

জিন্নাহ পরে আছেন সাদা কাবুলি আর সালোয়ার। একটা কাঠের গোল চেরারে তিনি বসে। তাঁর পাশে আজিজ আহমদ। আর মিলিটারি নেক্রেটারি। সংগ্রাম পরিষদের প্রতিনিধিরা বনেছেন তাঁর মুখোমুখি, একটা টানা চেয়ারে। তাঁদের সামনে একটা ছোট টেবিল। টেবিলে টেবিল ক্লথ। কারেদে আজম কথা বলছেন আঙল উচিয়ে।

জিল্লাহ বললেন, 'একাধিক রাষ্ট্রভাষা দেশের সংহতি বিনষ্ট করবে।'

কামরুদ্দীন আহমদ বললেন, 'সুইজারল্যান্ড, কানাডায় একাধিক রাষ্ট্রভাষা আছে। তা তাদের সংহতি বাডিয়েছে।'

কায়েদে আজম অসহিষ্ণু গলায় বললেন, 'আমি ইতিহাস জানি,

আমাকে ইতিহাস শেখাতে এসো না। পাকিন্তানের সংহতির স্বার্থে দবকার হলে তোমাদের মাতৃভাষা বদল করতে হবে।'

তাজউদ্দীন আহমদ বিশ্বিত। প্রতিনিধিরা হতবাক। এই লোক বলে কী?

অলি আহাদ বললেন, 'এক ভাষা হলেই এক জাতি হয় না। ব্রিটেন, আমেরিকা, কানাভা, অক্টেলিয়ার ভাষাও এক, ধর্মও এক, ওরা এক জাতি ময়। আরবরা সবাই একই ভাষায় কথা বলে, সবার ধর্মও এক, কিন্তু ভাহাল জাতি কেন এতগুলো?'

নামাজের আজান দিয়েছে। শামসুল হক সাহেব বললেন, 'স্যার, নামাজের সময় হয়ে গেছে।'

আলোচনা তবু চলছে।

কায়েদে আজ্বম আলোচনা করেই যাচ্ছেন।

শামসূল হক আবার বললেন, 'দ্যার, নামাজের পুরুষ্ট প্রসিরে যাছে।' কারেদে আছম বিরক্তির সঙ্গে বললেন, 'কোমার প্রামাজের সময় হরে গেলে তুমি বাইরে যাও, আর নামাজ পড়ে আর্ম্যো আমাদের বিরক্ত করছ কেন '

আলাপ আর তেমন জমল না। সাধিসুল হকের দিকে আঙুল তুলে তিনি বললেন, 'আমি তোমাকে চিনিক্তি

চেনারই কথা। দিন্তিতে বুর্থলম লীগের যে কাউলিলে লাহোর প্রভাবের একাধিক মুসুবিম সমন্ত্রের কথাটা সংশোধন করে একটা মুসলিম রাষ্ট্র বানানোর প্রভাব করে হয়, আবুল হাশিম সাহেবের সঙ্গে মিলে শামসুল হক তার্ক্তিক প্রতিবাদ করেছিলেন।

বিদায়ের আর্চ্চিপ্রতিনিধিরা তাঁদের স্মারকলিপিটা দিয়ে এলেন কায়েদে আন্তমের হাতে। তাতে বাংলাকে রাষ্ট্রভাষা করার পক্ষে অখণ্ডনীয় সব যুক্তি ভলে ধরা হয়েছে।

কায়েদে আজম সেটা পড়ে দেখারও প্রয়োজন মনে করলেন না।

জিলাহর জাদুকরি ব্যক্তিত্ পূর্ব বাংলার ওপরও ক্রিয়াশীল বলেই মনে হলো। কিছুদিনের মধ্যেই পূর্ব বাংলার আইনসভায় বাংলাকে পূর্ব বাংলার সরকারি ভাষা, আদালতের ভাষা আর শিক্ষার মাধ্যম করার প্রধাব গৃহীত হলো।

কিন্তু কেন্দ্রের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবিটা ওই মুহূর্তে চাপা পড়ে

গেল। খাজা নাজিম উদ্দিন বললেন, কায়েদে আজম, যাঁকে জাতির পিতা বলা যায়, তিনি বলে গেছেন উর্দুই পাকিস্তানের রাষ্ট্রভাষা হবে। এরপর আর কথা বলা মানে তাঁকে অসন্মান করা।

খাজা দায়িত চাপালেন জিল্লাহর ওপর। জিল্লাহ মৃত্যুর আগে
যক্ষারোগে ভূগতে ভূগতে তাঁর চিকিৎসকের কাছে বলেছিলেন, 'পূর্ব
বাংলার নেতারা তো আমাকে বলেছিলেন ওই প্রদেশের সবাই উর্দু জানে।
ফেলুর রহমান আর খাজা নাজিম উদ্দিন আমাকে ভূল তথ্য দিয়ে বিদ্রান্ত
করেছিল।'

সেই বিজ্ঞান্তি আর দূর হয়নি। যক্ষার চিকিৎসা হয়নি ঠিকমতো।

ওই সময় জিন্নাহর নির্দেশে বলিয়াদি তবনে বিরোধী দলের যে এমএলএরা একত্র হয়েছিলেন মুজিব-তাজউদ্দীন-কামরুদ্দীন সাহেবদের মঙ্গে, খাজা তাঁদের টোপ গেলাতে পারলেন। মোহাম্মদু কলৌ বতড়া হলেন বার্মার রাষ্ট্রমৃত। আরও দুজনকে লোভনীয় পদ ক্রেম্বান্ট্রলো।

আন্দোলন মিইয়ে গেল তখনকার মতো। জিল্লাহ মারাই গেলেন।

জিন্নাই মারা গেলেন। আহা। কী ক্রিকুট্ট ছিল তাঁর। নিজের মেয়েকে পর্যন্ত কাছে ডিড়তে দিতেন না। এক বিশ্বী জিন্নাইর বোন ফাতেমা জিনাইকে ধরে মেয়েটি বাবার কাছে প্রাক্তি) জিন্নাই নির্দিষ্ট সময়ে বৈঠকখানার আনেন, নিজের আসনে ক্রিট্টে মেয়েটি তাঁর বিপরীতে বসে কাঁদতে লাগল। জিনাই একটা ক্রিট্টে বললেন না।

এক মিনিট পুরু **ছাড়ির** দিকে তাকিয়ে উঠে গেলেন।

জিন্নাহর যক্ষা চুর্য়োছিল। সেটা তিনি গোপন করে রেখেছিলেন . এবং তাঁর চিকিৎসাও ঠিকমতো হয়নি।

সবাই জানত, লোকটা মরে যাছে। বেলুচিন্তানের কোয়েটা শহরের এক নির্জন গৃহে তিনি একাকী জীবন যাপন করতেন। যে লোকটা মরেই যাবে, তা-ও তথনকার দিনে শিয়োর সাকসেস রোগ যন্ধ্রায়, কে তার কাছে ভিড়বে। তাঁর সঙ্গীরা তথন বান্ত তাঁর অবর্তমানে নিজেদের অবস্থান প্রতিষ্ঠার দৌড়ে। পাকিন্তানের জাতির জনক মরে পড়ে বইলেন, তাঁর কফিন পড়ে রইল করাচির দ্রিখ রোভ সামরিক বিমানবন্দরে। তাঁর লাশটা পাহারা দেওয়ার মতোও তথন কেউ ছিল না। সেন্টেম্বর '৪৮-এর প্রচণ্ড গরমে আজাহীন দেইটা সেদ্ধ হতে লাগল।

ঢাকায় শাহ আজিজ গ্রুপের মুসলিম ছাত্রলীগারদের শোক পরিণত হলো শক্তিতে। শক্তি গিয়ে আছড়ে পড়ল কমিউনিস্টদের ওপর। এসএম হলে মুনীর চৌধুরীকে আক্রমণ করল তারা, তেমনি রুমে রুমে খুঁজতে লাগল—কোথায় কমিউনিস্ট।

যেন মহান কায়েদে আজমের মৃত্যুর জন্য যক্ষার জীবাণু নয়, নয় তাঁর চিকিৎসায় সরকারের অবহেলা, দায়ী মার্ক্স ও অ্যাকেলসের ভূত।

এক মাঘে শীত যায় না।

চার বছর পর আরেকটা মাঘ এল, মাঘের শেষে এল ফাল্পুন, আটই ফাল্পুন। সেটা আরেকটু পরের কথা।



OO.

আইএ পরীক্ষার রেজান্ট হয়েছে একটা ছেলে সলিমুদ্ধাই কলেজ থেকে ন্ট্যান্ড করেছে। ফোর্থ ন্ট্যান্ড, ইন্দ্রেমি ছেলেটা পরীক্ষা দিয়েছে প্রাইভেটে। হোক প্রাইভেটে। তবু তো ক্রমার কলেজ। কলেজের অধ্যক্ষ খুশিতে আটখানা। তিনি হাঁত-তাউলেল, 'এই, কে আছো, এই ছেলেকে খুঁজে বের করো। তাজতদ্দীর ক্রমান্ট্রা

কলেজের ক্রিক্টাকে চিনতেন। যেদিন সে ফরম ফিলআপ করতে আসে, সেদিন্ত, চার সঙ্গে অনেক কথা হয়েছিল। তারা দুন্ধনে হেঁটে হেঁটে জেলগোট পর্যম গিয়েডিলেন।

ক্লার্ক সাহেব পিয়নকে বোঝালেন। 'যাও, একে খুঁজে বের করা কোনো কঠিন কাজ না। ১৫০ মোগলটুলীতে মুসলিম লীগ অফিসে গেলেই তাকে পাওয়া যাবে। বিখ্যাত ছেলে। কারেদে আজমের সঙ্গে মিটিং করে। খাজার সঙ্গে তো করেই। তবে আসলে ছেলে সরকারবিরোধী। ওই লীগ অফিসে গেলেই তার ঠিকানা পাওয়া যাবে।'

লীগ অফিসে গেল পিয়ন ওয়াহিদ। সাইকেল চালিয়ে। ডাজউদ্দীন তখন সেখানে ছিলেন না। মেসের ঠিকানাও পাওয়া গেল।

পিয়ন তাঁর মেসের সামনে গিয়ে দাঁড়িয়ে রইল।

তাজউদ্দীন এলেন বেশ রাতে। তখন ভয়ানক বৃষ্টি হচ্ছে। সাইকেলে এলেন তিনি, বৃষ্টিতে ভিজে সমস্ত শরীর থেকে পানি ঝরছে। বাড়ির বারান্দায় একজন লোক দাঁড়িয়ে। বিদ্যুৎ চমকালে তাঁকে দেখা গেল

তাজউদ্দীন বললেন, 'আপনি কী করছেন এখানে?' লোকটা বলল, 'আমি, আমি একজনকে খুঁজতে এসেছি।' 'কাকে?'

.Φ!(Φ\$

'তাজউদ্দীন ৷'

'কেন খুঁজতে এসেছেন?' তাজউদ্দীন আগে জানতে চান পরিস্থিতি ইদানীং তাঁদের নামে ওয়ারেন্ট জারি হয়েছে বলে শোনা যাছেছ। পুলিশের লোক, নাকি গুগুচর?

লোকটি বলল, 'আমি কলেজ থাইকা আসছি। আপনাগো আইএ পরীক্ষার রেজান্ট হইছে।'

তাজউদ্দীনের মাথা থেকে পানি ঝরছে চূল ক্রেম্প সাইকেলটা তিনি বারান্দায় তুলেছেন। সাইকেল থেকেও পানি গ্রামুটিছ।

'তাই নাকি? খুব খারাপ করেছি নাকিছি

'আপনে খ্ব ভালো করছেন। ক্রিন্স্থলৈ স্যার আপনাকে কাইলকা যাইতে কইছে।'

'খুব ভালো মানে কী?' (१) 'ক্লার্ক স্যারে আপনামে বিটি দিছে।'

'আচ্ছা, আপনি অম্বিক্তারে আসেন।'

তাজউদ্দীন মার বৈদেন। লগুন দরজার কাছেই ছিল। সেটা ভেজা হাতে তুলে নিজে জালোটা উসকে দেন। 'বসেন।'\

46441

'না, বসুম না।'

'আরে, যাবেন কীভাবে। বৃষ্টি কমুক। আসেন এক সাথে ভাত খাই তারপর যান।'

তাজউদ্দীন গামছা টেনে নিয়ে মাথা মোছেন। হাত মোছেন। তারপর চিঠিটা লষ্ঠনের কাছে নিয়ে গিয়ে মেলে ধরেন।

'কংগ্রাচ্পেশপ। ইউ হ্যাভ স্টুড ফোর্থ ইন দ্য কমাইড মেরিট লিষ্ট।'
তাজ্ঞটদীন আহমদ নির্লিগু। তাঁর হাত কপালের চুল থেকে পানি ঝরে
হাতের কাগজ ভিজে যায়।



93.

রিকশা চলছে। রান্তা অসমান। টুটোং আওয়াজ হছে। একটু একটু ঝাঁকি লাগছে। শেখ মুজিবের সেই দিকে খেয়াল নাই। তিনি দেখছেন, পুরো ঢাকা শহর—মোগণটুলী থেকে সলিমুল্লাহ মুসলিম হল—চাঁদের আলোয় ভূবে আছে। রেসকোর্স ময়দান, রমনার গাছগাছালি, গভর্নর হাউস, ঢাকা ক্লাব, আর অ্যাসেম্বলি ভবন—সবকিছুকেই নিমগ্ন করল এই চাঁদের আলো।

শেখ মুজিবের উদাস উদাস লাগে। রিকশা হঙ্গের আইন আমে। তিনি রিকশাঅলার হাতে একটা আধুলি দিয়ে ফিরে সাংচারিয়ে হাঁটতে থাকেন। রিকশাঅলা ভাংতি পয়সা বের করে দেখে সাহিব অনেক দূরে চঙ্গে গেছেন।

এটা কি একটা হল, নাকি কোনে ছিল্লইল!

সন্মিদ্ধাহ মুসলিম হলটি ধুবি সুন্দর। সারে আর এন মুখার্জি ব্যক্তিগতভাবে তদারক করতে মার্টিন অ্যান্ড কোম্পানি এই হলটির স্থাপত্য নকশা ও নির্মাণকাজ ইমাধা করেছে। মাধার ওপর মারাবী রঙের বড় বড় মিনার, ল্ফান্ড প্রদায় সুদৃশ্য খিলান, সামনে টেনিস খেলার তিনটা লন। এর ১৯৯৯ সুন্দর ভবন ঢাকায় আর আছে কি না সন্দেহ। কার্জন হল কিংবা ব্যক্তিকাট ভবনও এত দৃষ্টিনন্দন নয়।

চাঁদের আলোয় বিদ্রান্ত শেখ মুজিবের প্রত্যয় হয়!

১৬ নম্বর রুমটির দিকে হাঁটেন শেখ মুজিব।

বেশির তাগ শিক্ষার্থীই ঘূমিরে পড়েছে। নিজের স্যান্ডেলের আওয়াজ লম্বা করিডর বেয়ে দূরে দেয়ালে লেগে প্রতিধ্বনিত হয়ে ফিরে আসছে শেখ মুজিবের কানে।

আতে করে রুমের দরজা ঠেললেন মুজিব।

গাজীউল হক গুয়ে আছেন তাঁর বিছানায় :

পাশের বিহানাটা আলী আশরাফের। তিনি ছুটি নিয়ে বাড়ি গেছেন। এই সুযোগে সেই বিহানায় রাত্রি যাপন করেন শেখ মুজিবুর রহমান।

১৫৪

থারা ভোর এনেছিল

মুজিবের হাতে একটা গুৰুধের শিশি। ড. করিম এই ওয়্ধ তাঁকে দিয়েছেন। মুজিবের শোয়া-খাওয়া কোনো কিছুর স্থিরতা নাই। এর ফলটা দাঁড়িয়েছে, ইদানীং কনুইয়ের উক্টো দিকে, হাঁটুর নিচে ভীষণ চুলকায়. এই গুষুধটা লাগাতে বলেছেন ডাক্ডার সাহেব।

রুমে চুকে ওষুধের শিশিটা নিয়ে তিনি বিছানার দিকে তাকিয়ে আবার বিভ্রান্ত বোধ করেন।

খোলা জানালা দিয়ে একটা চারকোনা আলো এসে পড়েছে আলী আশরাফের বিছানায়। তিনি জানালা দিয়ে তাকিয়ে দেখেন, মোগলটুলী থেকে যে চাঁদটা তাঁকে অনুসরণ করে আসছে, সেটি ঠিকই বিড়ালের মতো চুপি চুপি এসে তাঁর বিছানায় আশ্রয় নিয়েছে।

'মুজিব ভাই, আসলেন?' গাজীউল বললেন।

'কী গাজী, তুমি ঘুমাও নাই?'

'না, মুজিব ভাই। আপনি বাতি জ্বালান।

মুজিব এতক্ষণ বাতি জ্বালাজ্জিলেন না, স্কৃতি সেটা লক্ষ করেছেন মুজিব বললেন, 'সারা দিন পরিশ্রম করে-ক্লাস করো, আবার মিটিং-মিছিলও করো, তোমার তো ঘুনায়ে বর্মধীর i'

গাজী বলদেন, আপনার ছুক্নিয় আমার পরিশ্রম কোনো পরিশ্রমই না, মুজিব ভাই। সকালে কর্মক ক্রুরেন মিছিল-মিটিং। কোখায় শোন, কোখায় ঘুমান, কী খান ঘাইটো, কোনো কিছুর ঠিক নাই। এখন একট্ ভালো বিছানা পাইটেশ্ন আপনি একট্ শান্তিমতো ঘুমান। আপনার শরীরের অবস্থা তৌশুনি আপনি না।

শরীরের অবস্থা ভৌলো না।'
'আরে স্থিয়, সুল হয় নাকি। দেখো না কী রকম চুলকানি হয়েছে!'

'চুলকানিৰ ওিষ্ধ দিছেন নাকি?'

'হাঁ। ডাক্তারের কাছে গেছলাম। সেখান থেকে আনলাম। এখন একটু ওযুধ লাগাই।'

মুজিব ওষুধের শিশির মুখটা মোচড় দিয়ে খুললেন। আধা তরল সাদা ওষ্ধটা হাতে নিয়ে যথাস্থানে লাগালেন।

শিশির মুখ খুললেন, যেন ভেতর থেকে বেরিয়ে এল আলাউদ্দিনের ভয়ংকর এক দৈতা, যে দৈতাের নাম দুর্গন্ধ।

'বাপ রে, কী গন্ধ! কুইনিন জ্বুর সারাবে, তবে কুইনিন সারাবে কে?' মুজিব বললেন।

গান্ধী নাকের কাছে একটা কাঁথা ধরলেন। সত্যি ভীষণ বদ গন্ধ।

মুজিব বাইরের কাপড় ছাড়ার জন্য লৃঙ্গি হাতে নেন।
তারপব আবার বাতির সুইচটা টিপে ঘরটা অক্ষকার করেন।
আবারও একটা চারকোনা জ্যোৎস্লাখণ্ড অধিকার করে নেয় জানালার
ধারের শুন্য বিছানাটি।

মুজিব ডাকেন, 'গাজী, এই দিকে আসো।'

গাজীউল বৃঝতে পারেন না ঠিক কোথায় যেতে বলা হচ্ছে।

'আসো না। আমার কাছে আসো। একটা জ্বিনিস দেখাই তোমাকে।' 'কী জ্বিনসং'

'আমার বিছানায় এসে বসো। তাইলেই কেবল দেখা যাবে। আসো।'
গান্ধীউল কাছে গেলেন মুজিবের। রাসায়নিকের গন্ধটা আবার একটা
ধাকা মারল গান্ধীর দ্রাণেন্দ্রিয়তে।

এক হাত বিছানায়, আরেক হাত উচিয়ে শেখ মুজিব প্রেমান্ত লাগলেন্ জানালার বাইরে, 'ওই দেখো।'

'কী হ'

'চাঁদ। আজ মনে হয় পূর্ণিমা। পৃথিবীতে চঁদের আলোর চেয়ে সুন্দর আর কী আছে, বলো তোং'

চাঁদের আলোয় মুজিব ভাইয়ের মুধ্ ফিন্ট অপার্থিব বলে মনে হচ্ছে। গাজীউলের মনে হচ্ছে, এই দৃণ্য হ্লি ক্রিট্য হতে পারে? এই কথামালা?

এই লোকটা সারাটা দিন ব্যক্তি সাজিম উদ্দিন সরকারের অপশাসনের বিরুদ্ধে লড়ে যাচ্ছেন। একটাত্র পর একটা ইস্যু বুঁজে বের করছেন। প্রতিদিনই মিছিলের বেক্টেড দিওয়া চাই তার। এর মধ্যে জেলখানার অভিজ্ঞতাও তার ক্লেড ক্রমেন। সর্বকণ তার পেছনে গোয়েন্দা লাগিয়ে রেখেহে মুসলিম বুঁগি সরকার। তিনি কিনা এইবানে, সলিমুল্লাহ হলের ১৬ নম্বর কক্লে তারে আকাশের চাঁদ দেবছেন।

ঘরে তো কোনো ফুলের ফ্লাণও নাই, যা আছে তা চর্মরোগের ওষুধের তীব্র ঝাঝালো গন্ধ।

'মুজিব ভাই, আমি ঠিক ধরতে পারছি না কোনটা সভ্য-চাঁদের আলো, নাকি এই চুলকানির ওষুধের ঝাঁঝ!' গাঞ্জী হেসে বললেন।

'থাজার শাসনে দুইটাই সভ্য, গাজী। তোমাকে চুলকানির ওষ্ধও দিতে হবে, আবার চাঁদের আলোও উপভোগ করতে হবে।'

হেথায় ওঠে চাঁদ ছাদের পারে,

প্রবেশ মাগে আলো ঘরের দারে।

আমারে খুঁজিতে সে ফিরিছে দেশে দেশে, যেন সে ভালোবেসে চাহে আমারে।'

শেখ মুজিব, ২২ বছরের গুকনো পটকা গাজীউলের চেয়ে বছর সাতেকের বড়। অত্যন্ত সুদর্শন। তাঁর গলাটাও ভারি চমৎকার। বক্তা দিয়ে দিয়ে সেটাকে খোলসা করে রেখেছেন। রবীন্দ্রনাথের কবিতা অবলীলায় মুখস্থ বলে যেতে লাগলেন।

গান্ধী বিশ্বিত হলেন না। মুদ্ধিব ভাইয়ের স্মরণশক্তি অসাধারণ যেখানেই যান তিনি, রবীন্ধনাধের কবিতার বই হাতে করে নিয়ে যান . একবার পড়লেই তিনি সেটা মনে রাখতে পারেন।

মুজিব বললেন, এর আগের লাইনগুলো শোনো—

সবার মাঝে আমি ফিরি একেলা।
কেমন করে কাটে সারাটা বেলা!
ইটের পরে ইট, মাঝে মানুষ-কীট—
নাইকো ভালোবাসা, নাইকো থেলা/

কোথায় আছ তুমি কোথায় মিন্তা কেমনে ভূলে তুই আছিদ্ধ কর্মো! উঠিলে নবশশী ছাস্ক্রে খরে বসি আর কি রূপক্ষ্ম অন্ত্রিন না গো?

হৃদয়বেদ্দার প্রদা বিছানায় বৃষ্ণি, দৌ অবিভালে রজনী জাগ'— কুসুম তুলি লয়ে প্রভাতে শিবালয়ে প্রবাসী তনয়ার কুশল মাগ' ॥

মুজিব বলে চলেন, 'আমার মেয়েটা, হাসু, ওর বয়স এক পেরিয়ে গেল। ওর মা ওকে চাঁদ দেখার। আয় আয় চাঁদমামা টিপ দিয়ে যা। এবার যে গেলাম টুলিপাড়ার, মেয়েটাকে ফেলে আসতে আমার কট হয়েছিল, জানো, গাজীউল। ওর মায়ের প্রতিও আমি সুবিচার করতে পারলাম না। ওদের যে ঢাকায় নিয়ে আসব, সেই অবস্থাও তো এখানে নাই। আন্দোলন আর অন্দোলন। যেকোনো সময় প্রেপ্তার করে ফেলতে পারে ওরা। কোনো কিছুর ঠিকঠিকানা নাই।'

গাজীউল বুঝতে পারেন, মুজিব ভাইয়ের কণ্ঠস্বর ভেজা।

আসলেই সামনে অনেক কাজ। গাকিন্তানের প্রধানমন্ত্রী লিয়াকত আলী আসবেন। তাঁকে একটা স্মারকলিপি দেওয়া হবে। রাষ্ট্রভাষা কর্মপরিষদের মিটিংয়ে গিয়েছিলেন মুজিব। ১৭ নডেম্বর ১৯৪৮-এর সেই সভায় কামরুক্ষীন আহমদকে ভার দেওয়া হয়েছে মেমোরেন্ডামটা রচনা করার। লিয়াকত আলী ঢাকায় এলে তাঁর বিরুদ্ধে বিক্ষোভ দেখানোর পরিকল্পনা করা হচ্ছে।

সরকারের লোকজনের মাথাও খারাপ হয়ে গেছে বলে মনে হয়।
ফজলুর রহমান, কেন্দ্রের শিক্ষামন্ত্রী, এখন ঘোষণা করছেন, বাংলা লিখতে
হবে আরবি হরফে। এর আগে একবার প্রভাব করা হয়েছে রোমান হরফে
বাংলা লেখার। প্রাথমিক পর্যায় থেকেই উর্দু ভাষা শিক্ষা বাংগুতামূলক
করার কথাও বলা হছে। এসবের বিরুদ্ধে মিছিল হকে। সভা হছে।
পত্রপত্রিকায় লেখালেথি হছে। জিনিসপত্রের দামও বিভুক্ত ছ ভ করে।
শেখ মুজিব দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদেও মিছিল বংগ্রিটি করছে। কর্তনপ্রথার বিরুদ্ধেও আন্দোলন করছেন। কর্তনথথার বিরুদ্ধেও আন্দোলন করছেন। কর্তনথথার বিরুদ্ধেও আন্দোলন করছেন। কর্তনবিরোদ্ধিতার বিরুদ্ধের ক্রেলায় বিরুদ্ধিতাবে বেতে পারবে না,
সরকার সেটা কিনে নিয়ে তারপর শিক্ষাপ্রেন মতো করে ব্যবস্থা নেবে।
এটা করতে পিয়ে খাদ্যসংকট স্ক্রিক্সাপ্রনো হছে।

গাজী শেখ মুজিবের চোরের দিকে তাকালেন। তাঁর চোথের নিচে দুটো চাঁদ টলমল করছে

কথা ঘোরানোর জার্ন্য গাঞ্জী বললেন, 'মুজিব ভাই, আপনি রবীন্দ্রনাথের কৃত্রিজান্ধ ভক্ত হলেন কেমন করে? আপনার দিডার সোহরাওয়াদী টে বাংলাই ভালো করে বলতে পারেন না। আর আপনি তাঁর অনুসারী হয়ে সারাক্ষণ রবীক্ষনাথ আওড়ান।'

মুজিব হেসে উঠলেন শব্দ করে।

'কী ব্যাপার, হাসলেন যে!'

'আছে ব্যাপার। বলে তিনি লুঙ্গি পরে গামছা নিয়ে বেরিয়ে পড়লেন হাতমুখ ধোয়ার জন্য।

এসে দেখেন গাজী ঘুমিয়ে পড়েছেন।

মুজিব বিছানায় শুয়ে পড়লেন।

এই বিছানা থেকে সরাসরি চোখ যাচ্ছে চাঁদের দিকে।

তিনি চাঁদের দিকে তাকিয়ে রইলেন। চাঁদের ওপর দিয়ে মেঘ দৌড়াচ্ছে হালকা শরীর নিয়ে। মনে হচ্ছে চাঁদটাই দৌড়াচ্ছে। আসলে তো চাঁদ দৌড়ায় না। মেঘেরা দৌড়ায়।

কত কথা মনে পড়ে মজিবের!

সাতচল্লিশের পর হোসেন শহীদ সোহরাওয়াদী বারবার এসেছেন পাকিস্তানে। ঢাকায় এসে খাজা নাজিম উদ্দিনের অতিথি হয়েছেন। করাচিতে গণপরিষদের সভায় ১৯৪৮ সালের মার্চ মাসেই ভাষণ দিয়েছেন : প্রতিবারই তিনি কথা বলেছেন অসাম্প্রদায়িকতার পক্ষে, হিন্দু-মুসলিম সম্প্রীতির পক্ষে, ভারত-পাকিস্তান শান্তিপূর্ণ সহাবস্থানের পক্ষে। লিডারের এই অসাম্প্রদায়িকতার গুণটিকে মুব্জিব বড় ভালোবাসেন। কলকাতা থেকে গাড়ি নিয়ে সরাসরি এসেছেন যশোরে। শান্তির সপক্ষে সভা করে ফিরে গেছেন দিনে দিনে। খুলনায় এসেছিলেন। সেখান থেকে ফরিদপুর-গোপালগঞ্জ। ফরিদপুর-গোপালগঞ্জে সভা স্ফল করার জন্য মুজিব খেটেছেন প্রচুর। সভা সুন্দরভাবে সফলভাবে ঋষুঠিত হয়েছে।

এপ্রিল মাসেও তিনি এসেছিলেন ঢাকার। সুনর্বাই করোনেশন পার্কে সভা করেছেনু। তিনি যখন বন্ধূতা কর্মিলেন্ তখন শাহ আজিজের মুসলিম ছাত্রলীগের পাঠানো একটা ছেলে দুর্দ্ধি বেয়ে মঞ্চের পেছনে উঠে পড়ে। তার হাতে ছিল ছুরি। সে এনিষ্ট্রিক সোহরাওয়াদীকে খুন করতে

জনতা অবশ্য ছেলেটিকে ধরে ক্লিট্রে

সোহরাওয়াদী বারবার 🔊 দিশে আসুক, খাজা নাজিম উদ্দিনরা তা চাইক্স্কুই কথা। তিনি এলে এই দেশে আর সাম্প্রদায়িকতাবাদীপ্রেষ্ট্রাজনীতি চলবে না ৷ খাজা আর লিয়াকত আলীরা তার সঙ্গে পেরে ইট্রেসন না। গত জুন মাসে সোহরাওয়াদী সাহেবকে আমন্ত্রণ জানিন্দ্রৈইয় মানিকগঞ্জের একটা শান্তিসভায় ভাষণ দেওয়ার জন্য।

কলকাতা থেকে সোহরাওয়াদী আসবেন বিমানে।

সকাল সকাল মুজিব হাজির হয়েছিলেন তেজগাঁও বিমানবন্দরে কামরুদ্দীন আহমদসহ ১৫০ মোগলটুলীর ওয়ার্কার্স ক্যাম্পের কয়েকজন উপস্থিত ছিলেন সেখানে।

কিন্ত দুই মাস আগে লিডার এসে যে বাড়িতে উঠেছিলেন, 'দিলকুশা' নামের সেই বাড়ির মালিক খাজা নসরুল্লাহই উপস্থিত নেই। কামরুদ্দীন সাহেব বললেন, 'মানিকগঞ্জের লঞ্চ তো ছাড়বে সেই সন্ধ্যায়। এতক্ষণ লিভার কোথায় থাকবেন, আর যাবেনই বা কী করে? খাজা নসরুল্লাহ সাহেব যে এখনো এলেন না!'

বিমান অবতরণ করল রানওয়েতে। সিঁড়ি বেয়ে নেমে এলেন ৫৬ বছর বয়সী সোহরাওয়াদী সাহেব। পাঞ্জাবি-পায়জামা পরা লিডারকে বেশ ফুরফুরেই দেখাচ্ছিল। পূর্ব আকাশে সূর্য ছিল, আলো এসে পড়েছে তাঁর মুখে, তিনি ভ্রু কুঁচকে আছেন। তবু তাঁর মুখ হাসি হাসি।

মুক্তিব হাত বাড়িয়ে দিলেন। লিডার তাঁকে জড়িয়ে ধরলেন।

কুশল বিনিময়ের পর লিডার বললেন, 'চলো, যাওয়া যাক। খাজা কাই?'

'তিনি আসেননি।' কামরুদীন সাহেব জানালেন।

'তাকে আমি তার করে এসেছি। সে তো জানে, আমি তার বাসায় উঠব : দেখো তো কী ব্যাপার?'

কামরুক্ষীন সাহেব ছুটলেন বিমানবন্দর অফিসে, একটা ফোন করার জন্য ফিরে এসে বললেন, 'খাজা সাহেব বললেন, তাঁর বাছিতে অনেক মেহমান। সুতরাং ওখানে তিনি লিভারকে নিতে পুরক্তিনী ।'

সোহরাওয়াদী বললেন, 'তা কী করে হয়। স্থামি ফোনে কথা বলি।

কোথাও কিছু একটা ভুল-বোঝাবুঝি হচ্ছে 🗘

ভুল-বোঝাব্রিটা কী, মুজিব সেই আছি করতে পারছেন। তিনি বলনেন, 'আমার মনে হয়, সরকার কিছুল আপনি বারবার পূর্ব বাংলায় আসেন। কাজেই তারা সবাইক্ষে বলে দিয়েছে, কেউ যেন আপনাকে বাডিতে না ওঠায়।'

কামরুদ্দীন সাহেব ৰুপুরেন্দ্র, আপনার ফোন করাটা উচিত হবে না।' বিমানবন্দর থেকে ক্রিট্টাগাড়ি ভাড়া করে তারা চললেন আমজাদ খান সাহেবের জয়নাগ ভ্রেটের বাসায়। ততক্ষণে আকাশে মেঘ জমে গেছে। কিন্তু বৃষ্টি হচ্ছে না ভাপসা গ্রম।

আমজাদ সাহেবও অবিভক্ত বাংলার প্রাক্তন মুখ্যমন্ত্রীকে একটা প্রহরের জন্য ঠাঁই দিতে রাজি হলেন না। এ তো ভারি মুশকিল হলো!

মুজিবের বড় রাগ হচ্ছে। মনে হচ্ছে, লিডারকে নিয়ে সোজা চলে যান পার্টি অফিসে। ওয়ার্কার্স ক্যাম্পে। কিন্তু লিডারের মুখ হানি হানি . তিনি রাজনৈতিক নেতা। জানেন, রাজনীতি মানেই চড়াই-উতরাই। নাগরদোলার মতো একজন রাজনীতিকের জীবন। কাল যিনি পরম বন্ধু, আঞ্জ তিনি দুচোধের বিষ।

এদিকে কামরুদ্দীন সাহেব ছুটলেন ক্যান্টেন শাহজাহান সাহেবের বাসায় . কামরুদ্দীন সাহেব পরে জানিয়েছেন মুজিবকে, শাহজাহান সাহেবের স্ত্রী নুরজ্ঞাহান বিশ্ববিদ্যালয়ে যাচ্ছিলেন। তাঁকে বলতেই তিনি রাজি হয়ে গেছেন। সোহরাওয়াদী সাহেবের মতো বড় মানুষ আসহেন শুনে তিনি রান্নাঘরে চলে গেছেন সোজা।

কামরুদ্দীন সাহেব এসে বললেন, 'লিডার, চলুন। খাবারের ব্যবস্থা হয়ে গেছে।'

সোহরাওয়াদী বললেন, 'কোথায়?'

'প্রশ্ন নয়,' কামরুন্দীন সাহেব বললেন, 'চিরকাল আপনি নেতৃত্ব দিয়েছেন, আমরা আপনার কথামতো চলেছি। আজ না হয় আপনি আমার নেতৃত্ব মেনে নিন। আমার সাথে চলুন।'

কথা না বাড়িয়ে সোহরাওয়াদী সাহেব ঘোড়ার গাড়িতে গিয়ে উঠে বসলেন। মুজিব আর কামরুন্দীন সাহেবও তাঁর সঙ্গে চললেন। কর্মীরা পেছনে পেছনে তাঁদের গাড়ি অনুসরণ করলেন।

নুরজাহান খাওয়া-দাওয়ার আয়োজন করেছেল কিটেছ'। অনেক পদের রামা। সোহরাওয়াদী সাহেব তো খেলেনই, ক্রমীবর্তরের খাওয়াও সম্পন্ন হলো আয়েদের সঙ্গে।

শাহজাহান সাহেব ও নুরজাহান কাঁক্সিশায়নকক্ষটাই ছেড়ে দিলেন সোহরাওয়াদী সাহেবের জন্য।

সন্ধ্যা সাড়ে সাতটায় স্থিমার ছড়িছের বাদামতলী ঘাট থেকে , কর্মীবহর নিয়ে নেতা চললেন ঘাটে, স্বিদ্ধানায়ার আগেই।

তখন বাদামতলীকে কিউ জমে উঠেছে। কুপিবাতি জ্বলছে হেরিজলাদের প্রব্ধান সমনে। কুপিরা হাঁকাহাঁকি করছে। তিথিরিরা ছিলা করছে ক্রিজেরা। তিমার মাটে ভেড়ানোই ছিল। নেতা সেটার উঠলেন। দোতলুদ্ধি কেবিনের সামনে অনেকটা জারগা ফাঁকা। সেখানে চেয়ার পাতা। সবাই গিয়ে সেখানে বসে পড়া পেল। আছ্ডাও উঠল জমে। আটটা বাজল, সাড়ে আটটা। কিন্তু স্কিয়ার ছাড়ার কোনো নামই নাই। সারেংকে জিজেন করতেই সে জানাল, পুলিশ সাহেব এসে বলে গেছেন, তাঁর আদেশ না পাওরা পর্যন্ত জাহাজ ছাড়া যাবে না।

মুজিব উঠলেন। কামরুদ্দীন সাহেব ছুটলেন। তাঁরা ফোন করতে লাগলেন নানা কর্তাব্যক্তির কাছে। জানা গেল, মুখ্যমন্ত্রী কল বুক করেছেন করাচিতে। কেবিনেট মিটিং চলছে। করাচি থেকে ফোন এলে তারপর তিনি সিন্ধান্ত দেবেন জাহাজ ছাড়বে কি ছাড়বে না।

সাড়ে নটায় পুলিশের গাড়ি এল দুটো। ম্যাজিস্ট্রেট, পুলিশের আইজি,

ডিআইজি। তারা হাতে করে এনেছেন একটা সরকারি আদেশপত্র। সোহরাওয়াদী মানিকগঞ্জে বক্তৃতা করতে যেতে গারবেন না। তাঁকে অনতিবিলমে দেশ ছাড়তে হবে।

পুলিশের আইজি স্কাকির হুসেন। এই জাকির হুসেনকে ঢাকার পুলিশ মুপার পদে নিয়োগ দিয়েছিলেন তৎকালীন মুখামন্ত্রী সোহরাওয়াদী। তারপর একজন ইংরেজ সাহেব যখন এই প্রদেশের আইজি পদে নিয়োগ পেল, তখন বাঙালি পুলিশ কর্তাদের সবাইকে এক ধাপ করে পদাবনমনের সামনে পড়তে হলো। তখন এরা সবাই মুখ্যমন্ত্রী সোহরাওয়াদীকে বলেক্ষে ওই ইংরেজের নিয়োগ বাতিল করিয়েছিলেন। আজ তাঁরাই বয়ে এনেছেন সোহরাওয়াদীর বহিজারাদেশ।

জাকির হুসেন বললেন, 'আপনি আজ রাতে আমার বাসায় থাকতে পারেন '

সোহরাওয়াদী বললেন, 'গ্যাংকস। ইফ আই আম ক্রিউন্সভার অ্যারেস্ট আই উড প্রেফার টু রিমেইন উইথ মাই হোস্ট 🖒

জাকির হুসেন বললেন, 'আপনি যেখাছে শুলি আজকের রাতটা কাটাতে পারেন।'

সোহরাওয়াদী বললেন, 'টেল ইয়ের এটিছ ম উদ্দিন দ্যাট সোহরাওয়াদী ইজ নট ইয়েট ডেড।'

বুড়িগঙ্গায় তখন ঘন অন্ধর্মী সাটের আলোর নদীর পানিতে কালো টেউরের নড়াচড়া দেখা পার্টে। দূরে নৌকার গায়ে গায়ে আলো সোহরাওয়াদী, কামক্রমীয়া শৈখ মুজিব—সবাই নেমে এলেন জাহাজের তেক থেকে।

সোহরাওয়ার্দী। র্বাহের পুলিপদের বললেন, 'একটা ছোট্ট সিদ্ধান্ত নিতে এত দেরি করলে চলবে? অযথা এতজন সাধারণ যাত্রীকে আপনারা এতক্ষণ ধরে কন্ট দিলেন।'

শাহজাহান সাহেবের বাসাতেই ফিরে এলেন তাঁরা। এসে দেখেন, বাসার চারদিকে পুলিশ। ভেতরেও পুলিশের গোয়েন্দা কর্মকর্তারা বসা।

সোহবাওয়াদী বললেন, 'শাহজাহান সাহেবের না কোনো ক্ষতি করে বসে এরা?'

শাহজাহান সাহেব অবশ্য ভয় পেলেন না। সবাই মিলে ধরে শোবার ঘরের খাটটা ফ্যানের নিচে আনলেন। কর্মীরা একে একে চলে গেল। তথু রয়ে গেলেন কামরুন্দীন। মুজিবও বিদায় নিলেন। পরের দিন ভোর থাকতে থাকতেই মুজিব এসে হাজির শাহজাহান সাহেবের বাসায়।

নুরজাহান, কামকন্দীন, মুজিব প্রবেশ করলেন শোবার ঘরে। দেখতে পেলেন, লিডার একমনে চোখ বুজে কবিতা বলে চলেছেন, 'নাগিনীরা চারিদিকে ফেলিতেছে বিষাক্ত নিঃশ্বাম,/ শান্তির ললিতবাণী গুনাইবে ব্যর্থ পরিহাস,/ যাবার আগে তাই ডাক দিয়ে যাই,/ দানবের সাথে সংগ্রামের তরে প্রস্তুত হতেছ যারা ঘরে ঘরে।'

নুরজাহান ছিলেন বিশ্ববিদ্যালয়ে বাংলার এমএ ক্লাদের ছাত্রী, বলদেন, 'শহীদ সাহেব, আগনি বাংলা পড়েন? বাংলা কবিতা পড়েন? রবীন্তনাথ পড়েন?'

সোহরাওয়াদীর সামনে নূরজাহানের নোটখাতা, সেটা বন্ধ করে তিনি বললেন, 'আচ্ছা, তুমি ভো বাংলার ছাত্রী। আমাকে ব্যক্তিয়ও তো, মধুমাখা আঁখিজল মানে কী? লবণাক্ত আঁখিজল কি মধুসুক্তি পারে?'

তারপর তিনি উঠলেন। বাথরুমের দিরে ছিল্ট যৈতে বললেন, 'আমি দুঃখিত। আমার জন্য তোমাদের কট কুরতে কুলা।'

চাঁদের আলোর দিকে তাকিয়ে জুমার্কিন দুর্ভিব। তাঁর চোখে আবারও অশ্রু আজ তাঁর কী হয়েছে? এখুমার খুদ্দি গান্ধী চোখ মেলে, সে দেখে ফেলবে তাদের মুজিব ভাইয়ের ক্রেক্সিডিজা। এ-ও কি হয়?

তিনি চোথ মুছদেন কৈ অঞ কি মধুমাখা?

গাজীউল হর বৃষ্ঠিত। ঘুমাক। ও জেগে উঠলে ওকে বলতে হবে, 'শোনো গাজী ক্রম্পুর লিডার ওধু রবীন্দ্রনাথ পড়েনই না, তিনি বোঝারও চেটা করেন। পুর্মুমাথা অঞ্জল মানে কী। তুমি কী ডাবো, বলো তো?'

মুজিবের মনে রবীন্দ্রনাথের পঙ্ক্তি দোলা দিয়ে যাচ্ছে:

সংসার-মাঝে করেকটি সুর রেখে দিয়ে যাব করিয়া মধুর, দু-একটি কাঁটা করি দিব দূর— তারপর ছুটি নিব। সুখহাসি আরো হবে উজ্জ্বল, সুশ্বর হবে নয়নের জ্বল, সেহসুধামাখা বাসপুহতল আরো আপনার হবে। প্রেয়সী নারীর নয়নে অধরে আরেকটু মধু দিয়ে যাব ভরে, আরেকটু মেহ শিত্তমুখ-'পরে শিশিরের মতো রবে।

মুজিবের মনে পড়ে, সোহরাওয়াদী সাহেবকে কীভাবে পুলিশ পরের দিন বিকেলে গাড়িতে ভূলে নেয়। মুজিবও সেই গাড়িতে উঠে পড়েন। লিভারকে পুলিশ গোয়ালন্দ্রণামী জাহাজে ভূলে দেয়।

মজিব তাঁকে কেবিনে বসিয়ে দিয়ে তারপর নেমে আসেন।

জাহাজ ছেড়ে দেয় ভেঁপু বাজিয়ে। পানিতে ঢেউ তোলে। ঢেউ আছড়ে পড়ে যাটে। বাঁধা নৌকাণ্ডলো দুলে ওঠে। জাহাজটা আন্তে আন্তে চোথের আড়ালে চলে যায়।

জেটি শূন্য হয়ে গেলে মুজিবের চারপাশটা যেন শুন্ন জৈল মনে হয়। তবু তিনি নিজেকে শক্ত করেন। নেতা বলে সোজন অসাম্প্রদায়িকতার পথে সংগঠন আর আন্দোলন চালিয়ে যেতে,। তিনি আবার আসবেন।

সলিমুন্নাহ হলের আকাশে পূর্ণিমার কান্দ এই চাঁদ উঠেছে কলকাতায়।
একই চাঁদ উঠেছে টঙ্গিপাডায়।

লিভারের সঙ্গে তাঁর কত দিনে প্রকালা। কত মধুর স্থৃতিই না আছে তাঁর সোহরাওয়াদীকে ঘিরে। ক্রিনের সুখদুংখকে নিজের সুখদুংখ মনে করেন, প্রত্যেকের থোঁজবার নিন, মানুষের উপকার করার জন্য সদা প্রস্তুত

মুজিব নেতার টুই ইপর কথা জানেন। ধনীর ঘরের ছেলে, অভিজ্ঞাত পরিবার। কলকাত্ম ক্লাবের সদস্য। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের এমএ। তিনি যখন অবিভক্ত বাংলার মুখ্যমন্ত্রী, সে সময় এক ইংরেজ আইসিএস কর্মকর্তা ফাইলের নোটে যা লিবেছিলেন, সোহরাওয়াদীর তা মনঃপৃত্ত হয়নি। তিনি ওই অফিসারকে তিরশ্ধার করলেন। গভর্নরকেও জানালেন, 'এই অফিসার তো নোটই লিখতে জানে না।' গভর্নর কলেনেন, 'কে কি, ও তো অরফোর্ডের এমএ।' সোহরাওয়াদী বললেন, 'জরফোর্ডর এমএ তা আমিও। আমি খুব জানি, সব ইংরেজ ভালোমতো ইংরেজি জানে না।' এ রকম প্রবল যার ব্যক্তিত্ব, তিনি কিনা তাঁদের সঙ্গে একটা দেশি নৌকার বসে সারা রাত জেপে গ্রামবালো সকর করছেন।

মুজিবের আজ ঘুম আসছে না। এই রকম সাধারণত হয় না। যেকোনো স্থানে চোখ বোজামাত্রই ঘুমিয়ে পড়ার আতর্য ক্ষমতা তাঁর আছে তা না হলে কারাগারে, কিংবা স্থিমারে, কিংবা পার্টি অফিসে কিংবা পাতলা খান লেনের মেসে—যেখানে রাত, সেখানেই কাত, আর সেখানেই নিদ্রাপাত করতে পারতেন না তিনি।

সোহরাওয়াদী তখন অবিভক্ত বাংলার সিভিল সাপ্রাই মন্ত্রী। থিয়েটার রোডের বাসভবনে নিজের ডেস্কে বসে সেদিনের ডাক দেখছেন তিনি মুজিব বসে আছেন তাঁর ডেস্কের অপর দিকে। একটা পোস্টকার্ড হাতে তুলে নিয়ে সোহরাওয়াদী সাহেব বিমর্থ হয়ে পড়লেন যেন। উঠে পড়লেন।

'কী খবর, পিডার? কোনো জরুরি খবর?'

'আমাকে এক্ছনি বেরোতে হবে খিদিরপুরের দিকে' কথা শেষ হওয়ার আগেই তিনি বসে পড়লেন খাতিছা। মুজিবও তাঁর সঙ্গে সংসে উঠে বসলেন শকটে। নেতা নিজেই স্ক্রান্তি চালাছেন মুজিব বসে আছেন সারখির পাশের আসনে। পার্টি পার থামল খিদিরপুর ওয়ার্ডগঞ্জ শ্রমিক বন্তিতে। তাঁরা গার্ডি কেক নামলেন। মন্ত্রীকে গাড়ি থেকে নামতে দেখে পুরো বন্তি যেন তিন্তু পড়ল । জনারগোর তেতর দিয়ে লিডার হাঁটছেন, সঙ্গে মুজির ককে-ওকে জিজেস করলেন লিডার, অমুকের ঘর কোনটা? বর্ষিক কর্মানত তাঁদের ভাসিয়ে নিয়ে চলেছে। একটা জীর্ণ ঘরের সাম্বর ক্রম্প তাঁরা থামলেন। জনতাকে বাইরে থাকতে বলে সোহরাওয়ার্টি পার্যু নিচ্ন করে চুকে পড়লেন ওই পর্ককুটিরে, পেছনে মুজিব। মাটিতে প্রকাশিছে ঘন ঘন। তিনি বললেন, 'এই মুরুবিরকে আমার গাড়িতে তুলে দাঙ।'

জনতার সঙ্গে হাত লাগালেন মুজিবও। গাড়িতে উঠে তিনি বস্তিবাসীকে বললেন, 'আমাকে আগে খবর দাওনি কেন তোমরা?'

তারপর গাড়ি সোজা চলে এল যাদবপুর যক্ষা হাসপাতালে।

হাসপাতালে ভর্তি করানো হলো বৃদ্ধকে। মন্ত্রী নির্দেশ দিলেন, 'এর চিকিৎসার যেন কোনো ব্রুটি না হয়। যা খরচ লাগে, সব আমি দেব।'

তিনি নিয়মিত টাকা পাঠাতেন এই বৃদ্ধকে।

১৯৪৩ সালের দিককার কথা। মুজিব একবার বসে আছেন সোহরাওয়াদী সাহেবের থিয়েটার রোডের বাসায়, শোবার ঘরে। বিছানার ওপর একটা কালো থাতা। লিডার ঘরে ছিলেন না। মুজিব আনমনেই কালো খাতাটা খুলে পাতা মেলে ধরলেন। কতগুলো লোকের নাম আর ঠিকানা লেখা। তার পাশে একটা করে টাকার অঙ্ক। সব মিলিয়ে সাড়ে তিন হাজার টাকার মতো।

নেতা এই বিপন্ন মানুষগুলোকে প্রতি মাসে পেনশন দেন। এর পেছনে তাঁর মাসে সাড়ে তিন হাজার টাকা খরচ হয়। জিজ্ঞেদ করেছিলেন মুজিব, 'মাসে মাসে এত টাকা পেনশন কেন দিচ্ছেন?'

নেতা করুণ একটা হাসি দিয়ে বলেছিলেন, 'দেশের অবস্থা তো জানো না! ও তালিকা আমার দিন দিন বড় হচ্ছে। কবে যে আমরা এদের একটা ছিল্লা করতে পারব।'

মুজিবের তন্তামতো আনে। তিনি দেখতে পান, তাঁরা ঘাসি নৌকায় চড়ে চলেছেন পার্টির কাজে। একজন মাত্র মাঝি সেই নৌকার। মুজিব তাঁকে বলনেন, 'লিডার, মাপনি এইভাবে হালটা বেছিণ্ডিরে থাকেন। আমি আর মাঝি 'দ্যুট্টান। সমহাটা বাঁচবে।' সেক্ত্রিডরালী সাহেব হাল ধরলেন। তারপর লিভার বললেন, 'ভূমি এবার্কারেন ধরো, মুজিব। আমি দেখি দাঁড টানতে পারি কি না।'

'ও আপনি পারবেন না, লিভার। ক্রিবাটি-ঐড় ঘরের ছেলে। কলকাতা শহরে ননি-মাখন খেয়ে বড় ফুট্টেইন গাড়ি চালাতে পারবেন, কিন্তু নৌকার দাঁড় বাওয়া আপনার ক্রিট্টেইনিডের কাজ নয়। আমরা নদীপারের ছেলে বলা যায় নদীতেই বুড় ফুট্টেছি।'

'আরে দাও তো । ক্রিব্র পোনো।'

লিডার দাঁড় ধর্বলেই প্রীয় জোর করেই, হাল ধরলেন মুজিব !

মাঝি গান ধরল, মাঝি বায়া যাও রে,/ অক্ল দরিয়ায় আমার ভাঙা নাও রে/ মাঝি বায়া যাও রে ।'

তন্ত্রা ভেঙে যার মূজিবের। গাজীউল ঘূমিয়ে পড়েছেন। চাঁদটা আকাশের গায়ে হামাগুড়ি দিয়ে উঠে পড়েছে অনেকটা ওপরে।

নাহ। এডাবে কবিভা আর আবেগের কাছে আত্মসমর্পণ করলে চলবে না কাল ভোরে উঠতে হবে। আবার নামতে হবে মিছিলে। প্রধানমন্ত্রী লিয়াকত আলী খানের আগমনের বিরুদ্ধে মিছিলে নেতৃত্ব দিতে হবে।



৩২

হেমতকাল। আমগাছের পাতা গুৰুরে আসছে। শীতে ঝরবে পাতা, বসঙে পাতা গঙ্গাবে, আসবে মুকুল। কিন্তু হেমতের সকালের রোদটা বড় ডালো লাগে ব্যাক্ষমা আর ব্যাক্ষমির।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনের সামনের আমগাছের একেবারে মগডালে গিয়ে বদে তারা; রোদটা যত বেশি গায়ে দেখে নেওয়া যায়।

ব্যাসমা বলে, 'বলো তো, শেখ মুজিবের প্রিয় ক্রাঞ্চ ক্রেনটা?' ব্যাসমি বলে, 'মিছিল করা। মিছিল করতে ন ব্রাফ্টেন তার হাত-পায়ে বিষ-বেদনা ওঠে। এইবার তুমি কও তো, শেখ সুজিব কোন প্রতিভাটা নিয়া জন্মাইছে?'

ব্যাসমা বলে, ১৯৪৮ খ্রিষ্টাব্দের হেম্বের বাতাসে দোল খেতে খেতে,

'আহু, ভাষণটা বড় ভালো দেয় পুই বঞ্জোয়ান!'

ব্যাঙ্গমি আমণাছের ভাচে ই খ বলে নিয়ে বলে, 'আইজ থাইকা ঠিক চার বছর আগে কলকাজ্বছ প্রাদেশিক মুসলিম লীণের বার্ধিক সভা হইতেছিল। আপের বিশ্ব স্থিতি প্রাণির বার্ডিতে অনেকে মিলা ঠিক করল, আবুল হার্শিম সাহেবও সেইটা মাইনা নিছিলেন। কিন্তু সন্ধ্যায় ঘন্দ শেখ মুজিব ভাষণ দেওয়া গুরু করল, সেই প্রথম তার লিভার সোহরওয়াদীর সাথে পরামর্শ না কইরাই মুজিব হার্শিম সাহেবের পক্ষে ভাষণ দিতে লাগল, আর পুরা কাউলিল মুজিবের কথায় একেবারে মন্তরের মূবে সাপের মতো মোহিত ইয়া আবুল হাশিমকেই আবার সাধারণ সম্পাদক করল, মনে আছে?

'থাকব না কেন? মুজিব যখনই ভাষণ দেয়, তখনই শ্রোতারা তার কথার জানুতে ভাইনা বায়। এইটা তো কডই দেখলাম। তবে আরও দেখবা। মুজিব আরও অনেক ভাষণ দিব। একটা ভাষণ দিব একেবারে দুনিয়া ওল্টাইনা, সেইটা আর ২২/২৩ বছর পর। আর মুজিব তার লিডার শহীদ সোরওয়াদীর কথার অবাধা হইব আরও একবার। সেইটাও আরও দেড় যুগ পরে। যখন আইয়ুব খানের মার্শাল লর পর প্রথম পলিটিকস ওপেন করব, উনি তখন নেতার নির্দেশ অমান্য কইরা আওয়ামী লীগ খইলা বসব। সেই অবাধ্য হওয়াটাই বড কাজের কাজ হইব।

'কিন্তু এই সব বড় কাজের প্রস্তুতি তার চলতাছে রোজকার মিছিল মিটিং জনসভা প্রতিবাদ আর প্রেপ্তার হওরার মধ্য দিয়া। খাজা নাজিম উদ্দিন গোপালগঞ্জ যাইতাছে। তার গোপালগঞ্জ। সেইবানকার এমএলএ শামসুদ্দিন আহম্মেদ এলাকা গরম কইরা ফেলছে। মহকুমার গোনে ছয় লক্ষ মানুষ। প্রত্যেকের চালা এক টাকা। পোনে ছয় লাখ টাকা চান্দা উঠানো হইছে। কোর্ট মসজিল আর গাকিন্তান মিনারের লাইগা ৪০ হাজার টাকা, পাশের রাজার লাইগা ৩০ হাজার। বাকি টাকা তারা দিতে চায় জিলাহ কাডে। মজিব কী করব?'

99.

তখন ১১টা বাজে, গোশুরুপঞ্জির আদালতপাড়া এলাকায় তখন গভীর রাত। শীত আর কুরাখা কামিনী ফুলের আণ সেই কুরাশার ওপরে ভর করে ভাসছে। কুরুর জকছে, শিয়ালের ভাকও শোনা যাচ্ছে নদীর ধারে শটিবন হেলেঞ্চিত্র থকে, বিঝি রব তো প্রকৃতিরই অংশ, শেখ মূজিব তাদের গোপালপঞ্জের বাসায় এসে হাজির হন। দরজায় শব্দ করেন।

'কে?' লুংফর রহমান সাহেবের কাশি হয়েছে, কে বলতে গিয়েই কাশির গমক ওঠে। 'আব্বা, আমি খোকা।'

লুংফর রহমান লুগিতে গিঁট বাঁধতে বাঁধতে বিছানা ছাড়েন। টেবিলের ওপরে রাখা লঠনটার নব ঘূরিয়ে আলো বাড়ান। চিমনিতে কালো দাগ পড়েছে। কয়েকটা পোকা চিমনির পাশে উড়ছে। একটা মরা পোকা টেনে নিয়ে যাচ্ছে পিপড়ার দল।

তিনি কবাটের খিল খোলেন। হাতে হারিকেন। হারিকেনের আলোয় ছেলের মুখটা দেখে তাঁর বুকে একধরনের প্রশান্তি অনুভূত হয়। পরক্ষণে একটা দুন্দিভাও তাঁর মনে ঝিলিক দিয়ে যায়। করাচি থেকে খাজা নাজিম উদ্দিন আসছেন, ছেলে না আবার কোনো ঝামেলা করে বসে তিনি আদালতের কর্মচারী; সরকার বাহাদুরের সর্বোচ্চ কর্তার সঙ্গে ঝামেলায় জড়ানোর সাহস তো তাঁর বুকে আসে না।

'এত রাতে? কোখেকে?'

'শামসৃদ্দিন এমএলএর বাড়ি থেকে।'

'হঠাৎ আসলা? খবর দিয়া আসলা না?' লুৎফর রহমান থাঁকারি দিয়ে গলা পরিষ্কার করে নিয়ে বলেন।

'খবর তো পাইতেছেনই। ছয় লক্ষ টাকা চাঁদা তুলছে। গোপালগঞ্জের গরিব মানুষের টাকা। এই টাকা নাকি অরা জিল্লাহ রিলিফ ফান্ডে দিবে। তারই প্রতিবাদ করতে আসছি।'

'হাতমুখ ধোও। ভাত খাও। জয়নালরে বলি ভাকু ব্রান্ধতে .'

'না, এত রাতে আর জরনালরে কট দেওয়াই সুক্রীর নাই। আমি খাইয়া আসহি। আপনি ঘুমায়া পড়েন। বড় কলি ইইছে দেখছি। ডাকার দেখাইছেন?'

'না, কাশির আবার ডাক্তার কী! তুলনী বার্তার রস খাছি। সেরে যাবে নে।'

মুজিব আদনা থেকে নিজের ক্রি-গোঞ্জি নিয়ে কাপড় পাস্টালেন। পুক্রপাড়ে গিয়ে পানি ভূক্তে ইড়িস্থ ধুলেন। তারপর গুয়ে পড়লেন

কিন্তু তাঁর ঘুম জুসুরে না। ছটকট লাগছে। আজকে শামসূদ্দিন আহমেদের বাসায় অনুষ্ঠিনা কমিটির মিটিং ছিল। সেখানে তিনি হাজির হয়েছিলেন। তিনি বাজির হয়েছিলেন। তিনি বাজির হয়েছিলেন। তিনি বাজির হয়েছিলেন। তিনি বাজির বাংলার গরিষ্ট সমূদ্রের মাথার ঘাম পারে কেলা টাকা। এই টাকা কেন আমরা করাষ্টিতে পাঠাব! ওরা আমাদেরকে নতুন কলোনি বানিয়েছে। কথায় কথায় শোষণ করছে। আজ বাংলাজুড়ে দুর্ভিক্ষের পদধ্বনি। মানুষ্ব না খেয়ে আছে। আর আমরা টাকা ধরচ করছি থাজা নাজিম উদ্দিনের স্বংবর্ধনায়। টাকা পাঠাছি জিয়াহ ফাডে! আজ গোপালগয়ে কোনো কলেজ নাই। এই টাকার আমরা কলেজ প্রতিষ্ঠা করতে পারি।

তাঁর কথা শেষ হওয়ার আগেই অনেকেই, 'আরে থামো মজিবর . তুমি থালি লেকচার দেও', 'স্যার খাজা সাহেব আসতেছেন আমাদের গোপালগঞ্জে, এ তো আমাদের সৌভাগ্য' ইত্যাদি বলে তাঁকে বসিয়ে দেব।

বসিয়ে দিলেই বসে যাওয়ার পাত্র তো মুজিব নন। তিনি জানেন এর

বিহিত কী করে করতে হবে। ভাঁর পক্ষে আছে মানুষ। গোপালগঞ্জের মানুষ কাল সকালেই কান্ধ গুরু করতে হবে। মানুষকে সংগঠিত করতে হবে

আটাপের যুবক মুজিব এরই মধ্যে গোপালগঞ্জে তুমুল জনপ্রিয়।

এখানে তিনি বহুদিন পড়েছেন মিশনারি স্কুলে, যুক্ত থেকেছেন
এলাকারসীর ভালো-মপ্রের নানা চড়াই-উতরাইয়ের সঙ্গে। স্কুল ফুটবল

টিমের ক্যান্টেন ছিলেন তিনি। গুধু যে গোপালগঞ্জে খেলেছেন তা নয়,

হায়ারে খেলতে এদিক-ওদিকও গেছেন।

একবার তাঁরা ফুটবল খেলতে গেলেন পাইককান্দি ইউনিয়নের ঘোরনাইড়ে গোপালগঞ্জ থেকে খেরা নৌকার করে যেতে হয়। খেলার জিতল মুজিবদের দল। খেলা শেষে যখন খেরা নৌকার উঠুলেন, ততজাণে চরাচরে সন্ধ্যা নেম এসেছে। মাগরিবের নামার শেষ বিষ্টা মুজিব জিলার আভ আছে একটুখানি। হঠাং ক্রেম্বর্ক সমার্জনে। মুজিব তখন নৌকার হাল ধরে আছেন। তাঁর সক্ষেত্রক্রমন্দি মামাসহ আরও কয়েকজন। প্রচাহ বাতানে নৌকা বাঁক নিতে,বৃহত্ত পিতিনি দুই হাতে শক্ত করে ধরে আছেন হাল। এই অবসরে তাঁক পিতে,বৃহত্ত গেল চন্দামা তিনি চন্দাম ছাড়া প্রায় কিছুই দেখেন ব্লাক্ত প্রতিষ্ঠিত গেল চন্দামা তিনি চন্দাম ছাড়া প্রায় কিছুই দেখেন ব্লাক্ত পিছে। আমি কিছুই দেখি না। তাঁক নিজর করে উঠলেন, 'ও মামা, হাল ধরেন, আমার চন্দাম শুক্ত থিলে চন্দাম বুঁজতে লাগল নৌকার পাটাতনে। নাহ, পাওয়ে শুক্ত না। ওটা নদীর জলেই ভলিয়ে গেছে কোধাও। নৌকা অপক্র প্রত্নিত তা কিছুই দেখছেন না। শেষে হরিনাসপুর ভাকবাংলার রাত কটাল কিশোর ফুটবলারের দল।।

এলাকায় সাম্প্রদায়িক দাঙ্গা লাগলে 'হিন্দু-মুসলিম ভাই ভাই' বলে স্লোগান দিয়ে এগিয়ে গেছেন স্বেচ্ছাসেবক দল নিয়ে। গরিব ছাত্রদের সাহায্য করার জন্য স্টুডেন্ট ইউনিয়ন গড়ে তুলে মুষ্টিভিক্ষা করে তহবিল জোগাড় করেছেন। আবার মুসলিম লীগের সম্মেলনে যখন নিজের শক্তি প্রয়োগের দরকার হয়েছে, তখন বিপূল ক্ষীর সমাবেশ ঘটিয়ে সেটা করেও দেখিয়েছেন।

গত রাতেই মিছিল বের করেছেন, 'নাজিম উদ্দিন ফিরে যাও'। এলাকার কর্মীদের মধ্যে দায়িত্ব ভাগ করে দিয়েছেন পাড়ায় পাড়ায় খবর দেওয়ার জন্য। আগামীকাল কয়েক হাজার মানুষের বিক্ষোভ মিছিল বের করতে হবে। মুজিবুর ডাক দিয়েছেন, এলাকার টাকা এলাকার উন্নয়নে খরচ করতে হবে। সবাই যেন মিছিলে আদে।

খাজা নাজিম উদ্দিন আসছেন নদীপথে। আর পি সাহার গ্রিনবোটে আসবেন তিনি। এদিকে শহরের পরিস্থিতি খারাপ। হাজার হাজার লোকের মিছিল প্রদক্ষিণ করছে শহর। সবার মূথে এক স্লোগান; 'নাজিম উদ্দিন ফিরে যাও'। চারদিক থেকে আরও মিছিল আসছে।

প্রিনবোট যে ঘাটে ভিড়বে, সেই এলাকাটা যিরে রেখেছে পুলিশ।
মিছিল সেই কর্ডন ভাঙার জন্য এগিরে যাছে। পুলিশও বাঁশি বাজিয়ে লাঠি
উচিয়ে তেড়ে আসছে। হাজার হাজার মানুষ। পুলিশের সাধ্য কী এই
জনস্রোত রুখে দেয়। প্রিনবোটে বাজা নাজিম উদ্দিন। নদীর ঘাটে মানুষের
মিছিল আর ল্লোগান। আর ধাওয়া-পান্টা ধাওয়া।

থাজা নাজিম উদ্দিন বোটে বসেই টের পেলের খার্ট্টা কিছু অঘটন ঘটছে। তিনি জানতে চাইলেন পুলিশের কাঠে হায়াটস হ্যাপেনিং মেয়ার।'

'দে আর হেয়ার টু ওয়েলকাম ইউ ্ব্যা

'দেন হোয়াই আর দে থ্রোয়িং ক্রেন্সিস্সাট দা পুলিশ ফোর্স?'

'দেয়ার আর সাম মিসক্রিয়াস্ট্রী সার।'

খন্দকার শামসূদ্দিন বলুক্ত্বেন পিখ মুজিবর ইজ ক্রিয়েটিং ডিস্টারবেল, ঢ়ার। দ্য ফলোয়ার অব ব্যক্তরাওয়াদী, দি এজেন্ট অব ইভিয়া।'

৫৬ বছর বয়সী শেষ্টার্ডয়ানি পরা খাছা নাজিম উদ্দিন বোটের ডেকে বসেছিলেন হার্ডমান থৈতে। তিনি তার বাটারফ্লাই গোঁফটা নাড়তে লাগলেন। পেই সুজিবকে তিনি চেনেন। হাঁা, যুবই একরোখা ভয়ংকর ধরনের ছাত্রনেক্তা। তবে মুসলিম লীগেরই কান। সেদিনও তো 'লড়কে লঙ্গে পাকিন্তান' বলে স্লোগান দিরেছেন। কিছুদিন আগেই তাঁকে কারাগার থেকে ছাড়া হয়েছে, যখন তিনি পূর্ব পাকিন্তানের মুখ্যসন্ত্রী ছিলেন।

যাজার জন্ম আহসান মঞ্জিলে। তিনি বিলেতে লেখাগড়া করেছেন, আলীগড় বিশ্ববিদ্যালয়েও পড়েছেন। 'নাইটকুড' পেয়েছেন ইংরেজরাজের কাছ থেকে। অবিভক্ত বাংলায় স্বরাষ্ট্রমন্ত্রী, শিক্ষামন্ত্রী মায় মুখ্যমন্ত্রী পর্যন্ত হয়েছিলেন। কিন্তু লোকে তাঁকে সরল-সোজা মানুষ বলেই জানত। আবুল হাশিম তাঁর সম্বন্ধে বলেছেন, তিনি এতই সরল যে সেটাকে বলা যায় একেবারেই বোকা। মুসনিম লীগ সরকার যখন জম্মিনির প্রথা উচ্ছেদের কথা বলছিল, তখন তিনি দিনাজপুরের ভূখানীদের এক সভায় বলেছিলেন,

'আপনাদের ৬য় পাওয়ার কিছু নাই। ক্ষুধার্ত কুকুরকে হাড়গোড় কিছু ছড়িয়ে-ছিটিয়ে দিতে হয়, নাহলে তারা পুরো মাংসটাই নিয়ে যাবে; ফ্লাউড কমিশনের কাজও তেমনি।' ঝাজা জীবনে কোনো নির্বাচনে জয়ী হননি। চলতেন শিক্ষামন্ত্রী কজলুর রহমানের বৃদ্ধিতে।

খাজা বললেন, 'শেখ মুজিবকে ডাকো, ওকে আমার কাছে আসতে বলো। ও কেন বিক্ষোভ করছে, আমাকে বলুক। আলোচনার মাধ্যমেই সব সমস্যার সমাধান সম্ভব।'

শেখ মুজিব করেকজন কর্মী নিয়ে উঠলেন বোটে। বৈঠকে মুখোমুখি হলেন খাজার।

খাজা বললেন, 'কেন তোমরা বিক্ষোভ করছ? কারণ কী?'

মুজিব বললেন, 'আপনি জানেন না এই এলাকার মানুষ কত গরিব। এই গরিব মানুষদের কাছ থেকে লাথ লাথ টাকা চাঁদা টোকা হৈছে . সেই টাকা দেওয়া হবে জিয়াহ ফাডে। অবচ এলাকায় একটা কলেজ নাই। এই গরিবের রক্তচোষা টাকা জিয়াহ ফাডে জমা ভিনে কি কায়েদে আজমের সম্মান বাড়বে? নাকি একটা এলাকায় একটা কলেজ হলে তাঁর সম্মান বুদ্ধি পাবে?

খাজা বললেন, 'আছা, আর্মি এই এলাকায় একটা কলেজ প্রতিষ্ঠার ঘোষণা দেব কালকের সভায় ক্রেমিয়াদে আজম মেমোরিয়াল কলেজ। আর সেই কলেজের ফাভে বাঙ্কি উক্তা রেখে দেওয়া হবে।'

'থ্যাংক ইউ' বলে মুব্দ্বির্ব বৈরিয়ে এলেন তাঁর কর্মীদের নিয়ে।

লুৎফর রহমান ফুলুলেন, 'গোপালগঞ্জ এসেছ। টুঙ্গিপাড়া যাবা না?'

'এইবার আর' যাই না। গোপালগঞ্জ থেকে যেতে বেশি সময় লাগে। এর চেয়ে ঢাকা থেকে যেতেই সময় লাগে কম। আর ঢাকায় অনেক কাজ, আব্বা।'

'কী কাজ করতেছ? ওকালতিটা পড়তে বইলেছিলাম। পড়তেছ?'

'ভর্তি তো হয়েছি ঢাকা ইউনিভার্সিটি। এলএশবি পড়তেছি। সেকেড ইয়ার। দেখি।'

'সাবধানে থাইকো, খোকা। তোমারে নিয়া সব সময় দুন্চিন্তা করি। পুলিশ তো তোমার পিছনে লেইগে আছে। আবার কবে জানি অ্যারেস্ট হও।'

'দেশের মানুষের ভালো থাকার জন্য কাউরে কাউরে কষ্ট করতে হয়,

আববা। অন্যায় ২ইলে প্রতিবাদ না করলে সেইটাও অন্যায়। অন্যায় যে করে আর অন্যায় যে সহে/ তব খূণা ভারে যেন ভূণসম দহে।' রাতের বেলা ভাভ খেতে খেতে পিতা-পুত্র কথা বলেন। তাঁদের সঙ্গে আরও করেকজন কর্মী খেতে বসেছেন। তাঁরা মুজিবের মুখের দিকে তাকিয়ে থাকেন খাওরা ভূলে। হারিকেনের আলোর তাঁরা দেখতে পান, গোপালগঞ্জের চরের লেঠেলদের কাঠিন্য আর পিমাটির নরম পেলবতা একই সঙ্গে এই যুবকের মুখে খেলা করছে।

লুংফর রহমান বলেন, 'থোকা। চিরটাকাল আদালতে সেরেন্ডাদারের চাকরি করতেছি। স্বপ্ন দেখি, তুমি জল্প-ব্যারিস্টার হবা। ম্যাজিস্টেট-এসডিও হবা। অন্তত ভালো উকিল হলিও তো ধোকা তোমার আব্বার মুখটা উচু হয়।'

রহমত সরদার, গোপালগঞ্জের সরদারপাড়ার হৈ বছরের যুবক, বছনিন থেকেই মুজিবের সংগঠনের কমী, এক ক্লেক্স ভাত মূথে পুরে চিরোতে চিরোতে বলেন, চাচা, আপনে চিল্লাচ্ছাইরেন না। থোকা ভাইরে দেখে আসতিছি সেই ছোটবেলা খা। খোকা ভাইরের নিজের সাধ-শ্বর সর আল্লাহ পুরা করে, আপনেরটেও কল্কু নি। কী কও, খোকা ভাই? আপনের মনে আছে না, রিফক ক্রিম্মা হলের সামনের নোভলায় বইসে আপনেরে আমি কী বলছিলাকে পুরিবেন নাকি চাচা, খোকা ভাই তখন কলকাতা থেইকে মাঝের্ছাই, জ্লাসেন, এই প্রত্যেক মানের কুড়ি বাইশ ভারিখে গোপালগঞ্জ, আনুকতন। আনানের আাণ্টি প্রশ্ন মুক্তম্পার্কর সালাম খানের প্রস্কার্কর হতে। একবার গিমাভালা ফুল মাঠে থোকা ভাই মিট্রাইরছেন। সব মিলে লোক হলো ১৭ জন। পথে আসার সময় আমি কর্মান, মিয়া ভাই, এত কম লোকের মিটিং কইরে কী লাভ? দিনটাই মাটি! থোকা ভাই, শেনিল কী কছিলেন মনে আছে?

মুজিব রহমত সরদারের দিকে তাকালেন। তাঁর মনে আছে।

রহমত সরদার বলেন, 'খোকা ডাই সেই দিন বলেছিলেন, বৃথলেন চাচা, হতাশ হয়ে না। দেখবা আমার মিটিংয়ে একদিন দক্ষ লক্ষ দোক হবি নে! তো আইজকে দেখেন। হাজার হাজার মানুষ খোকা ভাইয়ের পিছনে মিছিল করিছে। '৪৫ সালে সোহরাওয়াদী সাহেব যেদিন এলেন, নেই মিটিংয়েও তো লক্ষ লোক হয়েছিল। নাকি হয়নি? তো, আপনার খোকা জক্ব-ব্যারিস্টার কেন, তার চেয়ে বড় বৈ ছোট কিছু হবে না নে ব্যারিস্টার তো জিয়াহ, কজলুল হক, মোহরাওয়াদী সাহেব সবাই। তাঁবা তো আবার মন্ত্রী-মিনিস্টারও হয়েছেন। আমাদের খোকা ভাইও হবিনে।

মুজিব একটু যেন লজ্জিত হন। মন্ত্রী হওয়ার জন্য তিনি আন্দোলন করছেন না। তিনি আন্দোলন করেন জুলুমের হাত থেকে দেশের মানুষকে বাঁচাবেন বলে। জন্মের পর থেকেই দেখে আসছেন, দেশ পরাধীন পরাধীন দেশকে মুক্ত করতে হবে, তাঁর গৃহশিক্ষক মদেশি আন্দোলন করতে গিয়ে জেল থেটে আসা হামিদ মাইার তাঁকে তানিয়েছেন তিতুমীর, সূর্যসেন, ক্ষুনিরামের কাহিনি; মানুষের মুক্তির জন্য, দেশকে মুক্ত করার জল্য এসব বীর কীতাবে নিজেব প্রাণ উৎসর্গ করেছেন। গোপালগঞ্জ মিশারি স্কুলে পড়ার সময় কলকাতায় নেতাজি সূভাষ বসু হলওয়েল মনুমেন্ট অপনারণের দাবি জানান। তিনি সমরসীমা বেঁধে দেন—১৯৪০ সালের ৩ জুলাইয়ের মধ্যেই ওই মনুমেন্ট সরাতে হবে।

শেখ মুজিব জানার চেন্টা করেন, হলওয়েল মনুমেনিট্রী! কলকাতা থেকে খবরের কাগজ আসে এক দিন পর, কখনো কর্মনা দুই দিনও লাগে। তা-ই পড়ে পড়ে তিনি কিছুটা বুঝতে পারির ব্যাপারটা নবাব নিরাজউদ্দোলা ১৭৫৬ সালে নাকি কিছুমংখার ব্রাপারটা করে ককে আটকে রেখেছিলেন, যাতে তারু করে স্থান রাহরেছিল কলকাতার সেনিকনের সম্মানে হলওয়েল মুনুম্বিত ক্লপিব করা হয়েছিল কলকাতার ভালহৌনি স্ক্রারে। ওই মনুমেন্ট্র ক্রেনা পরাধীনতার চিহ্ন, ওটা সরাতে হবে—সুভাব বসু ১৯৪০-এ দিক্ষে এলে ঢাকাবাসী নেতাজিকে বলল সেই কথা। নেতাজি কলেনে প্রত্যাপ্ত আছে, ওই মনুমেন্ট সরানোর ভাক দেব আমি ।

ভাক দিয়েছিকে ক্রিডাজি। বলেছিলেন, 'দিরাজউদ্দৌলা শৃতি দিবস ও জুলাইয়ের মধ্যে ক্লিওয়েল মনুমেন্ট নামের কলন্ধচিহ্ন সরাতে হবে। না হলে ও জুলাই আমার বাহিনীর অভিযানে নেতৃত্ব দেব আমি।'

২ জুলাই নেতাজিকে গ্রেপ্তার করা হয়। সারা বাংলায় সেই আন্দোলন ছড়িয়ে পড়ে। গোপালগঞ্জেও এসে লাগে তার ঢেউ। স্কুলছার দুজিবও যোগ দেন মিছিলে। 'হলওয়েল মনুমেন্ট, সরাতে হবে, সরাতে হবে, 'তেঙে দাও উড়িয়ে দাও, হলওয়েল মনুমেন্ট, 'সুভাষ বসুর মুক্তি চাই' মুখ্যমন্ত্রী এ কে ফজলুল হক বললেন, 'আমি সুভাষকে ভালোবাসি। প্রজাকরি। আমরা সবাই তাঁর অনুরজ্ঞ। এ দেশের রাজনীতিতে তিনিই সবচেয়ে জনপ্রিয়া 'তথু কংগ্রেস কিছু বলল না। অথচ সুভাষ বসু পরপর দুই বছর সভাপতি ছিলেন কংগ্রেসের। কিন্তু হিন্দু, মুসলিম, বাঙালি এক

হয়ে গেল সুভাষের মুক্তির প্রশ্নে। ওই গোপালগঞ্জেও রব উঠল : হিন্দু-মুসলিম ঐক্য, জিন্দাবাদ। সুভাষ বসু, জিন্দাবাদ।

সুভাষ বসু তথনই টানতে থাকেন মুজিবকে। এই নেতার সঙ্গে তাঁর দেখা করতে হবে। তাঁকে জানাতে হবে, তিনি চান ইংরেজদের ৩ড়িতে। সূভাষ বসু কারাগারে অসুহ হয়ে পড়লে প্রথমে মেডিকেল কলেজ হাসপাতালে রাখা হয়। এই সুযোগ। মুজিব চলে যাবেন কলকাতায়, পোজা মেডিকেল কলেজ হাসপাতালে। দেখা করবেন নেতাজির সঙ্গে নেডাজির খবর রোজ বেরোচ্ছে পত্রিকায়। ক্লাস নাইনের ছাত্র মুজিব সেসব পড়েন আর চূড়ান্ত করে ফেলেন তাঁর পরিকল্পনা। উঠে পড়েন গোয়ানদ্দের স্টিমারে। গোয়ালদ্দ দিয়ে ট্রেনে উঠে সোজা কলকাতা। সারা রাত ট্রেন চলল, সকলবেলা গাবে, পৌছাল নিয়ালাদা স্টেশনে। মুজিব ট্রেন থেকে নেমে খুঁজে পেতে হাজির হলেন মেডিকেল ক্রিক্ট্রা হাসপাতালে ততকলগে ১০টা বেজে গেছে।

পুলিশ কর্মকর্তা অজয়কুমার বসু তথা পুলির বসুকে প্রহরাধীন ও নিরাপদ রাখার দায়িত্বে নিয়োজিত ছিলেন প্রান্তির কাছে একটা আবেদনপত্র পাঠাতে হবে। মুজিব কাগজপত্র ক্লেম্বর্ড করে দরখাত্ত লিখলেন; 'আই হাতে কাম ফ্রম গোপালগঞ্জ টু বিটি বেতান্ধি। ব্লিজ, অ্যালাউ মি টু মিট হিম।'

হ্ম ৷

হাসপাতালের বড় হিডিক নাক্ষণ পাশে অজয়কুমার দে ছাত্রটির সঙ্গে দেখা করেন। ছেনেটির কোথে চশমা। পরিধানে সাধারণ প্যান্ট-শার্ট . অজয়কুমার দেৱ বাক্তি হলো ছেলেটির বয়স ১৬-১৭ হবে . আসলে মুজিবের বয়ড়্টিকুট্র ২০ বছর।

'তোমার মুর্ম কী?' পুলিশ কর্মকর্তা জিজেন করলেন।

'শেখ মুজিবুর রহমান।'

'তুমি কোন ক্লাসে পড়ো?'

'ক্লাস ওও-এ।' (তখন নাইনকে ক্লাস ওও বলা হতো)

'তুমি কেন শ্রীবসুর সঙ্গে দেখা করতে চাও?'

'আমি নেতান্ধির ভক্ত। তিনি মহান ভারতীয় নেতা। তিনি মানুষের সঙ্গে মানুষের কোনো ভেদাভেদ করেন না।'

'আচ্ছা। খুব ভালো কথা। তিনি তো ভারতবর্ষে স্বরাজ চান তুমিও কি চাও?'

'হাা। আমিও চাই ভারতবর্ষ শাসন করবে ভারতীয়রাই।'

'তা করতে হলে তো সংগঠন করতে হবে। তুমিও নিশ্চয়ই সংগঠন করো।'

'আমি মুসলিম স্টুডেন্ট লীগ করি।'

'কিন্তু তুমি তো নেতাজির ভক্ত। নেতাজির সংগঠন করো না?'

'না, আমি নেতাজ্বির সংগঠন করি না ৷'

'করো নিশ্চয়ই। আমি জ্বানি, নেতাজির সংগঠন করলে সেটা কাউকে বলতে হয় না। আমাকে বলতে পারো। কারণ, আমিও নেতাজিরই লোক আমাকে বলতে কোনো অসুবিধা নাই।'

'না, আমি মুসলিম স্টুডেন্ট লীগই করি। নেতাজির সংগঠন করি না কিন্তু তাঁকে শ্রদ্ধা করি।'

'তুমি কেন সত্য গোপন করছ। নেতাজির গোপন সংগঠনওলোর খবর আমিই রাখি। তুমি আমাকে বলো। তুমি করোরার্ড বুক্⁄ক্রো।'

মুজিব বুঝতে পারলেন, এই ভদ্রলোক আসলে পুলিসে লোক। এই অল্প বয়সেই কারাগার থেকে ঘুরে আসা মুজিবু (ক্ট্রের সম্পর্কে যথেটই ওয়াকিবহাল। তা ছাড়া সত্যি তো মুজিব নেড়াজির সংগঠন করতেন না কিন্তু মুসলিম-হিন্দুনির্বিশেষে সবাই তুখুর ক্রু ছিল নেতাজির ঢাকা থেকেই তো প্রথম হলওয়েল মনুমেন্ট স্থাসারণের ভাক আসে। ইসলামিয়া কলেজের ছেলেরাই নেতাজিকে প্রেক্টারের বিরুদ্ধে সবচেয়ে বেশি সোচ্চার ও সক্রিয় ছিল। তারা ধর্মঘট স্থার বৈক্ষোভ করতে থাকলে পুলিশ তাদের ওপরে চড়াও হয়। লাঠি। ব্লিক্সির। তখন তারা মুখ্যমন্ত্রী ফজলুল হকের বিরুদ্ধে স্লোগান দিছে বরু করে। বেকার, কারমাইকেল আর ইলিয়ট হোস্টেলের ছেলের ক্রিটে হয়ে উঠলে সন্ধ্যায় মৃখ্যমন্ত্রী ফজলুল হক আর স্বরাষ্ট্রমন্ত্রী খাজ সুক্রিম উদ্দিন হোস্টেলে চলে যান। খাজা ছিলেন ভিতু ধরনের মানুষ। পাড়ি থেকে নামেননি। ফজলুল হক গাড়ি থেকে নেমে হোস্টেলের দিকে যাত্রা শুরু করলে ছেলেরা তাঁর গায়ে এক বালতি পানি ঢেলে দেয় ওপর থেকে। বাতি নিভিয়ে দেয়। তা সত্ত্বেও ফজলুল হক ভেজা কাপড়ে ছেলেদের কাছে যান। এবং ছেলেদের কথা দেন, হলওয়েল মনুমেন্ট তিনি অপসারণ করবেন। 'ছাত্রদের ওপর লাঠি চালানো মানে আমার নিজের বুকেই লাঠির ঘা বসানো। তোমরা আমার নিজের ছেলেরই মতো।' তিনি বলেছিলেন।

ফজলুল হক কথা রেখেছিলেন। সেই রাতের অন্ধকারেই মনুমেন্টা অপসারণের ব্যবস্থা করেছিলেন। 'না, আমি ফরোয়ার্ড ব্লক করি না। আমি মুসলিম স্টুডেন্ট লীগই করি।'
পুলিশকর্তা বুঝলেন, ছেলেটা আসলেই কোনো সন্ত্রাসবাদী সংগঠনেব
সঙ্গে জড়িত নয়। তবে সব ববর রাখে। তরুণ হৃদয়ের মধ্যে খুব বড়
আদর্শ ধারণ করে আছে এই ছেলেটা।

'তোমার আদর্শবাদিতা আমার পছন্দ হয়েছে। তোমার মতো ছেলে আজকের দিনে সত্যি বিরল। তুমি দেশে ফিরে যাও। লেখাপড়া শেষ করো নেতাজির সঙ্গে কারও দেখা করার নিয়ম নেই। থাকলে আমি অবশ্যই তোমার সঙ্গে তাঁকে দেখা করিয়ে দিতাম।'

মুজিব সেদিন চলে এসেছিলেন। কিন্তু ছেড়ে দেওয়ার পাত্র তা তিনি নন। জীবনে যা করবেন বলে মনস্থ করেছেন, তা তিনি করেই ছেড়েছেন।

তিনি প্রায়ই কলকাতা যাতায়াত করতে লাগলেন। একদিন গেলেন মুখ্যমন্ত্রী এ কে ফজলুল হকের কাছে। তাঁর বন্ধু প্রাণ্ডভারের বাবা অকালে মৃত্যুবরণ করেছেন। বিধবা মা আর প্রাণতোষ ক্রান্ত্রী করেছেন। বিধবা মা আর প্রাণতোষ ক্রান্ত্রী ক্রান্তর করেছেন। প্রাণতাযের মা তাঁকে ধরলেন, বিধা ক্রমি ক্রমি তো মুসলিম লীগ করে। প্রাণতাযের মা তাঁকে ধরলেন, বিধা ক্রমি আছে। তুমি না ওনার সাথে ভাকবাংলায় দেখা করেছ ক্রমি না ফরিনপুর জেলা মুসলিম ছাত্রলীগের সহসতাপতি। প্রাণ্ডকা ক্রমির ব্যবস্থা তুমিই কইরে দিতে পারো, বাবা।

প্রাণতোথ আর তাঁক বিহুবা মাকে নিয়ে মুজিবকে যেতে হয়েছিল কলকাতায়। দেখা কথাও ইয়েছিল ফজলুল হকের সঙ্গে, তাঁর ঝাউতলার বাসায় পুলিশ ছুইতুর্ভ অজয়কুমার দেব সঙ্গে আবার দেখা তাঁর। তিনি বললেন, 'তেন্দ্রভ্রেপরিচিত মনে হচ্ছে? কী যেন নাম তোমার?'

'শেখ মুজিবুর রহমান।'

'কোথায় যেন বাড়ি তোমার, পদ্মার ওই পারে?'

'গোপালগঞ্জ।'

'হাা, হাা। কেন এসেছিলে?'

'এই যে আমার বন্ধু প্রাণতোষের বাবা মারা গেছেন। বিধবা মাকে নিয়ে ও বড় কষ্টে আছে। ওর একটা চাকরির ব্যবস্থা করতে...'

'কী বললেন চিফ মিনিস্টার।'

'সাথে সাথে ফোন করলেন ইলেকট্রিক সাগ্রাই অফিসে। হয়ে যাবে একটা হিল্লে। এখন যাচ্ছি ওখানে।'

তো, সেবার প্রাণতোধকে নিয়েই ব্যস্ততা গেল। পরের বার, হাঁা পরের

বার, নেতাজি সূভাষ্যন্দ্র বসুর ৩৮/২ এলগিন রোডের বাড়ির সামনে মুক্তিব ঘোরাঘুরি করতে লাগলেন। নেতাজি তবন হাসপাতাল থেকে ছাড়া পেয়ে ওই বাড়িতে পৃহবন্দী। ফাঁক বুঁজতে লাগলেন, নজরদারিতে একটু শিথিলতা নিশ্চয়ই হবে। ধোপা, ফেরিওয়ালারা তো বাড়িতে যাচ্ছে আসহে। এক ফাঁকে মুজিব চুকে গেলেন বাড়ির তেতরে। আরও দর্শনাধী ছিল তখন ওই ঘরে। কথা তেমন হয়নি।

'আমি আপনার আদর্শের একজন ভক্ত, আপনার সঙ্গে দেখা করতে গোপালগঞ্জ থেকে এসেছি। গোপালগঞ্জ স্কুলে পড়ি। আপনার আদর্শের সঙ্গে একাত্মতা জানাতে এসেছি।' মুজিব বলদেন।

নেতাজি বলেছিলেন, 'তোমার মতো তরুণেরাই তো দেশের আশা।
তুমি চলে যাও। পুলিশ দেখে ফেললে তোমাকে অথথা খ্যারেস্ট করবে।
হয়রানি করবে।'

'আশীর্বাদ করবেন। নমস্কার।' মুজিব বেরিমে এটেক ।
তথনই আবার নজরে পড়ে গেলেন অজমকুসার দের। পুলিশের কাজই
সন্দেহ করা। শেখ মুজিবকে অনুসরণ করে অক্সেন্টে পে পোস্ট অফিস পর্যন্ত
গেলেন। তাঁকে বললেন, 'শেখ মজিবক জম্মুদ্রমান নাঃ'

'জি।' 'নেতাজির সঙ্গে সাক্ষাৎ হরেছেপ্

হাঁ। এটা আমার একটা হস্ত ছিল, আমি একবার নেতাজিকে কাছ থেকে দেখব। সাক্ষাৎ ক্ষেষ্ট্রি

'কেন সাক্ষাৎ ক্র<u>িলৈ,</u> বলা তো?'

'আমি তাঁর ক্লিক্রিসিউক আদর্শের সঙ্গে সনিভারিটি প্রকাশ করলাম।'
সহজভাবে বলক্রের মূজিব। পুলিশকর্তা অজয়কুমার দেও সহজভাবেই
নিলেন বলে মনে হলো। তিনি আর কিছু বললেন না। মূজিবও বিদায়
নিলেন।

সত্যি, বড় আদর্শই মুজিবকে টেনে এনেছে রাজনীতিতে। জজ-ব্যারিস্টার, মন্ত্রী-মিনিস্টার হওয়ার উদ্দেশ্যে তিনি রাজনীতি করছেন না।

রাতের খাওয়া সারা হয়ে গেলে কমীদের বিদায় দিলেন মুজিব। সবাই যার যার বাড়িতে, হোস্টেলে চলে পেল। মুজিব আর লুৎফর রহমান বাতি নিভিয়ে ৩য়ে পড়লেন।

পরের দিন গোপালগঞ্জ টাউন মাঠে খাজা নাজিম উদ্দিনের জনসভা

পাকিস্তান মিনার উদ্বোধন শেষে এই জনসভায় তিনি বক্তা করতে ওঠেন। তিনি ঘোষণা দেন, 'এই মহকুমা শহরে একটা কলেজ প্রতিষ্ঠা করা হবে। কলেজের নাম হবে "কায়েদে আজম মেমোরিয়াল কলেজ" এই কলেজের ফান্ডে আমি আপনাদের চাঁদার দই লাখ টাকা তহবিল এখন থেকেই জমা করে গেলাম। বাকি খরচ এডকেশন ডিপার্টমেন্ট থেকে দেওয়া হবে।

'কায়েদে আজম জিন্দাবাদ', 'খাজা নাজিম জিন্দাবাদ' স্লোগান আসতে থাকে মঞ্চ থেকে।

জনতাও সেই জিন্দাবাদ ধ্বনির সঙ্গে কণ্ঠ মেলায়।

অচিরেই সেই ল্লোগান 'শেখ মজিবর জিন্দাবাদ' इट्य याय ।

আলাদাভাবে কাজ কইরা চলছে।

জানি দুইজন কে?'

ব্যাঙ্গমি বলে, 'তুমি কও।'

ব্যাঙ্গমা বলে, 'শেখ মুজিব আর তাজউদ্দীন। শেখ মুজিব পাকিস্তান হওয়ার প্রথম দিন থাইকাই জানেন, এই স্বাধীনতা স্বাধীনতা না ব্যারেকটা স্বাধীনতার জন্য তাঁর লড়াই গুরু হইল মাত্র। বেকার হোস্টেলে ছাত্রকর্মীদের ডাইকা তিনি এই কথা বলছিলেন। আর অনেক পরে, একই কথা কইবেন অন্নদাশঙ্কর রায় নামের এক বিখ্যাত লেখককে। তত দিনে বাংলা স্বাধীন হইয়া গেছে। শেখ সাহেব তখন বাংলাদেশের প্রধানমন্ত্রী। অন্নদাশঙ্কর রায় জিগাইলেন তাঁরে, "বাংলাদেশের আইডিয়াটা প্রথম কবে আপনার মাথায় এলং"

"তনবেন?" মুচকি হাসি দিয়া শেখ মুজিব কইলেন, "সেই ১৯৪৭ সালে। তখন আমি সোহরাওয়াদী সাহেবের দলে। তিনি আর শরৎচন্দ্র বস চান যুক্তবঙ্গ। দিল্লি থেকে খালি হাতে ফিরে এলেন ভাঁরা কংশ্রেস বা মুসলিম লীগ কেউ রাজি নয় এই গুণ্ডাবে। আমিও দেখি যে উপায় নেই ঢাকায় চলে এসে নতুন করে গুন্ন করি। তখনকার মতো পাকিস্তান মেনে নিই . কিন্তু আমার স্বপ্ন করে পূর্ণ হবে, এই আমার সিত্তা। তখন স্থং পুরুব হওয়ার কোনো সম্ভাবনাও ছিল না। লোকগুলো যা কমিউনাল। বাংলাদেশ চাই বললে সন্দেহ করত। হঠাৎ একদিন রব উঠল, আমরা চাই বাংলা ভাষা। আমিও ভিড়ে যাই ভাষা আন্দোলনে। ভাষা আন্দোলনকেই একটু একটু করে রূপ দিই দেশভিত্তিক আন্দোলনে। এমন একদিন আমে যেদিন আমি আমার দলের লোকদের জিজ্ঞানা করি, আমানের দেশের নাম কী হবেং কেউ বলে পাক-বাংলা, কেউ বলে পূর্ব বাংলা। আমি বলি, না, বাংলাদেশ।"

ব্যান্সমি বলে, 'হাঁা, এই ডো সেই দিন, বার্টার্কণঞ্জ ছাত্রলীগের সম্মেলনে তিনি পূর্ব বাংলাকে বাংলাদেশ বইলা (ডাকেন ।'

ব্যাদমা বলে, 'আর তাজউদ্দীন, গিচ বছরেই, ২৯ মার্চ ৪৮, বিকেশবেলা কার্জন হলে ছাত্রনেতা স্থানি প্রাহাদ, নাঈমউদ্দিন সাহেবের সঙ্গে আলোচনা-তর্কবিতর্কে মাইচি চিটলেন। আজউদ্দীনের কথা হইল, আনৌ স্বাধীনতা পাওয়া যায়ন্তি ক্রিকি আহাদ সেইটা মানতে চাইলেন না।'

ব্যাঙ্গমি বলল, 'পেখ ক্ষিষ্ঠ কইরা চলল মিছিল-মিটিং আন্দোলন-সংগ্রাম। জেল-জ্লুম, খ্রিলিসের লাঠির বাড়ি কিছুই তাঁরে দমাইতে পারে না তাঁর নেতা ব্যাধুরীওয়াদীর বিরুদ্ধে সরকারের একের পর এক

চক্রান্তের কারু<u>র উরু</u> রাগ আরও বাড়ছে।'

ব্যাঙ্গমা কুঁলে, আর তাজউদ্দীন কইরা চলল পেপার ওয়ার্কস। নানা রক্মের মেনিফৈটো তৈরি করা, পুঞ্জি ছাপানো, মুসলিম লীপ না নতুন দল—এই সব তর্কবিতর্কে রইল মাইতা। শেখ মুজির যেইখানেই যায়, লোকে তাকে ঘিরা ধরে। তাজউদ্দীন কাজ করে টেবিলে টেবিলে, ঘরের মধ্যের আলোচনায়। তবে তার এলাকায়ও যায়। সভা করে। ঢাকাতেও সভাসমিতি আলোচনা দেনদরবারে অংশ নেয়।

ব্যাঙ্গমি বলল, 'ইতিহাস দুইজনরে এক করব। আরও পরে।'

বাতাস ওঠে। আমগাছের পাতা নড়ে, শাখা দোলে। আমের গাছে মুকুল এসেছে। মুকুলের গব্ধে একটা মাদকতা আছে। ব্যাঙ্গমা আর ব্যাঙ্গমি সেই গন্ধতরা বাতাস বুক তরে টেনে নেয়। তাদের তালো লাগে।



oœ.

শেখ মুজিবের মন খারাপ। ব্স্তুত ১৫০ মোণলটুলির ওয়ার্কার্স ক্যান্তের সবারই মন খারাপ। হাশিমপন্থী বা সোহরাওয়ার্মীপন্থী বা মুসলিম লীগের প্রণতিশীল অংশের অনেকেই আজ বিষধ। সোহরাওয়ার্দীর গণপরিষদের সদস্যপদ বাতিল করা হয়েছে।

কেবল সোহরাওয়াদীর পরিষদ সদস্যপদ বাতিল করার জন্য গণপরিষদের সদস্যপদে থাকার যোগ্যতার বিধি সংশোধন করা হয় (৩ আইন যেদিন করাচিতে পাস হয়, সেদিন মাধের সেই শীতার্ড দিনটি ছে সেইরাওয়াদী নিজে উপস্থিত ছিলেন অধিবেশনে। বিতর্কে তিনি অংশুরু বিশ্লেষ্টিলেন।

গণপরিষদে দাঁড়িয়ে তিনি বললেন, 'মান্দিয়্য স্পান্ধার, জীবন থাকতে কোনো ব্যক্তির নিজের অন্ত্যেষ্টিক্রিয়ায় উপস্থিত থাকার অথবা নিজের শোকসভার ভাষণ দেওয়ার দুযোগ হয়বাতী. সম্ভবত এই আমার শেষ ভাষণ । বলা হছে যে আরও ব্যাখ্যা প্রয়েজ্যা তাই আইনের এই সংশোধনীতলো করা হছে এই আইন মানুবে করে পরিষ্কার। কিন্তু পাকিতান সরকারের কাছে অস্পষ্ট। আমার মুর্জ্জ করিছ নিরীহ ব্যক্তিক গাণপরিষদ থেকে বাদ দেওয়ার জন্য উপস্থান্ধার করিছ বিবরণ বিধাদ করতে আমি অধীকার করিছ। যে বাই কুলি ইসলামিক রাষ্ট্রভলোর প্রধান হতে চায়, যেখানে ন্যায়বিচার ও মুর্কুতা থাকবে, দে রাষ্ট্র তার আইনবিষয়ক ক্ষমতা, তার দলীয় শক্তি, তার সরকার, তার দলীয় শৃত্রুখা পরিচালিত করবে ক্রেবল থকজন মাত্র ব্যক্তিকে দূর করার জন্য, যার একমাত্র অপরাধ হলো এ গণপরিষদ সংখ্যালম্বর পক্ষে কথা বলা।'

শ্পিকার প্রস্তাবটি ভোটে দিন্দে। কী প্রতাবং যে ব্যক্তি পাকিস্তানের স্থায়ী বাসিন্দা নন, গত ছয় মানেও যিনি পাকিস্তানের স্থায়ী বাসিন্দা হতে পারেননি এবং যিনি পাকিস্তান রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রকাশ করেন না, তিনি সদস্য থাকতে বা নির্বাচিত হতে পারবেন না।

একে একে সদস্যরা উঠে ভোট দিতে গেলেন। কেউ সোহবাওয়ার্দীর মুখের দিকে তাকাতে পারছেন না। কারণ, সোহরাওয়াদী কিছুদিন আগেও ছিলেন এঁদেরই মুখ্যমন্ত্রী, এঁদেরই নেতা। তিনি ২৭টা বছর আইনসভায় সদস্য ছিলেন। এই সদস্যদের প্রত্যেকেই কোনো না কোনোভাবে তাঁর কাছে ঋণী . তিনি একাকী একটা চেয়ারে বসে আছেন। তাঁর মখে শ্বিত হাসি।

স্পিকার ভোটের ফল ঘোষণা করলেন।

আইনটি পাস হলো।

পরের দিন গণপরিষদের প্রেস বিজ্ঞপ্তিতে প্রচার করা হলো, সরকার এইচ এস সোহরাওয়াদীর গণপরিষদের আসন শূন্য ঘোষণা করছে। সেটা করা হলো আইন প্রণয়নের মাস খানেক পরে, ২ মার্চ ১৯৪৯। সেই থবর ঢাকা এসে পৌছায়।

শেখ মুজিব চিৎকার করে ওঠেন, 'এই পরিষদে বহু সদস্য আছেম যাদের পাকিস্তানে বাড়ি নাই। কারও সদস্যপদ বাতিল হলো না, আর ওধু আমার লিডারের পদ বাতিল হলো! এই সাম্প্রদায়িক গণতন্ত্রবিধ্বী খাজা-লিয়াকত সরকারের বিক্লম্বে আজ থেকে গুরু হলো আমার ডাইবিফ্টীখ্যাকশন।'

মোগলটুলির কর্মীরা যে যাঁর বিছালা ছেড়ে র্বচ্চে মুর্জিবকে যিরে ধরেন।

৫ মার্চ সোহরাওয়াদী কলকাতা ছেড়ে কর্বাচিত্রে চলে আসেন। ওঠেন তাঁর
ভাই শাহেদ সোহরাওয়াদীর বাসায়।

ওধু সোহরাওয়াদী নন, এর ঝান্তে মওলানা ভাসানীর পূর্ব পাকিন্তান আইনসভার সদস্যপদও গভর্নবুক্তি দুর্মদেশবলে বাতিল করে দেন।

তিনি ঢাকার ১৫০ মোগন্ধীর্কিশহীদের নির্দেশ দেন বিরোধী দল গঠন করতে। কামরুদ্দীন আহম্ম, স্কাজউদ্দীন আহমদ প্রমুখ কাজ খুঁজে পান।



96.

১৫০ মোগলটুলির ওয়ার্কার্স ক্যাম্পের বিছানায় তথ্য মুজিব ছটফট করছেন। তার চোখে ঘূম নেই। এ রকম সাধারণত হয় না। সারা দিনের মিছিল-মিটিং শেষে ঘরে ফিরে ক্লান্ত মুজিব চোখ বন্ধ করলেই ঘূমের অতলে ওলিয়ে যান। আজ রাতে তা হচ্ছে না। এমনিতেই চৈত্র মাদ। খুব গরম পড়েছে। হাতপাখা ঘোরাতে ঘোরাতে হাত ব্যথা হওয়ার জোগাড়। গরম তো অন্য রাতেও পড়ে। তখন তো হাতপাখা ঘোরাতে হয় না। ঘুমিয়ে পড়লে গরমই কী আর ঠাভাই কী।

একটা সিদ্ধান্ত তাঁর নেওয়া দরকার। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁকে একটা বিজ্ঞপ্তি দিয়েছে। তাঁকে ১৫ টাকা জনিমানা দিতে হবে। আব মুচলেকা দিতে হবে, এর থেকে তাঁর আচরণ ভালো করবেন। বিশ্ববিদ্যালয়ের এক্সিকিউটিভ কাউদিল এই নোটিশ দিয়েছে।

তিনি নোটিশটা আবার বের করেন। পকেটে থাকতে থাকতে ঘামে ডিজে কাগজের ভাঁজ প্রায় ছেঁড়া ছেঁড়া হুরে গেছে। টেবিলের ওপর হারিকেন ডলে আলো বাড়ান। বিড়বিড় করে পড়তে থাকেন;

...that the following attached students be fined Rs. 15/- each and be allowed to continue as attached students to the condition that they furnish individually a guarantee of good conduct endorsed by their gurdians in the prescribed control that they found that they found in the prescribed control to the relevant provost on or before the 17th April, 1949

1. Sk. Mujibur Rahman II year LLA Roll 166 SMH

২৭ জন ছাত্রের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় বর্ত্ত প্রশান্ত কার্বা গ্রহণ করে। এদের মধ্যে পূর্ব পাকিন্তান দুসন্ধান ছাত্রলীগের আহ্বায়ক দবিরুল ইসলাম, অলি আহাদসহ ছম্মন্ত্রিনী শান্তি হরেছে চার বছরের বিহুরারাদেশ; ডাকসুর ভিনি-প্রস্কার্কন বসুদমেত ১৫ জনের বিভিন্ন হল থেকে জরিমানা; নাইমুদ্ধিন অনুষ্ঠান, ওই সমরের বিশ্ববিদ্যালয়ের সক্রিয় ও তুগোড় ছাত্রীক্রমী শূম্বদারা বেগমনমেত শেখ মুজিবের ১৫ টাকা জরিমানা; আর প্রক্রমান বেগমনমেত শেখ মুজিবের ১৫ টাকা জরিমানা; আর প্রক্রমান ক্রিয়ান সে হিসাবে মুজিব্রুর স্থাতিই হয়েছে কম। একটা মৃত্যলকা আর ১৫টা টাকা দিয়ে ম্রিজব্রুর ক্রমান মুচলেকা দিয়ে পড়াশোনা করবেনং স্বাচরবংর জন্মা মুচলেকা দিয়ে পড়াশোনা করবেনং স্বাচরবংর জন্মা মুচলেকা দিয়ে পড়াশোনা করবেনং স্বাচরবংর অসনচারবং

কী করেছিলেন তাঁরাং

বিশ্ববিদ্যালয়ের নিম্ন বেতনভুক কর্মচারীরা অনেক দিন ধরেই ওঁদের দাবিদাওয়া আদারের ব্যাপারে কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে আসছিলেন। আলোচনা ফলপ্রসূ না হওয়ায় তাঁরা ধর্মঘটে যান। তাঁদের সক্ষান হাত্ররাও ক্লাস বর্জন গুরু করেন। পূর্ব পাকিস্তান ছাত্রলীগ ছাত্রধর্মঘটের ডাক দেয়। মিছিল, সভা, সমাবেশে যোগ্ দিতে থাকেন ছাত্ররা। দুগুপ্রাপ্ত ছাত্ররা ছিলেন সেই আন্দোদনের সংগঠক। নিম্ন বেতনভূক কর্মচারীদের অবস্থা আসলেই ছিল মানবেতর। ব্রিটিশ আমলে প্রবর্তিত বেতনকাঠামোয় তারা ঠিক মানুষের মর্যাদাভূক ছিলেন না। যেকোনো মানবিক মৃল্যবোধসম্পন্ন মানুষই এই কর্মচারীদের দাবিদাওয়ার প্রতি সমর্থন জানাবে।

কিন্তু সরকারের আসল তয় ছিল আসর বাজেট অধিবেশন। ওই অধিবেশন চলার সময় যেন কোনো ছাত্রবিক্ষোভ হতে না পারে, তাই সরকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে পরামর্শ দেয় বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেওরা জন্য। তা-ই হয়। তাইনিং বন্ধ করে দেওয়া হয় হলে হলে । বেশর ভাগ ছাত্রছাত্রী হল হেড়ে চলে যান। তথন প্রদেশের মুখ্যমন্ত্রী নুকলে আমিন। সব কলকাঠি আসলে পেছন থেকে নাড়ছিলেন তিনি। এই নুকল আমিন ধ্যকে মুজিবুর রহমান মুচকো দেবেন?

তখনই মনে পড়ে যায় আববার মুখ। তিনি আশা করে আছেন ছেলে জজ-ব্যারিস্টার না হোক, অন্তত অ্যাভভোকেট হবে। মনে বিষ্ট্রখীয় রেনুর মুখ। তিনিও আশা করে আছেন, মুজিব পড়াশোর ত্রিষ্ট করে নিজের পায়ে দাঁড়াবেন, হাসু জার তাঁকে ঢাকার নিরে অপ্রবিশ্বন তাঁদের নিজেদের

সংসার হবে।

না। একবার আপস করলে আর যুবে নিজ্ঞানো যাবে না। ছাত্রকমাঁদের মন ভেঙে যাবে। তাঁর মিশন তেনু ছেব্রুল আাডভোকেট হওয়া নর। তিত্মীর, ক্ষুদিরাম, সূর্য সেন জারু ছুপুর্ব বোদের জীবনকাহিনি তো এই পরামর্শ দেয় না। একবার প্রেক্টান্তে বিরুক্ত করলে পেছাতে থাকতেই হবে

সবচেয়ে ভালো হলে। অফিলান দুর্বার করে ভোলা। অফেঙ্গ ইঞ্জ দ্য বেস্ট ডিফেঙ্গ। আন্দেলিক মে তাড়ে ভেসে যাবে সব শান্তিনামা।

মুজিব সিদ্ধান্ত ক্লিকেই, তিনি মূচলেকা দেবেন না। যা হয় হবে। মনে
পড়ল, রেনু তাঁকে মলেছেন, পারিবারিক পিছুটানের কারণে তিনি যেন তাঁর নিজেব মিশন পরিভাগে না করেন।

ছাত্রনেতারা বদলেন নবাই। ১৭ এপ্রিল ছাত্রধর্মঘট ও ছাত্রসভা আহ্বান করা হলো। মুজিব তার বড় সংগঠক। সঙ্গে আছেল অলি আহাদ। কিন্তু এর মধ্যে অনেকেই, গুরুত্বপূর্ণ বেশ করেকজন ছাত্রনেতা মুচলেকাপত্র জমা দিয়ে কৃতকর্মের জন্য ক্ষমাপ্রাৰী হয়ে গেছেন। এটা আন্দোলনের ক্ষতি করল। তবু মুজিব টলবেন না।

বিশ্ববিদ্যালয় খোলার দিন ধর্মঘট পালিত হলো। সভায় ছাত্র ও কর্মচারীরা যোগ দিলেন বিপুল সংখ্যায়। সেই সভা থেকে মিছিল; সেই মিছিল নিয়ে শেখ মুজিব, অলি আহাদ প্রমুখ গেলেন উপাচার্যেব বাসতবনে। সরকারের, শিক্ষা বিভাগের, বিশ্ববিদ্যালয়ের গুরুত্পূর্ণ কর্তাব্যক্তিরা বসলেন ছান্ত্রনেভাদের সঙ্গে। আলোচনা আশাব্যঞ্জক বলেই মনে হচ্ছিল।

কিন্তু সরকারের পক্ষ থেকে বলা হচ্ছিল, যেন এই শান্তি মওকুফ না করা হয়।

শেখ মুজিব সব বুঝতে পারলেন। তিনি অলি আহাদকে আহ্বায়ক বানালেন ছাত্র কর্মপরিবদের। এর আগের আহ্বায়ক এরই মধ্যে আত্মমর্পণ করে ফেলেছেন। ২০ এপ্রিল ঢাকা শহরে ছাত্রধর্মঘট, ২৫ এপ্রিল দেশব্যাপী হরতাল আহ্বান করা হলো।

শেখ মুজিব বললেন, 'চাপ কমানো চলবে না। আমরা অবস্থান ধর্মঘট করব ভিসির বাডির সামনে।'

অবস্থান ধর্মঘট আর হরতালের খবরে ভিন্নি বাজুর আশপাশ পুলিশে তরে গেল। গোয়েন্দা বিভাগের লোকজন বিদ্যামেন্দ্রের করতে লাগল চারদিকে। শেখ মুজিবের ঘ্রাণেজিয় এসব বাস্পারে অতি শক্তিশালী। তিনি বুঝালেন, এর পরের পর্ব হবে গ্রেক্তার ক্রিয়ান। অলি আহাদকে ডেকেবললেন, 'শোনো, তুমি ছাত্র ক্র্মিনিমদের সভাপতি। ভোমার অ্যারেস্ট হওয়া চলবে না। খবরদার ক্রিয়ান হবা না। সাবধানে থাকবা না। থবরদার ক্রিয়ান হবা না। সাবধানে থাকবা না। তুমি আ্যারেস্ট ক্রিয়ান। ক্রিক্তার ভালেনা শেষ হয়ে যাওয়!।

অলি আহাদ মঞ্জিবৈর চৈয়ে বয়সে আর অভিজ্ঞতায় ছোট, বললেন, 'জি আছা, মঞ্জিব-অস্ত্র'।

১৯ এপ্রিক্ট্রিক্ট্রলি থেকেই চলছে অবস্থান ধর্মঘট। বিভিন্ন হান থেকে মিছিল এনে ডিনে তুলছে ভিসির বাড়ির সম্মুখভাগ। ধর্মঘটীদের উদ্দেশে ভাষণ দিচ্ছেন মুজিবুর রহমান।

সেখান থেকেই পলিশ তাঁকে গ্রেপ্তার করে গাড়িতে তোলে।

প্রথমে গোয়েন্দা অফিসে, তারপর কেন্দ্রীয় কারাগারে নিয়ে যাওয়া হয় তাঁকে।

৫ নম্বর ওয়ার্ডে ঠাঁই হলো মুজিবের। কারাগারে যাওয়ার তাঁর অভ্যাস আছে। এটা নতুন কিছু নয়। পরের দিন সকালবেলা তিনি জেল কর্মচারীদের বললেন খাম, কাগজ, কলম দিতে। তিনি চিঠি লিখবেন।

তাঁর গ্রেপ্তার হওয়ার খবরটা আব্বা আর রেনুকে জানানো দরকার। জানানো দরকার যে তিনি ভালো আছেন। বিকেল হতে না হতেই ৫ নম্বর গুয়ার্ডে এসে হান্ধির অলি আহাদ।
মুজিব তাঁকে দেখেই বকাবকি করতে লাগলেন, 'অলি আহাদ, এইটা কোনো কান্ধ করলা! মিয়া, তোমাকে না বললাম অ্যারেস্ট হবা না। তুমি আারেস্ট হযে চলে আসলা! এখন আন্দোলনের কী হবে?'

অলি আহাদ বললেন, 'আরে, আমি ইচ্ছা করে খ্যারেস্ট হয়েছি নাকি! চারদিকে গোরেন্দা। কাল রাতটা তো ওদের চোবে ধুলা দিতে পেরেছি। আজ পুলিপের সঙ্গে আমাদের সংঘর্ষ হয়েছে। জিমনেসিয়াম মাঠে আমরা সডা করেছি। তারপর মিছিল। মিছিল ঢাকা হলের দিকে যাওয়ার পথেই পুলিশ আক্রমণ করে বসল। লাঠিচার্জ করল। কাঁদানে গাস ছুড়ল। আরার সঙ্গে তো রীতিমতো হাতাহাতি ধন্তাধন্তি। ওইখান থেকেই আমারে অ্যারেন্ট করেছে। কিছু করার আছে? আমার বোনাই দোষ নাই।'

মুজিব বললেন, 'এখন আন্দোলন পরিচালন্য করিব কেং লিডার লাগবে না? একজনকে বাইরে থাকতে হয়। স্বাচী ভেডরে, তুমি বাইরে, এইটা হলে না হয় আন্দোলন হয়।'

'ঠিক। দুইজনে কারাগারে থাকলে অফ্রিনিন হয় না।' ব্যাঙ্গমা বলল, কলাভবনের সামনের আমগাছে বিন্ধে 'ওই সময় অলি আহাদের সঙ্গে মুজিবের বনতেছিল ভালো।'

ওই বছরের জানুমানিকে মুসলিম ছাত্রলীগ, যাকে মোগলটুলির ওয়ার্কার্ম ক্যান্দের মানুষ্টার্ম সমর্থন করতেন, হল ছাত্রসংসদ নির্বাচনে জয়লাভ করে। স্কৃত্রিটার্ম হলের ১২ নম্বর কক্ষে তাদের সভা বদে। ওইটা ছিল অর্থানাইজি কিমিটির সভা। তাতে অলি আহাদ প্রস্তাব করেন, 'মুসলিম লীগকে অসাম্প্রদায়িক সংগঠন করা দরকার। মুসলিম ছাত্রলীগ থাইকা "মুসলিম" শন্দটা বাদ দেওন দরকার। তাইলে সব ধর্মের ছেলেমেরেরা এই সংগঠনে আসতে পারব।' কিন্তু বেট্ই প্রস্তাব পাস হয় না। শেখ মুজিব কইলেন, 'অহনও সময় হয় নাই।'

তখন রাগ কইরা অলি আহাদ পদত্যাগপত্র লেইখা জমা দেন। শেখ মুজিব সেই পদত্যাগপত্রটা নিয়া ছিঁড়া ফেলেন।

অলি আহাদ কইলেন, 'মুজিব ভাই, খালি আপনার ভালোবাসা, আমার প্রতি দুর্বলতা আর দরদের কারণে আমি এইটা উইখড্র করতেছি।'

শেথ মুজিব তাঁকে জড়িয়ে ধরলেন। আবেগমথিত কঠে বললেন, 'তোমরা

আমাকে ভালোবাসো, এই জন্যই তো আমি তোমাদের মৃজিব ভাই।

ব্যাঙ্গমি বলল, 'মুজিব তহন এই আন্দোলনে অলি আহাদরে বাইরে রাখতে চাইছিল। অলি আহাদ বাইরে থাকলে আন্দোলন হইত। সেইটা আমরা ইতিহাসে পরে দেখুম। মুজিব জেলে আছিল, তাজউদ্দীন জেলের বাইরে। স্বাধীনতাসংগ্রাম সফল হইছিল।'

ব্যাঙ্গমি বলল, 'অহন মুজিবও জেলে, অলি আহাদও জেলে, বাকিরা মুচলেকা দিয়া দিছে, ২৫ এপ্রিলের হরতাল ভালো হইল না। ২৭ এপ্রিল থাইকা ইউনিভার্সিটির ক্লাসও তাই চলতে লাগল ঠিকঠাক।'

ব্যাঙ্গমা বলল, 'আর মুজিবের ছাত্রত্ব গেল ঘুইচা।'

ব্যাঙ্গমি বলল, 'সেইটা ভালোই হইল। পরে কামরুদ্ধীন আহমদ লিখব,
"জরিমানা দিতে স্বস্থীকার করায় তার আর বিশ্ববিদ্যালয়ে পড়া হলো না।"
আমার নিজের ধারণা, তার ওই সিদ্ধান্ত অত্যন্ত বাতুর্ব ভার সময়োপযোগী
হয়েছিল। তিনি তখন জননেতা হওয়ার পথে—স্কৃত্বি হার থাকা শোভা
পাছিল না।'

ভানা কেন্দ্রীয় আগারে ৫ নম্বর ওয়ার্ডটিডেই জারপা হলো এই রাজবন্দীনের যিদের কারাগারের লোকেরা ডাকড সিকিউরিটি বলে, আইনের ভাষার সিকিউরিটি প্রজনার। এর আগে সিকিউরিটি বলতে এই কারাগারের সেপাই-পাহারাদার-কর্ডারা আর হাজতি ও কয়েদি বন্দীরা বুঝত কমিউনিস্টদের, যাদের শরীর হবে দড়ি-পাকানো, হাডিচসার, পরনে থাকবে জেলের তৈরি হাঞ্চহাতা শার্ট আর পায়জামা, পায়ে থাকবে জেলের তৈরি কাঁচা চামড়ার বেচপ স্যান্ডেল এবং পাকিস্তান তথা ইসলামের শত্রু যাদের বেশির তাপ সময়েই আটকে রাখা হবে বন্ধ ঘরে। কিন্তু এবন মারা আসহেন, শেঝ মুজিব, অলি আহাদ, বাহাউদ্দিন চৌধুরী, আবাদ্দ মতিন, মাজহারুল ইসলাম, মজিছাউল্লাহ—আরও অনেকে, এরা সবাই ছাত্র-যুবা। এরা ক্রিউলিস্ট নন, অন্তত সবাই নন, এরা বাবলা ভাষাকে রাইডাষা

করতে চান, মুসলিম লীগই করতেন একসময়, এখন মুসলিম ছাত্রলীগের সরকারবিরোধী অংশের নেতা-কর্মী। এঁরা দেখতে ঠিক কমিউনিস্টদের মতোও নন।

শেখ মুজিব প্রথমবারের মতো বন্দী হওয়া ছাত্র-যুবকমীদের ডাকলেন। বললেন, 'শোনো, জীবনের প্রথম জেল তো তোমাদের। তোমাদের জেলের কিছু কিছু নিয়ম-কানুন শিখায়া দিই। প্রথমেই তোমাদের ওজন নিতে আসবে। সবাই যেইটা করো, পকেটে ইটের টুকরা, পাবর, যা পাও, কারায়া কও, ওজনটা বেলি দেখাইতে হবে। ১৫ দিন পরে যথন ওজন দিতে আসবে, তখন আর পকেটে ইট রাখবা না। যে ওজনটা কমবো সেইটা পুরণ করার জন্য ডাক্ডার তখন এজন্রী শেপাল ভারেট দিবে।'

সবাই হো হো করে হেসে ওঠে। 'আর তোমাদের খাওয়া-দাওয়া বা অন্য কোনো অসুবিধা যাতে না হর সেইটা আমি দেখতেছি

মুজিব প্রত্যেক কর্মীর নাম জানেন। তাদের নাম ধর্মে স্কুরে ভাকেন এখন সব বন্দীর নামও তিনি মুখন্থ রাখনেন। সবাদ বিক্তিসবর রাখনেন। নুরুল আমিন সরকারের কারাগারমন্ত্রী মুফিক্তিপুল আহমদ এলেন

কারাগার পরিদর্শনে। তিনি এলেন ৫ নম্বর ক্রার্কে।

কী খবর, মুজিবর সাহেব, আপনার ক্রিট্রো অসুবিধা হচ্ছে না তো?

মন্ত্রী বললেন।
শেখ মুজিব তাঁর চোখ থেকে পিয়েস্টা খুলে বললেন, 'হচ্ছে। খাওয়া-দাওয়ার অসুবিধা।'

জেলারসহ সব কর্মকা প্রত্যা বিশ্ব তাকালেন। মুজিরের ধাওয়া-লাওয়ার অসুকুষ্ট তানোর সাহস কারাগারে তো কারও হওয়ার কথা না! 'না স্যার, ঝাপুনাকে তো আমরা...' জেলারের মুবের কথা কেড়ে নিমে মুজির বললেন, 'আমার ছেলেরা কম বেয়ে, না থেয়ে থাকবে আর আমি একা একা ভালো খাব ভালো থাকব, এইটা তো হয় না। আমার সব ছেলেকে প্রথম প্রেণীর কয়েদির মর্যাদা দিতে ছবে। ১৯৪০ সালের সিকিউরিটি প্রিজনারস রুল অনুসারে রাজবন্দীদের ঘেসব সুবিধা দেওয়া হতো, জালেম মুসলিম লীগ সরকার সেসব মানছে না। বেশির ভাগ রাজবন্দীকে তৃতীয় প্রেণীর হাজতির স্ট্যাটাস দেওয়া হছে। অখাদ্য-কুথাদা থেয়ে এরা তো সব মারা যাবে! আর একটা রাজবন্দীর যদি কিছু হয়, মুজিবুর রহমান সেটা সহ্য করবে এটা যেন নুরুল আমিন সাহেব না ভাবে।'

মন্ত্রী বললেন, 'ওয়েল, মুজিবর সাহেব। আমি আপনার কর্মীদের সবাইকে ফার্স্ট ফ্লাস স্ট্যাটাস দেওয়ার অর্ডার দিছি। ওনাদের থাওয়া-দাওয়া, পেপার-পত্রিকা, চিঠিপত্র আর যেসব ব্যাপার আছে, জেলার সাহেব, আপনি সব দেখবেন।'

কারাগারে পত্রিকা আসে সেন্সরড হয়ে। পত্রিকার পাতার কোনো কোনো অংশ কাঁচি দিয়ে কাটা থাকে। যে অংশ থাকে না, তা জানার জন্য বন্দীদের হৃদয় আঁকু-পাঁকু করে।

চিঠিপত্র আসে, তা-ও সেন্সরড।

রেনুর একটা চিঠি এসেছে। তাতে রেনু লিখেছেন, 'আল্লাহর রহমতে তুমি আবার পিতা হইতে চলিয়াছ। এখন ছয় মাস চলিতেছে হাসু এখন অনেক কথা বলে। বাবা বলা শিখিয়াছে। আমরা সকলে ভালো আছি। আববা ও আন্মার শরীর ভালো। তুমি আমানের শ্রীস্টিভা করিবা না।'

এই পর্যন্ত চিঠিটা আননেশসরত ছিল। এই প্রাম্কি কালি মেরে কয়েক লাইন চেকে দেওয়া হয়েছে। কারাণারবালি ক্ষতিজ্ঞ মুজিব জানেন, এই লাইনওলোর আছে অনুপ্রেরণাদায়িনী ভূড়ারালা। হয়তো রেনু লিখেছেন, 'তুমি এই জালিম সরকারের জ্বাতিক বিরুদ্ধে কড়ছো, তাতে আমাদের মাথা উঁচু হইয়াছে। দেশেও ক্লিক শড়িতেছ, তাহা আমাদের গৌরবেরই ব্যাপার। ছমি বভ দিবা ক্লি

কী জানি, কী লিপ্লেছেই রেন্। পড়া তো আর যাচ্ছে না ওই লাইন কটা পড়ার জন্য খুজির্ত্তর হৃদয় উদ্বেলিত হয়ে উঠল। তিনি কাগজে তেল লাগালেন। ত্র্যুপ্ত রোদের উল্টো দিকে ধরে পড়ার চেষ্টা করলেন। এমনিতেই ফুল্বে কম দেখেন, তার ওপর আবার এই জ্বালা।

হঠাং কানে এল কোকিলের ডাক। বৈশাখ মাসে কোকিল ডাকছে কোখেকে! তিনি এদিক-ওদিক তাকান। ওই যে বাইরের উঁচু প্রাচীর। তার ওপারে আর কিছু দেখা যায় না। প্রাচীরের ওই পারে গাছ আছে কিছু। তার কোনোটিতে বসেই কি কোকিল ডাকছে?

রেনু জাবার সন্তানসম্ভবা। এ সময় তাঁকে কি একবার দেখতে যাওয়া মজিবের উচিত ছিল না?

আজ মুজিবের 'দেখা' আসবে। মানে তাঁর কাছে আসবে দর্শনাখী। অনেকেই আসে তাঁর সঙ্গে সাক্ষাৎ করতে। এরই মধ্যে ঢাকা শহরে তিনি কম ভক্ত-সমর্থক তৈরি করেননি।

তাঁদের ওয়ার্কার্স ক্যাম্পে তিনজন আছেন নেতৃত্ব দেওয়ার মতো

শামসূল হক, ফজলুল কাদের চৌধুরী আর শেখ মুজিব। ফজলুল কাদের চৌধুরী মন দিয়েছেন ব্যবসার কাজে। ফলে রাজনীতির নেতৃত্ব দেওয়ার দৌড়ে তিনি আর নাই। সামনে আছেন তধু শামসূল হক সাহেব। তিনি আগেই ছাত্রত্ব ছেড়ে দিয়েছেন। এখন রাজনীতি করে চলেছেন। তাঁর নেতৃত্ব শক্ত হওয়ার পথে।

কিন্তু ভক্ত-সমর্থক মুজিবেরই বেশি। এর কতন্তলো কারণ আছে।
মুজিব সবাইকে আপন করে নিতে জানেন। সবার সুখনুখের খবর রাখেন।
সবার নামধাম তাঁর মুখস্থ। একবার কারও সঙ্গে পরিচয় হলে তাকে
জোলেন না . আর তিনি বাতবধর্মী। কোনো আকাশকুসুম চয়নের স্বপ্ন তাঁর
মধ্যে নাই। তিনি জানেন, আজকের সমস্যাটা সমাধানের জন্য আজকের
লড়াইটা করতে হবে। মিছিলে যেতে হবে, সভা ডাকতে হকে; ভাষণ দিতে
হবে, লড়াই করতে হবে। লাঠির বাড়ি, টিয়ারগাস ক্রিটে হবে। ভয়
পেলে চলবে না। ভয় পেয়ে নিজের স্বার্থ, নিজের স্থান্ধ পারিবারিক
বন্ধনকে বড় করে দেখলে আর যা-ই হওয়া যায়
নোতা মানে যে-সে নয়। নেতা তিনি, যিবি স্বর্ম্ম ত্যাণ করতে প্রন্তত
আছেন, যিনি মৃত্যুকে ভয় পান না।

ফলে তাঁর গুণগ্রাহী অনুসারীরা ভূঁত্বি দ্রেপতে আসেন প্রায়ই।

কিন্তু আজ ভিজিটরস রুমে পিন্নেছির্মলেন লুৎফর রহমান সাহেব বসে আছেম। তাঁর পরনে পায়জামা-অঞ্জাবি, চোখে চশমা।

আব্বার সামনে দাঁড়াতে পুর্ক্তিবের একটু বিধাই হজ্জিল। কারণ আব্বা দেদিনও বলেছেন তার্ক কর্মের কথা। তিনি চান মুজিবুর এলএলবি পড়াটা শেষ করুক। ক্রিক্ত পুরুষ্টের ওই ঝামেলা চুকেবুকে গেছে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপঞ্চের কাছে ক্ষমা ভিন্ধা করেননি। মুচলেকা দেননি। ফলে তিনি এখন আর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র নন।

আব্বা খাবার এনেছেন। মা দুধ-নারকেল দিয়ে পিঠা বানিয়ে দিয়েছেন।

'বাবা, খোকা। কেমন আছো, খোকা?'

'ভালো আছি, আববা। আপনারা কেমন আছেন?'

'আল্লাহর বহমতে সবাই ভালো আছে ৷'

'নাসের কেমন আছে? হেলেন?'

'ভালো আছে, বাবা। সবাই ভালো আছে।'

'মার শরীরটা ঠিক আছে তো?'

'হ্যা, বাবা, আছে।'

'রেনু কেমন আছে?'

'ভালো আছে।'

'হাসু কথা বলতে পারে?'

'হাা। সারাক্ষণ দাদা দাদা বলে ডাকে। আমি যখন বাড়ি যাই আমার কোল থেকে নামতে চায় না।'

'আব্বা, আপনার কাছে আমার একটা ক্ষমা চাওয়ার আছে। আমি ইউনিভার্সিটি ছেড়ে দিয়েছি। এলএলবি গড়া বোধ হয় আর হলো না। ওরা আমাকে বন্ডসই দিতে বলে। আপস করতে জ্ঞানলে তো আমাকে জেলেও আসতে হয় না। আপনাদেরও এত কট দিতাম না।'

'বাবা, খোকা। আমরা গুধু চাই তুমি ভালো থাকো। তোমার জানি কোনো কষ্ট না হয়। তোমার যেটা সুবিধা হয় তুমি ক্রেমা ভারবা। তোমার অন্তরে যেটা চায় সেটা করবা। গুধু ন্যায়ের পঞ্জে বাজ্বী। অন্যায় করবা না। তাইলেই আমরা সুখী।'

'আব্বা, দোয়া করবেন আব্বা। মাকে বর্ণবের্স যেন বেশি পরিশ্রম না করে।

'দেখা'র সময় ফুরিয়ে আসে কুছকুরহমানকে বিদায় নিতে হয়।

মুজিব হাসিমূথে খজু হরে মুর্যুন্তিরে পিতাকে বিদায় জানান। আবরা যাওয়ার আগে ছেলের হুর্যুন্ত উজে দেন কিছু টাকা। ছেলেও সেটা অলজ্জিত ভঙ্গিতে নিমে মুর্নি

টিফিন ক্যারিয়ারের জার্টি ভেতরে চলে যায়। মুজিব ৫ নম্বর ওয়ার্ডের সবাইকে ডেকে জাটিসনয়ে দেন। 'সবাই মিলে খাও।'

'মুজিব ভাই, ⁄মাবার এসেছে আপনার কাছে। আপনার মা রানা করে পাঠিরেছেন। মারের হাতের রান্না অবশাই আপনার আগে মুখে দিতে হবে।' আবদুল মতিন বলেন।

মুজিব সেই পিঠাটার একটা অংশ ভেঙে মুখে দেন। তাঁর হঠাৎই টুঙ্গিপাড়ার কথা মনে পড়ে। রেনুর কথা, মার কথা। এই যে দুধনারকেলের পিঠা, এই নারকেল পাড়াতে হয়েছে গাছ থেকে, কুরতে
হয়েছে। কে করেছে, হয়তো রেনুই। তবন হয়তো হাসু তার কোলের
মধ্যে বসা। উঠোনে বনে এই রাখির পরমে ওরা কাজ করছে ওদিকে
টেকিতে শব্দ উঠছে একটানা, নরম চালের ওপরে টেকি পড়ছে, আটা
বেরোছে সাদা সাদা, মা সেই আটা টেকির মুখ থেকে সরিয়ে নিছেল...

কী জানি কেন, মুজিবের মনে পড়ে যায় সেদিনের কথা, যেদিন তিনি—বালকবেলায়—মধুমতী নদী পেরিয়ে তাঁর মিতা খোকা কাজীসমেত চলে গিয়েছিলেন মোল্লার হাট থানার বড়বাড়িয়ায়। আব্বাসউদ্দীন গান করবেন মুসলিম লীগের সভায়। সভায় স্পিকার তমিজউদ্দিন খান ছিলেন আব্বাসউদ্দীন গান করবেন। ঘোষণা হলো। এক মাওলানা সাহেব তাঁর পাগড়িটা খুলে ভালোমতো কানে পেঁচালেন, যাতে গানের সুর তাঁর কানে প্রবেশ না করে। প্রথমে আব্বাসউদ্দীন গাইলেন 'বাজান চল যাই চল মাঠে লাঙ্গল বাইতে...', পরের গান তিনি ধরলেন 'আল্লাহ মেঘ দে পানি দে ছায়া দে বে তুই...' গানের মাঝে তিনি 'আল্লাহ' 'আল্লাহ' বলে জিকিরের মতো করতে লাগলেন। মাওলানা সাহেব তখন কান খেকে পাগড়ি সরলেন।

সেই তমিজউদ্দিন খান এখন স্পিকার, তাঁরই স্টাইউচ্চত পরিষদের বৈঠকে লিডার সোহরাওয়াদীর সদস্যপদ বাতিদ স্ক্রিইয়েছে।

তবে লিভার পাকিস্তানে চলে এসেছেন স্থিইরের বাসায় উঠেছেন , ঢাকায়ও এসেছিলেন একটা ব্যারিন্টাবির কার্জে। মুজিব ছাড়া পেয়েই লিভারের সঙ্গে ঝাঁপিয়ে পড়বেন বিক্লোয়ী সাজনীতি সংগঠনের কাজে।

শেখ মুজিবের কাছে ক্যুম্বাইনর ভেডরেই আজ একটা বিচার এসেছে। বিচারপ্রাধী বাহাট্টবি জাইমদ। তরুণ এই কর্মীটি একটু বেশিই বামর্যেষা। কিন্তু তাঁর পুরা-অবিশালের উলানিয়ার বিখ্যাত জমিদার। তিনি ছিলেন বাবা-মায়ের আনুরের সন্তান। এখন নিম্ন বেতনভূক কর্মচারীদের দাবি আদায়ের অক্টেব্রুটান করতে গিয়ে কারাবাসী।

বাহাউদিন স্কর্মেলন, 'মুজিব ভাই, খুব একটা সমস্যা হয়েছে। মা আমার সঙ্গে 'দেখা'র দিন বরফি মোরববা—সব তার নিজ হাতে বানানো—বিদেশি বিস্কুটের কোঁটা দিয়ে গিয়েছিলেন; সবই আমার মাথার কাহে রাখা ছিল। জানেনই তো আমার ঘুমটা একটু বেশি। ঘুম থেকে উঠে দেখি কোঁটা, টিফিন ক্যারিয়ার সব ধালি। এখন নাশতা করব। উঠে দেখি সামান্য কিছু রেখেছে। বেশির ভাগটাই নাই।'

মুজিব বললেন, 'এই তোমার ঘুম থেকে ওঠার আর নাশতা করার সময়। ১০টা বেজে গেছে নাং'

'জি, মুজিব ভাই। আপনি জানেন আমার ঘুম বেশি।'

'কে নিতে পারে?'

'সব তো ভদ্র বন্দী। ওয়ার্ড তালা মারা। বাইরের ওয়ার্ডের কেউ এসে

ঢুকবে তারও উপায় নাই।

মুজিব মাথা চুলকাচ্ছেন। এ তো প্রায় ভুতুড়ে কাও!

সবাই মাথা নিচু করে আছে। এ-ওর মুখের দিকে তাকাচ্ছে। হঠাৎই আতাউর রহমান হেসে উঠলেন।

মুজিব বললেন, 'কী রহমান, হাসো কেন?'

অলি আহাদকে জিজেন করেন,' বলে রহমান যতই হাসি রোখার চেষ্টা করছেন, ততই তার হাসি ফিনকি দিয়ে বেরিয়ে আসছে।

'অলি আহাদ!' মুজিব তাঁর দিকে তাকালেন।

অলি আহাদ মাথা চুলকাতে চুলকাতে বললেন, 'মুজিব ভাই পোনেন। ছোটবেলার আমার কালাজুর হয়েছিল। বহু কিছু খাওয়া বারণ ছিল। কিন্তু ছোট মানুষ কি বারণ খনতে পারে! ফলে ছোটবেলা থেকেই খাবার চুরি করে খাওয়া আমার অভ্যাদ। একবার চিংড়ি মাছ চুকি করে থেতে গিয়ে মায়ের হাতে বমাল ধরা পড়েছিলাম।'

মুজিব বললেন, 'এই তো ভূত ধরা পড়ছে_স

"মুজিব ভাই, আমি একা নই। ওরাও স্বাছ প্রামার সঙ্গে ছিল। আর পুরাটা তো খালি করি নাই। আমাত কুমুক্ত বন্ধুটির জন্যও কিছু রেখে দিয়েছি '

সবাই হো হো করে হেন্দে ইঠিক)

অনি আহাদ বললেন এই বৈ কারাগারের মধ্যে প্রাণ খুলে হাসতে পারছেন, এ জন্য তে অপুনাদের উচিত আমাকে ধন্যবাদ দেওয়া।'

৩৮,

তাজউদ্দীনের ঘুম নাই, খাওয়া-দাওয়ার ঠিক নাই। তাঁর সঙ্গের করেই বা আছে! এই যাঁরা, মোগলটুলির ওয়ার্কার্স ক্যান্দের যুবকেবা, টাঙ্গাইলে এসে শামসূল হকের পক্ষে নির্বাচনী প্রচারকাজ চালাচ্ছেন! এই আসনটা ছিল মওলানা ভাসানীর। খাজা-লিয়াকত আর নুরুল আমিনরা চান না ভাসানীকে রাজনীতিতে সক্রিয় রাখতে। তাই তাঁরা সেটাকে শূন্য ঘোষণা করেন। সরকার আর মুসলিম লীগের প্রাধী করটিয়ার বিখ্যান্ত জমিদার খোরম খান পারী। আর মোগলটুলিকেন্দ্রিক বিরোধী রাজনীতির প্রতিনিধি হিসেবে মনোনরম নেওয়া হয় শামসূল হককে। শামসূল হক সাধারণ কৃষকের ছেলে। পারীদের প্রজা। তাঁর টাকাপয়সা বলতে কিছু নাই। এমনকি তাঁদের কোনো দলও নাই।

তার ওপর নুরুল আমিন এখন মুখ্যমন্ত্রী, টাঙ্গাইল তাঁরই এলাকা।

তাজউদীনরাই এখন শামসূল হকের ভরসা। ঢাকা থেকে এসেছেন খন্দকার মোশতাক, শামসুজ্জোহা, শওকাত আলী, আজিজ আহমেদ এমনি আরও অনেকে। তাঁরা উঠেছেন খোদাবক্স যোজনেরের বাড়িতে।

এর মধ্যে কামরুন্দীন সাহেব এলেন। তিনি ৫০০ টাকা নিয়ে এসেছেন বিভিন্ন জনের কাছ থেকে জোগাড় করে। যাক, কিছু টাকা তো লাগেই। আলমাস সাহেবের কাছ থেকে পাওয়া গেল আরও ৮০০ শোমসূল হকের ভাই নুরুল হক কয়েক মণ চাল দিয়ে গেলেন। যাক, এটা দিক্ত কর্মীদের, যারা অন্তত ঢাকা থেকে এসেছে, তাদের খাওয়াটা চলুক্

কিন্তু এ যে হাতির সঙ্গে পিঁপড়ার যুদ্ধ!

নুরুল আমিন মুখ্যমন্ত্রী, গরুর গাড়ি বেবাই করে চাল পাঠাচ্ছেন নির্বাচনী এলাকায়।

তাজউদ্দীন বললেন, 'কামকুদ্দীর সংহেব, এইভাবে ভোটারদের কিনে ফেললে শামসুল হক সাহেব ক্লিডুর্বের কী করে?'

কামরুদ্দীন বললেন, বা স্থান পথে ওনে এলাম, লোকে বলছে, সারা দেশে পুর্তিক অবস্থা, বার্কি থেতে পাছে না, কর্ডন করে রাখা হয়েছে জেলাগুলো, রাত্ত্বী অনুষ্ঠা তার বিরুদ্ধে নিছিল করছে, আর এত চাল ইলেকশনের এইন্টেম্ব যাছে, ব্যাপার কী? তার মানে, সরকারের গুদামে চাল আছে। সরকার ইছা করে আমাদের না বাইরে মারছে।

তাজউদ্দীন মাথা নাড়লেন, 'হাা, এটা সরকারের জন্য হিতে বিপরীত হবে ন আছা, রণদাপ্রসাদ সাহার কাছ থেকে আমরা সাহায্য পেতে পারি না? উনি তো আমাদেরই সমর্থন করবেন, এটা স্বাভাবিক। আপনার সঙ্গেও না ভালো সম্পর্ক?'

কামরুন্দীন সাহেব এক হাতের আঙুল আরেক হাতের আঙুলের ফাঁকে ঢোকাতে ঢোকাতে বললেন, 'আরেক মিনিস্টার এসে উঠেছেন আর পি সাহার বাসার। হামিদুল হক চৌধরী। আমার একটা সোর্দ বন্ধ হয়ে গেল।'

নির্বাচনের খেলা জমে উঠল। হাতি আন্তে আন্তে কাদায় পড়তে লাগল।

তাজউদ্দীন একটা শিক্ষলেট পড়ে খুবই অশ্বন্তি বোধ করতে লাগলেন। পদ্মীর খ্রী নিক্ষলেট ছেড়েছেন। বলছেন, 'আমি তাঁর খ্রী, কিন্তু তিনি আমার সঙ্গে না থেকে তাঁর আপন বোনের সঙ্গে থাকেন।' সবাই এই লিক্ষলেট নিয়ে কথা বল বেশি উৎপাই। তাজউদ্দীন নন। তিনি মানুখকে বোকান সরবার কীভাবে সব দিক থেকে মানুহকে শোধণ করছে, পাকিস্তান কীভাবে নতুন ঔপনিবেশিক শক্তি হয়ে উঠছে, জমিদারবা কীভাবে গরিবদের শোষণ করে।

হামিদুল হক চৌধুরীও বিপদে পড়লেন। মর্নিং নিউক্তএ খবর উঠেছে, ভারতের ভালমিয়ার যে ড্রামগুলো পাকিস্তানে আটকা পড়েছিল, সেসব ভারতে যেতে দেওয়ার অনুমতি দেওয়ার জন্য চৌধুরী যুব খেয়েছেন।

এটা নিয়ে জনগণ তাঁকে নানা প্রশ্ন করতে লাগল।

এদিকে হযরত আলী আসাম থেকে কিরে এসেছেন। তিনি দেখা করেছেন সেখানে ধ্বড়ি কারাগারে আটক মওলানা ভাসানীর সূক্ত্বিত্তার কাছ থেকে স্বাক্ষর করিয়ে এনেছেন টাঙ্গাইলের এই নির্বাচনী এক্সক্তব্যুতাটারদের উদ্দেশে লিখিত আবেদনপত্র। মওলানা বলেছেন শামসূদ্র স্কৃত্তিত ভোট দিন।

সেটা নিয়ে সবাই উত্তেজিত। কামক্ষমীন সাহিব সেটা দেখে বললেন, 'এটা দিয়ে কোনো কাজ হবে না।'

হযরত আলী বললেন, 'কেন?',

কামরুদ্দীন বললেন, 'এতে ক্রেন্সের সিকিউরিটি অফিসারের সিল নাই।

এটা প্রচার করা হবে আইরের শরিপ

'আরে, তাতে কী? এতে ক্ষাইন ভক্ত হলে মওলানা ভাসানীর হবে, শামসুল হকের তো হবে না ক্ষাব্রুলী এই আবেদনপত্র ছাপাব। বিলি করব। শামসুল হক জয়লাভ ক্ষেত্রত কারণ আকরম খা, নুঞ্চল আমিন আর ইউসুফ আলী টৌধুরী মিলে পর্যার পক্ষে ভোট চেয়ে প্রচারপত্র বিলি করছে।

'না, তা করা উচিত হবে না।' কামরুদ্দীন বললেন।

কামরুদ্দীন সাহেব আইনজীবী মানুষ। সামনে তাঁর বড় একটা মামলা পরিচালনা করতে হবে। দুই জমিদারের মধ্যে জমি নিয়ে গোলযোগে ১৯ জন খুন হয়েছে। খুব বড় মামলা। কামরুদ্দীন আহমদ টাঙ্গাইল ছাড়লেন।

শামসূল হকের একটা সাইকেল ছিল। সেটা নিয়ে তিনি প্রত্যেক ভোটারের বাড়ি যেতে লাগলেন। ভাসানীর আবেদনটাও ছাপা হয়ে বিলি হতে লাগল।

২৬ এপ্রিল, ১৯৪৯ নির্বাচন। সকাল থেকে তাজউদ্দীন ভোটের কেন্দ্রে কেন্দ্রে যাঙ্ছেন শামসূল হকের সঙ্গে সঙ্গে। তিনিও একটা সাইকেল জোগাড় করে নিয়েচেন। ভোটাবরা সব শামসূল হককে ঘিরে ধরছেন। বোঝাই যাছে, জনমত শামসল হকের দিকে।

তোট গণনা হলো সারা রাত। সকালবেলা জানা গেল, পিপড়ার কাছে হাতি ধরাণায়ী হয়েছে। সামান্য প্রজার কাছে হেরে গেছেন জমিদারপ্রবর। নির্দলীয় প্রার্থীর কাছে হেরেছেন ক্ষমতাসীন মুসলিম লীগের প্রার্থী। মুখামন্ত্রী আর মন্ত্রীর প্রার্থী হেরেছেন কতগুলো যুবক ছেলের দলহীন দলের কাছে।

এই উপনির্বাচনে হারার পর ভয়ে মুসলিম লীগ ১৯৫৪ সাল পর্যন্ত পাকিন্তানে আর কোনো নির্বাচন দেরনি।

শামসূল হক ঢাকায় ফিরবেন কিছুদিন পর। তাজউদ্ধীন ঢাকায় ফিরে এলেন। আয়নার সামনে দাঁড়িয়ে তাঁর নিজেকে অচেনা লাগছে। একি হাল তাঁর চেহারার! ধূলিধূসরিত সমস্ত শরীর। গায়ের চামড়া রোদে পুড়ে তামা হয়ে গেছে।

তিনি তবু হাসলেন।

এই দেশে সামন্ততন্ত্রের পতন শুরু হয়েছে জমিদার হেরে গেছে সাধারণ প্রজার ক্লুছে ঢাকায় ফিরেও কাজের বিরাম নাই

একটা বিরোধী দল গঠন কর ছবে বাজ গার্ডেনের বাড়িতে সমমনা রাজনীতিকদের আমন্ত্রণ জানালো মুক্তি। কামরুদ্দীন সাহেব সেই কাজে ব্যস্ত তাঁর একান্ত সহযোগী তাজুমুক্তীক আহমদ আর তাঁর সাইকেল।



৩৪.

যওসানা ভাসানীকে একটা কম্বল দিয়ে পেঁচানো হয়েছে। ৬৫-৭০ বছর বয়স এখন তাঁর। আষাঢ়ের গরমে তিনি সেদ্ধ হচ্ছেন। তাঁকে একটা ঘোড়ার গাড়িতে বসানো হয়েছে। পাশে বসেছেন শওকত আনী। ঘোড়ার গাড়ি ছুট্ছে মোপলটুলি থেকে। রোচ্ছ গার্ডেন নামের বাড়ির দিকে। বাড়িটা খামীবাগে। বাড়ির মালিক কান্ধী মোহাম্মন বিশির হুমায়ুন। রোচ্ছ গার্ডেন নামের বাড়িটা যেন সতি্য পোলাপের বাগান। দোতলায় হলঘর

সেখানে ঠাঁই নিতে পারে শ চারেক মানুষ।

ঢাকায় সিমেন্টের তৈরি পাকা বাড়ি কম। বেশির ভাগ বাড়িঘর কাদাসুরকি দিয়ে গড়া, এগুলোকে বলা হয় গঙ্গা-যমুনা গাঁথনি। ছাত্রদের ইকবাল হল মুরলি বাঁশের তৈরি। সে তুলনায় রোজ গার্ডেন সত্যিই একটা বাতিক্রম।

মওপানা ভাসানীকে ওই বাড়িতে রাখা হলো। তাঁর বাইরে বেরোনো নিষেধ। কারণ, পুলিশের ভয়।

মওলানা সম্প্রতি কারাগার থেকে ছাড়া পেয়ে এসেছেন আসামের ধুবড়ি থেকে। তিনি ছিলেন আসাম প্রাদেশিক মুসলিম লীগের সভাপতি। পাকিস্তানের মুসলিম লীগের সভাপতি। পাকিস্তানের মুসলিম লীগের সভাপতি। পাকিস্তানের মুসলিম লীগের সভাপতার কাছে তিনি অবাঞ্জিত। এক বছর আগে আইনসভার বাজেট অধিবেশনে বজ্ততা করার সময় মওগানা বালেন, জনাব সদর সাহেব, এখানে যারা সম্পূর্য প্রামের করবেন যে এটা বাংলা ভাষাভাষীদের দেসু-এই অ্যাসেম্বলির যিনি সদর, তিনিও নিক্টরই বাংলাতেই বলবেন স্পূর্ণনি করবেন যে এটা বাংলা ভাষাভাষীদের দেসু-এই আ্যাসেম্বলির যিনি সদর, তিনিও নিক্টরই বাংলাতেই বলবেন স্পূর্ণনি বাংলার রুক্তিং দেবেন।' এরপর তিনি সরকারের প্রচঙ্গ স্মুক্তিরাল করতে থাকে। এক কারণেই সরকার তাঁর সদস্যপদ বাতিরো ক্রিয়ত খুঁজতে থাকে। তিনি নির্বাচনী আয়-বাংরের হিসাব দাখিল আন্টানি, এই অজুহাত্টা পাওয়া যায়। অবন্য ওই হিসাব কেউ-ই ভ্রম্ব দিনিনি, তাতে কী, এখন মওলানা ভাসানীর সদস্যপদ নিয়ে তুমা ক্রেয়ত আবেটা বাতিল করা হোক।

তো, মওর্ন ক ক্রীনানীকে পাওয়া গেছে ঢাকায়। মাঝখানে আসামে
গিয়ে তিনি কিছুদিন জেল খেটে এসেছেন। ওদিকে সোহরাওয়াদীও
কিছুদিন আগে ঢাকা এসেছিলেন মামলা পরিচালনার কাজে। তিনি
পরামর্শ দেন, ঢাকায় আওয়ামী মুসলিম লীগ নাম দিয়ে একটা বিরোধী
সংগঠন খোলা হোক। মওলানা ভাসানীকে করা যেতে পারে তার
সভাপতি। শামসূল হকের কাছে পন্নীর পরাজয়ে সবাই খুবই উৎসাহিতও
আছে। মোগলটুলির কমীরা তাই উৎসাহতরে কাজ করছে একটা নতুন
দল গঠনের জ্বনা।

মুসলিম লীগের প্রগতিশীল অংশ, যারা আবুল হাশিম আর সোহরাওয়াদীর সমর্থক, তাদের সবাইকে আমন্ত্রণ জানানো হয়েছে। হলমর গমগম করছে ২৫০-৩০০ লোকের উপস্থিতিতে। তাজউদ্দীন আহমদ এতে উপস্থিত আছেন। হাজির হয়েছেন অলি আহাদও।

আতাউর রহমান খান এসেছেন। ফজলুল হক খানিকক্ষণ থেকে বক্তা দিয়েই চলে যান। শামসূল হকের নেতৃত্বে মোগলটুলি ওয়ার্কার্স ক্যাম্পের সবাই এতে যোগ দেন।

সভায় ৪০ সদস্যবিশিষ্ট পূর্ব পাকিন্তান আওরামী মুসলিম লীপের কমিটি গঠন করা হয়। সভাপতি মওলানা আবদুল হামিদ বান ভাসানী, সাধারণ সম্পাদক শামসুল হত। যুখ্য সম্পাদক নির্বাচিত হন শেখ মুজিবুর হয়ন সহসম্পাদক শাসকার মোশভাক আহমদ। সদ্য কারামুক্ত ছাত্রনেতারা, অক্যোগে শেখ মুজিবের নাম প্রস্তাব ও সমর্থন করায় তাঁকে একমাত্র যুগ্য সম্পাদক করা হয়।

থন্দকার মোশতাক একটু মন খারাপ করলেন। আঁঠে মুজিবের পরে রাখা হলো কেন? মওলানা ভাসানীকে কাল রাতে ক্রমুণ পঁচানোর সময় তিনি কি তাঁকে প্রায় জড়িয়ে ধরেননি? শামসূল হৈত্বে সঙ্গে টাঙ্গাইল গিয়ে তাঁর পক্ষে অমানুষিক শ্রম স্বীকার করেননি? শেক মুজিবের চেয়ে তিনি কি বয়সে এক বছরের বড় নন?

শেখ মুজিব কারাগারে বসে জানীত পারেন, তিনি এই নবগঠিত দলের যুগ্ম সম্পাদক হয়েছেন। সম্পাদক হয়েছেন শামসূল হক।

শেখ মুজিব নিজের প্রমুখ্যাদা নিয়ে চিন্তিত হলেন না। বরং তাঁর ওপর যে দায়িত্ব অর্পিত হলে। সৈটি নিয়েই তিনি বেশি ভাবিত। এখন তিনি একটা দল পেটে স্টেইন। কারাগার থেকে বেরিয়েই তাঁকে ঝাঁপিয়ে পড়তে হবে দল আরু মানুষকে সংগঠিত করার কাজে।

পরের দিন, ২৪ জুন, ১৯৪৯। আরমানিটোলা মন্ত্রদানে নবগঠিত আওয়ামী মুসলিম লীগের জনসভা। প্রথম জনগণের সামনে আসা।

বিকেলবেলা। একটু পরে জনসভা গুরু হবে। হাজার চারেক লোক এরই মধ্যে উপস্থিত। হঠাৎই হামলা করে বসে মুসলিম লীগের গুডারা। তারা মঞ্চ ভেঙে ফেলে, চেয়ার-টেবিল তছনছ করে।

মঞ্চ দখল করে মঞ্চের ওপর সবচেয়ে বেশি যে লাফায় তার নাম শাহ আজিজ। এখন মুসলিম লীগের নেতা।

শেখ মুজিব কারাগারে, তা না হলে শাহ আজিজকে তিনি মনে করিয়ে দিতে পারতেন কুষ্টিয়া সম্মেলনের মুষ্ট্যাঘাতটার কথা। ওই টর্নেডো চলে গেলে আওয়ামী মুসলিম লীগের নেতারা আবার মঞ্চে ওঠেন। মওলানা ভাসানী তাঁর ভাষণে লীগ সরকারের ২২ মাসের অপকীর্তি ভূলে ধরেন।



80.

আন্ধ মূজিবকে কারাগার থেকে আদালতে নেওয়া হলে। তোলা হলো প্রিজনার্স ভ্যানে। শেভ করে পায়জামা-পাঞ্জাবি থকে মুজব ধীরেসুহে উঠলেন ভ্যানে।

বাইরে বৃষ্টি হচ্ছে। গরমও পড়েছে। জনি পুরুক নেমে মুদ্ধির ইচ্ছা করেই থানিকটা দাঁড়িয়ে রইলেন। বৃষ্টির পার্টি- কার চুল, পাঞ্জাবি ভিজিয়ে দিছে তিনি তা-ই চান। থোলা আর্কুলের স্নৈচে দাঁড়িয়ে এই বৃষ্টির পানির স্পর্শট্টক তাঁর থব ভালো লাগে

আদালতে ভিড় করলে ক্রিমা। বিশেষ করে ছাত্ররা। ওয়ার্কার্প ক্যান্দেশর কমীরা ভো বিশ্ব ক্রিমান ক্রিমান হাত্র-কর্মচারীরাও। তাঁদের মধ্যে থেকে তাঁদের মার্বিদাওয়া আদায় করতে গিয়ে মুজিব গ্রেগুরি ধ্য়েছেন। আর চিম্মানের জন্য বন্ধ হয়ে গেছে তাঁর জন্য বিশ্ববিদ্যালয়ের নরজা। মুজিব ভাইকে আজ কোর্টে তোলা হবে, গুনে তাঁরা তাই এসেছেন দল বৈধা

মুজিব প্রত্যেকের নাম ধরে ডেকে কুশল জিজ্ঞাসা করতে লাগলেন।
'এনামুল কেমন আছো?' 'আসগর আলী, শফিকুর রহমান?'

বারান্দায় ভিড় জমে যায়। সেই ভিড়ের মধ্যেই হঠাৎ তাঁর চোখ পড়ে একজন শার্ট পরা সৌম্যদর্শন মানুষের ওপর। আরে, মানিক ভাই এখানে। 'মানিক ভাই! এই ছাত্র ভাইরা, একটু সরো। আমার ভাইকে একটু কাছে আসতে দাও।'

ভিড় সরে যায়। তফাজ্জল হোসেন মানিক এগিয়ে আসেন।

বরিশালের ভান্ডারিয়ার ছেলে মানিক ভাই। পিরোজপুর স্কুল থেকে এন্ট্রান্স পাস করেন। বরিশাল ব্রজমোহন কলেজ থেকে বিএ। সরকারি চাকরিতে যোগ দিরেছিলেন। কিন্তু তাঁর মুখ তো মুখ নয়, যেন বন্দুকের নল। সরকারের বিরুদ্ধেই তা থেকে নানা ধরনের গোলা বের হতো কাজেই চাকরি ছেড়ে দিয়ে চললেন কলকাতা।

তাঁর সঙ্গে মুজিবের পরিচয় বছর ছয়েক আগে, সেই কলকাতায় পোহরাওয়াদী সাহেবের বাসায়। দুজনই সোহরাওয়াদী সাহেবের ভক্ত। কক থেকে তাঁরা হয়ে পেলেন সোহরাওয়াদীর শিষা। একই নেতার দুই শিষ্যা, যেন এক পিডার দুই সভান। মানিক ভাইকে মুজিবের মনে হয় নিজের বড় ভাইয়ের মতো। তাঁর চেয়ে বছর নয়-দশেকের বড়ই হবেন মানিক য়িয়া।

মানিক মিয়া কলকাতা থেকে প্রকাশিত সোহরাওয়াদী সাহেবের কাগজ ইতেহাদ-এ কাজ করতেন। ব্যবস্থাপনার কাজ।

সাতচন্ধিশের পরপর যে তিনি কলকাতা ছেডেছেন তা নয়। ইতেহাদ কলকাতা থেকে বের করা হচ্ছিল। সেখান পেক্সিপাকা আসত। শেখ মুজিব, তাজউদ্দীন তা ঢাকায় বিলিও করেছেন কিন্তু খাজা নাজিম উদ্দিন পূর্ব বাংলায় ইতেহাদ প্রবেশ নিষিদ্ধ করে দিলেন। ফলে পত্রিকাটার প্রচারসংখ্যা গেল কমে, আর্থিকভার্কে ক্ষেম্প কতিগ্রন্ত হলো।

মানিক মিয়া সোহরাওয়াদীর ক্রছ থেকে অনুমতি নিয়ে ঢাকায় চলে এসেছেন . মুজিব, মানিক সুদুই উঠি আবার এক শহরে।

মানিক দেখলেন, মুক্তিবৈত্ত মাথায় বিন্দু বিন্দু জল। তিনি পকেট থেকে রুমাল বের করে জুল বড়ে দিলেন। তারপর আরেক পকেট হাতড়ে বের করলেন একটা ক্রিজুলি দৈখো।

'কী এটাং 💆

'আমাকে একটা অ্যাপয়েন্টমেন্ট লেটার দিয়েছে। কেন্দ্রীয় সরকারের তথ্য দপ্তরের ভেপুটি সেক্রেটারি। করাচিতে পোস্টিং। আপনি কী বলেন, যাব?'

'আপনি না এখানে একটা সাগুছিক কাগজ বের করার চেষ্টা করছেন?' 'করছি তো। কিন্তু সাধ্যে তো কুলাছে না। চারদিকে বিরূপ পরিবেশ সোহরাওয়াদীর লোক আমরা। এখানে কেউ আমাদের বাসাটা পর্যন্ত ভাড়া দিতে চায় না।'

'তা তো আমি ঞ্লানি। কিন্তু মানিক ভাই, আমাদের তো একটা মিশন আছে। গণতন্ত্র, গভর্নমেন্ট বাই দ্য পিপল ফর দ্য পিপল অব দ্য পিপল। আপনি কেন্দ্রীয় সরকারের চাকরি নিয়ে চলে গেলে আমাদের সেই মিশনের কী হবে?'

'যাব না বলছেন?'

'লিডারের আদর্শের পক্ষে এত দিন কাজ করলেন, আর আজ করাচি যাবেন খাজার চাকরি করতে?'

'আছা, ঠিক আছে। ছেলেপুলে নিয়ে পানের দোকানদারি করে খাব। সেও ভালো। তব ওদের চাকরি নয়।'

আদালত বসছে। মুজিব এজলাসের দিকে এগোলেন। অধৈর্য পুলিশ তাঁকে টেনে নিয়ে যেতে লাগল।

'মানিক ভাই, আপনার ছোট ভাই মুজিব বেঁচে থাকলে আপনার স্বন্ধ
সাপ্তাহিক কাণজ অবশ্যই বের হবে। ইয়ার মোহাম্মদ আমার দোত্ত।
আপনি তাঁর কাছে যান। আমার কথা বলেন।' বলতে বলতে মুজিব
এজলাসের ভেতর ঢুকে গেলেন।

১১.আওরামী মুসলিম লীগের ক্রান্ত চলছে সারা প্রদেশে। মওলানা ভাসানী
ঘুরে বেড়াচ্ছেন ক্রেণ্ডার্ডক জেলায়। শামসুল হক তৎপর। কিন্তু কাগজে
তাদের কথা প্রকাশ হয় না। *আজাদ* ঢাকায় এসেহে, এটা তো
খাজাসমর্থক ক্রিন্দর্ভা *অবজারভার*ও তা-ই।

একমাত্র উপায় হলো নিজেদের কাগজ বের করা। মানিক মিয়ার সাধ আছে সাধ্য নাই।

মানিক মিয়া গেলেন ইয়ার মোহাম্মদের কাছে। ইয়ার মোহাম্মদের বাবা ছিলেন ঢাকার বড়লোকদের একজন। বিতীয় বিশ্বযুদ্ধের সময় ঢাকায় ও ঢাকার বাইরে বিমানবন্দর নির্মাণের ঠিকাদারি করে তিনি বিশাল ধনী হয়েছিলেন। ইয়ার মোহাম্মদ যথল স্কুলে পড়েন, তখন তাঁর বাবার মৃত্যু হয়। ইয়ার মোহাম্মদ অগাধ সম্পত্তির মালিক হন। তখন থেকেই তিনি রাজনীতিসচেতন, সমর্থন করতেন মুসলিম লীগের সোহরাওয়াদী-আবুল হাশিম গ্রুপটারে ।

এবই মধ্যে শেখ মুজিবের সঙ্গে তাঁর বন্ধুভূপূর্ণ সম্পর্ক গড়ে উঠেছে মওলানা ভাসানী আর তাঁর অওয়ামী মুসলিম লীগকে তিনি তাঁর নিজের বাড়িতে তুলেছেন। তাঁর কারকুন লেনের বাড়িতেই মওলানা ভাসানী থাকেন। এটাই আওয়ামী মুসলি লীগের অফিস। ইয়ার মোহাম্মদের ব্রী বয়ন্ধ মওলানার সেবায়ন্ধ করতেন। সারাক্ষণ পার্টির নেতা কর্মীতে বাড়ি গমগম করত। পারিবারিক গোপনীয়তা বলতে তাঁদের আর কিছুই রইল না। ইয়ার মোহাম্মদের গ্রী-সভানদের সমাজের নানা কথা তাতে হতো, বৈরী সরকারের জুলুমের ভয় তো ছিলই।

ইয়ার মোহাত্মদকে যানিক মিয়া তাঁর ইচ্ছার কথা জানালেন।
'সাগুহিক পত্রিকা বের করতে চাই। শেখ মুজিব আপনার কাছে আমাকে
আসতে বলেছেন।'

'আচ্ছা, এসেছেন যখন, মুজিব ভাই যখন বলেছেন, হী

এদিকে সরকারি কাগজভলোয় গুধু সরকারের সক্ষেত্র খবর ছাপে: বিরোধী আওয়ামী মুসলিম লীপের খবর ছাপে না শুগুলানা ভাসানী যারপরনাই বিরক্ত। তিনি উদ্যোগী হলেন।

ঢাকা বার লাইব্রেরিতে গেছেন ত্রিন্ধি আইনজীবীরা তাঁকে ঘিরে ধরলেন। মওলানা বললেন, 'আমি প্রকাশ তিরিকা প্রকাশ করতে চাই। আপনারা আমাকে সাহায্য করেন্দ্র্যু

আইনজীবীরা সঙ্গে সঙ্গে চুদ্দা তুলতে আরম্ভ করলেন। ৪০০ টাকা চাঁদা

উঠে গেল তখনই।

মুজিব মুক্তি পেলের কার্মাগার থেকে। কারাগারের গেটে ভিড় লেগে গেল মুজিব খোর্না অফাশের নিচে আসামাত্রই তাঁকে জড়িয়ে ধরলেন শামসূল হক ইয়ার মোহাম্মদ খান এগিয়ে এলেন। বললেন, 'জিপগাড়ি এনেছি আপনি ওঠেন। আপনার আববা এসেছেন। কথা বলেন। চাচা, চাচা, আপনি আসেন।'

লুংফর রহমান সাহেব ভিড়ের চাপে মুজিবের কাছেই ঘেঁষতে পারছেন না।

মুজিব 'আব্বা' বলে এগিয়ে গেলেন। জড়িয়ে ধরলেন পিতাকে। ভিড়ের চাপে কি কথা বলা যায়।

জিপ চালাবেন ইয়ার মোহাম্মদ। তাঁর পাশে বসলেন শামসুল হক, তাঁর পাশে লুৎফর রহমান। পেছনের সিটে বাম পাশে বসলেন মুজিব।

ভিড়ের চাপে জিপ এগোতেই পারছে না।

করোগার থেকে বেরিয়ে আওয়ামী মুসলিম লীগের কাজে ঝাঁপিয়ে পড়লেন মজিব। একটার পর একটা মিছিল করছেন। সমাবেশ করছেন

ইতেফাক বের করতে হবে। টাকা দরকার। শেখ মুজিব চাঁদা তুললেন কিছু।

মওলানা ভাসানী প্রতিষ্ঠাতা, ইয়ার মোহাম্মদ খান প্রকাশক আর মুদ্রাকর, সাপ্তাহিক *ইলেফাক* বের হতে লাগল। প্রথম দিকে খুবই কট করতে হয়েছে সাপ্তাহিক *ইলেফাক*কে। গুধু ভিক্লারেশন বাঁচিয়ে রাখার জন্য মাসে দই পাতা বের করা হতো।

তখন এগিয়ে এলেন তফাজ্জল হোনেন মানিক মিয়া। তিনি মওলানা ভাসানীকে বললেন, '*ইতেহাদ-*এ আমি ছিলাম সুপাব্লিনটেনভেন্ট। কাগজ কী করে বের করতে হয়, এটা আমি জানি। আমি পার্মক্র সায়িত্টা আমার ওপর ছাডেন।'

মানিক মিয়ার ওপর দায়িত্ব দেওরার পরে ইন্টের্ডিইক *ইতেফাক* সজীব হয়ে উঠল।

আওয়ামী মুসলিম লীপ তার খার প্রকাশের একটা মাধ্যম খুঁজে পেল বাংলার মানুষও পড়ার মাসে একটা কাগজ পেরে গেল। পত্রিকাটা জনপ্রিয়াতা পেতে লাগল ক্রিউছ তাতেই টনক নড়ে গেল সরকারের তারা ছাপাখানার মানুছেন্ট্রে ভয়ভীতি দেখাতে লাগল কেউ যেন ওই কাগজ না ছাপে। প্রাক্তিরা সরকারের ভয়ে ইতেফাক ছাপতে অহীকৃতি জানাতে লাগুল

একটার পিয়ু ঐকটা ছাপাখানা বদল করতে হলো পত্রিকাটিকে



82.

ন্থি মুজিবের সঙ্গে সরকারের পুলিশ, পুলিশের গোয়েন্দাদের চলছে ইঁদুর-বিড়াল থেলা। মুক্তি পেয়েও মুজিবের শান্তি নাই। তিনি গোপালগঞ্জ যান। আবদুস সালামও তাঁর সঙ্গে আছেন। মুজিব জনসভা করবেন। চোঙামাইকে প্রচার চলেছে। এরই মধ্যে থানার থানার, ইউনিয়নে ইউনিয়নে আওয়ামী মুসলিম লীগ গঠিত হচ্ছে। চারদিকে ব্যাপক সাড়া। স্থিমার থেকে গোপালগঞ্জ ঘাটে মুজিব যথন নামছেন, তখনই ঘাটে ভিড়।

সরকার ভয় পেয়ে গেল। প্রশাসন আর মুসলিম লীগ নেতাদের টনক গেল নড়ে। কী করা যায়? তারা ১৪৪ ধারা জারি করল। অর্থাৎ সভা করা যাবে না।

শেখ মুজিব ওই বান্দা নন যে প্রশাসন তাঁকে বাধা দিল, আর গ্রেপ্তারের ভয়ে তিনি তাঁর আহুত জনসভা থেকে বিরত থাক্বেন।

তিনি কোর্ট মসজিদে মিলাদের কর্মসূচি দিলেন। সবাই হাজির হলো মসজিদ প্রাঙ্গণ। শেখ মুজিব মিনারে উঠে বক্তৃতা শুরু করলেন। এই এলাকাটাও ১৪৪ ধারার অধীনে আছে, মসজিদের ভেঙ্কর মিলাদ পড়া যাবে, কিন্তু বাইরে সভা করা যাবে না।

মুজিব বললেন, 'আমি গ্রেণ্ডার বরণ করার ক্রিন্ট ক্রিড আছি তব্ আমার কণ্ঠস্বর কেউ স্তব্ধ করতে পারবে না।'

হাজার হাজার মানুষ চিৎকার করে উঠন প্রেম্ম মুজিবের কিছু হলে, জলবে আগুন ঘরে ঘরে'।

পুলিশ তাংক্ষণিকভাবে তাঁকে প্রেছার করল না, কিন্তু তাঁর বিরুদ্ধে আইন ডঙ্গের অভিযোগে মাম্ল্য করে দিল।

পুলিশের গোয়েন্দা বিভাগ সমব তথ্য প্রতিবেদন জাকারে পাঠাল তাদের যথাযথ কর্তৃপূক্ষের স্থাছে।

রাতের বেলা মুক্তির ইটোর হলেন তাঁদের গোপালগঞ্জের বাসায়।
বাবা বললেন
'থোকা, বাড়ি যাবা নাং বউমার তো যখন-তখন
অবস্থাং'

মুজিব বললেন, 'যাব, কাল সকালেই রওনা দেব। পুলিশ আমার বিরুদ্ধে মামলা করেছে। ১৮৮ ধারা।'

গোপালগঞ্জ থেকে নৌপথে রওনা হলেন মুজ্জিব, টুঙ্গিপাড়ার উদ্দেশে।

হাসুর বয়স সামনের মাসে দুই বছর পূরো হবে। সে এখন অনেক কথা বলে . প্রথম প্রথম আব্বার কোলে উঠতে চাইত না। পরে ঠিকই উঠল। বাপের ঘাড়ে মাথা গুঁজে দিল। মুজিব তাঁকে নিয়ে চললেন থালের পাড়ে। খালটা ছোট, কিন্তু খাড়া। তেতরে বড় বড় নৌকা। জোয়ার-ভাটা হয় নিয়মিত। তিনি বাচ্চা কোলে হাটেন, তাঁর এলাকার বন্ধুবান্ধব সব হাজির হন তাঁর কাছে। তরুণ-কিশোরেরাও আসে। মিয়া ভাই এসেছেন, তারা তাঁকে দেখতে চায়। এর মধ্যে মিয়া ভাইকে যে পুলিশ আটক করেছিল, তিনি যে আবারও কারাগার থেকে ঘুরে এসেছেন, এলাকার মানুষ জানে

তাঁরা তাঁকে কত প্রশ্ন করেন!

'মিয়া ভাই, চাউলের দাম যে খালি বাড়তিছে, এই আজাদির কী মানে হইল?'

'মিয়া ভাই, সুরাবাদী সাবরে মিনিস্টার বানাবি না?'

'খোকা, মাওলানা তাসানী কেন আওয়ামী মুসলিম লীগের সভাপতি হইল? সরওয়ানী সাব নাইলে এ কে কজলুল হক তো হইতি পারত!'

বিকেল বেলা! আকাশে মেঘ। বৃষ্টি হবে নাকি আরার! মেয়েকে কাঁধে নিয়ে মুজিব চললেন বাড়ির দিকে। পেছনে পেছনে শ্রুমুন্তুন দর্শনাধীরাও.

মুজিব বললেন, 'হেলেন, চিড়ামুড়ি কী আছে ক্রিট দিকিনি। এরা কি খালি মথে যাবে?'

রেনু বললেন, 'আমি উঠছি। আমি দেখুতিছি।'

তিনি বারান্দায় একটা চেয়ারে বসে ছিলেন। তাঁর পেটটা এবার বেশ উঁচু।

মুজিব বললেন, 'না সুস্তৃতি উঠো না। তুমি বদে থাকো। আমি দেখতেছি। ওরাও দেখুরে কি

মুপশুপ করে বৃষ্টি এল বিন্ যরে গিয়ে বসলেন। অসময়ে এই শরীরে বৃষ্টির ছাট লাগানে ক্ষিক হবে না। মুজিব হাসুকে দিয়ে দিলেন তাঁর মায়ের কোলে।

হাসু দাদির কোলে উঠে তাঁর গলা জড়িয়ে ধরল।

'দাদি' 'দাদি' বলে কী যে একটা হাসি হাসল বাচ্চাটা!

মুজিব বারান্দায়। কিন্তু তাঁকে দেখতে আসা ছেলেপুলের দল উঠোনে দাঁড়িয়ে আছে। তারা যে বৃষ্টিতে ভিজছে তাতে তাদের কোনোই আপত্তি নেই

মুজিব ভাবলেন, এই লোকগুলো নিচে উঠোনে ভিন্ধবে, আর তিনি বারান্দার উঁচুতে টিনের চালের নিচে মাথা বাঁচিয়ে রাখবেন, তা হয় না

তিনি নিজেই নেমে গেলেন উঠোনে। শ্রাবণের ধারা তাঁকেও ভিজিয়ে দিতে লাগল।

ছেলেপুলের দল হইহই করে উঠল মিয়া ভাইকে তাদের মধ্যে পেয়ে।

হইহই করতে করতে তারা বাড়ির খুলিতে গেল।

বাড়ির সামনে জামরুলগাছ। এই জামরুলগাছের জামরুল কড ধ্যোহেল ছোটবেলায়! সব গাছে উঠতে পারতেন। এমনকি নাবকেলগাছেও। এই যে দিখি এই দিখিতে কন্ড সাঁতার কেটেছেন! দ্বীপারের ছেলে, কখন যে সাঁতার শিখে গেছেন আপনা-আপনি, কে আর আলালা করে খেয়ালা রাখে।

রাতের বেলা ভাত খেতে বসেছেন মূজিব। শিররের কাছে দাঁড়িয়ে রইলেন রেনু। মা ভাত ভূলে দিতে লাগলেন।

মা বললেন, 'খোকা, বউমার তো মনে হয় এবার পোলা হবি। পেটটা তো বেশি উঁচা দেখা যায়।'

মুজিব হাসনেন। লগুনের আলোর তাঁর মুখের হাসিটা, কী যে অপূর্ব লাগছে! মা তাঁর দিকে তাকিয়ে 'মাশাল্লাহ' বলে উঠলেক হাল লাগে।

মুজিব কাঁসার গেলাস ভূলে পানি খেলেন।
মা বললেন, 'খাওয়ার সময় পানি খায় না, ব্রারা।' তারপর জানতে
চাইলেন, 'জেলখানায় কী খাতি দেয়, ব্যব্

মুজিব বললেন, 'আমানের তো ভূমেন বিলো ধাবার দের, মা। আমরা তো সিকিউরিটি। ডাজার দেখে মার্ম ক্রিক কমলে স্পেশাল ডায়েট দের। তখন বাড়তি ডিম-দুধ। আমর্ম ক্র খেরে শেষ করতে পারি না। অন্য ওয়ার্জে পাঠায়া দেই।'

মা বললেন, 'খোকা 🎤 পাঠিয়েছিলাম, পাইছিলা?'

'জি, মা, তোম্ক্র স্থ্রীর তো সবাই খুব প্রশংসা করল। এত ভালো পিঠা নাকি কেউ প্রায়নি কোনো দিন। আমি বললাম, আমার মায়ের হাতের পিঠা, সবার চেয়ে মিঠা।'

রাতের বেলা রেনু বললেন, 'মাকে কেন বলতি গেলা সবাইরে তুমি পিঠা দিয়েছ? মা তো আশা করে আছেন সবটাই তুমি খেয়েছ!'

মুজিব হাসলেন, 'তুমি কী করে বুঝলা?'

'তুমি যখনই বললা সবাই খুব প্রশংসা করেছে, মার মুখখানা সঙ্গে সঙ্গে আঁধার করে এল, তাতেই ঝুঝলাম।'

হাসু নড়ে উঠল। রেনু তার গায়ে আন্তে আন্তে চাপড় দিয়ে তাকে আবার যুম পাড়িয়ে দিলেন।

তারপর বললেন, 'আমার কিন্তু ডেলিভারির সময় হয়ে এসেছে। তুমি থেকে যাবা তো কত দিন! বাচ্চা দেখে যাবা না?'

মুজিব বললেন, 'রেনু, আমার যে অনেক কাজ। মানিক ভাই পত্রিকা করছেন। তার পাশে আমার থাকতে হবে। সোহরাওয়াদী সাহেবের সঙ্গে যোগাযোগ করতে হবে। মুসলিম লীগ সরকার অনেক অন্যায়-অত্যাচার করতেছে, সেসবের একটা বিধান করতে হবে। আর তা ছাড়া এক জায়গার থাকলে পুলিশই এসে ধরে নিয়ে যাবে। তার চেয়ে যাওয়া ভালো। আমি একটু করাচি যেতে চাই। লিভারের সঙ্গে পরামর্শ আছে '

রেনু দীর্ঘশ্বাস গোপন করে বললেন, 'তোমাকে আমি আটকাব না। তুমি যাও। খালি নিজের বত্ন নিয়ো।

দুজনই জেগে রইলেন অতঃপর। চুপচাপ।

রেনু বললেন, 'সবাই বলছে ছেলে হবি। তুঞ্চি ছেক্টে চাও, না মেয়ে 'sগ্লব

মুজিব বললেন, 'আল্লাহ যেটা দেন। আমি খ্রাক্সী হিসেবেও ভালো না। বাবা হিসেবেও না। আমার কি ছেলে বা হিসেবে বেছে নেওয়ার কথা বলা সাজে! আর তা ছাড়া আল্লাহ যা দেনু অক্টি তাতেই আল্লাহর কাছে হাজার শোকর করব। তথু চাই তুমি সুকু খার্কো। বাচ্চা সুস্থ থাকুক।

রেনু বললেন, 'ছেলে হলে কিপ্লোম রাখবেন?' মুজিব বললেন, 'ছেকে বিষ্ণু আমি এই কথাটা অনেক ভেবেছি। তুর্কি वीत कामान भागात सिर्भिनीय ताथव। जूमि की वरला! ছেলে হলে नाम রাখব "শেখ কার্মান

রেনু বলন্ধের সুন্দর নাম।' তিনি উঠে বসে পান সাজাতে লাগলেন। শেখ মুজিছ বিদায় নিলেন পরের দিনই। তার সাত দিন পর রেনু একটা ছেলের জন্ম দিলেন। তাঁদের দ্বিতীয় সম্ভান।

শ্রাবণের সেই দিনটায় খুব বৃষ্টি হচ্ছিল।

বৃষ্টির রিমঝিম শব্দ ভেদ করে 'শেখ কামাল' নামের সদ্যোজাত শিশুটা তার জন্ম ঘোষণা করল। দাদা শেখ লুৎফর রহমান উপস্থিত ছিলেন। তিনি বারান্দায় দাঁড়িয়ে আজান দিতে লাগলেন : আল্লাহ্ আকবর।

বৃষ্টির শব্দ ভেদ করে তাঁর আজানের ধ্বনি চারদিকে ছড়িয়ে পড়ল। ঢাকায় গিয়ে মুজিব উঠলেন ৯ পাতলা খান রোডে। তার নেতাকে চিঠি লিখলেন।

জনাব,

আপনার প্রতি আমার সালাম। আপনি সব ববর পাবেন মানিক ভাইয়ের চিঠিতে। আপনাকে দেখার জন্য আমি আকুল হয়ে আছি। আর আপনার সঙ্গে আওয়ামী লীগ আর পার্লামেন্টের ব্যাপারে আমার জরুরি কিছু কথা আছে। দয়া করে আমাকে লিখবেন, সব ধরনের দিকনির্দেশনা দেবেন। আপনি কেমন আছেন?

. আপনার স্লেহের মুজিবুর

ৰিশেষ দুষ্টব্য:

জামাকে এক মাসের মধ্যে পূর্ব পাকিন্তান ছাত্রলীগের ব্যাণারে আপনার দেওয়া নির্দেশ প্রতিপালন করতে হবে। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, আমাদের হাতে কোনো তহবিল নাই। যা-ই হোক না কেন, আল্লাহ আমাদের সঙ্গে আছেন। খোলা হাকিন্তা।

মুজিবুর

ইংরেজিতে লেখা এই চিঠিটা তিনি মি. এইচ এপ স্ক্রেরাওয়াদীর নামে ১৩এ কাচারি রোড, করাচির ঠিকানায় পৌছাস্ক্রের আশায় খামে ভরে ভাকে দিয়ে দিলেন।

মুজিব জানলেনও না যে তাঁর এই টিউ পোরেন্দা পুলিশ আটক করল। এই চিঠি তার পাপকের হাতে অধ্য স্কিন্দা দিনও পৌভাবে না।

এই চিঠি তার প্রাণকের হাতে আরু ফ্রেন্সিনা দিনও পৌছাবে না।
সময় দ্রুত পেরিয়ে যাঙ্গে ক্রিক্স লিভারের কাছ থেকে কোনো বার্তা
আসছে না। মানিক ভাইত্যের চিঠিতে বিভারিত জানানো হয়েছে ঢাকার
পরিস্থিতি। সাপ্তাহিক্ প্রক্রেক্সক-এর জন্যও তহবিল দরকার।

চিঠি পাঠানোর ক্রিনির মাথাতেও কোনো উত্তর না পেয়ে মুজিব আবার চিঠি লিখতে বসলেন তাঁর নেতাকে।

ইংরেজিতে তিনি লিখলেন:

১৫০, মোগলটুলি, ঢাকা ২১/৮/৪৯

জনাব,

আশা করি মানিক ভাইরের চিঠির সঙ্গে পাঠানো আমার চিঠিটা পেয়েছেন। আমরা সবাই ওই চিঠিতে আমাদের পক্ষ থেকে উথাপিত প্রশ্নগুলোর ব্যাপারে আপনার উত্তরের জন্য উদ্বেগের সঙ্গে অপেকা কর্তন্তি।

২০৮ 🏚 যাৱা ভোব এনেছিল

আপনি নিশ্চয়ই বর্তমান শাসকদের হীন মনোভাব উপলব্ধি করছেন। দমন-নিপীড়নের হেন উপায় নাই তারা অবলম্বন করছে না ৷ কথায় কথায় ১৪৪ ধারা জারি, আমাদের ক্ষীদের গ্রেপ্তার আর হয়রানি হয়ে দাঁডিয়েছে নিত্যনৈমিত্তিক ব্যাপার। এসব সত্তেও আমাদের সাংগঠনিক কাজ চলেছে অপ্রত্যাশিত রকম দ্রুতগতিতে। কিন্তু একটা সংগঠন হিসেবে আমাদের সব কর্মকাণ্ড প্রকাশিত হতে পারে না। আগের দিন আমরা আরমানিটোলা ময়দানে স্বাধীনতা দিবস উপলক্ষে একটা জনসভার আয়োজন করেছিলাম। সরকারি দল আমাদের জনসভা ভণ্ডল করে দেওয়ার জন্য যত ধরনের হীন কৌশল আছে অবলম্বন করেছিল। তা সত্ত্বেও তাদের হীন কৌশল ব্যর্থ করে দিয়ে আমাদের জনসভাটি খুবই সফলভাবে সম্পন্ন হয়েছে সভায় ৫০ হাজারের মতো মানুষ যোগ দিয়েছিল : কিন্তু আমাদের পক্ষে কোনো প্রচার নাই। এই কারণে আমাদের জ্বনের সুস্বিধা হচ্ছে। তা ছাড়া আপনি অন্য অসুবিধাগুলোর কথাও জ্বানিন্দিফস্বলে আমাদের কর্মীদের যারপরনাই হেনন্তা করা হচ্ছে। আঞ্চি আফেই আমি গোপালগঞ্জ আর বরিশাল রওনা হয়ে যাব। আমাদের কুর্মীদের ওখানে নির্যাতন ও গ্রেপ্তারের শিকার হতে হয়েছে।

পূর্ব পাকিন্তান মুসলিম ছাত্রস্থীকে প্রতিমালনের তারিখ ঠিক হয়েছে ১৬, ১৭ সেন্টেম্বর ১৯৪৯। অনুসূমি কি দয়া করে একট্র দেখবেন মিয়া মোনজোরাল আলম, অনুষ্ঠি সারার খান, নিয়াজি প্রাক্তন এমএলএ, পাঞ্জাব) আর পশ্চিম মঞ্জাবের গোলাম নবীকে সম্মেলনে পাওয়া যাবে কি না? আপনার কাছবির পানার পরই আমরা তাঁদের আমত্রণপত্র গাঠাতে

পারব। (১)

আপনি ককে । টাকা আসবেন? আমরা সবাই উদ্বেগের সঙ্গে আপনাকে আমাদের মধ্যে পেরে নানা বিষয়ে আলোচনা করার জন্য অপেক্ষা করছি।

মানিক ভাই খুব অন্থির অবস্থায় আছেন। তা সত্ত্বেও আমরা তাঁকে অনুরোধ করেছি আওয়ামী মুসলিম লীগের কেন্দ্রীয় অফিসটার দায়িত্ নিতে।

শ্রদাসহ

আপনার স্লেহের

মুজিবুর রহমান।

আপনার সঙ্গে ফোনে যোগাযোগ করার চেষ্টা আমরা করেছিলাম । এমনকি

তিন দিন আগে আমরা গভীর রাতে বসে থেকে আপনাকে ফোন করি : করাচি এক্সচেঞ্জ জানায়, আপনি রাত দুটোতেও বাসায় নাই।

মু. র.

শেখ মুক্তিব চিঠি লিখছেন তাঁর লিভারকে। সেটা গোয়েন্দারা আটকে ফেলছে। শেখ মৃদ্ধিব ফোন করছেন। করাচি এক্সচেঞ্জ বলছে সোহরাওয়াদী বাসায় নাই। রাত দুটোতেও সোহরাওয়াদী বাসায় থাকেন

ইন্টেলিজেন ব্রাঞ্চের সাব-ইন্সপেন্টর এই চিঠিটা ২৬ তারিখে তাদের যথাযথ ফাইলে জমা দেয়।

ছোট একটা পুতুল পেয়েছে হাসু সিংবার্লেণ মায়ের কোল ঘেঁষে থাকে তার ছোট ভাইটি। হাসু তার দুই রিষ্টুরের জবানে আধো **আধো বোল** ফুটিয়ে

বলে, 'কোলে দেও। আসার জৌলি দেও।' রেনু হাসুকে জলুচ্চেডিয়া ওপরে বসান। তারপর তার কোলে ২৫ দিন বয়সী কামালকে জুবে সুদা । হাসু দিব্যি তাকে কোলে নেয়। মা দুজনকেই ধরে রাখেন। ইইমৈনৈ মূরগি চরছে। বরইগাছে কাঁচা বরইয়ে ঢিল দিচ্ছে পাড়ার ছেলের 🚧 । বিকেলের আলো পড়েছে উঠোনে। ছোট্ট বাচ্চাটাকে কোল থেকে নামাতেই চায় না হাসু। রেনু তবু তার কাছ থেকে বাচ্চাটাকে নিজের কোলে তুলে নেন।

'যাও তো দেখো দাদি কী করতিছে?' রেনু বলেন।

'হাসু, এদিকে আয়,' দাদি হাঁক পাড়েন।

হাসু থপথপ করে ছোট্ট পা ফেলে দাদির দিকে যায়। একটা মুরণি অনেকগুলো ছানা দিয়েছে। উঠোনে তারা চরছে। হাসু দেখে, কী সুন্দর হলুদ রঙের একেকটা মুরগির বাচ্চা! সে সেদিকে হাত বাড়াতে চায়। মা-মুরগি তেড়ে আসে কক কক শব্দ করে। রেনুর বৃকটা কেঁপে ওঠে। এই বুঝি হাসুকে ঠোকর মারে। তিনি মুখে শব্দ করে ওঠেন।

কোলের বাচ্চা কাঁদে। তাকে আবার আঁচলের নিচে নেন।

বাচ্চাদের আঝার দেখা নাই। তিনি গোপালগঞ্জ যাচ্ছেন। ববিশাল যাচ্ছেন। একবারও আসতে পারেন না টুঙ্গিপাড়ায়।

ছেলেটার মুখটাও কি তিনি একটু দেখবেন না?

এর মধ্যে বাড়িতে পুলিশ এসেছিল। তাঁকে বুঁজে গেছে। তাঁর বিরুদ্ধে মামলার অন্ত নাই। গোপালগঞ্জে ১৪৪ ধারা ভঙ্গের জন্য তাঁর বিরুদ্ধে মামলা হয়েছে।

আবার যেকোনো দিন গ্রেপ্তার হবেন। জেলে যাবেন। রেনুর বুকটা কেঁপে ওঠে হাসু আবার এসেছে তাঁর কাছে, 'মা, কোলে দেও।'

মা-মুরণিটার মতোই পক্ষ বিন্তার করে রেনু তাঁর আঁচলের নিচে হাসু-কামাল দুজনকেই টেনে নেন ৷

এ সময় ঘাটে নৌকা এসে ভেড়ে। বরিশাল থেকে ক্রেরীর পথে মুজিব টুঙ্গিপাড়ায় নেমেছেন।

পাড়ায় হইহই শোনা যায়।

মিয়া ভাই এসেছে। মিয়া ভাই এসেছে

রেনুর বুকটা আনন্দে লাফিয়ে ওঠে 📆 জাঁড়া কি সে এসেছে?

'কই, আমার পোলা কই?' মুদ্ধিবুদ্ধ ভরাট গলার আওয়াজ পাওয়া যায়।

' মুজিবের মা ছুটে যান বিইট্রস 'খোকা, এসেছ বাবাং আসো ওই যে তোমার পোলা।'

রেনুর মুখের দিকে তাঁকান মুজিব। শেষ বিকেলের সোনালি রোদ পড়েছে রেনুর মুখি রেনুকে একটা পিতলের মুর্তির মতো দেখা যাছে। সেই মুখে ফুটে উঠিছে অপূর্ব হাসি।

মুজিব এসেই বলেন, 'দেও, পোলারে কোলে দেও।'

রেনু বলেন, 'তুমি জার্নি করে এসেছ। যাও, জাগে হাতমুখ ধুয়ে নেও। কাপড় পান্টাও। এত ছোট বাচ্চা, আ-ধোয়া হাতে ধরতে নাই।'

রেনু মুজিবের কোলের কাছে বাচ্চাটাকে ধরেন। মুজিব ছেলের কপালে চুম্বন করেন। হাসু পিয়ে তাঁর পায়ে পড়লে তিনি তাকে কোলে তুলে নিয়ে বলেন, 'হাসু মাকে কোলে নিতে নিশ্চয়ই মানা নাই। আমি আসতেছি হাতমুখ ধুয়ে।

'কিন্তু কাপড় আর বদলাব না। আজ রাতেই আমি ঢাকা চলে যাব। অনেক কাজ। দেশে দুর্ভিক্ষ। লোকে না বেয়ে আছে। এর মধ্যে লিয়াকত আলী খান আসতেছে ঢাকায়। মুজিব একমনে বলতে বলতে চললেন বারান্দার দিকে। এরই মধ্যে বালতি-বদনায় পানি এসে গেছে

রেনুর মুখের হাসিটা নিভে আসে। মুজিব আজই চলে যাবে? তাহলে আসার দরকারই বা কী ছিল?

মুজিব সেটা লক্ষ করেন। হাত পা ধুতে আরম্ভ করলে রেনু তাঁর পাশে গামছা নিয়ে দাঁড়ান।

তিনি গামছা দিয়ে হাতমুখ মুছে গামছাটা তারে ঝুলিয়ে কামালকে কোলে নেন।

রেনু বলেন, 'বলো তো ও দেখতে কার মতো হয়েছে?'

মুজিব দেখেন, হুবছ একটা ছোটবেলার মুজিব তাঁর কোলে। কিন্তু রেনুকে খুশি করার জন্য তিনি বলেন, 'না, ধরতে পারতেছি না। তোমার চোখই তো পেয়েছে মনে হচ্ছে।'

রেনু হাসেন। বলেন, 'ওর দাদি বলে ছোটকোরী খোকা একদম এই রকমই ছিল দেখতে।'

মুজিব বলেন, 'আজকা রাতে প্রীয় কার্যনে যাই না কাল যাব। ভোরবেলা উঠেই যাওয়া লাগবে (লিচ্চারের কোনো খবর পাচ্ছি না মনে হচ্ছে আমার করাচি যাওয়া লুগিন্তা

মুরণি ধরা হচ্ছে। বাঞ্জির সুখাল-মাঝি সব উঠোন ঘিরে ধরেছে। তারা একটা লাল ম্যোক্ট অর্টেটি করেছে। ওটার ওপর এখন ঝাঁপিয়ে পড়া হবে। হায়নার আফ্ট তার খ্যাপ মারা জালটা নিয়ে এক কনুইতে মেলে ধরে দুহাতে থিক্কান্টি নিচ্ছে। মোরণের ওপরে জাল নিক্ষেপ করা হবে।

জাল হোড়াঁ হলো বটে, কিন্তু লাল মোরণটা উড়ে গিয়ে উঠে গেল ঘরের চালে। তাই দেখে হাসু হাততালি দিয়ে ওঠে।

ভোরবেলাতেই নৌকায় ওঠেন মুজিব। গৃহকর্ম তার কাজ নয় রেনুও হাসিমুবেই তাঁকে বিদায় দেন ঘাটে এসে। হাসু আর কামালকে চুমু দিয়ে মুজিব উঠে পড়েন নৌকায়।

নৌকা চলতে গুরু করে। বাইগারি খাল থেকে কাটা গাঙ, তারপর মধ্মতী। ভোর হচ্ছে। শরতের ভোর। পুব আকাশ ফরসা করে সূর্য উঠছে। এক ঝাঁক বক এমে বসছে নদীর ধারে। নদীর ধারে ধানখেত আমন ধানে শিষ আসছে। মাছরাঙা রঙিন পাখা মেলে পুরো প্রভাতটাকেই রঙিন করে তুলেছে।

মুজিব বাংলা মায়ের এই রূপ দেখে মুগ্ধ হন—আপন মনেই বিড়বিড় করতে থাকেন:

> 'চলিতে চলিতে পথে হেরি দুই ধারে, শরতের শস্যক্ষেত্র নত শস্যভারে রৌদ পোহাইছে।'

কবিতাটার কথা মনে করে মুজিব আর্ক্যর্য হলেন। এই কবিতায় রবিবাবু যে বর্ণনা দিয়েছেন, তার সবই মিলে গেছে তাঁর আজকের বিদায়পর্বটির সঙ্গে।

সত্যি, কী কী সুৰ্ব ক্ষিদিয়েছে রেনু বোঝা বেঁধে! মায় চুলকানির ওষ্ধ পর্যন্ত। নারকেনু ব্রুক্তির তেল, পাটালি গুড়, গব্যযুত।

ভারপর ঠেনুও হাসিমুখে বিদায় দিছেন। মা-ও বলছেন, 'ভালো থেইকো, বাবা', তথন হাসু, যে কথাই বলতে শেখেনি ভালোমতো, বলে উঠল, 'আব্বা যাবে না। আব্বা যাবে না।'

ওরে মোর মৃঢ় মেয়ে,
কে রে তৃই, কোথা হতে কী শক্ষতি পেয়ে
কহিলি এমন কথা এত স্পর্যাভরে
'যেতে আমি দিব না ভোমাম'! চরাচরে
কাহারে রাখিবি ধরে দুটি ছোটো হাতে
গরবিনি সংগ্রাম করিবি কার সাথে...

থেতে তবু দিতে হয়েছে হাসুকে।

এ জনভ চরাচরে স্বর্গমর্ত ছেয়ে

সব চেয়ে পুরাতন কথা, সব চেয়ে
গভীর ক্রন্সন 'থেতে নাহি দিব'। হায়,
তবু থেতে দিতে হয়, তবু চলে যায়।

'কর্তা, হাওয়া ছেইড়েছে ভালো, পাল তুলে দিব।' সমীর মাঝি বলে। মুজিব সংবিৎ ফিরে পান। তাঁর চোখে জল। তিনি চশমা খুলে চোখ মোছেন।'দাও, পাল তুলে দাও।'

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাতবনের সামনের আমতলার বসে ব্যাঙ্গমা আর ব্যাঙ্গমি বলাবলি করে, দুই বছরের হাসু যেতে দিতে চায়নি তার আব্যাকে, আর সেই মেয়েটিকেই আর একটি মাত্র ছোট বোনসম্পন্ধ একদিন বহন করে চলতে হবে পুরো পরিবারকে যেতে দেওয়ার বিশ্বতীর পাষাণভার। সে আন্ত্র থেকে ২৬ বছর পরে। তারপর তার বিশ্বিট্যা জীবন।

88.

তে আখিন বিদায় নেয় ক্রার্ডিক আসে। রমনার ঘাদের ডগায় শিশির জমে জাখিন বিদায় নেয় ক্রার্ডিক আসে। রমনার ঘাদের ডগায় শিশির জমে জারবেলা। চাল্লী কর্মবিদ্যালয় এলাকায় শিরীবগাছগুলোর শীর্বে বনে ধাকা গগনচিলোর পাবায় শেষ শরতের আলো পড়ে। শিশির আর শিউলিপতনের শিরশির শব্দ শোনা যায় স্বামীবাণে, চামেলিবাণে। শিশির জমে ধোলাইথালের পাড়ে ঢোলকলমির ঝাড়ে, পল্টনের আল বিছানো পথের ধারে চোরকাঁটার ডগায়। শিশির টলমল করে ধানমিউতে সবুজ ধানের ডগায়। শাভিনগর থেকে নবাবপুর রওনা হওয়ার আপে লোকে বিদায় নেয়, দোয়া করবেন, ঢাকা যাছি, পানা পুকুরের কচুরিপানার বেন্ডনি ফুলের পাপড়ি শিশিরের আর্দ্রভার রোদের আদরে পথিককে মাথা নেড়ে বিদায় জানায়।

হাতি ঠেলা যায়, কার্তিক তো ঠেলা যায় না। বিশাল বাংলাকে ঢেকে

দের যেন এক শকুনির পাখার ছারা, তার নাম আকাল, তার নাম খাদ্যাভাব। পুরো উত্তরবঙ্গে মঙ্গার করালগ্রাস। দক্ষিণবঙ্গজুড়ে হা অল রব।

জিনিসপত্রের দাম বেশি, তার ওপর পাওয়াও যায় না। খাজা নাজিম উদ্দিন গভর্নর জেনারেল করাচিতে, লিয়াকত আলী খান প্রধানমন্ত্রী, ওদেব ভাষায় উজিরে আলা, পূর্ব পাকিস্তানে মুখ্যমন্ত্রী নুরুল আমিন—ভারা কর্ভন প্রথা করেছেন, এক জেলার উদ্বন্ত খাদ্য আরেক জেলায় ভারা যেতে দেবেন না, এর প্রতিবাদে প্রদেশজুড়ে কভ মিছিল-মিটিং!

খুলনা জেলাতেই মারা গেছে ২০ হাজার মানুষ, আওয়াজ উঠেছ।
শেখ মুজিবের মাথা গরম হয়ে যাওয়ার উপক্রম। বাংলার মানুষ কি কেবল
দুঃখই পাবে, কষ্ট স্বীকার করে যাবে! আর পাঞ্জাবি লিয়াকত খান
প্রধানমন্ত্রিত্ব ফলাতে আদবেন ঢাকার? ফুড কনফার্ক্রেপ্ইরনেন?

চার মাস আগে গঠিত পূর্ব পাকিতান অক্রমার্থ লীগের সভাপতি মওলানা ভাসানী জনসভা ভেকেছেন অক্রিয়ানিটোলা ময়দানে খাদ্যসংকটের প্রতিবাদে এ জনসভা। বৃদ্ধির প্রতিবাদে এ জমায়েত।

সরকার-সমর্থক দৈনিক আক্র্যুক্তির প্রাদ্যসংকট যখন প্রায় দ্রীভূত হয়েছে, এমতাবস্থায় উজিক্লে বানা নবাবজাদা নিয়াকত আলী খানের পূর্ববন্ধ সফরে বিদ্যু সৃষ্টিই ক্লিসলের ওই জনসভার উদ্দেশ্য।

এর আগে যত্ত্বার্ক ক্রম্প্রেমী মুসলিম লীণ বা সোহরাওয়াদী-সমর্থক মুসলিম লীণ ক্রম্ক্র পাঁটোজনের চেষ্টা করেছে, পুরান ঢাকার স্থানীয় উর্দুভাষী গুল্পরৈক্র পাঁলিয়ে দেওয়া হয়েছে, কিংবা শাহ আজিজের নেতৃত্বে মুসলিম লীগাঁলুরা এসে সভামঞ্চ ভাঙচুরের চেষ্টা ঢালিয়েছে।

শেখ মুজিব এখন কারাগারের বাইরে। তিনি যখন কারাগারে ছিলেন, সে সময় আরমানিটোলা ময়দানে আয়োজিত ভাসানীর জনসভার চেয়ার-টেবিল ইত্যাদি ভেঙে ওঁড়ো ওঁড়ো করে মঞ্চে উঠে বাঁদরনাচ নেচে গেছে শাহ আজিজ। সেদিন মুজিব কারান্তরালে ছিলেন, তাই শাহ আজিজ এই স্পর্ধা দেখাতে পেরেছিল। আজ আসুক দেখি!

মুজিব আজ প্রস্তুতি নিচ্ছেন আরমানিটোলার জনসভা সফল করতে। বাধা আসবে যেখানে, লড়াই হবে সেখানে। সোহরাওয়াদী-সমর্থক মুসলিম ছাত্রলীগের কর্মীদের মুজিব আগে থেকেই প্রস্তুত থাকতে বলে দিয়েছেন। সকাল থেকেই বিপুলসংখ্যক কর্মী প্রস্তুত হয়ে আছে মঞ্চের চারনিকে। তাদের বলেছেন, হাতে পোস্টার রাধবে। পোস্টারে লেখা থাকবে, অন্ন দাও, বস্ত্র দাও, নইলে গদি ছেড়ে দাও। পোস্টারগুলো বাঁধা থাকবে গজারি কাঠের শক্ত লাঠির মাথায়। আক্রমণ এলে পোস্টারগুলো সব লাঠি হয়ে যাবে। মুজিবের চোয়াল শক্ত, বাহুর পেশি টানটান। পোপালগঞ্জের চরের লাঠিয়ালদের ঘূর্ণমান লাঠির শনশন আওয়াক্ত তাঁর মাথার মধ্যে গুপ্তরবা তুলেছে। কুস্টিয়ার মুসলিম ছাত্রলীপের সম্মেলনে শাহ আজিজকে যে মুট্ট্যাঘাতটা করেছিলেন, সেটা মনে করেন। ফরিদপুরে মুসলিম লীগের সম্মেলনে কিংবা কলকাতায় প্রাদেশিক মুসলিম লীগের সম্মেলনে কিংবা কলকাতায় প্রাদেশিক মুসলিম লীগের সম্মেলনে কহত গুডার মোকাবিলা করেছেল মুজিব। এসব গুডাদলের মনোবল বলতে কিছুই থাকে না। একবার তুমি বুক চিতিয়ে দুই বাছ্ বিভার করে কথে দাঁড়াও, 'খবরদার' বলে ছংকার হাডো, দেখবে, সব কুকুরের মতো লেজ গুটিয়ে পালাছে।

মোরা জালাল উদ্দিন এখন ছাত্রলীগের ভারপার কর্তাপতি। তিনি বিষয়টি বুঝে নিয়েছেন। আজকের জনসভা কিছুতি প্রত্তুপ করতে দেওয়া যাবে না শাহু আজিজ ও তার গুডাদুলছে তাদের রুখতে হবে।

ছাত্রলীগের কর্মীরা প্রস্তুত হও।

মন্ত্রী হামিদুল হক চৌধুরী গুরু করেছেন জ্বনসভায় আক্রমণ করার জন্য। খবর আসে। করীক জিরে আছে পুরো মাঠ।

সূর্য পশ্চিম আকাশে চার্ক বৃদ্ধিত থাকে। আর পুব দিকে নিজেদের ছারা কেলে আদতে থাকে স্মর্ক, বিক্রুক মানুব, কইভোগী মানুব, একে একে। জনসভা গুরুক্ত প্রতিষ্ঠি মারুদান লোকে ভরে যেতে লাগল। গুভারা এল দেই সময়, বৃদ্ধু আরমানিটোলা মাঠের ধারের লখা পাকুড়গাছটার ছায়া হল্দ রোদে পারা হয়ে ওরে আছে। তার নিচে এরই মধ্যে হাজার খানেক লোক উপস্থিতও হয়েছে।

গুভাদের দেখেই লাঠিতে বাধা পোস্টারগুলো হাতে নিয়ে ছাত্রকমীর দল রোগান ধরল 'গণবিরোধী লিয়াকত খান, ফিরে যাও পাকিতান'। সেই রোগানে কণ্ঠ মেলাল উপস্থিত জনতা। গুভারা দেখল, এখানে হামলা-করতে গেলে হাভিড আর মাংস আলাদা করে নিয়ে তারা বাড়ি ফিরতে পারবে না। ভারা কেটে পড়ল।

মাথায় বেতের টুপি, পরনে লুঙ্গি, গায়ে পাঞ্জাবি—ভাসানী এলেন। সঙ্গে আচকান পরা আওয়ামী মুসলিম লীগের সহসভাপতি আতাউর রহমান থান, সাধারণ সম্পাদক শামসূল হক। মুজিবুর রহমান এলেন তখনই, যেন শূন্য থেকে, জাদুকরের হাতের কারসাজিতে যেমন শূন্য থেকে বেরিয়ে আসে কবুতর, ফুলের গুচ্ছ, রঙিন ছাতা। তিনি আসলে পুলিশের চোখে খুলো দিয়ে চলেছেন। তিনি যেখানেই যান, সরকাবের বিরুদ্ধে বকুতা করতে গুরু করেন, লোক জমে যায়, তিনি মিছিল করতে গুরু করেন, পুলিশ ১৪৪ ধারা জারি করে তাঁর মিছিল প্রতিরোধ করতে যায়। তাঁর বিরুদ্ধে ১৪৪ ধারা ভঙ্গের একাধিক মামলা পড়েছে এরই মধ্যে। মুজিবুর রহমানের গায়ে শার্ট, কলারওয়ালা, দুই পকেট, পরনে পায়জামা।

সভার কাজ শুরু হলো।

শামনূদ হক, আতাউর রহমান খান ভাষণ দিলেন। কিন্তু জনতা 'শেখ মুজিব', 'শেখ মুজিব' বলে চিংকার করতে লাগল। শেখ মুজিব এরই মধ্যে প্রবল জনপ্রিয় হয়ে উঠেছেন। তিনি যেখানে ব্রবি দেখানেই ভিড় লেগে যায়। এর মধ্যেই জনতা জেনে গেছে, প্রক্রিক ভাষণ দেন চমংকার। ভাসানী বলন্দের তিক আছে, এবার শেখ মুজিবুরের ভাষণই তাইলে শোনেন।'

শেখ মুজিব বললেন, 'একজন মানুষ প্রেরকজন মানুষকে খুন করলে কী হয়? খুনির ফাঁসি হয়। এখন বিকাশ আমিন দুর্ভিক সৃষ্টি করেছেন, হাজার হাজার মানুষকে হতুন করেছেন দুর্ভিক্ষের মাধ্যমে? তাহলে তাঁর শান্তি কী হওয়া উচিত?

জনতার মধ্য থেকে চিক্রার ওঠে, 'নুরুল আমিনকে এই মাঠে এনে গুলি করা উচিত

শেখ মুজির্কেন্ট্রন, 'শোনেন নুরুল আমিন, জনতার রায়। লজ্জাশরম কিছু থাকলে এর্থনই পদত্যাগ করেন।'

জনতা চিৎকার করে ওঠে 'নুরুল আমিন গদি ছাড়ো, ভাত দাও কাপড় দাও, নইলে গদি ছেড়ে দাও'।

মুজিবের ভাষণ শেষে মওলানা আবদুল হামিদ খান ভাসানী ভাষণ দিতে শুরু করেন।

তাঁর ভাষণে বাংলার নিরন্ন মানুষের হাহাকার ধ্বনিত হতে থাকে ময়দানজুড়ে। শকুনির ছায়া দেখতে পায় প্রত্যেক মানুষ। মানুষের শোককে তিনি অচিরেই পরিণত করেন ক্ষোতে। ঘোষণা করেন, 'এবার আমরা মিছিল করে যাব গভর্নর হাউসের দিকে, লিয়াকত আলী খানকে ঘেরাও করব।' মিছিল ওরু হয়। ভাসানী, শামসূল হক, মুজিব সামনে। এরই মধ্যে ১৪৪ ধারা জারি করা হয়েছে গভর্নর হাউসের আশপাশের এলাকায়।

মিছিল নাজিরাবাজার রেলক্রসিংয়ের কাছে এলে পূলিশ কাঁদানে গ্যাস ছুড়তে শুরু করে। লাঠিচার্জ করে। মওলানা ভাসানী আর শামসুল হককে গ্রেপ্তার করে।

মুজিব জানতেন, তাঁর ওপর হুলিয়া আছে। পুলিশ যেকোনো সময় তাঁকে গ্রেপ্তার করতে পারে। তিনি মুহুর্তেই সেখান থেকে সটকে পড়েন।

রাতে যান মোগলটুলির পার্টি অফিসে। অনেকেই পুলিশের লাঠির আঘাতে মারাত্মক আহত। ডাঙার করিমকে ডেকে আনা হয়। তিনি আহতদের ব্যাঙেজ করেন। ওম্বধ দেন।

মুজিব জানেন, তাসানী প্রেপ্তার হয়েছেন। শামসূল হকও। এ অবস্থায় যুগ্ম সম্পাদকের ধরা দেওয়া চলে না।

তিনি দুজন কর্মীকে দারিত্ব দেন বাইরে সার্ক্রান্থক শজর রাখার।
পুলিশ দেখলেই তারা আওয়াজ দেবে। তোরকের দির যখন এই পরিপ্রান্ত
কর্মীদের চোখ একটু ধরে এদেছে, তখনই ক্রেরান্ত কর্মীদ্বর এদে মুজিবের শরীরে ধাক্কা মারে, 'মুজিব ভাই কর্মেন এতেন। আইয়া পড়ছে।'
দোতলার বারান্দা থেকেই পাশের বার্ডির জাদে যাওয়ার পথ তারা দেখেই রেখেছিলেন। শেখ মুজিব, আবদ্ধ পুলি, শংকত আলী, এমদনি গ্রেগুরে এড়াতে এখানে এদে আর্র্ম হিন্তা ইয়ার মোহাম্মদ সঙ্গে বাড়ির শেহনের বারান্দা থেকে বজরু সামের বাড়ির ছাদে, সেখান থেকে দেয়াল টপকে চলে যান ম্যুক্তিক্রারের দিকে।

পুলিশ বাড়িতে ক্রিসে। বাড়ি তল্পাশি করে শেখ মুজিব জার শওকতের খোঁজে। না পেয়ে তারা চলে যায়।

দিনের বেলা পুঁলিশ রিপোর্ট লেখে:

'একটা সূত্র থেকে খবর পেয়ে ১৫০ মোণলটুলির ইস্ট পাকিন্তান মুসলিম লীগ অফিস ভোর চারটা ৩০ মিনিটের দিকে তল্পাশি করা হয়। পার্টির দুজন জঙ্গি সদস্য শেখ মুজিব ও শওকত আলীকে গ্রেপ্তারের উদ্দেশ্যে এ তল্পাশি পরিচালিত হয়। তারা দীর্ঘদিন ধরে গ্রেপ্তার এড়িয়ে মাজে যদের বিরুদ্ধে ১৪৪ ধারা তরেঙ্গর মামলা আছে, সেখানে তানের পাওয়া যায়নি। কোনো কিছু জন্দও করা যায়নি।'

শেথ মূজিব আশ্রয় নেন ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি মোল্লা জালাল উদ্দিনের খাজে দেওয়ান নামের আন্তানায়। আবদুল হামিদ চৌধুরী, মোল্লা জালাল উদ্দিন আর অলি আহাদ মিলে বসেন পরবর্তী করণীয় ঠিক করতে :

সবাই মিলে সাব্যস্ত করা হয়, মুজিব লাহোরে চলে যাবেন। যাবেন লিডার সোহরাওয়াদীর কাছে। পরামর্শ করবেন। দিকনির্দেশনা আনবেন। পার্টির খরচ পরিচালনার জন্য তহবিল সংগ্রহও করতে হতে পারে।

পূর্ব বাংলার পুলিশ আর তাঁকে খুঁজে পায় না।

এর পরের রিপোর্ট আসে লাহোর পুলিশের কাছ থেকে, ওখানে শেখ মুজিব কী করছেন না করছেন, পুলিশ রিপোর্ট করতে থাকে।

দৃই মাস পশ্চিম পাকিস্তানে থেকে সেখানকার সরকারবিরোধী নেতাদের সঙ্গে দেখা করেন মুজিব। এমনকি তিনি সেখানে সংবাদ সম্মেলনও করেন পূর্ব বাংলার দুরবস্থার কথা তুলে ধরেন সাংবাদিকদের সামনে। পাকিন্তানি রাজনীতিটা বৃঝতে ওই সক্ষর তাঁকে সাহায্য করেছিক্

১৯৫০ সাল। পয়লা জানুয়ারি। শুভ নববর্ধে পর সাকিন্তানের পুলিশ একটা চমৎকার উপহার তলে দিতে পারে সরক্ষারকৈ।

কো চম্ব্ৰার জগহার ভূলে নিজে গারে সার্ক্তার শেখ মুজিব ঢাকায় গ্রেপ্তার হন।

খাজা তাঁর গানের আসরে বসে সেই বের লাভ করে খুশিতে নিজেই নাচতে থাকেন। নুরুল আমিন ব্যক্তিন পর আরাম করে ঘুমোন তাঁদের জানের দুশমন ধরা পড়েছে ⟨०⟩

আন্দোলনে ভাটা প্রেছ্ম কর্মানী, শামসুল হক, শেখ মুজিব—তিন গুরুত্বপূর্ণ নেতা জেলে এখন আন্দোলন পরিচালনা করতে পারেন সহসভাপতি আস্ট্রেম বহমান খান, যুগা সম্পাদক খন্দকার মোশতাক। তাঁরা দুজন এইটা ভাট বাঁধেন। ওকালতির জুটি। তাঁরা আটঘাট বেঁধে ওকালতি কর্মতি তরু করলেন।



BŒ.

১৯৫০-এর ঢাকা ছিল প্রধানত সদরঘাট, নবাবপুর, আরমানিটোলা, মাহতটুলি থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় পর্যন্ত বিস্তৃত। বুড়িগঙ্গা বেয়ে সদরঘাট থেকে লঞ্চ বা স্টিমার ছাড়ত, কেউ সন্ধ্যার পর সিটি বাজাত না, পাছে আহসান মঞ্জিলের নবাব পরিবারের আদমিদের ঘুমে ব্যাঘাত ঘটে।

শিল্পী আব্বাসউদ্দীন থাকতেন পাতলা খান লেনে। তারপর এসে ওঠেন পুরানা পল্টনে, ব্রিটিশ ইনফরমেশন সার্ভিসের পেছনের কানাগলিতে। কলকাতা থেকে এসে তিনি হয়েছেন পূর্ব বাংলা সরকারের প্রচার বিভাগের অতিরিক্ত সংগীত প্রচারণা কর্মকর্তা। আব্বাসউদ্দীনকে পন্টনবাসী দেখতে পায় সাইকেলের ওপরে। তাদের ধারণা হয়, তিনি সারাক্ষণ সাইকেলেই থাকেন, দুটো পায়ের অতিরিক্ত তাঁর দুটো চাকাও আছে। সারাক্ষণ ঘোরে সেটা লোকে জিজেন করে, 'কেমন আছেন?' তিনি সাইকেলের গতি প্লথ করে বলেন, 'ভালো।' এবার প্রশ্নকর্তার সম্পুরক প্রশ্ন, 'বাড়ির সবাই ভালো?' তিনি সাইকেল থামান। ক্যাচ করে শব্দ হয়। একদিকে একটা পা নামিয়ে তিনি বলেন, 'আপনি তো আচ্ছা লোক সাহের রাড়িতে আমার স্ত্রী আছে, তিন ছেলেমেয়ে আছে, একসঙ্গে সবাই ক্রাইন্স থাকবে, এমন আশা করেন কী করে?' তারপর আবার সাইত্রক্তিন প্রাডেল মারেন। প্রশ্নকর্তা তার প্রস্থানের দিকে বিমৃঢ় তাকিয়ে খচিক

আনিসুজ্জামান তখন স্কুলের ছাত্র । নাইস্কে পড়েন। কলকাতা থেকে এসেছেন '৪৭-এর পর, খুলনা হয়ে ডিব্রুমি। থাকেন শান্তিনগরে। ঘুরে বেড়ান সাহিত্য সন্মেলনে। আরুপিউন্দীনকে দেখলে সালাম দেন। বাপ রে, এত বড গায়ক!

একদিন আব্বাসউদ্ধীন স্মাইকেল থামিয়ে আনিসুজ্জামানকে বলেন, 'বুঝলে, আল্লাহ যে ক্রমজন তার চূড়ান্ত প্রমাণ পাওয়া গেছে।'
'কীভাবে?' অন্তিমুক্তীমান মাথা চুলকে জানতে চান।

'তা ছাড়া পার্ক্সিডান চলছে কী করে?' বলে সাইকেল চালিয়ে তিনি হীরামন মঞ্জিল নামের তাঁর বাড়ির দিকে চলে যান, যেখানে মাঝেমধ্যে বসে সাহিত্য আর সংগীতের আসর, কিশোর আনিস্জ্জামানও মাঝেমধ্যে সেসব আসরে উঁকিঝুঁকি মারেন।

শান্তিনগরে তখন বিদ্যুৎ ছিল না, পানির সরবরাহ ছিল না, কিন্তু শান্তি ছিল। চারদিকে গাছপালা। পাতার গন্ধ, ফুলের গন্ধ। পাখির ডাক, ঝিঝির রব . রাতে শিয়ালও ডাকে। আনিসজ্জামানের বড় ভালো লাগে।

শান্তিনগরে অশান্তির কোনো কারণ ঘটত না। কবি গোলাম মোস্তফাও থাকতেন শান্তিনগরে।

তাঁর শ্যালিকারা আসতেন সেখানে। আনিসূজ্জামানরা তখন ওই কবির

বিখ্যাত কবিতা থেকে আবন্তি করতেন, 'দেখেণ্ডনে করিলাম তালিকা, সবচেয়ে সমধর ছোট শ্যালিকা।

গোলাম মোন্তফার ছেলে মুস্তাফা মনোয়ার ওরফে মন্ট্। তিনিও পড়েন ক্লাস নাইনে। তাঁরও ছিল একখানা সাইকেল। ছবি আঁকা, গান করা আর রসিকতা করা-মন্ট্র গুণের অভাব ছিল না।

আনিসজ্জামানকে নিয়ে সাইকেলের সামনে বসিয়ে সে ঘরত পাড়াময়। তখন এক সাইকেলে দুজন ওঠা নিষিদ্ধ, পারলে পুলিশ এই অপরাধে সাইকেল আরোহীকে আটকও করতে পারে। মন্ট যথারীতি আরেকজনকে তার সাইকেলে বসিয়ে চলেছেন প্যাডেল ঠেলে, ক্রিং ক্রিং ঘণ্টি বাজিয়ে, পথে পূলিশ হাঁক ছাডল, 'দো আদমি কিঁউ?'

'আওর এক নেহি মিলা', বলে মন্ট্র অবলীলায়ু চলে গেলেন তাঁর গন্তব্যের দিকে।

সাইকেলে বাতি থাকাও তখন বাধাতায বাতি ছিল না। আরেকবার পুলিশ তাঁকে ছিত্তেস করল, 'সাইকেল মে বাত্তি নেহি হ্যায় কিঁউ?'

মন্ট্র সাইকেলের গতি দিলেন রাজিরে, আকাশে তখন জ্বজ্ব করছে চাঁদ। সেদিকে আঙুল তুলে স্ট্রু ক্রেলেন, 'আল্লাহ মিরা এতা বাতি দিয়া, সাইকেল মে বাতি জরুত্বসূর্বাক হাায়।'
কবি জসীমউদ্দীন ছিদ্দেল গায়ক আব্বাসউদ্দীনের অফিসের উধর্বতন

কৰ্মকৰ্তা ৷

তিনি শিক্ষমিরী কজনুর রহমানের বন্ধ।

क्छन्त सर्मन जाकाश अत्मरहन । मश्वाम मरमानन कत्रामन, वनामन, 'বাংলা লেখ্য হবে আরবি বর্ণমালা দিয়ে। তাহলেই সব প্রদেশের মধ্যে বিভেদ দূর হবে। আর আরবি লেখা সহজ। এই ভাষায় টাইপরাইটার আছে। সিন্ধুর ভাষা সিন্ধি, কিন্তু তার হরফ আরবি। পশ্চিম পাঞ্জাবের ভাষা উর্দ, তবে তার হরফ নাসতালিক। সীমান্ত প্রদেশ ও বেলুচিস্তানের ভাষা পশত, সেও তো বহুলাংশে আরবি। এখন ওধু বাংলা ভাষাটা যদি আরবিতে লেখা যায়, তাহলেই হয়ে যায়। কারণ, আরবি হচ্ছে হরফুল কোরআন।'

জসীমউদ্দীন সাহেবের কানে গেল এই প্রেস কনফারেন্সের কথা। তাঁকে লোকজন বলাবলি করতে লাগল, 'আপনার বন্ধ ফজলুর রহমান তো পাগল হয়ে গেছে। কী বলছে সে এসব?

জসীমউদদীন গেলেন ফজলুর রহমানের সঙ্গে দেখা করতে সরকারি অফিসে, তখন তিনি সরকারি লোকজন আর পার্টির দর্শনার্থীদের ধারা ধেরাও হয়ে আছেন। জসীমউদ্দীন বললেন, 'আমি আপনার সাথে বর্ণমালা বদলের ব্যাপারে কথা বলতে চাই।'

ফজলুর রহমান বললেন, 'আজ রাত আটটার পরে আপনি মওলা মিয়ার বাড়ি আসবেন।'

মওলা মিয়ার বাড়ি ফুলবাড়িয়ায়। রাত সাড়ে সাতটার দিকে জসীমউদুদীন ঘোড়ার গাড়িতে উঠলেন ফুলবাড়িয়া যাবেন বলে। ঘোড়ার গাড়ি চলছে। অশ্বযুরের আওয়াজ উঠছে খটখট। বাতাস বইছে মৃদুমন্দ। সেই বাতাস জসীমউদদীনের চুল উড়িয়ে নিছে।

জসীম ভাবছেন, এ আমি কার কাছে চলেছি। ফজলুর **র্ইম্ন?** সে তো এক কৌতৃহলোদ্দীপক চরিত্র। ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্কৃত্ '৪৭-এর আগে, তিনি ছিলেন সেই বিরল মানুষ্ট্রির) একজন, যাঁরা আহসান মঞ্জিলের খান্দানের বাইরে নেতৃত্বের গুপ্স দেখিয়ে অনেকেরই প্রশংসাভাজন হয়েছিলেন। ছাত্র হিসেবে ছারেট ছিলেন না বলেই হল সংসদের নির্বাচনে দাঁড়াতেন না । কার্বা 😘 সময় বিশ্ববিদ্যালয়ের হল সংসদের নির্বাচনে ছাত্ররা ভালো স্কৃতিসুরকেই ভোট দিত। নবাব না হয়েও, গ্রাম থেকে এসেও, ছাত্রছের স্পাকৃষ্ট করার ক্ষমতা দেখিয়ে ফজলুর রহমান রাজনীতিতে নতুন একটা পথের সন্ধান দিতে পেরেছিলেন। তিনি অবশ্য ওকালতিকেই প্রেশ্য হিসেবে গ্রহণ করতে গিয়েছিলেন। ওকালতি জীবনের শুরুতেই ত্রিকৈ ছুইচিট খান। সরকারি উকিলের নথি থেকে কাগজ সরাতে গিয়ে তিনি । ক্রিল তার পক্ষ থেকে ক্ষমা চান, 'একেবারে আর্মকোরা নতন উকিল, ও জানে না, কোন নথির কাগজ কোথায় রাখতে হয়। ভুল করে ফেলেছে, মাফ করে দিন। আদালত তাঁকে মাফ করে দেন, কিন্তু তাঁর ওকালতি জীবনের সেখানেই পরিসমান্তি ঘটে। অতএব, তিনি পেশা হিসেবে বেছে নেন রাজনীতিকেই। জনসমক্ষে তিনি বক্ততা করতে পারতেন না, আলাপ-আলোচনাতেও কোনো শালীনতা দেখাতে পারতেন না। কারণ, কি ইংরেজি, কি বাংলা—কোনো ভাষাই তিনি ভালোভাবে রপ্ত করতে পারেননি। তিনি একট খঁডিয়ে হাঁটতেন। যখন রাজনীতি শুরু করেন, তাঁর পকেট ছিল খালি; তাঁর ছিল না কোনো রাজনৈতিক গুরু। গ্রামের সম্পত্তি সব তাঁর ভাই আত্মসাৎ করায় তিনি ছিলেন কপর্দকহীন। বাববাজারের মেসে থাকতেন, বন্ধরা

টিফিন ক্যারিয়ারে করে তাঁর খাবার পাঠিয়ে দিত। বাবুবাজার থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত ঘোড়ার গাড়ির ভাড়া ছিল দুই আনা, সে পয়সাও তাঁর ধরচ করার সাধ্য ছিল না। তিনি তাঁর প্রতিবন্ধিতা জয় করে হেঁটে হেঁটে আসতেন। বন্ধুরা তাঁর জন্য সবকিছু করতে পারত, তিনিও পারতেন বন্ধুরে জন্য যেকোনো কিছু করতে। আর তাঁর ছিল এক অভ্তপূর্ব সাংগঠনিক দক্ষতা। ১৯৪৩ থেকে ১৯৪৭, ঢাকার মুসলিম লীপ রাজনীতিতে যে তরুপেরা সক্রিয় ছিল—শামসূল হক, আজিজ আহমেদ, খন্দকার মোশতাক, এমনকি কামরুজ্মীন আহমদ—সবাই তাঁর ভক হয়ে প্রভিত্তিল।

কিন্তু কেন্দ্রে শিক্ষামন্ত্রী হিসেবে পূর্ব বাংলার প্রতিনিধিত্ব করতে পিয়ে এই ফজপুর রহমান তো নিজের নামটা হাস্যকর করে তুলেছেনই, পুরো বাংলার নামও তিনি ভোবাবেন।

ফুলবাড়িয়া গিয়ে পাঞ্জাবির পকেট থেকে দুই বুকি সর্বাস গুনে দিলেন কবি জসীম। ঘরের ভেতরে আলো জুলতে ঘট্টালা অন্ধকার দরজা খোলা তিনি পর্না ঠেলে গলা খাঁকারি দিয়ে তেওঁরে উকি নিয়ে নেখনেন, শিক্ষাসিত ফজলে করিম আর অধ্যাপক্ষতার্মিতাক সেয়দ আলী আহসান বেতের সোফায় বনে আছেন। দুব্ধী প্রদের আগেই ভেকে এনেহেন, যাতে কবির সঙ্গে তর্কে জিততে পুর্বের। জগীমউদ্দীন মনে মনে হিসার কথলেন।

মন্ত্রী ভেতরের ঘর এইক পায়জামায় গিট দিতে দিতে প্রবেশ করলেন। কুশল বিনিময়ের বৈষ্ঠে জসীমউদদীন বললেন, 'আপনি কী করছেন? আপনি কি চার্ব, অনুস্তালিরা পশ্চিমাদের কাছে জীবনের সব ক্ষেত্রে সংগ্রামে হেরে যাক? বাজার পরিবর্তে উর্দু হরফ, আরবি হরফ—এসব কী গুনছি?'

ফজলুর রহমান সাহেব সোফায় বসে দুই পা নাচাতে নাচাতে বলদেন, 'বাঙালি জাতি সম্পর্কে আপনার দেখছি বড়ই থারাপ ধারণা! বাঙালিরা সব পারে। তারা খুব দ্রুত উর্দু বর্ণমালা শিখে নিয়ে পশ্চিমা ছাত্রদের হারায়া দিবে।'

সৈয়দ আলী আহসান বললেন, 'ঠিক, বাঙালিরা সব পারে।'

ফজলে করিম, যিনি এএই মধ্যে মন্ত্রীর আদর্শে উবুদ্ধ হয়ে হরফুল কোরআন বিষয়ে একজন স্কুল মৌলভির লেখা বইকে ইংরেজিতে অনুবাদ করে নিজের নামে প্রকাশ করেছেন, তিনি জোর গলায় মন্ত্রীর বক্তব্য সমর্থন করলেন। জসীমউদদীন বললেন, 'আপনার এই কথা আমি সমর্থন করি না। এখনই আমাদের দেশে ছাপাখানা নাই, কাগজ নাই, প্রকাশনা নাই। এর মধ্যে আমাদের অতীতকালের যেসব সাহিত্যিক তাঁদের অমর অবদান রেখে গেছেন, তা উর্দৃতে রূপান্তরের সাধ্য সরকারের নেই। উর্দৃ অক্ষর বা আরবি অক্ষর করলে আমাদের ছাত্ররা নেই সাহিত্য উপভোগ করতে পারবে না।'

ফজপুর রহমান বললেন, 'সরকার ইচ্ছা করলে কী না পারে। কামাদ পাশা অল্প দিনের মধ্যেই ত্রক্ষের বর্ণমালা বদলে দিয়েছেন।'

জসীমউদ্দীন ক্ষোভের সঙ্গে বললেন, 'কামাল পাশার মতো বড় প্রতিভা তো আমাদের দেশে নাই।'

মন্ত্রী সটান দাঁড়িয়ে গিয়ে বললেন, 'কে বলল নাই। এই দেখেন, আপনার সামনে কে দাঁড়ায়া আছে। আমিই এই ক্ষেত্র করে। দেখেন, বাংলা ভাষায় কোনো লাইনো টাইপ মেশিন নাই ক্রেইসাইটার নাই, উর্দু ভাষায় আছে। উর্দু হরফে লেখা হলে আমনী এসব মেশিনের সাহায্য পাব।'

জসীম বললেন, 'উর্দুর অনেক আক্রাঞ্জকৈ পশ্চিমবঙ্গে বাংলা লাইনো টাইপ মেশিন ও টাইপরাইটার স্মুক্ত

ফজলে করিম বললেন, 'সামুনি' ভারতের দিকে অত তাকাছেন কেন?'
সেয়দ আলী আহস্যন ছবি দাড়ি নাড়তে নাড়তে বললেন, 'এখন
আমরা আজাদ। সক্ষেত্ত আর পশ্চিমবঙ্গের দিকে তাকালে চলবে না।
সারা পৃথিবীর মুস্পিট উত্তাতার দিকে তাকাতে হবে। আরবি শিখলে সেটা
সহজেই সম্ভব ১

জনীমউন্দী প্রবালন, 'সৈয়দ আলী আহসান, তুমি কথা বলছ কেন। আমি এসেছি আমার বন্ধু ফজপুর রহমানের সঙ্গে কথা বলতে। তোমাদের সঙ্গে তো কথা বলতে আসিনি।'

সৈয়দ আলী আহসান চুপ করে গেলেন।

ফজলে করিম থামার পাত্র নন। তিনি বললেন, 'আপনি মুসলিম সভ্যতায় বিশাস করেন নাং'

জসীমউদদীন স্পষ্ট উচ্চারণে বললেন, 'মুসলিম সভ্যতা বলে কিছু আছে কি না, জানি না। তবৈ পারস্য সভ্যতা আছে, আরব সভ্যতা আছে; বাঙালি সভ্যতাও তেমনি আছে।'

গুনে ফজলে করিম আর সৈয়দ আলী আহসান হেসে উঠলেন, যেন

এইমাত্র ভারি একটা কৌতুকের কথা শ্রবণ করলেন।

ছসীম সেদিকে না তাকিয়ে ফছপুর রহমানকে বলদেন, 'আপনি উর্দু, আরবি বর্ণমালা প্রবর্তন করতে চেরে বাঙালি সন্তানদের এক চোথ কানা করে দিছেন। রবীন্দ্রনাথ থেকে শুরু করে আধুনিক কাল পর্যন্ত পশ্চিমবঙ্গে যে অপূর্ব সাহিত্য সৃষ্টি হয়েছে, তা থেকে আমাদের ছেলেমেয়েরা বঞ্চিত হবে '

ফজপুর রহমান প্রায় লাফিরে উঠলেন, 'আমিও তো তা-ই চাই। পশ্চিমবঙ্গের সাহিত্যের প্রতি যেন বাংলাদেশের ছেলেমেয়েরা আকৃষ্ট না হয় তাহলে তারা ভার বিশ্বাসঘাতক হতে পারবে না।'

জসীম বললেন, 'তাহলে আজ থেকে আমি আপনার বিরোধিতা করতে। শুরু করলাম।'

ফজলুর রহমান বললেন, 'তাহলে সেই কাজ তের্মানে একাই করতে হবে। কেউ তোমার পাশে দাঁড়াবে না।'

'যদি না দাঁড়ায়, তবে আমি একলাই দাঁজুরি র্যাদি তোর ডাক ওনে কেউ না আসে, তবে একলা চলো রে i'

জসীমউদ্দীন একাই ঘর থেকে ব্রেক্সিয়ে এলেন।

সৈয়দ আলী আহ্সান আরু ফুরুদে করিম মন্ত্রী-সন্নিধানে বসেই রউলেন।

তথন অনেক রাত। ফুর্বান্টিরা রেলত্টেশনে ট্রেন আসছে। শব্দ পাওয়া যাছে। এথন কোনো লোকার গাড়ি পাওয়া যাবে কি না সন্দেহ। জসীমউদুদীনকে থকা জনেকটা পথ যেতে হবে।

ফুলবাড়িয়া রেক্স্টেশনে গেলে রিকশা পাওয়া যাবে। তিনি সেদিকেই পা বাডালেন।

মাঘ মাস পেরিয়ে যাচ্ছে। কিন্তু এক মাঘে শীত যায় না। তরুছায়ায় ঘেরা ঢাকা শহরে ভীষণ শীত। এত ঠাড়া কেন? কামরুন্দীন সাহেব তাঁর জিন্দাবাহারের বাসায়।

শীতে তিনি ঠকঠক করে কাঁপছেন। ৩৮ বছর বয়শী এই উকিল রাজনীতিকের শরীর এতটা বুড়ো হয়নি যে তিনি শীতে কাঁপকেন।

আসলে তাঁর শরীর কাঁপছে ভয়ে, দৃশ্চিন্তায়, উত্তেজনায়।

তাঁর বাড়িতে আশ্রয় নিয়েছেন বিপরীত দিকে অবস্থিত হারমোনিয়ামের দোকানের মালিক রসিক দাসের মেয়ে আর জামাই। সকালবেলা, তখনো কুয়াশা কাটেনি পথে, তখনো সূর্য পুরোপুরি দখল নেয়নি আকাশের। এরই মধ্যে এই কাণ্ড।

কামরুদ্দীন সাহেব তাঁদের বাড়ির ভেতরে লুকিয়ে রাখলেন। পশ্চিমবঙ্গে দাঙ্গা বেধেছিল আগেই। এখন ঢাকায় লেগে গেছে

মেয়েটি শাখা-সিঁদুর পরা, তাকে কামরুদ্ধীন সাহেব জ্বিজ্ঞেস করলেন, 'তোমার বাবা এল না?'

মেয়েটি মাথায় কাপড় টেনে দিয়ে বলল, 'বাবারে কইছিলাম আইতে। বাবা কইল, আমি এইহানে এতু বছর, আমারে এই পাড়ার হকলে চিনে। আমারে কেউ মারব না, মা। তুই যা। জামাইরে লগে লইয়া যা।'

'আচ্ছা, তোমরা থাকো।' ওদের নিচডনার ঘরে বসিয়ে বাইরের লোহার শক্ত দরজাটা ঠিকমতো লাগিয়ে কামরুদ্দীন সাহেব দোতলায় উঠলেন।

এত ঠান্ডা কেন।

তিনি কাঁপছেন আর আবহাওয়াকে দুষজ্ঞে ।

গুভারা এল হইহই-রইরই করতে করতে হরিদালের বাড়িটা ঠিব
উল্টো দিকেই। তারা এসে তার দর্মস্থা মঞ্জি দিতে লাগল।

কামরুদ্দীন সাহেব জানালা দিবে ব্রেস্থতে লাগলেন, ঘটনা কী!

ওরা পেটটার ধাকা মারক পুরু ইট এনে বাড়ি মারছে দরভায়। শাবল-খুত্তি দিয়ে নানা কৃষ্যক করছে। সত্যি, দরজাটা তেঙে ফেলল যে! রসিক দাস কী কৃষ্ঠি প্রেম্বন। সে পেছনের জানালা দিয়ে মারল এক

লাফ। তারপর দেক্তিকৈ জিরু করল।

গুডারা টেইন্সি একট্ট পরেই। তারাও দৌড়াতে গুরু করদ রসিক দাদের পেছন পিছন। গুডারা দৌড়াছে। ডয়ে, উব্যেজনায়, আতঙ্কে কামরুন্দীন সাহেবের শরীর হিম হয়ে আছে।

ইশ্, রসিক দাস পড়ে গেল হোঁচট খেয়ে।

একটা গুন্তা এত্ত বড় একটা ছবি ওব পেটের মধ্যে...ও মা গো...

বীরপুরুষেরা আবার এুসে চুকল তার বাড়িতে। চুকে দেখল, মেয়েটি নেই। এত বড় শিকার হার্টছাড়া!

হায়, হায়, তারা এসে যে এই বাড়ির দরজাতেই ধাক্কা মারতে লাগল। রসিক দাসের মেয়ে আর জামাই দোতলায় এসে কামরুদীন সাহেবের পায়ে পড়ল। 'দরজা খুলবেন না, ওরা আমাদের মেরেই ফেলবে।'

গুডারা ছুরি উঁচিয়ে এ বাড়ি লক্ষ করে চেঁচাচ্ছে।

গুড়ারা রাস্তা ছাড়ছে না।

এত শীত। পৃথিবীর সব শৈত্য এসে যেন জিন্দাবাহার লেনের এই বাড়িতে আছড়ে পড়ছে। বিকল শরীর নিয়ে চুপ করে দার্মিট্ররে বইলেন কামরন্দীন।

তাঁর স্ত্রী নিজের ঘরে পুকিয়ে রেখেছেন ওই মেয়ে আর তার বরকে। ঘণ্টা খানেক পরে গুন্তারা চলে গেল। আবার আসবে না তো!

গেছে, দরজায় আবার ধাকা।

আরও খানিক পরে, তখন সূর্য আরেকটু তেজি হয়েছে, কুয়াশা খানিকটা কেটে পেছে, দরজায় আবার ধারা।

উফ! এইভাবে বাঁচতে পারা যায়!

কামরুন্দীন জানালার কাছে এসে উঁকি দিলেন। অনি আহাদ। তাড়াতাড়ি গেট খুলে তাঁকে ভেতরে আনলেন ক্ষেত্রন্দীন সাহেব

অদি আহাদ বললেন, 'দেখেছেন, কী পরিস্থিতি উর্জা বেধে গেছে।
চলেন পার্টি অফিলে। আমাদের কর্তব্য টিক অরহত হবে। আলোচনা
করতে হবে।'

কামরুদ্দীন বললেন, 'আমার প্রথম কছুরাটা কী, আমি জানি।'

'আমার যরে একটা হিন্দু ক্ষেত্র প্রার তার জামাই আগ্রয় নিয়েছে। ওর বাবা রসিক দাসকে একটু অথের গুভারা খুন করেছে। ওকে আগে আমি নিরাপদ আগ্রয়ে পাঠাব অর্থরিপর অন্য কাজ। আপনি এক কাজ করেন পার্টি অফিস থেকে ক্রেকেজন ছেলেকে পাঠান। খুব বিশ্বত ছেলে হতে হবে। আমি কাল্যে ওদের নিরাপদ স্থানে সরাব। সৃত্তাপুরের দিকে হিন্দুপাড়ায়।'

অলি আহাদ চলে গেলেন। কিছুক্ষণ পরে এল কয়েকজন যুবক তারা বলল, তাদের অলি আহাদ পাঠিয়েছেন।

কামকন্দীন তাঁর বাড়ির দেয়ালের পেছনের দিকটা ভাঙতে লাগলেন যুবকদের সহায়তায়। তারপর একটা ফোকর বেরোলে সেই পথে রসিক দাসের মেয়ে আর জামাতা যুবকদের প্রহরায় বিদায় নিল।

কামরুদ্দীন সাহেব সেদিন আর পার্টি অফিসে যাওয়ার সাহসই পেলেন না

সন্ধ্যায় এলেন তাজউদ্দীন সাহেব।

২৫ বছর বয়সী এই যুবকের বোধ করি শীত লাগে না। বিকেলের দিক

থেকে একটু একটু বৃষ্টি হচ্ছে আর সঙ্গে বইছে ঝোড়ো বাতাস। কামরুদ্দীন সাহেব পায়ে মোজা পরে লেপের নিচে ঢুকেও শরীর থেকে শীত তাড়াতে পারছেন না। এর মধ্যে শীতকালের বৃষ্টি মাধায় নিয়ে ডাঙ্কউদ্দীন এলেন।

'কী করেছেন?' একটা গামছা এগিয়ে দিতে দিতে বললেন কামরুদ্দীন,

'এমন দুর্যোগের দিনে একা একা এলেন…'

'শহর দেখতে বেরিয়েছিলাম কামরুদ্ধীন সাহেব। মনটা খুব খারাপ নবাবপুর, সদরঘাট, পাটুয়াটুলী, ইসলামপুর, সিদ্দিকবাজার, ইংলিপ রোড, চকবাজার—সব যুরে ঘুরে এলাম। স্বখানে ধ্বংসের চিহ্ন। আগুন জ্বলন্থে ইন্দুদের দোকানপাটে। রাভার ধারে লাশ পড়ে আছে।'

'পুলিশ নাই? ১৪৪ ধারা না জারি করা হয়েছিল দিনের বেলা?'

'বিহারি পুলিশরা আরও উৎসাহ দিচ্ছে। যারা এসব করছে, তারা সবাই মুহান্তের। থাকার জারণা নেই। হিন্দু তাড়িরে আউয়র দখল করতে চাচ্ছে। আর পেছন থেকে উসকানি দিচ্ছে মুসাকুর্ম লীগের বদমাশ নেতাগুলা।'

'কিন্তু বাঙালি মুসলমানরা কেউ প্রক্রিবাদু করছে নাং'

'না, বাঙালিরা চুপচাপ দেখকে তাজউদ্দীন মাথা মুছতে মুছতে বললেন, 'রেডিওটা অন করুন, বুজু তাল খনি।'

রেডিওতে বলা হচ্ছে, কুর্নুন্তিউ জারি করা হয়েছে। কারফিউয়ের মেয়াদও বাড়ানো হঙ্গেন বিক্লকন পাঁচটা থেকে সকাল আটটা পর্যন্ত সেনাবাহিনী মোতারেব ক্লিব হয়েছে।

কামরুদ্দীন বৃহি জার শার্ট এনে দিলেন তাজউদ্দীনকে। ভেজা কাপড় ছেড়ে সেসব সিরে নিলেন তাজউদ্দীন। আজ রাতে আর হলে ফেরা হবে না।

'অলি আহাদ এসেছিলেন। পার্টি অফিসে ডেকেছিল শান্তির পক্ষে কিছু একটা করা যায় কি না। আজ আমার এখানেই যা ঘটেছে, তারপর...' সবিত্তারে ঘটনা বর্ণনা করলেন কামকন্দীন আহমদ। বললেন, 'আমার তো ভয় করছে, গুভারা না এবার আমাকেই আক্রমণ করে বসে। আপনি রাভটা থাকেন। কিছুটা সাহস পাই। খুব ঠাভা পড়েছে তাঙ্গউন্দীন সাহেব। খুব ঠাভা!'

তাজউদ্দীন পরের দিব্ধ হলে ফিরলেন সকাল সকাল। তারপর গেলেন বিশ্ববিদ্যালয়ে। ক্লাস হলো না। শান্তি রক্ষার পক্ষে একটা সভা হলো। তাতে ছেলেমেয়ে খুব বেশি উপস্থিত হলো না। তাজউদ্দীন হতাশা বোধ করলেন। মানুষ মানুষের পালে এসে দাঁড়াবে না বিপদে দুর্যোগে দুর্বিপাকে?



86.

জয়নুল আবেদিন বিয়ে করতে যাবেন। বরযাত্রা করবে সাংবাদিক লেখক আবু জাফর শামসুদ্দীনের কলতাবাজারের বাসা থেকে।

জয়নুল ময়মনসিংহের ব্রহ্মপুত্রপারের ছেলে। ব্যব্ধ ছুলিশ বিভাগের নিম্নপদস্থ কর্মচারী। নরমাল স্কুলের কাছে তাঁর নিজের বাড়ি, ওপরে টেউটিন, পাশে তরজার বেড়া। কায়ক্লেশে সংসাধ চলে, কারণ বৃদ্ধ পিতা অবসর নিয়েছেন।

তিনি আসতে পারবেন না বিয়েতে বিশ্বকৃতী আবু জাফর শামসুদ্দীনই।

তখন তাঁর বয়স ৪০-এর মতো জয়নুলের বয়স ৩৬।

জয়নুলের পারজামা-পাঞ্চাতি নেই। টুপিও নেই। আচকানের তো প্রশ্নই আসে না। আবু অফুর্মির তাকে পারজামা-পাঞ্চাবি ধার দিলেন।

পাত্রী পড়ে ক্লার্স ট্রেস

পাত্র দ্রায়িংয়ের ক্রিক্র । সরকারি হাইস্কুলে ছবি আঁকা শেখান।

তিনি ছিলেন \ঠালকাতা আট স্কুলের খ্যাতিমান শিকক। সর্বভারতীয়
চিত্র প্রদর্শনীতে অংশ নিয়ে পেয়েছিলেন সোনার মেডেল। ১৯৪৩-এর
মন্বভরের ছবি এঁকে কলকাতা তো কলকাতা, পৃথিবীরই টনক দিয়েছিলেন
নিড়য়ে। '৫০-এর সেই কুখ্যাত দূর্ভিক্ষের ছবি এঁকেছিলেন মোটা তুলির
ফুল্ড টানে, পথের ধারে পড়ে থাকা নিরর কল্পানার নারী-পুরুষ আর
কাক তাঁর তুলিতে মূর্ভ করে তুলেছিল এই মানবিক বিপর্যয়কে, জাগিয়ে
দিয়েছিল মূ্ট্ বিবেককেও।

এখন সেই আলোড়ন সৃষ্টিকারী শিল্পী ঢাকায় পরিণত হয়েছেন গরিব এক স্কুলশিক্ষকে। কিন্তু তাতে তাঁর মুখের হাসি এতটুকুন দ্রান হয়নি। হাসিমুখে রুমাল চাপিয়ে ভিনি চললেন বিয়ে করবেন বলে। স্বন্ধনাইন, বন্ধুবান্ধবহীনভাবে। তবু আকবর বাদশার সঙ্গে তাঁর কোনো তফাত নেই যেন।

আবদুল হাদি লেনে তাঁর শ্বন্তরবাড়ি। সেখানেই বিয়ে পড়ানো হবে যোড়ার গাড়ি ভাকা হলো। বর জয়নুল ও বরযাত্রী আবু জাফরকে নিয়ে গাড়ি চলতে শুরু করল।



89.

'ভ্ৰুব, আপনে আসাম গেলেন, ওই সব দিনের ক্রিএকটু করেন না?' শেখ মুজিব তাঁর চোখ মূছতে মুছতে প্রশ্ন করেছ। মুজিবের চোখ সমস্যা করছে। চোখ দিয়ে অবিরাম পানি পদ্মছে

মওলানা ভাসানী, বয়স ৬৫ কি বুঠ সাধায় বেতের টুপি, ভোবড়ানো গালে লন্ধা সাদা দাড়ি, পরনে সুষ্টি স্বাসেন। 'মজিবর, সেই সব দিনের কথা জনবার চাওগ'

'জি, বলেন।'

কারাগারের ভেত্রব টুর্নরী বনে আছেন মওলানা আবদুল হামিদ খান ভাসানীর ঘরে। কেন্দ্রীগ কারাগারের দোতলায় আপ্রয় পেয়েছেন এই বন্দী নিচে ক্রিক্টা কন্দ্রে থাকেন শেখ মুজিব, আরেকটায় কমিউনিস্ট নেতা হাজী দার্সেশ।

শেখ মুজিব আওয়ামী মুসলিম লীগের যুগ্ম সম্পাদক ভাসানী সভাপতি। দুজনের ঘনিষ্ঠতা বাড়ে কারাগারে।

ভাসানীর জন্ম ঠিক কবে, কে জানে, হরতো ১৮৮০ থেকে ১৮৮৫ সালের কোনো এক সময়। শৈশবে মা মারা যান। তারপর নানা ঘাটের পানি থেরছেন। পড়াশোনা করেছেন দেওবন্দ মাদ্রাসায়। সিরাজগঞ্জের ছেলে আবদুল প্রাদ্ধ কলকাতা, পাঁচবিবি, টাঙ্গাইল নানা জারগায় ঠাই পাড়েন। চরমপন্থী দলেরক্লীকে যুক্ত থাকেন কিছুদিন। কিছুদিন টাঙ্গাইলের কার্পমারীতে প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকতা করেন। কংগ্রেনে যোগ দেন। জমিদারদের বিরুদ্ধে আন্দোলন করতে পিয়ে বাংলা থেকে বহিষ্কৃত হন।

আসামে গিয়ে আপ্রায় নেন। সব সময়ই পীর-ফকিরে আস্থা ছিল। আসামেও গিয়েছিলেন পীরের মুরিদ হিসেবেই। মুজিব তাঁর কাছে জানতে চান সেই সময়ের কথা।

তনবা মিয়া? পথের ধারে বাঘ ওইয়া থাকে। দিনের বেলাও হাতে হাতিয়ার নিয়া পথ চইলতে হয়। অস্ত্রশন্ত্র নিয়া আগুনের বোদণা জ্বালায়া তারপর না রাইতে বাইর হইতে হয়। সাপের কামুডে দিনিক মানুষ মরে। মাণা একেকটা এত বড়—মশার পারে সূতা বাইন্দা রাখতে পারবা চড়াই পাথির মতন। ডেসুজুর, কালাজুর, মাানেরিয়া—সন্ব জুরই ওই দেশে আসন রাজা। মরণ-বাঁচন কোনো ঠিকঠিকানা নাই। রাইতের বেলা পাহাড় থাইকা মহিষ নামে, হরিণ নামে, হাতি নামে। খেতের ফসল ব্যাবাক সাফ কইরা ফেলায়। যতির পায়ের নিচে ঘরদুয়ার ভাইতা তহনছ হয়। একেকটা জৌকের সাইজ ধরো আধা হাত। রক্ত ফুইমান্তুম তিন পোয়া। বিরান পাথার। পাচ-সাত মাইল পরপর বসতি

হাজী দানেশ এসে এই আড্ডায় বেছি দৈন

মওলানা ভাসানী বলে চলেনু প্রদায়ে পরথম আসছিলাম কোনো রাজনীতি করতে না, সামালিক বিদ্যান লইয়াও না। পীরের সাথে তালেবে এলেম হইয়া আসছিলাম প্রিরের বোঁচকা-বুচকি বওয়া, ফুট-ফরমাশ খাটা, আর প্যাটটা কর্মাণ পরিয়াত-জিয়াফত খাওয়া—এই আছিল কাম। পীর ভাইদের খব্দি প্রিকাশ দেখলাম, আখেরাতের সুখ বছত দূর ইহকালের দেক্তিই স্থালা বড়ই নজদিক। রোজ দোজথের জ্বালা। লাইন প্রথা আর বঙ্গান্ধ প্রদায় হাজার হাজার বনি আদমের ঘর-সংসার ছারখার হইয়া যাইতেছে। তাই আমার নজর পরকালের তরিকার চায়া ইহকালের বাঁইচা থাকার উপরেই পড়ল বেশি। লাইন প্রথার বিরুদ্ধে আন্দোলন করলাম। বিঙ্গাল খেদার বিরুদ্ধে আন্দোলন করলাম। বঙ্গালা বাদ্ধার বিরুদ্ধে আন্দোলন করলাম। বঙ্গালা বাদ্ধার বিরুদ্ধে ভাসানে ণিয়া ভাষণ দিছিলাম, আসামের বোক আমার নাম দিল মওলানা ভাসানী। '

এরই মধ্যে হাজী দানেশের সঙ্গে মওলানা ভাসানীর খুব থাতির হয়েছে।

হাজী দানেশ কমিউনিস্ট, আর ভাসানী গরিব মানুষ ভূমিহীন মানুষের মুক্তির স্বপ্ন দেখেন। যদিও ইসলামের প্রতি তাঁর আস্থা অগাধ পীর হিসেবে গ্রামেগঞ্জে মানুষকে পানি-পড়া দেন।

ভাসানী বলেন, 'হান্ডী সাহেব, এইবার ছাড়া পাইলে আমরা একসাথে রাজনীতি করুম।'

হাজী দানেশ বলেন, 'মওলানা সাহেব, আপনার সাথে আমাদের মিলবে না। আমরা তো আসলে সশস্ত্র সংগ্রামে বিশ্বাস করি।'

মওলানা ভাসানী বলেন, 'আমরা ইলেকশনে সব কিয়ান মজুর গরিব মানুষরে নমিনেশন দিব। ভাইলে ভো অ্যাসেম্বলিতে গরিব মানুষই আইন বানাইব।'

'আপনি তো কৃষক শ্রমিক প্রতিনিধি পাঠিয়ে আইন পাস করলেন। কিন্তু এক্সকিউশন করবে কে? সব আমলাই তো একই রকম।'

ভাসানী বলেন, 'তাইলে কি আমগোরেও সশস্ত্র স্থাইন নিতে হইবং মজিবর কী কওং'

শেখ মুজিব বলেন, 'আপনি যা বলেন, হ্রুড়িট আপনি হইলেন আমাদের পার্টির সভাপতি।'

'না, আমি একলা সিদ্ধান্ত দিব নাকি 📈

এরপর তাঁরা পরিকল্পনা করেন ক্রিউবি সশস্ত্র সংগ্রাম করা যায় খাজা-লিয়াকত মুসলিম সরকারেক্স বিক্রম্পন। তাঁরা নানা স্বপ্ন বুনে চলেন

তাঁদের পার্টির সদর দগুরু হুর্তি মধুপুরের জঙ্গলে। ওখানেই অস্তের প্রশিক্ষণ হবে। শেখ মুক্তিরেষ্ট্র কুর্ক গরম হয়ে ওঠে।

চীনে কমিউনিস্ট শুষ্টির বর্তুন সরকার গঠিত হয়েছে। তাদের সামনে একমাত্র বাধা ক্রেমিকটাং বাহিনী। একদিন ভাসানী খবর পেলেন, কুওমিনভাং ব্যক্তিশ পরাজিত হয়েছে। তিনি তাড়াভাড়ি হাজী দানেশকে ডেকে নিলেন ক্লোতদায়। তাঁর মুখে হাসি। 'হাজী সাহেব, কমিউনিজম তো আইসা পেল। বাড়ির পাশে চীন পর্যন্ত আইছে।'

হাজী দানেশের মুখেও হাসি। তিনি বললেন, 'তাহলে তো আপনার দাঙি কামাতে হবে।'

ভাসানী সঙ্গে সঙ্গে বললেন, 'কামাইতে হুইলে হুইব। মানুষ তো খাইতে পারব। পরতে পারীব। হাজী সাহেব, গুনেন, আমার ইসলাম যদি সত্য হয়, তাইলে হাজারটা কমিউনিস্টও ইসলামরে ঠেকায়া রাখতে পারব না।'



শেখ মুজিব চিঠি লিখতে বসেছেন। ফরিদপুর কারাগারে এখন তিনি। কনকনে শীত পড়েছে। ১৯৫০-এর ডিসেম্বর। সূর্যের আলো যেন কারাগারে ঢুকতেই পারছে না। কুয়াশাও খুব বেশি।

মুজিব জেলখানায় উবু হয়ে বলে চিঠি লিখছেন তাঁর নেতা সোহরাওয়াদীকে।

এর মধ্যে একটা মামলায় তাঁর তিন মাঙ্গের ক্রারাসের শান্তি হয়েছিল। সেই শান্তির মেয়াদ দিন দশ আগ্নে পৌক্তরাও গেছে। তাঁকে মুক্তি দেওয়া হরনি। বরং গোপালগঞ্জেঞ্চ **আ**র্রেকটা মামলার জন্য গোপালগঞ্জে নিয়ে যাওয়া হয়েছিল।

গোপালগঞ্জে তাঁর সঙ্গে দেখা কুরুই প্রিমেছিলেন রেনু ; আববা তো ছিলেনই। আর ছিল তাঁর দুই কেলেনেয়ে, তিন বছরের হাসু আর এক বছরের কামাল। টুলিপাড়া কেকেন্টেনীকায় এসেছিল তারা। গোপালগঞ্জে তাদের বাসা, আদালভূপাড়াড়েই।

আদালতেই মাকে পি্রাপেন মুজিব। মা তাঁর মাথায় হাতও দিলেন। রেনু ছেলেমেট্রে পুর্ষ্টাকে টেনে আনলেন তাদের বাবার কাছে হাসিনা তাঁকে যেন ৰ্জ্জ সিচ্ছৈ। তিনি বললেন, 'কী রে হাসু, কাছে আয়।'

হাসিনা কাঠেছ এল। 'মাশাল্লাহ মা, বড় হয়ে গেছ। চুলও তো অনেক লম্বা হলো।'

হাসু বলল, 'আরও বড় হতো। মা কেটে দিছল!'

কামালকে এক কোলে আর হাসুকে আরেক কোলে নিলেন মুজিব। ঠিকমতো কথা কি আর বলা যায় কারও সঙ্গে?

তাঁকে দেখতে ভিড় হয়ে গেছে পুরো গোপালগঞ্জের আদালতপাড়ায়। পুরো গোপালগঞ্জই যেন ভেঙে পড়ছে তাঁকে দেখতে।

পুলিশ কী করবে বুঝে উঠতে পারে না।

ভিড়ের মধ্যে আর রেনুর সঙ্গে ভালো করে কথা হলো না। মুজিব বললেন, 'রেনু, শব্দ্র থেকো। আমি তো এই জালিম সরকারের বিরুদ্ধে লড়াই চালায়াই যাব।

বেনু চোখ তুলে বললেন, 'আমি শক্তই আছি। তুমি তোমার শরীর-স্বাস্থ্যের দিকে খেয়াল রাইখো।'

এরই মধ্যে পুলিশের বাঁশি। তাঁর আওয়ামী মুসলিম লীগের থানা কমিটি, মহকুমা কমিটি, ইউনিয়ন কমিটি—সব চলে আসতে চাইছে তাঁকে . দেখতে।

এই অবস্থায় শুনানিই বা হবে কী করে। সরকারি উকিল বললেন, তাঁরা প্রস্তুত নন আজ। তারিখ পেছানো হোক। তারিখ পেছানো হয়েছে।

গোপালগঞ্জ উপকারাগারে স্থানসংকুলান হবে না। তাই তাঁকে নিয়ে আসা হয়েছে ফরিদপুর কারাগারে।

মুজিব লিখে চলেছেন, ইংরেজিতে :

শেখ মুজিবুর রহমান নিরাপত্তাবন্দী, জেলা কারাগার, ফরিদপুর, পুর্ব বাংলা। ২১/১২/ ৫০

এই পর্যন্ত লিখে মৃদ্ধির পূর্ব বাংলা' শব্দ দুটোর দিকে তাকিয়ে রইলেন। বাংলা শব্দটা পর্যক্ষেত তার বৃকটা ভরে ওঠে। তিনি কখনো পূর্ব পাকিতান কথাটা বুক্লিক না, লেখেনও না।

জনাব সোহর্বাপ্রসূপী সাহেব,

আপনার প্রক্তি আমার সালাম। জেনে খুলি হয়েছি যে খণ্ডলানা সাহেব কারাগার থেকে ছাড়া পেয়েছেন। তিনি উচ্চ রক্তচাপ আর হুদ্রেগে ছুগছিলেন। গত নভেম্বরে আমাকে ঢাকা কেন্দ্রীয় কারাগার থেকে হাজিরা নেওম র জন্যে গোপালগঞ্জে নিয়ে যাওয়া হয়েছে। কারণ, গোপালগঞ্জে নিয়ে যাওয়া হয়েছে। কারণ, গোপালগঞ্জের আবার ফরিদপুর জেলে আনা হয়েছে। কারণ, গোপালগঞ্জের আদালতে সব হাজিরা দিত্রত যেতে হয় ফরিদপুর কারাগার থেকে ফরিদপুর থেকে গোপালগঞ্জ একবার যেতেই ৬০ ঘন্টা লেগে যায়। যে পথ আর যে বাহনে যেতে হয়, তা যারগরনাই ক্লাভিকর। আমি জানি না এই মামলা কত দিন চলবে। যা-ই হোক না কেন, আমি এসবকে পারা

দিই না। জনাব আবদুস সালাম খান আমাকে দেখতে ছরিদপুর কারাগারে
এসেছিলেন। তিনি আমার হেবিয়াস করপাস মামলা পরিচালনা করবেন
হাইকোর্টে। গোপালগঞ্জের মামলায় সালাম সাহেবও একজন আসামি।
এটা পাকিস্তানের ইতিহাসে একমাত্র ঘটনা, যেখানে পুলিশ মসজিদেব
মধ্যে চুকে জনতাকে ছত্রভঙ্গ করার জন্য পিটিয়েছিল। দয় করে আমাব
জন্য ভাববেন না। আমি জানি, যারা মহৎ লক্ষ্য অর্জনের জন্য মরণকেই
বেছে নেয়, তাদের কেউ পরাজিত করতে পারে না। বড় জিনিস অর্জিত
হয় বড় আত্মতাগের মধ্য দিয়ে। আল্লাহ যেকোনো কারও চেয়ে বেশি
ক্ষমতাবান, আর আমি তাঁর কাছেই কেবল নায়বিচার চাই।

এই পর্যন্ত লিখে মুজিব একটু থামেন। এই কথাগুলো কেবল কথার কথা নয়। এগুলো তাঁর মনের কথা। তিনি সত্যি বিশ্বাস করেন, নিজের জীবনটাকে তিনি দেশের জন্য, দেশের মানুষ্কের আদর্শের জন্য বিলিয়ে দিতে পারেন। মরতে তিনি তয় পার্কি আর এ-ও বিশ্বাস করেন, মহৎ পার্মেন জন্য যে মুখিত গুল্বত, তার বিজয়ও অবশাদ্বাবী।

একদিন বিজয়ী হবেন তিনি, জার বিজয় মানে তাঁর একার বিজয় নয়, সবাইকে নিয়ে, পূর্ব বাংলার সুবাব ডিজয়, কী এক স্বপ্নদৃশ্য তাঁর চোখের সামনে ভেলে ওঠে। সেনা ও ঠিক কী, তিনি ধরতে পারেন না। একধরনের তালো লাখাম জার হৃদয় আচ্ছম হয়। চোখের কোণে জল আসে।

তিনি চশমা (বার্কিন। সোনালি ফ্রেমের চশমা। ফুলহাতা শার্টটা দিয়ে চোথের জল ফ্রান্টেন।

আবার জিনি লিখতে থাকেন :

আপনার দিনকাল কেমন যাচ্ছে? আমি অনুভব করতে পারি, আপনি খুবই ব্যন্ত। দয়া করে মওলানা নিয়াজি, জনাব গোলাম মোহাম্মন খান, মওয়াবজ্ঞানা জুলফিকার আর আমার অন্য বন্ধুদের সালাম জানাবেন আমি সব সময়ই তাদের ভালোবাসা ও মেহের কথা স্মরণ করি। তাঁদের কবেন, যদি আবার কখনো সুযোগ পাই, আমি অবশ্যই তাঁদের সঙ্গে দেখা করতে লাহোর যাব।

গত অক্টোবরে যথন আপনার সঙ্গে আমার ঢাকা কেন্দ্রীয কারাগারের ফটকে দেখা হয়েছিল, আপনি দয়া করে কথা দিয়েছিলেন, আমার জন্য কিছু বই পাঠাবেন। আমি এখন পর্যন্ত কোনো বই পাই নাই। আপনার ভূলে গেলে চলবে না যে আমি একা আর বইপুত্তকই হচ্ছে আমার একমাত্র সঙ্গী। যা-ই হোক, আমার দিন চলে থাছে। দন্ধা করে শরীরের প্রতি যত্ন নেবেন।

ইতি আপনার স্নেহের মৃজিবুর

তিনি এই চিঠিটা ডাকে ফেলার জন্য জেল কর্তৃপক্ষকে দিলেন।

তাকে না জানিয়ে কারা কর্তৃপক্ষ সেটা গোয়েন্দাদের হাতে দিয়ে দিল, আর চিঠিটা চিরদিনের জন্য বাজেয়াও হয়ে গেল।

মুজিবের শরীরটা ভালো নয়। কাশির গমক উঠছে। বুকে মনে হয় ইনফেকশন হয়েছে। একবার ফরিদপুর থেকে গোণালগঞ্জ যেতে লাগে ৬০ ঘটা। আড়াই দিন। ফিরতে লাগে আরও আড়াই দির।

মুজিব এরই মধ্যে পূর্ব বাংলার ইন্টেলিজেন ব্রাপ্তের ১৯ টি ইন্সপেটর জেনারেলকে চিঠি লিখেছেন। বলেছেন, 'আমুদ্ধি উঠি আর আমার মামলাটার প্রতি সুবিচার করতে হলে একটা নিজু কর্মন—শান্তির মেয়াদ ঘেনিন শেষ হবে, মানে ১৯৫০ সালের ১৯ ডিমুম্বর, দেনিন আমাকে হর্মাদি দিন। মুজি যদি দেওয়া না যার প্রকাশ আমাকে গোপালগঞ্জ থানা চতুরেই আটক করে রাখুন। এই পুরুষ্টি বিকল্পের একটাও যদি সম্ভব না হয়, তাহলে আমাকে খুলনা সম্ভব্ধে বিরশাল জ্বেলে পাঠিয়ে নিন, যেখান থেকে গোপালগঞ্জ যাওয়া, ক্ষমেটা সহজ্বর।

এই তিনটা বিকল্পের (ছিব্ নম্বরটা সরকারের পছন্দ হয়েছে। মুজিবকে

খুলনা কারাগারে প্রাঠিষ্টের দৈওয়া হয়েছে।

খুলনা কারাগান্ত ঐজিবের সঙ্গে কথা বলতে আমেন গোরেন্দা বাহিনীর এক সদস্য।

তিনি তাঁকে বলেন, 'শেখ সাহেব, আপনাকে আমরা মুক্তি দেব। আপনার পরীরটা তালো না। বুকে কফ জমে গেছে দেখতে পাছি। কাশি দিছেন। আপনি কেন কট করছেন। আপনি এক কাজ করেন। এই কাগজটাতে একটা সাইন করেন। তার পরই আপনার মুক্তির বাবহা করা হচ্ছে।'

মুজিবের মুখ কঠিন হক্ষে যায়। তিনি একটা তাচ্ছিল্যের হাসি হেসে বলেন, 'এই কাগজটা কী, আমি জানি। এটা একটা মূচলেকা। আমি আর কোনো দিনও পাকিস্তানের রাষ্ট্রবিরোধী কার্যকলাপে অংশগ্রহণ করিব না। শোনেন সাহেব, আমার নাম শেখ মুজিবুর রহমান। বন্ড দিয়ে আমি শেখ মুজিবুর রহমান নুরুল আমিনের কাছে মুক্তি চাই না। বন্ডে সাইন করতে রাজি হলে তো আমাকে ঢাকা ইউনিভার্সিটি থেকেই বার করে দিতে পারত না। বন্ডে সাইন করতে রাজি হলে আমি অনেক আগেই ছাড়া পেতাম।'

'না, মানে শেখ সাহেব। সবাই তো বতে সাইন করেই মুক্তি পাছে। আপনি একা কেন কষ্ট করবেন। মওলানা ভাসানী সাহেব বাইরে, শামসুল হক সাহেব বাইরে।'

'আমি জানি। ভাসানী মওলানা বন্ডে সাইন করে মুক্তি নেবেন, এটা আমি কন্ধনাও করি না। আমিও বন্ড দিব না। শোনেন। আমি মৃত্যুর জম্য প্রস্তুত আমাকে ডিটেনশন দিয়ে যদি মেরেও ফেলেন, তবু আমি বন্ড দিরে মুক্তিন জন্য সংগ্রাম করছি। কোন মানুষ, পূর্ব বাংলার গরিব মেহনতি মানুষ। যাদের ত্যাগের মধ্য দিয়ে এই পাকিন্তান সম্ভব হয়েছে।

'শোনেন, এই পাকিন্তানের জন্য পূর্ব বাংজার স্থিত্ব সংগ্রাম করেছে।
তারা ভোট দিয়েছে বলে মুসলিম ক্ষিপ এই পাগরিষ্ঠাতা পেয়েছিল
ইলেকশনে। সেই ইলেকশনে আমি শুরুও বর্ত্তিবাম করেছি। আমার নেতা
সোহরাওয়াদী সাহেব করেছেন। স্তিক্তির্দা ভাসানী না থাকলে সিলেটে
জিততে পারতাম আমরা। পূর্ব ব্যালার গরিব-দুঃবী মানুষ পাকিন্তান
এনেছে, আর অযোগ্য মুসন্তিষ্ঠাতী সরকার এই গরিব মানুষকে অবর্ণনীয়
দুঃখ-কটের মধ্যে ঠেনু- বিষ্টাইছে। আমি সেই গরিব মানুষকে মুখে হাসি
ফোটানোর জন্য সুংখ্যান্তির ছি।

'আর সংবিধারে শ্রীপিক নীতি কমিটির রিপোর্ট যেটা জমা দেওয়া হয়েছে এটা ক্টিপ্রেটা তো পশ্চিম পাকিস্তানের কর্তাব্যক্তিরা বাংলাকে তাদের কলোর্ন্স বানাতে চায়। এটা আমরা মানব না।

'পাঞ্জাবে নির্বাচন হচ্ছে। ওই নির্বাচনে মুসলিম লীগ অন্ধ মার্জিনে জিতে যাবে। কিন্তু সাহস থাকে তো বাংলায় নির্বাচন দিতে বলেন আমরা আওয়ামী মুসলিম লীগ একতরফাভাবে জিতে যাব। মুসলিম লীগের ভরাডুবি হবে। আলৌ যদি পূর্ব বাংলায় নির্বাচন হয়।

'যান, আপনার নুরুল আমিন খাজাকে বলে দেন মুজিবুর রহমান এই সব কথা বলেছে। লিখে দেন। আর ওই বন্ডের কাগজ আমার চোথের ত্রিসীমানাতেও আনার চেষ্টা করবেন না। যান।'

গোরেন্দা সদস্যাটি, যাঁর বয়স ৪০-এর কোঠায়, চুল ছোট করে ছাঁটা, গাল বসানো, মুজিবকে বললেন, 'আগনি কি বুঝছেন আপনার এই সব কথা আমাকে লিখে ওপরওয়ালাকে জ্বানাতে হবে।'

'বললাম তো, নুরুল আমিনকে জানান। খাজাকে জানান। অন্যায় করে, অত্যাচার করে আওয়ামী লীগের হাজার হাজার কর্মীর ওপরে অত্যাচার করে তারা গদিতে থাকতে পারবে না। বাংলার মানুষের মুক্তি আমি আদায় করে ছাডব ইনশাআল্লাহ।'

গোয়েন্দা সদস্যটি বিদায় নিয়ে চলে যান। তাড়াতাড়ি নিজের অফিসে নিয়ে বসেন। ভূলে যাওয়ার আপেই পুরো আলোচনাটা তাঁকে লিখে ফেলতে হবে। তিনি লিখতে জ্বন্ধ করেন, 'আই ইন্টারভিউড দ্যানিকতিরিটি প্রিজ্ঞান শেখ মুজিবুর রহমান ইন খুলনা জেইল অন ২২-২-৫১।' তিনি পুরো কথোপকখনের একটা সংক্ষিত্ত কিন্তু স্পষ্ট বর্ণনা লেখন ক্ষতার সঙ্গে। তাঁর রিপোটের শেষ দুটো লাইন হলো, 'হি ওয়ান্ধ নট উইলিং টু এক্সিকিউট অ্যানি বহু ফর বিজের বিজ্ঞান ক্রিক্টা অ্যানি বহু ফর বিজ্ঞান বিজ্ঞান ক্রিক। তাঁর বিজ্ঞান বিজ্ঞান ক্রিক। তাঁর বিজ্ঞান বিজ্ঞান ক্রিক। বিজ্ঞান বিজ্ঞান

উড কজ হিম টু ফেইন ডেথ। হিজ আ্যাটিচুড ওমুক্তি ক্ষেম্ব স্থিক। এরপর শেখ মুজিবকে কী করা হবে, ব্যক্তি অন্তর্ক, পুলিশ, গভর্নর অফিস, কারাগার কর্তৃপক্ষ তা নিয়ে ব্যতিকাত হার পড়ে। একবার নির্দেশ আসে তাঁকে অবিলমে খুলনা থেকে ব্যক্তিক কারাগারে নেওয়া হোক। তারপর বলা হয়, তাঁকে ছেড়ে দ্বিস্তে অন্তর্মর প্রেপ্তার করা হোক।

তৈত্র মানে তাঁকে ফরিদপুর ক্রেমী কারাগারে নিয়ে গিয়ে মুক্তি দেওয়া হয়। কারাগারের ফটকে ক্রুক্তি রূপ করে নিতে ভিড় জয়ে যায়। তিনি নেখানেই সমরেভ জন্মতার উর্দেশে ভাষণ দিতে গুরু করেন।

তাঁকে আবার প্রেক্ট্রেটিকরা হয়। সঙ্গে সঙ্গে ছাত্র-যুবকেরা মিছিল বের করে, ফরিনপুরেই স্প্রেম্বাটে জনতা আওয়াজ তোলে 'শেখ মু**জিবের মুক্তি** চাই'। গোপালগঞ্জে পরের দিন হরতাল পালিত হয়।

গোয়েন্দা কর্মকর্তার পাঠানো প্রতিবেদন আর তাঁর সঙ্গে শেখ মুজিবের আগের কার্যকলাপের সব গোয়েন্দা প্রতিবেদন মিলিয়ে দেখেন জেলা ম্যাজিস্ট্রেট, তারপর 'যেহেতু এই বন্দীর মনোভার. অনড় এবং যেহেতু ভবিষ্যতেও তিনি আরও অপকর্ম ঘটানোর সম্ভাবনা ধারণ করেন, ডিস্ট্রিষ্ট ম্যাজিস্ট্রেট তাঁর ডিটেশন্দা বা আটকাদেশ আরও ছয় মাসের জন্য বাড়িয়ে দেওয়ার সুপারিশ করছেন।'

গোয়েন্দা বিভাগের ডিক্সীইজি তাই চূড়ান্ত সুপারিশ করেন, 'আমি ডিস্ট্রিষ্ট ম্যাজিস্ট্রেটের সঙ্গে একমত পোষণ করি এবং সুপারিশ করছি, এই বন্দীর আটকাদেশ নিরাপত্তা আইনে আরও হয় মাস বৃদ্ধি করা হোক।' মো. এ খালেক, ডিআইজি, আইবি, ২৮-৩-৫১। গভর্নর সেই আদেশই দান করেন।



85.

ফেব্রুয়ারি মাসে মুজিবের কাছে মুচলেকা আদায়ের জন্য গিয়েছিলেন গোয়েন্দা সদস্য, সেটা ছিল খুলনা কারাগারে।

১৯৫১ সালের মে মানের ২২ তারিখে ফরিদপুর্ক কারণারে আসেন আরেক গোয়েন্দাকর্তা। উদ্দেশ্য, শেখ মুজিবকে সুচলেকায় স্বাক্ষর দেওয়ানো, তাঁকে সরকারের কাছে নতিস্বীকৃষ্ণি করানো, তাঁকে নমনীয় করা।

গোয়েন্দা সদস্য তাঁকে বলেন, স্থা সাহৈব, ভাসানী মুক্তি পেলেন, শামসূল হক মুক্তি পেলেন। আপুনি কি যুক্তি চান না?'

শেখ মুজিব বলেন, 'অনুসাই শ্বক্তি চাই। আমার পার্টির প্রেনিভেন্টকে সরকার মুক্তি দিল, সাধ্যমত সম্পাদককে মুক্তি দিল, আমি তো তিন নম্বর লোক, মুগ্ম সম্পাদক, আমাকে কেন মুক্তি দেওয়া হচ্ছে না, আমি বুঝছি না।'

'আমি বুর্বিক্ত্যু স্টাছি। আপনি বন্ড সই করেন। বলেন, এই ধরনের সরকারবিরোধী সাষ্ট্রবিরোধী কাজে আপনি আর জড়িত হবেন না। আপনাকে হেডে দেওরা হবে।'

মুজিব বলেন, 'অসম্ভব। বন্ড দিয়ে আমি মুক্তি নেব না।'

'আপনি যা করেছেন, তার জন্য কি আপনি অনুতপ্ত নন?'

'মোটেও না। আমি যা করেছি বাংলার মানুষের ভালোর জন্য করেছি। প্রতিটা দেশপ্রেমিক মানুষের এখন এই সরকারের বিরুদ্ধে পথে নামাটাই কর্তব্য।'

'আপনি কি মুক্তি পেলে এসব রাষ্ট্রবিরোধী কাজ থেকে সরে দাঁড়াবেন?'

'মোটেও না। আমি আমার কাজ চালায়া যাব।'

'আপনার পরবর্তী কর্মসূচি কী?'

'সেটা আমি আপনাকে বলব না।'

'মওলানা ভাসানীকে ছাড়া হয়েছে। শামসূল হককে ছাড়া হয়েছে। আপনাকেও তো ছাড়া হবে। আপনি বলেন, আপনি ভূল করেছেন।'

'আমি এটা বলব না। আমার যা হয় হবে। দেশের জন্য আমি নিজেকে কোরবানি করে দিয়েছি।'

মে মাসের ২২-এর পরে জুলাইরের ১৪। আবারও ফরিনপুর জেলে ডিআইবি পুলিশ শেখ মুজিবের কাছে যায়। তাঁকে একই প্রকারে মুক্তির প্রদোচন দেখালো হয়। কিন্তু মুজিব মুসলিম লীগ সরকারের তীব্র সমালোচনা করা, জেল থেকে মুজি পেলে আরও সক্রিয়ন্তার রাজনীতি করার কথা বলা থেকে বিরত থাকলেন না। মুচলেকা দিতে বরাবরের মতোই অস্বীকৃতি জানালেন।

বরাবরের মতোই কর্মকর্তারা, সে জেলা স্মাজিউট্রাই হোক, আর ভিআইবির উপমহাপরিচালকই হোক, তাঁর প্রতিক্রাদেশের মেয়াদ আরও ছয় মাস বাভিয়ে দেওয়ার সুপারিশ করেন।

এভাবে অন্তত ছয়বার মুজিবের কুঠেই যান গোয়েন্দা পুলিশের সদস্যরা। তাঁকে নোয়ানোর চেটা ক্ষরেন। কিন্তু মুজিব অনমনীয়। তিনি ভাঙ্কেরে, তবু মচকাবেন না পুর্বিপু চলেকায় স্থাক্ষর করনেনই না। মুক্তি তাঁকে দেওয়াও হচ্ছে না তিনি পাকিডানের নব্য উপনিবেশের বিরুদ্ধে জ্বালাময়ী বল্পুন্ধ ক্রেড্রাও বন্ধ করলেন না। প্রত্যেকবার কর্তৃপক্ষ তাঁর আটকাদেশের নামান আরও ছয় যাস বাড়ানোর জন্যই সুপারিশ করল।



¢o.

২৫-২৬ বছর বয়সী যুবক তাজউদ্দীন আজ তেতরে তেতরে কিছুটা উত্তেজিত। তোর সাড়ে পাঁচটায় যুম থেকে উঠেছেন তিনি। অথচ এত তোরে না উঠলেও চলত। আজ ১১ মার্চ, আজু রাষ্ট্রভাষা দিবদ। আজ বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট। ১৯৪৮ সালের ১১ মার্চ এই দিনে ছাত্র-জনতা রাষ্ট্রভাষার দাবিতে সাধারণ ধর্মঘট ডেকেছিল, মিছিলে ব্যাবিকেডে সোচ্চার হয়ে উঠেছিল, তারও পরে আক্রমণ চালিয়েছিল থাজা নাজিম উদ্দিনের পূলিশ বাহিনী। তিন বছর পর, এই ১৯৫১ সালে, সেই দিনটাকে আবার বিশেষভাবে শ্বরণ করা দরকার।

১৯৪৯ সালে দিনটা তেমন করে পালিত হতে পারেনি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর কর্মচারীদের ধর্মঘটের সমর্থনে আন্দোলন চলছিল তখন। গত বছর এই সময়টাতে চলছিল সাম্প্রদায়িক দাঙ্গা। কলকাতার দাঙ্গার ঢেউ আছড়ে পড়ে ঢাকায়। তারপর ঢাকার ঢেউ ছড়িয়ে পড়ে সারা দেশে, গ্রামগঞ্জে।

ফজনুল হক হলের কমনরুমে পত্রিকা পড়তে পড়তে ভাক্কউদীন দেসব কথাই ভাবছিলেন। ঢাকায় যেসব অবাঙালি শরণার্থী সুসেছিল, দালায় তাদের উৎসাহ ছিল বেশি। কারণ, ঢাকায় থাকার কর্ত্তা বাড়িযর পাওরা যাজ্ছিল না, এমনকি বাসা ভাড়াও পাওরা যার্ক্তা স্থাপরিবার তাড়িয়ে তারা সেই সমস্যার সমাধানের চেটা কর্ম্বান্ধ সিরা দেশেও একই কারণে দালা তথা গুডামি ছড়িয়ে পড়ল। এটা ছিল হিন্দুদের জোডজমি, হালের গরু দখল করার একটা মোক্ষম্পুর্বান্ধ

এ বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা বা ১৫০ মোগলটুলিকেন্দ্রিক ছাত্র-যুবারা আগে থেকেই স্বস্কৃতী আর সচেতন। তারা এবার ১১ মার্চ

রাষ্ট্রভাষা দিবস পালন করিবে।

আজকের পত্রিবাট্ট পাঁকম পাকিস্তানের বেশ কিছু উত্তেজনাকর খবর আছে। প্রধান ক্সি ক্রিয়াকত আলী খান, যিনি আবার প্রতিরক্ষামন্ত্রীও, তাঁর নির্দেশে মেজর আকবর খান, ব্রিগেডিয়ার লতিফ, মিসেস আকবর খান, পাকিস্তান টাইসক-এর সম্পাদক কবি ফয়েজ আহমদ ফয়েজকে গ্রেগুরে করা হয়েছে দুদিন আগে। আজ খবরের কাগজে আছে সেই খবরটা

সামনে যুব কনভেনশন। মোহাম্মদ তোরাহা, অলি আহাদ প্রমূথের সঙ্গে তাজউদ্দীনও এই যুব সম্মেলন সংগঠিত করার জন্য কাজ করে যাচ্ছেন। গত রাতেও তাঁরা পশ্চিম ব্যারাকে গিয়ে যুব সম্মেলনের জন্য চাঁদা তুলেছেন। কাল রাতে ওতে ওতে তাই সোরা ১১টা বেজে গিয়েছিল।

সামনে পরীক্ষাও। হল অফিস থেকে প্রবেশপত্র তুলেছেন গতকাল। খবরের কাগজ পড়ে নিজের রুমে এলেন তাজউদ্দীন। পরীক্ষার পড়া খানিকটা পড়ে রাখা ভালো। সামনের দিনগুলোয় তাঁর কাজ আরও বাড়বে। রাজনীতির কাজ। পড়াশোনা যতটা পারা যায়, এপিয়ে রাখাই বুদ্ধিমানের কাজ। অর্থনীতি নিয়ে পড়ছেন তিনি। তাঁর রুমমেট মোজাফফর আলীও পড়ছেন অর্থনীতি নিয়ে।

ক্রুমমেট একই বিষয়ের ছাত্র হওয়ায় ডাজউদ্দীন আহমদের সুবিধা হয়েছে তিনি নিজে সারা দিন ব্যক্ত থাকেন রাজনীতি নিয়ে আজকাল অবশা তাঁর নিজের এলাকা কাপাদিয়ার বন বিভাগের সঙ্গে কী একটা ঝামেলায় জড়িয়ে পড়েছেন। বন বিভাগের কর্মচারীরা যেসব অপকর্ম ও দুনীতি করে, তাজউদ্দীন তার প্রতিবাদ করছেন। তাদের ধরিয়ে দিয়ে তাদের বিক্রুদ্ধে ব্যবস্থা নেওয়ায় জন্য ক্র্যান্টিকিকর করছেন। প্রায়ই তাঁকে বন বিভাগের চাকা অফিসের উক্রভন্ম কর্মকর্তাদের কাছে যেতে হছে।

ক্রমনেট মোজাক্ডর আলীর পারিবারিক অবস্থা তেমন সক্ষল নয় বলা যার, তিনি একজন সহায়-সম্বলহীন মানুষ। টিউশনি কার্যু বিশ্ববিদ্যালয়ের খরচ চালান। উল্টো তাঁকে গ্রামে টাকা গাঠাতে হয়। চালত্ত্বীন আহমদ নিজেই গিয়ে দেখা করলেন প্রভোষ্ট ড. এম পুল প্রার্ক্ত সার সঙ্গেই বছল করনে আই তাজতদীনকে অবশ্য প্রভোষ্ট এম এন হুলা কিংবা হাউ্ক্রস্ট রি করির মা খুইব পহুদ্দ করেন। ছেলেটা কথা বলে কম, কিন্তু কান্ধ করে বায় নীরবে। বোঝা যায়, চিন্তাভাবনা করে পথ চলে। তিনি বা ক্রমেলেনেলেনের মধ্যে অগ্রগণ্য, সেটা এই শিক্ষকের বোঝেন এবং তাল্বিক্রমেলে মূল্য দেন। এম এন হুলাকে ভুক্তিম্বিল বললেন, 'স্যার, মোজাফ্রকর আলীর

এম এন হুদাকে ভার্ত্ত্বিশ্বীন বললেন, 'দ্যার, যোজাফফর আলীর ফ্যামিলি ব্যাক্থাউড এবং বিবেচনা করতে হবে। ওর ইকোনমিক অবস্থা তো খুবই খারাপ ঠিউনীন করে টাকা আয় করে। আবার বাড়িতে টাকা পাঠাতে হয়। গ্রন্থ ক্রমপ্র তো যা টিউশনি করে পেল, তার চেয়ে বেশি টাকা তাকে বাড়িতে সাঠাতে হয়েহে। আমাদের কাছে ধারকর্জ করতে হচ্ছে তাকে আপনি দ্যার ওর হলের ডাইনিং চার্জ্বটা যদি মওকুফ করে দিতেন।'

এম এন হুদা তাকালেন তাজউদ্ধীনের দিকে। ছেলেটার চোথ উজ্জ্বল। কিন্তু চশমা ঢাকা চোথেমুখে পড়াশোনার ছাপ। আজকালকার ছাত্রনেতারা সাধারণত অন্তৃত অন্তৃত দাবিদাওয়া নিয়ে আসে। এই ছেলেটা এসেছে তার রুশমমেটের জন্য।

তিনি বললেন, 'তুমি এঁক কাজ করো। মোজাফফরকে বলো আমার সঙ্গে দেখা করতে। একটা পিটিশন করতে হবে। আমি ওর সঙ্গে কথা বলে নিচ্ছি।'

তাজউদ্দীন এসে বললেন মোজাফফরকে, 'আপনি প্রভোস্টের সঙ্গে

দেখা করেন। আমি তাঁর সঙ্গে কথা বলে এসেছি। আপনি গেলেই হবে।

মোজাফফর আলী নির্মাত ক্লাস করেন। সুন্দর করে নোট তুলে রাখেন। রাত নটা-দর্শটার দিকে গাজউদ্দীন হলে ফিরে এসে মোজাফফরকে বলেন, 'কী কী পড়লেন একটু বোঝান দেখি।'

মোজাকফর যা পড়েছেন, তা থেকে যা বুঝেছেন, তা-ই বিবৃত করেন।
তাজউদ্দীন মন দিয়ে শোনেন। মাঝেমধ্যে প্রশ্ন করেন। এইভাবে রাত
১১টা-২২টা পর্যন্ত একসঙ্গে পড়াগোনা করেন দুজন। পড়াগোনা কথাটা
তাঁদের নুজনের বেলায় আক্ষরিক অর্থেই সত্য, মোজাফফর পড়েন,
তাজউদ্দীন পোনেন।

আজ মোজাফফর বদদেন, বিশ্ববিদ্যালয়ে যেহেতু ক্লাস হবে না, রাষ্ট্রভাষা দিবসের ধর্মঘট, আমি একটু যাই। টিউপনিটা সারি। আমার ছাত্রের ম্যাট্রিক পরীকা। যোজাফফর চলে গেলেন।

নিজের পড়াটা একটু এগিয়ে নিলেন তাজ্জুকী অর্থনীতি পড়তে তাঁর ভালো লাগে। তিনি অর্থনীতি বিষয়টা নেকে দির্মেছেন। কারণ তিনি জানেন, রাজনীতির ক্ষেত্রে অর্থনীতিটাই চ্যালিক্সকি। অর্থনীতিটা বুখতে ছবে। তাহলেই দেশের মানুষের মুক্তিজ্জুকীর কী ধরনের রাজনীতি দরকার দেটা বোঝা যাবে।

দরকার, সেচা বোঝা থাবে।
কুছ কুছ। কোকিলের ডাক্স স্বাস্থ্য যাচ্ছে। বসন্তকাল। জানালা দিয়ে
বসন্তের বিখ্যাত দখিনা কৃত্যেষ্ঠ এসে ঢুকে গড়ছে ঘরে।

তাজউদ্দীনের এক্ট্রখানি উনাসমতো লাগে। এমনিতেই প্রচথ গরম।
শরীর ঘর্মাক। এর মধ্যে এই বাতাসটা এসে যখন শরীরে ঝান্টা দেয়,
খবই আরাম লক্ষ্যে।

নাহ ওঠা ফুর্ক। বিশ্ববিদ্যালয় এলাকায় যাওয়া যাক।

विश्वविमाालस्य धर्मघर्षे ठलस् ।

বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে ছাত্রসভা। আমগাছের ছায়ায় সমবেত হয়েছে
ছাত্ররা। বসভের বাতাসে পাতারা নড়ছে। নড়ছে ছায়াও। তবু প্রচণ্ড গরম,
সেটা মানতেই হবে। ছাত্রদের অবশ্য গরম-ঠান্ডা এই সব দিকে মোটেও
খেয়াল নেই।

সভাপতিত্ব করলেন মুসলিম ছাত্রলীগের খালেক নেওয়াজ খান। হাবিবুর রহমান শেলী, বদিউর রহমান, মোহাম্মদ আলী বক্তৃতা করলেন। তাজউদ্দীন একটু মুখচোরা স্বভাবের। তিনি এসব সভায় বক্তৃতা করেন না সাধারণত।

বক্তাদের বক্তব্য বিষয় মোটামৃটি এই রকম: ১৯৪৮ সালে খাজা নাজিম উদ্দিনের সঙ্গে বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা করার বিষয়ে যে একটা চুক্তি হয়েছে, সেটা কেন বান্তবায়ন করা হচ্ছে না। নুরুল আমিন সরকার যদি এই চুক্তি বাস্তবায়ন না করার কথা ভাবে, তাহলে তার পরিণতি হবে ভয়ংকর। ভাষা আন্দোলনের সঙ্গে যারা বিশ্বাসঘাতকতা করবে, তাদেরও ইতিহাস ক্ষমা করবে না। সারা দেশে যে অরাজকতা চলছে, দেশের মানুষ যে দুঃখ-কষ্ট ভোগ করছে, রাষ্ট্রভাষা বাংলা প্রতিষ্ঠা না করে আরবি অক্ষরে বাংলা লেখানোর যে অপপ্রয়াস চলছে, এসবের জন্য দায়ী অযোগ্য মুসলিম লীগ সরকার। তার প্রতিবাদে প্রাদেশিক আইন পরিষদের সব সদস্যের উচিত একযোগ পদত্যাগ করা।

আবদুল মতিন এক কোণে সভার শ্রোতাদের ভিড়ের মধ্যে বসে ছাত্রনেতাদের ভাষণ শুনছেন। তাঁর কোনো ভাষ্পই জ্বিসা লাগছে না। তিনি হঠাৎ উঠে দাঁড়ালেন। 'মাননীয় সভাপতি স্বাটি কিছু বলতে চাই।' সভাপতি আবদুল মতিনকে কথা বলার স্বিমুখ্যিত দিলেন।

আবদুল মতিন বলতে লাগলেন, 'প্রেনের্কু কিছুদিন আগে ফজলুল হক হলের পশ্চিম-দক্ষিণ ব্যারাকে চায়ের দ্বাকৌনে বসে ছিলাম। আমার পাশে টুলে বসে আছেন দুই ব্যক্তি, কুখুবিত্যি গুনে বেশভূষা দেখে আমি বুঝতে পারলাম, তারা সচিবালমের কর্মচারী। তাদের একজন আরেকজনকে বলছে, "ছাত্রদের আন্দের্য্য বেনে গেল। বাংলা আর রাষ্ট্রভাষা হচ্ছে না, উর্দুই রাষ্ট্রভাষা হয়ে বার্ট্রে আমরা উর্দু পড়তে পারি না। লিখতে পারি না। উর্দু রাষ্ট্রভার্যা ইক্টে আমাদের তো খুব অসুবিধা হবে। কী আর করি। আমরা চাকরি ক্লুব্রে খাই। আমরা তো আর আন্দোলন করতে পারব না। আন্দোলন করিটে গেলে আমাদের চাকরি চলে যাবে। আন্দোলনে নামা তো আমাদের পক্ষে সম্ভব নয়। ছাত্ররা ছিল আশা-ভরসা। তারাও ঠাডা হয়ে গেল।"

'সত্যি কি আমরা ঠান্ডা হয়ে যাইনি! মাননীয় সভাপতি, এইভাবে সভা করে বাংলাকে রাষ্ট্রভাষা করা যাবে? আপনারা যা কিছু করছেন সবই তো আনষ্ঠানিকতা মাত্র। এতে কোনো কাজ হবে না। যদি বাংলা ভাষার দাবিকে প্রতিষ্ঠিত করতে চান, তবে রাস্তায় আন্দোলনে নামুন। আপনারা সংগঠন গড়ে তুলুন।'

উপস্থিত ছাত্ররা বিপুকু করতালিতে অভিনন্দিত করল এম এ মতিনের ভাষণ ৷

ছাত্ররা বলল, 'পরে নয়, এখনই একটা কমিটি করুন।'

তখন একটা ঢাকা বিশ্ববিদ্যালয় রাষ্ট্রভাষা সংগ্রাম কমিটি গঠন করা হলো এম এ মতিনকেই আহ্বায়ক করা হোক, ছাত্ররা আওয়াজ তুলন। এম এ মতিনই আহ্বায়ক হলেন। তাজউদ্দীন আহমদকে ওই কমিটির একজন সদস্য রাখা হলো।

সভা শেষ হলে ভাজউদ্দীন গেলেন মধুর দোকানে। গিয়ে দেখেন, সেখানে গভগোল বেধে গেছে। কেউ ক্লাস করছে না। এ অবস্থায় চারজন ক্লাসে ছিল। এরা সবাই অবাঙালি। চারজনের মধ্যে আবার তিনজন বেরিয়ে এসেছে ক্লাস থেকে। কিন্তু জুবায়ের নামে একজন কিহুতেই ক্লাস থেকে বেরোবে না। সে আবার ড. শাদানির ভাগনে, তারই তেজ দেখাছে বিশ্ববিদ্যালয়ে। এখন সেও এসেছে মধুর চারের দোকানে।

ওয়াদুন খেপে গেছে। সে জুবায়েরকে পারকে আন্তর। চিৎকারচেঁচামেটি শুরু হলো, জুবায়েরও চিৎকার করছে। ক্রাচন এনেছি ক্লাস
করতে। আমগাছতলায় গিয়ে আজ্ঞা মারতে তিত্র প্রানিন। ধর্মঘট করা
তোমানের অধিকার। না করা আমার অধিকার এবার সব বাঙালি হেলে
মলি জুবায়েরকে মারতে আরম্ভ করে স্বর্জ মিল্ডিরিলেন দুই পক্ষের মধ্যখানে।
শিক্ষকেরাও এলেন। একটা স্কুক্স্বিভির্ম্বন্ধ এড়ানো গেল।

e১.

দুই দিন পর এই রাষ্ট্রভাষা সংগ্রাম কমিটির বৈঠক বসল বিশ্ববিদ্যালয়ে। তাজ্কউদ্দীন যোগ দিলেন তাতে।

বসন্তের এই দিনগুলো এই রকমই যাচ্ছে ভাজউদ্দীনের। আজ এই সভা, কাল ওই সভা। মেডিকেল স্কুলের ছাত্ররা আন্দোলন করছে, তিনি ছুটে যাচ্ছেন সেখানে। আবার ফজলুল হকের বার্ষিক মিলাদ হবে, আবুল হান্দিম সাহেব, কামকন্দীন আহমদ সাহেবকে অতিথি করে সেখানে আনার কাছটাও তিনি করছেন।

আবুল হাশিম সাহেব এরই মধ্যে পশ্চিমবঙ্গ থেকে পরিবার-পরিজন নিয়ে চলে এসেছেন ঢাকায়। দাঙ্গার সময় তাঁর বর্ধমানের বাড়িঘর তদ্মীতৃত হয়েছে। ইদানীং তিনি পুরোপুরি দৃষ্টিশক্তি হারিয়ে ফেলেছেন। পরিবার-পরিজন নিয়ে বর্ধমান ছাড়েন তিনি। কলকাতায় একসময় ছিল দার্দাও প্রতাপ। কত তাঁর ভক্ত-অনুসারী ছিল। পাকিন্তান হওয়ার পর মুসলিম নীগাররা তো সব পূর্ববঙ্গে চলে এসেছে। কিন্তু কমিউনিই পার্টির বারা তাঁর ভক্ত-ছিলেন, তাঁরাও কেউ তাঁকে আপ্রয় দিলেন না আবার কিরে গেলেন বর্ধমানে। এইখানে তাঁদের আছে বংশগত ঐতিহ্য। গ্রামের নাম ছিল কাশিয়ারা, আবুল হাশিমের বাবার নাম অনুসারে সেটা হয়েছে কাশ্মিমগর। গ্রামের গরিব প্রজারা বলল, কর্তা, আপনি থেকে যান, আমরা থাকতে কেউ আপনার গায়ে হাত দিলে পারবে না। এই কথাতেই নাকি হাশিম সাহেব বেশি দৃষ্ধ পেয়েছেন। এত দ্বিম্মান্তার বারা সামন্ত অভিত্তাতান্ত্রিক মনে এটাই নাকি বেশি বাঙ্গানিকছেছে।

আবুল হাশিম সাহেব, কামরুজীন হাহেব তো মিলাদে এসেছিলেন, এসেছিলেন ড. মুহম্মদ শহীদুল্লাহও

আবার একদিন দুপুরবেলা, ঢুকা বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদের কার্যালয়ে অনুষ্ঠিত হলো বিশ্ববিদ্যালয়, কার্যা সংখ্যাম পরিষদের সভা। সভাপতিত্ব করদেন মুহাম্মান হাবিবুর হেমান শেলী। বসড়া কমিটি একটা শারকলিপি পেন করল। এই শারকলিপি সব এমএলএ আর এসসিএর কাছে পাঠিয়ে পেওয়া হবে। তাল্লভিক্তি আহমদ হাতে নিলেন খসড়াটি। ইংরেজিতে রচিত:

সমীপেষু

সদস্য, গণপরিষদ করাচি, পাকিস্তান।

জনাব,

আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র যারা তিন বছর আগে পূর্ব বাংলার ভাষার জন্য আন্দোলন নিত্তরু করেছিলাম তারা বাংলাকে পাকিস্তানের রাষ্ট্রভাষার মর্যাদায় প্রতিষ্ঠিত করার জন্য আগের যেকোনো সময়ের চেয়ে সেই লক্ষ্য অর্জনের বেশি দৃঢ়সংকল্প। আমরা সেই সব ছাত্র আপনাদের সবার করাচিতে একত্র হওয়ার উপদক্ষকে সামনে রেখে আরও একবার আমাদের ন্যায়সংগত দাবি পূরণের জন্য আপনাদের তাগাদা দেব।

জনেক বড় হয়েছে স্মারকলিপিটি। আরেকটু ছোট হলে ভালো হতো, তাজউন্দীন ভাবলেন। যা-ই হোক, ছোটখাটো সংশোধনী শেষে খসড়াটা অনুমোদিত হলো।

পরলা বৈশাখ পেরিয়ে গেল। বসন্তের বাতাস এখন পরিণত হচ্ছে কালবৈশাখীতে। গতকালও সারা দিন ধূলিঝড় হয়েছে। গরম থুব আজ অবশ্য বাতাস বইছে মৃদুমন্দ। কিন্তু গরম কমছে না।

তাজউন্দীন ফজপুল হক হলের ৭৬ দম্বর রুমে বসে ঘামছেন হাতে একটা কাগজ। সেটা নেড়ে নেড়ে বাতাস করছেন। রুমে আরও কয়েকজন উপস্থিত। আবারও বসেছে ঢাকা বিশ্ববিদ্যার্থ্যবাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদের সভা। আজা সভাপতিত্ব করছেন তাজ্যুক্তীর্থ্যবাষ্ট্রভাষা সংগ্রাম

ইদানীং তাজউদ্দীন কথা বলতে শুরু ক্রুর্ছিন)। একটু একটু করে সামনে আসছেন। যুবলীগের কমিটিতেও ব্রক্তিরাখা হরেছে।

গত মানে যুব সন্দেশনে এই কমিনি ইছী সন্দেশনের প্রস্তুতির জন্যও বেশ পরিশ্রম করেছেন তাজউদ্দীন (অসুসলন হওয়ার কথা বার লাইরেরি মিলনায়তনে। কিন্তু নেখানে ২৫০ ধারা জারি করা হরেছে মিটিং করা যাবে না। রাতের মধ্যে সক্ষেত্রক ধবর দেওয়া হলা জিঞ্জরা বাজারে আসার জন্য। দুপুরে বৈচ্চ-কর্মক হওয়ার কথা থাকলেও সন্ধ্যার বাজারে আসার জন্য। দুপুরে বিচ্চ-করার পর সভা থাকলেও সন্ধ্যার বিহু বর স্বার্থ করার করে আশক্ষা করছিলেন। তাই বিকল্প ব্যবস্তুতিক এর সভাপতি আবদুস সালাম। সভাপতিত্ব করেন সিলেটের মাহমুদ আলী। তিনি যথারীতি শেরওয়ানি আর পায়জামা পরে এসেহেন। তিনি আপারী তাসানীর। ভাসানী মুসলিম লীগ ছেড়ে জাওয়ামী মুসলিম লীগ গঠন করেছেন, মাহমুদ আলীও মুসলিম লীগ ছেড়ে দিয়েছেন।

পুলিশের লোকজন গিজগিজ করছে।

রাত ১০টায় সভা থেকে বেরিয়ে প্রতিনিধিরা আলাদা আলাদা চারটা নৌকায় উঠলেন। পুলিশ কিছু বুঝতে পারল না। মাঝনদীতে গিয়ে চার নৌকা একত্র হলো। একসঙ্গে বাঁধা হলো নৌকা চারটাকে ১৪৪ ধারা ফাঁকি দিয়ে চাঁদের আলোর নিচে বুড়িগঙ্গা নদীতে ভাসতে ভাসতে অনুষ্ঠিত হলো যুবলীগের প্রতিনিধি সম্মেলন। রাত ১১টায় এ সম্মেলন ওরু হলো একটা করে জাহাজ যায়। পানিতে ঢেউ ওঠে। নৌকা ওঠে দুলে আলোচনার গান্তীর্য আর গুরুত্ব তাতে একটুখানি টলে না।

খসড়া গঠনতন্ত্র অনুমোদিত হলো। মাহমূদ আলীকে সভাপতি আর অলি আহাদকে সাধারণ সম্পাদক করে গঠন করা হলো এর কমিটি। তাজউদ্দীনকেও রাখা হলো এই যুবলীগের কার্যকরী পরিষদের সদস্য হিসেবে।

নৌকাণ্ডলো ভাসতে ভাসতে চলে গেল অনেকটা ভাটিতে। আবার উজানপথে চলতে শুরু করল বোটগুলো। আলোচনাও চলতে লাগল উজানপথে পূর্ব বাংলার মানুষের দাবিদাওয়াগুলো কীভাবে এগিয়ে নিয়ে যাওয়া যাবে, তা নিয়ে।

রাত আড়াইটায় নৌকা ভিড়ল মিটফোর্ড ঘাটে। কর্মেন্টাদের সঙ্গে নেমে পড়লেন তাজউদ্দীনও। ঘোড়ার গাড়ি করে বার্কা ফুলবাড়িয়া রেলস্টেশনে। চা থেলেন।

তারপর ফিরে এলেন হলে।

সে রাতে তাজ্বউদ্দীনের আর কিছু খাওরী ইলা না। ভোরবেলা গুতে গেলেন।

সে রাতে তিনি হলেন যুব**লীংগঠ** সদস্য, আজ তিনি সভা**পতিত্** করছেন রাষ্ট্রভাষা কমিটির সভা**য**

তাজউদ্দীনের মনে হর্ছে १ এর আপে যে স্মারকলিপি এমএলএ আর এমনিএদের পাঠানো ক্রম্মিটি সেটা বেশি বড় হরে গিয়েছিল। এ ধরনের ব্যস্ত মানুষের জন্ম স্পৃতি কথা সংক্ষেপে পেশ করা ভালো। এর একটা সহজ উপায় আছে ছিল কো, সবাইকে টেলিগ্রাম পাঠানো। তাতে আসল কথাটা তাঁনের কাছে ছম্ভ গিয়ে পৌছাবে। টেলিগ্রাম বলে তাঁরা ফেলেও দেবেন না, পড়ে দেখবেন।

এই প্রস্তাবই তিনি পেশ করলেন এই সভায়।

তাঁর প্রস্তাব গৃহীত হলো।

টেলিগ্রামের একটা খসড়াও তৈরি করে ফেলা হলো:

'ডাকা বিশ্ববিদ্যালয়ের ্ছাত্ররা আপনাদের কাছে জরুর আবেদন জানাছে যে পাকিতানের রাষ্ট্রতাষা প্রশ্নে শর্ট নোটিশ প্রশ্ন উত্থাপন করুদ। ' টেলিগ্রামটা গাঠনোর দারদারিত্ব ভাগ করে দিয়ে সেদিনের মতো সভার কাঞ্চ শেষ হয়।



હ્ય.

তাজউদ্ধীন আহমদ ফুলবাড়িয়া রেলস্টেশনে পৌছে দেখলেন, মওলানা ভাসানী আগেই পৌছে গেছেন। ভোরবেলা। ছরটা পাঁচ মিনিটে ট্রেন: বৈশাথ মাস শেষে জ্যৈষ্ঠ আসি আসি। কাল প্রচণ্ড রোদ ছিল। আজ সকালটা মেঘলা মেঘলা। মনে হর, একটু পরে বৃষ্টি হবে।

আওয়ামী মুসলিম লীগের সাধারণ সম্পাদক শামসূর হকও এসেছেন। এরই মধ্যে আরও কয়েকজন কর্মী তাঁদের যিরে ধরেক্সম

হ মধ্যে আরও কয়েকজন কমা তাদের ঘিরে **ধরে**জ্ঞান তাজউদ্দীন আহমদ ভাসানীকে সালাম জানা**নে**র

'ট্রেন ঠিক সময়ে ছাড়ব তো? খোঁজ নিছ? আসনী বললেন।
তাজউদ্দীন একজন কর্মীকে পাঠালেন স্ক্রেনমান্টারের কাছে

এই সময় একজন অপরিচিত পার এই ভাষানীকে সালাম দিলেন। বলদেন, 'হজুর, আমার ওপরে অভার ইইছে, আপনার মৈশনের মিটিং আমিই রিপোর্ট করব।'

মওলানা বললেন, ক্রেছা তোমার কাম তুমি করবা, আমার কাম আমি করব।

লোকটা হাও ইন্টরে কাচুমাচু ভঙ্গিতে বললেন, 'আপনাদের সঙ্গে আমার যাওয়ক্তিজ্ঞা ফেরার ব্যবস্থা করে দিয়েন।'

মওলানা বললেন, 'ভূমি মিয়া তোমার পা দিয়া যাইবা, আমরা যামু
আমগো পা দিয়া। ব্যবস্থা তো আল্লাহতালাই কইরা রাখছে। তাজউদ্দীন,
দেখো, কী ব্যবস্থা করতে পারো। ডিআইবির লোক। আমাগো সঙ্গে
যাওনের ভিউটি পড়ছে বেচারার ওপরে।'

ট্রেন ছাড়ল যথাসময়েই।

মওলানার এই জনসভাটা ভাজউদ্দীনই আয়োজন করেছেন। তাঁদের এলাকার কাছে হবে জনসভাটা। এলাকার লোকজন এসে ধরেছিল, তারা ভাসানীকে তাদের এলাকার মিটিংয়ের জন্য নিয়ে যেতে চায়। তাজউদ্দীনই ভাসানীর কাছে নিয়ে গেছেন তাদের। জনসভার তারিখ নির্ধারণ করে দিয়েছেন। এমনকি লিফলেট লিখে দিয়েছেন। শামসুল হককেও তিনিই বলেছেন মুজিব ভাই বাইরে থাকলে তাঁকেও বলতেন জনসভায় যেতে। মুজিব ভাই ভাষণটা খুব ভালো দেন।

ট্রেন ঠিক ছয়টা পাঁচ মিনিটেই ছাড়ল। ভাসানীকে উঠিয়ে দিয়ে শামসুল হক সাহেবের পেছন পেছন তাজউদ্দীন উঠে পড়লেন ট্রেনে। আর সবাই উঠল ডিআইবির সদস্যও উঠে পড়লেন। ট্রেন টঙ্গী পৌছাতে না পৌছাতেই শুক্ত হলো প্রচণ্ড ঝড়বৃঙ্গি। টঙ্গী ঔেশনে ট্রেন থামল। শামসুল হক বললেন, 'আমি নেয়ে যাব।'

তাজউদ্দীন বললেন, 'নেমে যাবেন মানে?'

শামসুল হক বললেন, 'আমি ফিরতি ট্রেনে ঢাকা ফিরে যা্ব।'
'কেন?'

'দরকার আছে।'

'কী দরকার।'

'আছে।' বলে তিনি ট্রেন থেকে সত্যি সত্যি ক্রিমীসলৈন।

ভাজউদ্দীন বিশ্বিত। ইদানীং শামশূল হকের প্রবিক্তার একটু ছাড়া ছাড়া একটু ধার্মিক হয়ে পড়ছেন। আবুল হাঙ্গিয় মার্কেবও খেলাফতে রাব্বানি নামের দল করার কথা বলছেন। বর্ধমারে বিষ্টে পোড়ার পর ভিটেমাটি ছেড়ে বিদেশ-বিভূইয়ে মানুষের বাড়িতে বাছ্মাট শেওয়া এই একদা বামপন্থী বলে পরিচিত লোকটা এখন রবের, প্রাপ্তিত প্রতিষ্ঠার জন্য বইপুত্তক লিখছেন। সামসূল হক আগে খেকেই-তার্বাভক ছিলেন। সত্যি বলতে কি, আওয়ামী মুসনিম সীগের প্রথম নির্কার ইশ্তেহারে আবুল হাশিমের এই সব আধ্যাত্মিক সাইনের অনুষ্ঠানিকটাই প্রতিফলিত হয়েছিল।

শামসূল হক্ছে জারেকটা পিছুটান আছে। আ হলো তাঁর ব্রী। তিনি ইডেন কলেজের ছিংরেজির শিক্ষিকা। আফিয়া খাতুন। আফিয়া খাতুনের বাবা নরসিংদীর সেকান্দর মান্টার। আফিয়া খাতুন নবাবপুর রোভে বাসা নিরেছেন। তাঁদের একটা মেয়ে হয়েছে।

কামরুগদীন সাহেব তাজউদ্দীনকে বলেন, 'আফিয়া খাতুনকে বিয়ে করায় শামসূল হকের অর্থনৈতিক অসুবিধা কমে গেছে। কিন্তু স্বাধীনতাও কমছে সেই সঙ্গে . ভারণ আফিয়া গ্লীন, তার স্বামী সংসারের দায়িত্ব পালন করুল। তিনি চান, 'গামসূল হক উকিল হোক। টাকাপরসা আয় করুক। নমাছে পরিচয় দেওয়ার মতো একটা অবস্থানে আসুক। সব রাজনীতিবিদই তো আইন ব্যবসায় ভালো, সোহরাওয়াদী সাহেব, ফজলুল হক সাহেব, আতাউর রহমান খান, কামরুগদীন সাহেব—তথু শামসূল হক কেন কিছু

করবেন না। এই পিছুটানে শামসুল হক কিছুটা দিশেহারা। অন্যাদিকে দেখো, শেখ মুজিবের খ্রী। তিনি কোনো দিনও মুজিবকে পেছনের দিকে টানেননি। স্বামীর সব কাজেই তিনি হাঁয় বলে দিয়ে রেখেছেন।

শ্রীপুর স্টেশনে নামলেন সবাই। তথন কেবল সাড়ে সাতটা। তাঁরা ডিস্ক্রিষ্ট বোর্ডের বাংলোয় গিয়ে উঠলেন বৃষ্টিভেজা পথ বেয়ে। লূঙ্গি তুলে ভাসানী হাঁটছেন। তাঁর এসব কর্দমাক্ত পথে হাঁটার দিবি্য অভ্যাস আছে।

বেলা ১১টা পর্যন্ত তাঁরা ওই ডাকবাংলোতেই অপেক্ষা করলেন। কারণ, আগে থেকে গাড়ির কোনো ব্যবস্থা করে রাখা হয়নি। তাজউদ্দীন ব্যতিহান্ত হয়ে পড়লেন গাড়ির ব্যবস্থা করতে। সাড়ে ১২টার দিকে তিনটা মোবের গাড়ি এক। মওলানাসহ ঢাকা থেকে আগত নেতা-কর্মীদের গাড়িতে তুলে দিলেন ভান্কউদ্দীন। গাড়ি রঙনা হলো। আর নিজে চললেন হৈঁটে

আড়াইটায় তাঁরা পৌছালেন গোসিংগা। নেখান কৈকে সাড়ে চারটায় মোষের গাড়ি পৌছাল দেওনা কাচারি। এইপুক্ত কর্ম গাড়ি যাবে না। মওলানাও নামলেন। প্রায় ৬৫ কি ৭০ কুছ ক্রিস মওলানার। ইটিতে লাগলেন সবার আগে। এক ঘণ্টা কেট ক্রারা পৌছালেন মৈশনের মিয়াবাড়ি। এখানেই তাঁদের জন্ম স্ক্রিক খাবারের ব্যবস্থা করা হয়েছে বিকেল সাড়ে চারটায় তাঁরা দুক্রিক খাবার বেলেন।

সন্ধ্যা সাড়ে ছয়টায় পুরু বিলা জনসভা। মাইক্রোফোনে আওয়াজ হচ্ছে দারুণ। সকাল ১০টার এরে ঝড়বৃষ্টিও গেছে থেমে। আবহাওয়া অতি মনোরম। তাজউদ্ধীন স্মাইকে ঘোষণা দিলেন, এবার বক্তব্য রাথবেন মজলুম জননেজা বলোমী জননেতা অনলবর্ষী পূর্ব পাকিন্তান আওয়ামী মুসলিম লীথের ক্রাপতি মওলানা ভাসানী...

ভাসানী সুর্ম্মী দিনের ধকলের পর দাঁড়িয়ে মাত্র দেড়টা ঘণ্টা একটানা ভাষণ দিলেন। মুসলিম লীগের দুঃশাসন যেন পুড়ে ছাই হয়ে যাবে মওলানার অগ্নিবচনের উত্তাপে। সমন্ত জনসভা মন্ত্রমুঞ্জের মতো তানল তাঁর বক্ততা।

রাত্রিবাস হলো ওথানেই। পরের দিন মিয়াবাড়িতে নাশতা করে সবাই মিলে রওনা দিলেন হেঁটে। সকাল আটটার দিকে। ডাজউদ্দীন আংমদের বাড়ি পৌছাতে লাগল আডাই ঘন্টা।

দই খেয়ে আধঘটা জিরিয়ে নিয়ে মোষের গাড়িতে করে তাঁরা রওনা দিলেন শ্রীপুর স্টেশনের দিকে।



৫৩,

চার কি পাঁচ বছরের হাসু যেন একটা বিশাল খেলাঘর পেরে গেছে।
ফকের কোনা ধরে আঙুলে পাঁচাতে পাঁচাতে সে তাকায় গোপালগঞ্জের
থানা চত্তরের দিকে। লাল রঙের ইটের দালান, লাল রঙের টিনের হাদ।
এটা ঠিক যেন একটা পুতুলের বাড়ি। বাড়িটা একটু বড়, এই যা।
পুতুলগুলাকেও তো তাহলে বড় হতে হবে। কত বড় পুতুর হলে এত বড়
ঘরবাঙ্গিগুলায়ে মানিয়ে যাবে। মাঠটাও কত বড় পুতুর স্বলেও বাড়ির
গাহপালাগুলোও পুতুলের বাড়ির গাহপালা। তাকের স্বশিভার বাড়ির
সামনেও মাঠ আহে, গাহপালা আহে। কির পার্টের বাড়ির গাহগুলোর
নিটটা তো এমন সাদা রং করা নয়।

মা বললেন, 'হাসু, আমরা গোপালসম্ভূ আছি। তোমার আববার সাথে দুখা কর্মছ '

হাসুর মনের মধ্যে তখন প্রেক্টার্কীর একটা করনার ছবি আঁকা হয়ে যায়। এর আগেও সে গোপুরুবার্কী গৈছে, সেবারও আব্বাকেই দেখতে। কিন্তু তখন সে ছিল খুরু ছিট, তার কিছু মনে নেই। এবার তার মনে হয়েছিল, টুলিপাড়ার কৈই প্রায়ালের পাড়ে, একটা কিন্ধ হাতে নিয়ে যখন স্বাগলহানাওক্ত্রে পাছনে ভূটিছল, ছাগলছানার গলায় যুঙুর পরানো ছিল বলে ঝুমুমুম আওয়াজ হছিল, নেই আওয়াজ থেকে তার মনটাকে সরিয়ে নিল তার চোখ। একটা ঝলমলে হলদে-কালো প্রজাপতি ওই মধুর গাছের সাদা সাদা ছোট ফুলের ওপরে ছটফটে পাখা মেলে ওড়াউড়ি করছে। হাসু তার পিছু নিল, সেখান থেকে তার চোখ পড়ল গিয়ে চোরকটায় ওরা দুবা ছাওয়া মাঠটাতে। তার বন্ধু, সমবয়সী রানু বলল, 'হাসু দেখ দেখ, এইখান্ধে ভড়িয়ের বাজার বসছে, এই বাজার গোণালগঞ্জ টাউনের বাজারের সমান।'

তখনই হাসুর মনে পড়ল, তারা গোপালগঞ্জ যাচ্ছে, আব্বাকে দেখতে। তার মনে হলো, গোপালগঞ্জের সবকিছু পোড়ামাটির তৈরি—বাড়িঘরগুলো পোড়ামাটির, রান্তাঘাটগুলো পোড়ামাটির, যেমন পোড়ামাটিতে হয় কলসি, হাঁড়িকুড়ি, শানকি, তেমন। এইটা মনে হওয়ার কারণ, গোপাল নামের একজন কুমার তাদের বাড়ি বাঁক বয়ে নিয়ে আসত লাল লাল মাটির হাঁড়ি। নৌকায় করে টুঙ্গিপাড়া থেকে আসার পথে, খাল থেকে নদীতে পড়ার সময়ে শাপালার ফুল ধরে হাসু টান দিয়েছিল। দাদা লুংফর রহমান আঁতকে উঠেছিলেন, 'হাসি, পইড়ে যাবি তো! মাঝখানে বস।' মা হাসুকে টেনে কোলের কাছে নিয়েছিলেন। আর ছায়্ট কামাল, শাপলার সাদা দল দেখে মুঝা। বারবার ওই দিকে আঙুল তুলে বলছে, 'ফুল দেও, ফুল দেও।' দাদি তাকে কোলে ধরে রেখেছেন। চঞ্চল ছেলে আরার পানিতে পড়ে না যায়।

দাদা-দাদি, মা, হাসু—সবাই মিলে তারা চলেছে গোপালগঞ্জে— আব্বাকে দেখতে।

গোপালগঞ্জে তাদের বাসা আছে, আদালতপাড়্দ্বিউ। কাজেই তাদের

কোনো অসুবিধা হবে না।

আববা থানার মধ্যে একটা ঘরে বসে পাছের। বারান্দায় পূলিশ, ভিড় ঠেলে সামলাতে পারছে না। মুজিব আই এলেছে, আজকে তাঁর মামলার তারিথ পড়েছে, গুনেই কমীর দল আই সাধারণ মানুষ ভিড় করছে তাঁকে একটা নজর দেখার জন্য। মুক্তিব্রম বয়স ৩২-এর মতো। তিনি পরে আহেন ফুলহাতা শার্ট অনুরু মুক্তিব্রমা।

হাসুকে হাতে ধরে আই কামালকে কোলে নিয়ে হাসুর মা রেনু ঢোকেন ওই ঘরে পুলিশ আরু পোপালগঞ্জের আওয়ামী মুসলিম লীগের নেতারা তালের এণিয়ে কেন্টা পেছনে পেছনে মাথায় লঘা ঘোমটা নিয়ে আমেন হাসুর দালি চিন্না একটু পিছে পড়েছে। ছেলে তার হোটবেলায় খুব সন্টেড বিস্কুট থেতে পছন্দ করত, যখন সে ছিল এই গোপালগঞ্জে, আর পড়েছে মিশন স্কুলে, তখন তাকে অনেক দিন তিনি সন্টেড বিস্কুটের প্রান্তিকের প্যাকেট কিনে দিয়েছেন। লুংফর রহমান দুটো বিস্কুটের প্যাকেট কিনে আনেন। ছেলেরা যে বড় হয়ে যায়, বাবা-মা অনেক সময় সেটা বুবতেও পারেন না।

রেনু বলে, 'এই যে দেখো ভোমার কামাল, কত বড় হয়েছে। কত কথা বলে। নেও, কোলে নেও।' কামালকে মুজিব কোলে নেন। চুমু দিয়ে গালটা নেড়ে বলেন, 'কেমন আছো, বাবা।'

এর মধ্যে হাসু কাছে আসে, 'বলে, আব্বা, এখানে গাছগুলোর নিচে সাদা কেন?' মুজিব তখন হাসুর দিকে তাকান। 'আরে, আমার মেয়েটা তো অনেক বড় হয়ে গেছে।'

আসলেই মুজিব অনেক দিন হাসুকে দেখেন না। প্রায় দুই বছর। এর মধ্যে হাসুর বয়স ভাবল হয়ে গেছে।

হাসু বলে, 'আববা, আপনিও বড় হয়ে গেছেন।'

রেনু বলেন, 'আম্মাও এসেছেন। কথা বলো। আম্মা ঘোমটাটা একটু সরান। আপনার ছেলে আপনার মুখ দেখবে না!'

'মা কাছে আসো।' যুজিব ডাকেন মাকে। এগিয়ে গিয়ে মাকে জড়িয়ে ধরেন

নায়রা খাতুন, মুজিবের মা, ছেলেকে হাতের মধ্যে পেয়ে অপ্রু সংবরণ করতে পারেন না। একবার অস্ফুট কঠে তিনি বলতে পারকেন, 'খোকা, ভালো আছিদ বাবা?'

রেনু কিন্তু কাদবেন না। তিনি শব্দু হয়ে থাকবেন। ক্লিকিই সঙ্গে তাঁর এইটাই চুক্তি। তিনি বলেছেন, 'ভূমি গুধু আমান্ত ক্লিয়া ভাববা না, ভূমি সারা দেশের জন্য ভাববা। মানুষের জন্য কাজু কছুবা।

এখন চোখের জল ফেলে মুজিবকে সেই বৃষ্ট খেকে সরাবেন না রেনু। তিনি শক্ত হয়ে থাকেন।

মুজিব বলেন, 'রেনু, কেমন আক্রেষ্ঠ

'ভালো আছি আল্লাহর ইন্দ্রের' চুতামার স্বাস্থ্য দেখি খুব খারাপ হয়ে গেছে।'

একটা কাশি দিয়ে বৃদ্ধিক বলেন, 'আরে না, একট ঠান্ডা লেগেছে।' মুজিব আসলে সর্ভাতিসীন করছেন। তাঁর কাশিটা বেশ মারাত্মক। ব্রদাইটিদের মতো হঞ্জিছে তাঁর। গুরুনো কাশির সঙ্গে রক্তও পড়ছে। এসব

কথা তিনি এখন বলবেন না। বেনু মন খারাপ করবে, মা আরও কাঁদবেন।
ভিড় বাড়ে। হাসু আর কামাল চলে যায় পাশের টিনে ছাওয়া ভবনটার
বারান্দায় কী বড় মাঠ। আর দিমির জলটা কত শান্ত। দেখলেই শরীরটা
ঠান্তা হয়ে যায়। আরে আন্তর্য, সেই হলুদ-কালো প্রজ্ঞাপতিটা টুঙ্গিপাড়া
থেকে কী করে এল গোপালপ্রস্তে।

হাসু অবাক হয়ে ভাবে, গোপালগঞ্জটা মোটেও তার কল্পনার মতো নয়। এখানে পোড়ামাটি দিয়ে বানানো ঘরদোর, রাস্তাঘাট নাই।

কামাল আর হাসু মিলে প্রজ্ঞাপতির পেছনে পেছনে ছুটে বেড়ায়। নীলচে সবুজ কতগুলো কাঁটাগাছ। তার ডগায় হলুদ ফুল। প্রজ্ঞাপতি একটা নয়, কয়েকটা। তারা ফুলের গায়ে বসছে, কিন্তু ধরতে গেলেই উড়ে যাচ্ছে।

থানার এই ভবনটার পিড়িলি খেঁষে পরাটার গাছ। ছোট ছোট পানপাতার মতো পাতা। পুঁতির মতো গোল গোল সবৃক্ত তার ভগার দিকটা। ওই পাতায় চাপ দিলে তেলের মতো বেরোয়। তাই বাচ্চারা ওটাকে বলে পরাটার গাছ।

সেই গাছ থেকে পাতা তুলতে তুলতে হাসু বলে, 'কামাল চল, রাল্লাবাটি খেলি।'

তারা রাল্লাবাটি খেলার জন্য নানা ধরনের ফুলপাতা, কলসির কানা, ইটের গুঁড়ো নিয়ে জমা করে বারান্দার লাল মেঝেতে।

পাশের দেয়াল বেয়ে সার বেঁধে যাচ্ছে কালো পিঁপড়ের দল।
'আছো চল, কামাল, আবার আববাকে দেখে আসি '
'চলো।'

ওই সবুজ মাঠের মধ্যে দৌড়ে আবার তারা ক্রিভাইবোন ওঠে সেই ঘরের বারান্দায়, যেখানে আব্বা আছেন।

হাসু বাবার কাছে যায়, 'আব্বা আব্দা অস্প্রা রান্নাবাটি খেলি ' কামালও বলে, 'রান্নাবাটি খেলি

'খেলো মা, যাও।' মুজিব সুক্ষম খান সাহেবের সঙ্গে কথা বলেন। সালাম খানও এই মামলার জুসুস্থি আবার তিনি অ্যাডভোকেটও।

হাসু আর কামাল ক্ষেত্র চলে আদে তাদের বিশাল খেলাঘরটার বারান্দায়: 'যা কামান প্রই নদীতে ডুব দিয়ে আয়, ওই সিঁড়িটা হলো নদী, সেখানে গিয়া বুল হাপুস, এই তো একটা ডুব হলো...আমি রারা করি, এইটা বেড়িয়াড়, ওইটাতে মাছ, এইটা, এই লাল ইটের টুকরা হলো গোশত...'

আরেকটু খেলে হাসু বলে, 'কামাল, চল, আবার যাই আব্বাকে দেখে আসি।'

কামাল বলে, 'হাসু আপা, ভোমার আব্বাকে একটু আব্বা বলে ভাকি...' হাসু বিশ্বিত হয় না। তার এই দুই-আড়াই বছরের ভাইটা আব্বাকে তো কমই দেখেছে। আব্বাকে সে বাসায় কোনো দিনও পায়নি। আব্বা সব সময়ই জেলখানায়। আব্বাকে তো আব্বা বলে ডাকার সুযোগই পায়নি।

হাসু বলে, 'চল চল। উনি কি খালি আমার আববা নাকি? পাগল। তোরও তো আববা।'

তারা দৌড়ে যায় মুজিবের কাছে। হাসু বলে, 'আব্বা, কামাল কী বলে

জানো, কামাল বলে', দৌড়ানোর কারণে হাসু হাঁপাচ্ছে, 'কামাল বলে, হাসু আপা, তোমার আববাকে একটু আববা বলে ডাকি।'

আববা উঠে কামালকে লুফে কোলে তুলে নেন। আবা বলেন, 'কামাল আববা, আমাকে দেখো নাই তুমি, আমি বাড়ি আসি না, আমি তো তোমারও আববা…'

অনেক চুমু দেন তিনি ছেলেকে।

হাসু গিয়ে বাবার জামার কোনা ধরে। 'বলছি না আববা তোমারও আববা, ডাকো আববা বলে, বলো, আববা আমরা এখন খেলতে যাই?'

কামাল ছোট মুখে **লজ্জা কুটিয়ে বলে**, 'আমরা খেলতে যাই...', আববা সে বলতেই পারে না।

মুজিব বলেন, 'বাবা, আমি ভোমার আব্বা হই। বলো, আব্বা .'

কামাল বলে, 'আব্বা।'

মুজিব তাকে কোলে তুলে নেন।

তখন আকাশে একখণ্ড সাদা মেঘ সূর্যকে প্লক্ষ্র ক্রমার জন্য ঢেকে দেয় আর একটা ছায়া গোপালগঞ্জ থানার প্রবাহ একবার পাখা বিভার করে পরক্ষপেই রোদের ঝলক বইয়ে দেয় ক্রম্মাল কোল থেকে নেমে যায়।

মুজিব চশমা খোলেন। রুমুপু ছার্ত্তে নেন। চশমার কাচ ঘোলা হয়ে। এসেছে। তিনি কাচ মোছেনু ১

হাসু আর কামাল আক্রব সুরুজ মাঠের মধ্যে খেলতে থাকে।



ানা কারাপারের ভেতরে জেল হাসপাতালের বেডে বসে শেখ মুজিব চিঠি
লিখছেন। একটা চড়ুই পাখি তাঁর সেলের ভেতরে ঢুকে কিচিরমিচির করল
খানিক। শেখ মুজিব পাঞ্কিটার দিকে তাকালেন। পাখিটা মনের সুখেই
গান গাইছিল বোধ হয়। এবার টের পেল, সে বন্দী। তার বেরোনোর পথ
জানা নাই। পাখিটা কোন দিক দিয়ে ঢুকেছিল, শেখ মুজিব খেয়াল করেন
নাই। জানালায় একটা পর্দা লাগানো। চড়ুইটি কি সেই পর্দা পেরোনার

পথ পাচ্ছে না। শেখ মুজিব উঠে পর্দাটা টেনে ফাঁকা করে দিলেন। একঝলক আলো এসে ঢুকল প্রকোষ্ঠের ভেতরে।

চড়ুইটা উড়ে চলে গেল।

মুক্তির আনন্দ!

শেখ মৃজিবকে কিছুতেই ছাড়ছে না সরকার।

ফরিদপুর কারাগার থেকে তাঁকে ঢাকা আনা হয়েছে। কারণ, তাঁর শরীরটা খুবই খারাণ। কাশি, সর্দি এসব তো আছেই। তার ওপর তাঁর বুক ব্যথা করে। হৃৎপিণ্ডে কোনো সমস্যা হয়েছে কি না, আল্লাহ জানেন।

হৃদ্যন্ত্রের ব্যাধিতে কি তিনি এই কারাগারেই মরে পড়ে থাকবেন?

মরতে তিনি ভয় পান না। আরাহ যেদিন মরণ লিখে রেখেছেন, তার আগে তো আর মৃত্যু আসবে না। কিন্তু তাঁর ভয় হলো, তাঁর কাজগুলো তাঁকে শেষ করে যেতে হবে। কাজ শেষ না করে তিনি মরতে পারেন না।

পার্টির সাধারণ সম্পাদক শামসূল হকেন কি পাঁকিয়া খাতুন তাঁকে কয়েকটা চিটে লিখেছেন। তিনি উত্তর দেন বি প্রীরটা তালো নয়। তার ওপর এত টানাহেঁচড়া। একবার ফরিদেশ্বর প্রথকে গোপালগঞ্জ, গোপালগঞ্জ থেকে ফরিদপুর করলে ছয় দিন হু বি প্রায়াতেই চলে যায়। যা-ই হোক, অনেক নেখালেখি করে অব্যাহর্ধা ঠেটকে ফরিদপুর থেকে ঢাকা কারাগারে আনা হয়েছে চিকিৎসার উদ্ধিন্দী। তাঁর চোখের ব্যারাম বেড়েছে। সারাক্ষণ চোখ দিয়ে বাদিন করে।

তিনি শামসূল হক্ষ্টেটি লিখতে বসেন :

এস এম রহমার সিকিউরিটি প্রিজনার সেন্ট্রাল জেল ঢাকা।

১২/৯/৫১ হক সাহেব,

আমার আদাব নেবেন। ভাবির চিঠি মাঝে মাঝে ফরিদপুরে পাইতাম। সকল সময় উত্তর দিতে পারা যায় না, তাহা আপনি বুঝতে পারেন। গোপালপঞ্জের মামলা আজও শেষ হয় নাই। তবে চিকিৎসার জন্য ঢাকা এনেছে। রোগমুক্ত হলেই আবার যেতে হবে। যাহা হউক, ভাবিকে বলেন শীঘ্রই চিঠির উত্তর দিব, তাহাকে ভাবতে নিষেধ করবেন। তয়ের কোনো কারণ নাই। আমি জানি, আমি মরতে পারি না, বহু কাজ আমার করতে হইবে। খোদা যাহাকে না মারে মানুষ তাহাকে মারতে পারে না।

নানা কারণে সিগারেট খাওয়া ছেড়ে দিয়েছি, আমার কোনো কিছুর দরকার নাই। যদি দৃই-একখানা ভালো ইতিহাস বই অথবা গল্পের বই পাঠাতে পারেন সুখী হব।

বহুদিন মণ্ডলানা সাহেবের কোনো সংবাদ পাই নাই, এখন কেমন আছেন এবং কোথায় আছেন জানালে সুবী হব। আপনার পরীর কীরূপ, বন্ধুবান্ধবদের আমার সালাম দিবেন, কোনোরকম ভয়ের কারণ নাই, তাদের জানাবেন। আমি শীঘুই আরোগ্য লাভ করব বলে আশা রাখি, বাকি খোদা ভরসা। কলেজটা চলছে জেনে সুবী হুমুর্থি, মানিক ভাই ও ইয়ার মোহাম্মদের ওপর কলেজের ভার সম্পূর্ণ ক্রেম্বর্ধ জাপনি অন্য কাজ করবেন, তাহা ইইলে ভালো হবে।

জ করবেন, তাহা হহলে ভালো হবে। ভাবিকে চিঠি দিতে বলবেন।

ইতি

আপনার যুজিবুর

এনবি: গোপালগঞ্জ মামূলার আর্থির ১৯ অক্টোবর। শরীর ভালো হলে পাঠাবে আর ভালো ন্য হলৈ সাঠাবে না। তবে ঐ তারিবেই সমন্ত সাক্ষী আসবে বলে মনে হয়। কারণ, তিন মাস পরে তারিখ পড়েছে। কোর্ট সকল কিছুর ব্যক্তিক না করে আর তারিখ ফেলে নাই। চিঠিটা মানিক ভাইকে দিবেন

এই চিঠিটা লিখে মুজিব আরেকটা চিঠি লিখতে বসেন তফাজ্জল হোসেন মানিককে।

ঢাকা জেল

ঢাকা।

25-4-67

মানিক ভাই,

আমার সালাম নিবেন। আমার মনে হয়, আপনারা সকলে আমার জন্য

২৫৮ 🏚 যারা ভোর এনেছিল

একটু ব্যস্ত হয়ে পড়েছেন। চিন্তার কোনো কারণ নাই। আমি জেল হাসপাতালে ভর্তি আছি।

চিকিৎসার চেষ্টা খুবই হইতেছে। হাসপাতালে কিছুদিন থাকতে হবে বলে মনে হয় . কারণ, শরীরের অবস্থা এখনো উন্নতির দিকে যায় নাই।

আতাউর রহমান সাহেব দেখা করতে এসেছিলেন। ফেডারেল কোর্ট করা যায় কি না আর করিবে কি না? জনাব সুরাওয়ার্দি সাহেব তো পিত্তি মামলা নিরা ব্যন্ত। কে মামলা পরিচালনা করিবেন। আপনি সুরাওয়ার্দি সাহেবের কাছে চিঠি লেখে জানুন, তিনি করতে পারবেন কি না আর তা না হলে অন্য কাহাকে দিয়া মামলা পরিচালনা করার কোনো অর্থ হবে বলে আমার মনে হয় না। আপনারা বাহিরে আছেল, হালাম শাহেব, আতাউর রহমান সাহেব ও অন্যান্য সকলের সাছে পরাম্মণ করের যাহা ভালো বোঝেন, ভাহাই করিবেন। আমার কিছু বলার নাই।

খনে সুখী হবেন, সিগারেট খাওরা ছেড়ে দিলেচ কারণ, কত দিন বাবার পরসার সর্বনাশ করা যায়। আর শঙ্গীরেছ সবস্থাও ভালো না। কারণ, হঠাৎ ঢাকা জেলে আসার পর পুতৃত্ব দিন্তে পরপর তিন দিন রক্ত পড়ে, তবে সে রক্ত সর্দি তকাইরাও হতে আরু, আবার হাঁচি খুব বেশি হয় বলে অনেক সময় গলা দিয়ে রক্ত পড়িক্ত পারে আর কাশের সাথেও হতে পারে। তাই নিজের থেকেই ইনির্মান্ত হওয়া ভালো। কতকাল থাকতে হয় ঠিক তো নাই। এক্স-বে কুর্নার্ক কর্মা বলেছি। তবে সরকারের কাছে সকল সময়ই খুব সময় লাগে। ক্তবাল ক্রিব এক্স-রে করে বলা যায় না। তবে যাহাতে তাড়াতাড়ি হয়, তথেকা ক্রেব । করেব।

ঢাকা জেকেই কর্মার সাহেব খুব ভালো ডাজার, ভাই শীয়ই ভালো হয়ে যাব বলে জুপা করি। চিন্তার কোনো কারণ নাই। জেলখানায়ও যদি মরতে হয় তবে মিথ্যার কাছে কোনো দিন মাথা নত করব না। আমি একলা জেলে থাকতে আপনাদের কোনো অসুবিধা হবে না। কাজ করে যান, খোলা নিশ্চয়ই সাহায্য করবে। আমার জন্য কিছুই পাঠাবেন না। আমার কোনো কিছুই সাহায্য করবে। আমার কোনে কিছু বই যদি পাওয়া যায়, তবে আমাকে পাঠাবেন। চক্ষু পরীক্ষার পর আপনাকে খবর নিব, কারণ চশ্মা কিনতে হইবে। নিজেই দরখান্ত করে আপনার সাথে দেখা করতে চেন্টা করব।

আপনার ছোট ভাই মুজিব

দূটো চিঠি ভাঁঞ্জ করে একই খামে পুরে শামসূল হকের নামে ৯৪ নবাবপুর রোডের আওয়ামী লীগ কার্যালয়ের ঠিকানায় পাঠিয়ে দেওয়ার জন্য জমা দেন মুজিব।

সরকারের গোয়েন্দা বিভাগ দুটো চিঠিই আটকে রাখে। শেখ মুজিব তা জানতেও পারেন না।



ee.

গোপালগঞ্জের সাইদ্র রহমান ওরফে চাঁদ মিয়া, ক্রিক্টেই, কুটিয়া থানার কৃষি অফিসার, পড়ে আছেন ঢাকা মেডিকেল করেজের পোস্ট অপারেটিড রুমে। অচেতন। তাঁর হাতে অল্লোপচার কর্ম হরেছে। হাতের হাড় ডেঙে গিরেছিল কুটিয়াতে, বর্তমানে তিনি ঢাকা মেডিকেল কলেজ হাসপাডালে ১৭ নম্বর ওয়ার্ডে জার্মান চিকিস্কুক্ট অর্যাপক নোবাকের চিকিৎসাধীন। তিনি কতক্ষপ অজ্ঞান ছিলেন, ক্রাপ্টেন না। আতে আতে তাঁর জ্ঞান ফিরতে থাকে। তিনি নানা কিছু মুক্ট্রুক্টর মতো দেখতে থাকে। গোপালগঞ্জের মধুমতী নদী, লঞ্জ্যাট ক্লিলভরা পথঘাট তাঁর মনের পর্দায় ভেসে উঠতে থাকে। তারপার ক্রিক্ট্রিক্টরান্তর, তিনি আকালে মেঘের ওপর দিয়ে উড়ে যাকে। তারপার ক্রিক্ট্রক্টরালালার তিরি মানুষ তাঁর হাত ধরে তাঁকে মেঘের ওপর দিয়ে টাড্রিফ্ট্রানিয়ে যাল্ডে।

আন্তে আন্তে জ্ঞান পুরোপুরি ফিরে এলে তিনি বোঝেন যে তিনি হাসপাতালে, আর তাঁর হাত কে একজন ধরে আছে।

দৃষ্টি পুরোপুরি পরিষ্কার হয় না। তিনি জিজেস করেন, 'কে, কে আমার হাত ধরে আছে?'

'মজিবর।'

'শেখ মজিবর?'

'হ্যা, আমি শেখ মজিবর।'

আন্তে আন্তে পুরো ব্যাপারটা সাইদুর রহমান ওরকে চাঁদ মিয়ার ধাতস্থ হয়। তিনি কুষ্টিয়া থেকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে এমেছেন হাতের হাড় ভাঙার চিকিৎসা নিতে। তাঁর অপারেশন হয়ে গেছে, আর শেখ মুজিবকৈ আনা হয়েছে পুলিশ প্রহরাধীনে, তিনি কারাগার থেকে এখানে এসেছেন চোথের চিকিৎসা করাতে। পুলিশ সারাক্ষণ তাঁকে পাহারা দিয়ে রাখে।

শেখ মুজিব গুনতে পেলেন, গোপালগঞ্জের চানমিয়া, যিনি কিনা কলকাতায় ভেটেরিনারি কলেজে পড়ার সময় তাঁর মিছিলে এসে যোগ দিতেন, পাশের ওয়ার্ডেই আছেন আর তাঁর অপারেশন হয়ে গেছে, তিনি তাঁর পাশে এসে বদেছেন।

'মুজিব ভাই, আপনি ভালো আছেন?'

কথা বোলো না। চুণচাপ থাকো। আমি ভালো আছি।

পুলিশ আসে। মুজিবকে বলে, 'স্যার, আপনি আপনার ওয়ার্ডে যান। এখানে কতকণ থাকবেন!'

মুজিব বলেন, 'চানমিয়া, আমি ওয়ার্ডে যাছির ক্রিয়ার কোনো অসুবিধা হলে বলবা, আমাকে খবর দিবা। শেব মুক্তিবকৈ খবর দাও বললেই সবাই খবর দিবে।'

কথা সত্য। শেখ মুজিবকে সবাই চেন্ জীর পেছনে গোয়েন্দারা সর্বনা দেগে রয়েছে, তাদের আহার বিষ্ণ মিরাম হরে গেছে। নডেহর ১৯৫১ সালে করাচি আওয়ামী মুসুক্ষি জীগের সংগঠক আতার আহার মুজিবকে জেলখানার ঠিকালয়ে এটি চিঠি লেখেন। সেটা গোয়েন্দারা আটক করেছে। তার মুখ্যে উ আছে, তা বোমার চেয়েও ভয়ংকর আকতার আহাদ লিবেছেন্টা জালিম সরকারকে উচ্ছেদ করতে বড়জোর আর দেড় বছর লাখনে উর্জিটির এক সভায় সোহরাওয়াদী বলেছেন, তাঁর যদি শেখ মুজিবিক মিতো গাঁচটা মুজিব থাকত, তাহলে সারা দেশ তাঁর সঙ্গে একাত্ম হয়ে যেত। এই রকম একটা বন্দীকে বেমন ছেড়ে পেওয়া যায় না, তেমনি তিনি যখন মেডিকেল কলেছে থাকেন, তথন সবাই জানে যে, কে এই বন্দী-রোগী।'

সোহরাওয়াদী ঢাকা আসেন ফেডারেল মামলা পরিচালনার কাজে।
তিনি ছুটে যান ঢাকা মেডিকেল কলেজে। তাঁর প্রিয়তম কর্মীটির সঙ্গে
দেখা করতে। ডিসেম্বরের সেই বিকেলটা ছিল দীতে কাতর।
সোহরাওয়াদী সঙ্গীসাথিসমেত চলে আসেন মুজিবের শয্যাপাশে। মুজিবের
যায়্য অনেকটাই ঝারাণ হয়ে গেছে। সোহরাওয়াদী উঘেগ একাশ করেন।
তিনি কথা দেন, মুজিবের জন্যে তিনি হেবিয়াস করপাস মামলা লড়বেন।
প্রতিদিনই পরিদর্শক আসে এই বন্দীর কাছে। নিরাপাবার দায়িতে

পুলিশ আর কতন্ধনকে আটকাবে। এই এমএলএ আনোয়ারা বেগম আসছেন, তো কের আসছেন মানিক মিয়া।

গোয়েন্দারা এই সব সাক্ষাৎকারের ওপরে প্রতিবেদন জমা দেয় উর্ধেতন কর্তৃপক্ষের কাছে।

ইন্টেলিজেন্স ব্রাঞ্চ তৎপর হয়ে ওঠে। কর্তারা সভা করেন। বিশেষ নোটিশ জারি করেন। হুঁশিয়ার। হুঁশিয়ার। শেখ মুজিবের সঙ্গে কেউ দেখা করতে পারবে না প্রয়োজনীয় অনুমতি ছাড়া। কেউ তাকে কোনো চিঠি বা জিনিস দিতে পারবে না। এর সঙ্গে রাষ্ট্রের নিরাপত্তা জড়িত। হুঁ হুঁ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আমগাছে বসে ব্যাঙ্গমা আর ব্যাঙ্গমি কথা বলে:
শোনো শোনো ব্যাঙ্গমা গো, শোনো দিয়া মন্

মন তো দেওয়াই আছে, দিব কি জীবন্ধ

রসিকতা নর ওপো কথা হলো ছারি মুজিবর মেডিকেলে প্রসঙ্গটা আছি যদিও শীতের দিন, গোলেছার ঘামে, চারদিক উন্মাতাল প্রক্রমুক্তিবের নামে

শোনো শোনে দ্বাসাম গো, বাতাসের বেগ। মুজিবের ক্ষাস্থ্য চারদিকে উদ্বেগ ॥ মুক্তি ক্লিয় সভা হয়, আদে বিবৃতি। মুক্তির চাবিতে যেন সোচ্চার প্রকৃতি॥

প্রদেশের মুখ্যমন্ত্রী নুরুল আমিন।
শেখ মুজিবরে তিনি না দেন জ্ঞামিন।
গিয়েছেন মুখ্যমন্ত্রী ব্রাক্ষণবাড়িয়া।
নরসিংদী ইস্টিশর্কেজনতা ঘিরিরা
ধরল তাকে আচানক, তিনি তো ঘেরাও,
বলেন, তোমরা বলো, কী চাও কী চাও।
হাতে ধরে লোকে বলে, শোনেন হুজুর,
শেখ মুজিবরের কট্ট করতে হবে দূর।

দয়া করে মুক্তি দিন শেখ মুজিবরে, না হলে জ্বলবে অগ্নি প্রতি ঘরে ঘরে।

ব্যাঙ্গমা বলে,

শেখ মৃদ্ধিবরের বয়স একত্রিশ মাত্র, ক্ষনতার কাছে তিনি অতি প্রিয়পাত্র।

ব্যাঙ্গমি বলে,

আরও তো সময় আছে, আছে ভবিষ্যৎ, যেতে হবে বছ দূর সামনে কত পথ। কতবার তার মুক্তি চাইবে বাঙালি, তার নামে কতজন রক্ত দেবে ঢালি। সেবব ভবিষ্যুতে তিনি আপাতত বন্দী রোগী হয়েও পান মনোবোগ সচ

৫৬.

পাকিতানের প্রক্রেরী ছিলেন নিয়াকত আনী খান। তিনি সোহরাওয়াদী
সম্পর্কে বলেজিলেন, 'ভারতের নেনিয়ে দেওয়া কুকুর।' আর প্রকাশ্যে
ঘোষণা দিয়েছিলেন, মঙলানা ভাসানী, সোহরাওয়াদী প্রমুখ পূর্ববঙ্গর
নেতাদের 'শির কুচল' বা মন্তক চুর্গবিচূর্ণ করে দেবেন।

কথাটা বারবার মনে হচ্ছে তরুণ সাংবাদিক আবু জাফর শামসৃদ্দীনের।
সেদিন সন্ধ্যা। শরতের শেষ, হেমন্তের গুরু। আকাশে চাঁদ উঠেছে।
চমংকার নাতিশীতোক আবহাওয়া। ভাজাদ অফিসে ঢোকার মুখেই আবু
জাফর শামসৃদ্দীনকে পিরন ফরিদ আলী বলল, 'স্যার, গুনছেন, লিয়াকড
আলী শির কুচল হইয়া গেছে গা।'

'মানে কী!'

আবু জাফর শামসুদ্দীন *আজাদ* অফিসে ঢোকার পর কিছুটা জানতে

পারেন। পাকিস্তানের প্রধানমন্ত্রী লিয়াকত আলী মৃত্যুবরণ করেছেন। তিনি রাওয়ালপিন্ডির এক জনসভায় ভাষণ দিচ্ছিলেন। এই সময় এক লোক তাকে লক্ষ্য করে গুলি ছোড়ে। মিলিটারি হাসপাতালে নেওয়ার পর তিনি মারা যান। উম্বন্ত জনতা সৈয়দ আকবর নামের ওই ঘাতককে পিটিয়ে পায়ে পিয়ে সঙ্গে সঙ্গেই মেরে ফেলে।

কার শির কে কুচল করে। আবু জাফর শামসৃদ্দীন ভাবেন।

তার ভাবনা দুর্ভাবনার পরিণত হয়, যখন তিনি ভনতে পান, খাজা নাজিম উদ্দিন এখন পাকিস্তানের প্রধানমন্ত্রী।

জিলাহর মৃত্যুর পর খাজা পাকিন্তানের গতর্নর জেনারেল হয়েছিলেন। তার আগে ছিলেন পূর্ব পাকিন্তানের মুখ্যমন্ত্রী।

সেই সময় আবু জাফর শামসুন্দীনের অভিজ্ঞতা হয়েছিল বাজা নাজিম উদ্দিনকে কাছে থেকে দেখার।

আবু জাফর শামসূদ্দীন কলকাতা থেকে চাকুরি এসেছেন। পাকিন্তান নামটার মধ্যেই পাক কথাটা আছে। কার্কেই এই দেশ থাকবে পাক-পবিত্র, তিনি তেবেছিলেন।

পবিত্রতা আর পরিচ্ছন্নতার মহড়ু(জিমি)দেখতে পান সেক্রেটারিয়েটে।

কী সেটা?

মধ্য বয়সী সরকারি ক্রান্তারীসা মূত্রতাাগের পর শুধু পানি ব্যবহার করে খুশি নন। তারা স্ট্রেম্বাড়ার মূত্রতাাগের পর অফিসের মধ্যেই লুদ্ধি বা পায়জামার নিচে ক্রান্ত স্থাকিয়ে পুরুষাক্ষে মাটির ঢেলা ধরে চল্লিশ কদম হাটেন। টয়লেটে দ্বাটির ঢেলা গুপ করে রাখা।

নিজের শরীরদৈ পাক-পবিত্র রাখার কাজে যারা এত ব্যস্ত, তাদের মধ্যে একজন অফিসার যদি নাপাক কাজ করে, তা কি সহ্য করা যায়?

অফিসার লোকটা দুর্নীষ্টিবাজ। পাকিস্তানের পবিত্রতা নই করতে তিনি একাই যথেষ্ট। তিনি একজন ডেপুটি মাজিস্ট্রেট। হিন্দুদের ফেলে রেখে যাওয়া বাড়িঘর বরান্দ করার জন্য খোলা হয়েছে অফিস। এই রকম একটা কঠিন দায়িত্ব যার ওপরে, সেই অফিসার কিনা মদ্যুপ ও জুয়াড়ি। রোজ দিনের ঝেলা ঢাকা ক্লাবে মদ্যুপান করে আর রাতের বেলা আরমানিটোলা জমিদার বাড়িতে গিয়ে জুয়া খেলে।

আজাদ-এর বার্তা সম্পাদক মোহাম্মদ মোদাব্যেরও ঢাকায়। আবু

জাফর তাঁর সঙ্গে পরামর্শ করলেন। কী করা যায়? 'চলুন মুখ্যমন্ত্রী খাজা নাজিমুন্দীনের সঙ্গে দেখা করি। তাকে বলি…'

তাঁরা দুজন চললেন বর্ধমান হাউজে, মুখ্যমন্ত্রী খাজার কাছে।

'স্যার, আপনার অফিসার লোকটা দুর্নীতিবান্ধ। গুধু ঢেলা-কুলুপ নিলে তো পাকিস্তান পবিত্র হবে না। সরকারি অফিসে দুর্নীতি বন্ধ করতে হবে।'

'অফিসার দুনীতিবাজ? প্রমাণ কী?' খাজা বললেন।

'তিনি কত চাকা বেতন পান? পাঁচ শ টাকা। কিন্তু রোজ মদের পেছনে খরচ করেন অন্তত্ত পঞ্চাশ টাকা আর জুয়া খেলে উড়িয়ে দেন শত টাকা পাঁচ শ টাকা বেতনের একজন লোক এত টাকা ওড়াচ্ছে পাচ্ছে কোথায়?'

খাজা বললেন, 'ইয়েস, আই নো হি গোস ফর হাইস্টেক, বাট...' বাট বলার পর তিনি থেমে গেলেন। আর ক্ষ্<u>রিক্</u>লেন না। আর

কোনো ব্যবস্থাও নিলেন না।

আরেক দিনের ঘটনা। দৈনিক আজাদ মুখনিয় জান গছন্দমতো জমি পাওয়া যাচ্ছে না। দৈনিক আজাদ মুখনিয় সাংগরই মুখপত্র। কাজেই মুখ্যমন্ত্রীর কাছে গেলেন আবু জাফ্রিক সামসুদ্দীন। বর্ধখান হাউজেই অনুষ্ঠিত হলো সেই সাকাংকার

'আপনি দৈনিক *আজাদ*্রাই প্রন্য একটা ভালো জমি বরাদ্দ করতে

বলে দিন।'

খাজা বলেন, হার্ম সিধেসাধে আদমি হো, সিধেসাধে বাতাইন সমঝাতে, ইয়ে বছর স্বত মামলা হায়, আপলোগ হামিদুল হক সাহেবকা পাছ যাইয়ে (চ

বলেন কী ঠিনি। এইটা একটা কঠিন মামলা।

এটাই ছিল খাজা নাজ্ঞিম উদ্দিনের শাসনপদ্ধতি। তিনি সব কাগজ জমা করে রাখতেন অফিনের টেবিলে। কোনোটাতেই স্বাক্ষর করতেন না সমস্যা যদি বড় হয়, সমাধানও আপন আপনিই হয়ে যাবে, এই ছিল তার দর্শন।

সেই খাজা নাজিম উদ্দিন এখন পাকিস্তানের প্রধানমন্ত্রী:

তিনি আসছেন ঢাকায় ৷

প্রধানমন্ত্রী হিসেবে তাঁর প্রথম সফর।

ঢাকায় এসে পন্টনে জনসভা করলেন তিনি। সেখানে তিনি বললেন, 'উর্দুই হবে পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা। পরীক্ষামূলকভাবে একুশটি কেন্দ্রে আরবি হরফে বাংলা লেখার প্রচেষ্টা সফল হরেছে। জনগণ নিজ উদ্যোগে আরও কেন্দ্র খলছে।

আবু জাফর শামসৃদ্ধীন সেই জনসভায় উপস্থিত। এ কথা শোনার পর তার যনে হলো, যে লোক সাধেসিধে বাত ছাড়া বোঝে না, সে কী করে একটা কঠিন বিষয় নিয়ে কথা বলে ফেলল। এর পরিপতি মোটেও ভালো হবে না।



৫٩.

শীতের দিন। তবে ঠান্ডা কম। বাতাসে জলীরবিশ্বি-আছে মনে হচ্ছে। ব্যাঙ্গমা বলে.

> ব্যাঙ্গমি, বল তো দেখি, ঠাড়া ক্রেম ক্রম শীতকালে শীত নাই, কেনু এ ব্রক্ম?

ব্যাঙ্গমি জবাব দের.

নাজিম উদ্দিন প্রজ্বা বৃদ্ধি কম তার,
গীতের বিকেনে পদল উক্ষ উপহার,
উর্দু হবে দ্বাষ্ট্রভাষা বলেছেন যেই,
পরম হয়েছে মাঠ, গীত বিকলেই।
চারনিক তন্ত আজি, মিছিলে সকলে,
রাষ্ট্রভাষা বাংলা চাই, বলে দলে দলে।
ঢাকা বিশ্ববিদ্যালয়ে মিটিং আজিকে,
ক্ষোভ বার্তা রটে যাুয় মুহূর্তে চৌদিকে।

তারা তাকিরে দেখে, মাঠে ছাত্ররা জড়ো হরেছে। তাদের মুখে শ্লোগান, 'রাষ্ট্রভাষা বাংলা চাই'। আরবি হরফে বাংলা লেখা চলবে না। ভাষা নিয়ে যড়যন্ত্র চলবে না।

ব্যাদমা বলে, 'এই যে শুরু হইল, নতুন ইতিহাস লেখার যাত্রা।'

ব্যাক্ষমি বলে, 'আরও কত কী ঘটব, এই আমতলাডেই।' ব্যাক্ষমা বলে, 'আমতলা থেকে বটতলা, বটতলা থেকে সারা পূর্ব বাংলায় কত কিছুই না ঘটব, আরও কত কিছুই না আমণো দেখতে হবব।'



ዸ፞፞፞፟

এম আর আখতার মুকুলের প্যান্ট ছিঁড়ে যায়।

মুকুল এক হাতে প্যান্ট ধরে আছেন। আর হাত তার উত্তোলিত আমগাছের

আর হাত তার উত্তোলিত আমগাছের ছুলার দিকে ৷ ব্যাঙ্গমা আর ব্যাঙ্গমি সেই দৃশ্য দেখে হেসে গড়িয়ে পড়েছ

মুকুল দাঁড়িয়ে আছেন টেবিলিক প্রণরে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আমতলায় এই টেবিলটা এলেকে প্রাক্তীউল হক, মুকুল প্রমুখ।

৪ ফেব্রুয়ারি ১৯৫২ । তুর্ন জুরিয়ারি পন্টন ময়দানে খাজা নাজিম উদ্দিন বদে গেছেন, উপুই রুব্রু খার্কিভানের একমাত্র রাষ্ট্রভাষা।' তার পর থেকে ছাত্ররা ফুর্নছে। ধর্ম বরে পোস্টার লেখা হুছে, কার্টুন জার্কা হছে, কার্টুন জার্কা হার্ট্র ক্রেই প্রক্রেই প্রক্রিটার কর্মার বাংলা চাই। ৩০ জানুয়ারিতেও ঢাকার সব প্রিক্রীপ্রতিটানে ধর্মছট হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে সভা হয়েছে, মিছিল হয়েছে। হাজার হাজার ছাত্রছাত্রী সেই মিছিলে অংশ নিয়েছে। সেদিনের সভাতেই ঘোষিত হয়েছে, আজ ৪ ফেব্রুয়ারি ছাত্রধর্মটি আর সমাবেশ। ঢাকার প্রতিটা শিক্ষাপ্রতিষ্ঠানে যুবলীগের কর্মীরা যোগাযোগ করে সবাইকে প্রক্রত করে রেখেছে। আনিসুজ্জামান পোপোজ স্কুল ও সেন্ট যোড়েফ স্কুলে ধর্মঘট করাতে। এইভাবে বিভিত্র শিক্ষাপ্রতিষ্ঠানে গাছেন বিভিত্রজন।

৩০ জানুয়ারি সভা শেষে মিছিল করার কথা যখন উঠেছিল, পূর্ব পাকিস্তান মুসলিম ছাত্রলীগ তাতে বাধা দিয়েছিল। যদিও সভাপতিত্ব করেছিলেন ছাত্রলীগের সভাপতি খালেক নেওয়ান্ধ নিজেই। খালেক নেওয়ান্ধ ৩০ তারিখে মওলানা ভাসানীর সভাপতিত্বে যে সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠিত হয়, তাতেও আছেন। আওয়ামী মুসলিম লীগদহ বিভিন্ন দল ও শংগঠনের দূজন করে প্রতিনিধি নিয়ে ঢাকা জেলা বার লাইরেরিতে গঠিত হয় সংগ্রাম পরিষদ। সেই সভাতেই সিদ্ধান্ত হয়েছে ২১ ফেব্রুয়ারিতে সাধারণ ধর্মঘট, সভা ও বিক্লোভ মিছিল হবে। বিক্লোভ মিছিল যাবে জগরাধ হলে, যেখানে পূর্ববন্ধ ব্যবস্থাপক সভার বাজেট অধিবেশন বসবে।

কিন্তু আজ যেন খালেক নেওয়ান্ত সভাপতিত্ব করতে না পারেন,
তারই ফন্দি এটে এসেছেন যুবলীগের কর্মীরা। এম আর আখতার
মুকুলের ওপর দায়িত্ব দেওয়া হয়েছে, তিনি সভার সভাপতি হিসেবে নাম
প্রভাব করবেন গান্তীউল হকের। তাঁকে সমর্থন করবেন কমরুদ্দীন
শহদ।

টেবিল আনা হয়েছে, খালেক নেওয়াজ অপেকা কর্মান কৈয়ন আসে। তাহলে তিনি সেই চেয়ারে বসে পড়ে নাজপতিত্ব করতে পারবেন। সামনে হাজার হাজার শিকাধী অক্লোক্তরছে।

কেউ কিছু বুঝে ওঠার আগেই তার ছোট শ্রমীরটি নিম্নে এম আর আখতার মুকুল উঠে গেলেন টেকিন্ট্রি প্রদির। ঘোষণা করলেন, 'ভাইসব, রাষ্ট্রভাষা বাংলা প্রভিষ্ঠার ক্রমিবতে আয়োজিত এই সভার সভাপতিত্ব করবেন গাজীভন দুক্তা

অমনি মুসলিম ছাত্রলীপের কর্মী মুকুলের প্যান্ট ধরে মারলেন টান। মুকুলের প্যান্টের বেলুই ছিছে গেল পট করে। প্যান্টটাও নিচে নেমে গেল খানিক বিক্তু সেই গান্ট এক হাতে টেনে ধরে আরেক হাত উর্ধ্বযুথে তুলে ধুনুকুল তাঁর ঘোষণা সমাঞ্চ করলেন। সঙ্গে সঙ্গে ফুট উঁচু কমরুক্তীন শহদ পারের আঙুলের ওপর ভর দিয়ে মাথা উঁচু করে বললেন, 'আমি এই প্রভাব সমর্থন করছি।'

গান্ধীউল হকও আর চেয়ারের জন্য অপেক্ষা করলেন না উঠে পড়লেন টেবিলের ওপরে। দুই মিনিটের বক্তৃতা শেষে ঘোষণা করলেন কর্মসূচি, এবার আমরা মিছিল নিয়ে সারা শহর প্রদক্ষিণ করব।

মিছিল শুরু হলো। ২১ ফেব্রুয়ারি সারা বাংলায় ধর্মঘট। রাষ্ট্রভাষা বাংলা চাই , মিছিল শহরের ক্লান্তা প্রদক্ষিণ করছে। বিশাল মিছিল।

মুকুল সেই মিছিল ধরে হাঁটছেন। আজ নিজেকে তাঁর মনে হচ্ছে বিশাল। সমুদ্রের জলে যখন নদী মেশে, নদীর তখন যেযন লাগে। মুকুলের মনে হচ্ছে, তিনি ছিলেন পুকুর, হয়ে পড়েছেন সমুদ্র। তাঁর কোমরের বোতামের সমাধান বের করা গেছে। কোমরের একটা বেল্ট তাঁকে খুলে দিয়েছেন তাঁদের এক মিছিলবন্ধু। সেইটা তিনি কোমরে বেঁধেছেন কষে। প্যান্ট আর নিচে নামার চেষ্টা করছে না।

'রাষ্ট্রভাষা রাষ্ট্রভাষা…'

মুকুল জোরে আওয়াজ ধরেন, 'বাংলা চাই বাংলা চাই'। নুরুল আমিনের বাসতবন বর্ধমান হাউজের সামনে দিয়ে যাছে মিছিল। পাশেই রেসকোর্স ময়দান। পথে অনেক গাছ। গাছের ভালে পাখিদের সমাবেশ। মুকুলের মনে হয়, ভাঁদের চিৎকারের সঙ্গে গলা মেলাছে গাছের ভালে বসা সব পাখপাখালিও।



তে: ব্যাক্তমা বলে:

শোনো শোনো ব্যাস্থার্ম প্রের, শোনো হে খবর, ত্তরিদপরের ক্লেন্তে পৈর্ব মুজিবর।

ব্যাসমি বুলে

বাত্তক ইউছে দেখো শনশনশন, মুজিবর রহমান করে অনশন।

'হ, আমি জানি। শেখ মূজিবুর রহমানরে ঢাকা সেন্ট্রাল জেল থাইকা ফরিদপুর কারাগারে পাঠানো হইছে।'

'কেন পাঠানো হইছে?' ব্যাঙ্গমা লেজ তলে ভধায়।

'কারণ তিনি ভ্রমকি দিছেন, তাঁরে সমেত বিনা বিচারে আটক সব রাজবন্দীকে মুক্তি দেওয়া না হইলে তিনি অনশন ধর্মঘট করবেন। তাঁব সাথে আছেন আরেক নিরাপত্তা বন্দী মহিউদ্দিন আহমদ। তাঁরা বলহেন, ১৫ ক্তেব্রুমারির মধ্যে তাঁদের মুক্তি দিতে হবে। তা না হইলে ১৬ ক্তেব্রুমারি তাগো ধর্মঘট শুরু হইব। মুজিব মুক্তি চান, কারণ তিনি জানেন, ২১ ক্তেব্রুমারি রাষ্ট্রভাষা দিবস পালন করা হবে। ওই দিন অ্যাসেম্বলি বসবে। সেটা ঘেরাও করা দরকার। আওয়ামী লীগের এখন মৃজ্ঞিবরে দরকার।

'অলি আহাদ আর যুবলীগের নেতারা আর ছাত্রনেতারা মুজিবরের লগে দেখা করতে মেডিকেল কলেজ হাসপাতালের প্রিন্ধন দেলে গেছিল। শেখ মুজিব অলি আহাদকে জানারা দিছেন তাঁর পরিকল্পনার কথা। তিনি অনশন ধর্মঘটে যাইতেছেন।'

'হেই কথা ভইনা সরকারের লোকজনের মাথা খারাপ হইবার উপক্রম হইছে এমনিতেই রাষ্ট্রভাষা বাংলার দাবিতে ঢাকা ফুটভাছে, এর মধ্যে যদি শেখ মুজিব অনর্থনে যায় আর হাসপাভালের বেডে এত দিন ধইরা শুইয়া থাকা লোকটার একটা কিছু যদি ঘইটা যায়, পরিস্থিতি আর নিমন্ত্রণ করা যাইব না, এই হলো ভাগো ভাবনা।'

'পরিস্থিতি তো এমনিতেই সামলাইতে পারব না, স্বাক্তিতেই পারব না। খালি মজিবররে জার্নির কষ্টটা দিব।'

'দিব না? সারা বাংলার শেখ মুজিবের ফুক্তির দাবিতে কী রকম আওরাজ উঠছে। পেপারে প্রতিদিন কত হিছু অসি ইইতেছে, মানুষ শেখ মুজিবের মুক্তি চার। এইথানে-ওইথানে-নিষ্কিন্দ্রীর জনসভা ইইতাছে না?'

'১৪ ফেব্রুয়ারিতে অর্ডার হইছে, অনুসাই শেখ মুজিবর আর মহিউদ্দিন আহমদরে ফরিদপুর জেলে পাঠার প্রিকজন হেড কনস্টেবল আর দুজন কনস্টেবল তাগো যাান গোমানিক ইইয়া ভরিদপুর লইয়া যায়।'

'তার পরের দিন স্কান পাঁড়ে দশটাতেই মুজিব আর মহিউদ্দিনকে জেল থাইকা বাইর করা ছাল। ফুলবাড়িয়া রেলস্টেশনে নিয়া গিয়া তোলা হইল নারায়ণগঞ্জে ক্লেপাড়িতে।'

'নারায়ণণঞ্জ ক্রিশন আর স্থিমারঘাটেও দেখছ কেমুন ভিড় জইমা গেল শেখ মুজিবরে দেখার সাইগা। নারায়ণগঞ্জের নেতারা তার লগে দেখা করেম। যুবলীগ নেতা শামসুজ্জোহা ও শফি হোসেনরে মজিবর কইয়া দিলেন, 'আমারে বদলি কইরা অরা আমার ধর্মঘট থামাইতে পারব না। আমি অনশন করুমই'।'

'হ। অনশন তো সে করতাছেই। দুদিন পর তাঁরা ফরিদপুর কারাগারে পৌছাইলেন। তার পরের র্দিন থাইকাই তাঁরা জেলখানায় অনশন ধর্মঘট শুরু কইরা দিলেন।'

'ওই দেখো, আমগো গাছতলাতে সভা হইতাছে। রাজবন্দীদের মুক্তি চাই ' 'হ। অরা রাজবন্দীগো মুক্তির লাইগা কমিটি পর্যন্ত বানায়া ফেলল।' বাতাসে আওয়াজ ওঠে, ফট ফট ফট, মুজিবুরে করে অনশন ধর্মঘট।'



40.

ফাল্পনের বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর রেস্তোরাঁর দিকে যাচ্ছেন গাজীউল হক। কোকিল ডাকছে, মৃদুমন্দ দখিনা হাওঠা ঔষ্ট্ছে। রিকশার ক্রিং ক্রিং আওয়াজ আসে মাঝেমধ্যে। দূরে ঘোড়ার ব্রুট্টি চলছে। যোড়ার খুরের ঠকঠক আওয়াজ ওঠে। মাঝেমধ্যে শোক্স বার ঘোড়ার ডাক। তিনি মধুর রেন্ডোরাঁয় চেয়ার টেনে বসেন। রেন্ডোরা সীনে পুরোটাই বারান্দা। সামনে টেবিলে। আরও আরও ছাক্র মেখানে উপস্থিত। সবার মধ্যে উত্তেজনা। এরা সবাই রাষ্ট্রভাষা আ নির্দানের জন্য কাজ করছেন এখন তৈরি হচ্ছে স্বেচ্ছাসেবকদের তর্মন্ত্রক) লম্বা রুল টানা কাগজে একটার পর একটা নাম লেখা হচ্ছে। স্বেচ্ছাসেবক হতে উৎসাহী ছেলেমেয়ের অভাব নেই। কাল সাধারণ ধ্রুটিও ডাকা হয়েছে। বিভিন্ন স্কুল, কলেজ ও অন্যান্য প্রতিষ্ঠানে সিটেটিং করতে হবে। তা ছাড়া সব শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মিছিল পিরে সাসতে হবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাঠে। মেয়েদের কলেজ, স্কুল ১
থিকেও আসবে মিছিল। মেয়েরাও খবই সক্রিয় এই আন্দোলনে: আজ ৫০০ পোষ্টার লিখে নিয়ে এসেছেন নাদিরা আর সাফিয়া। সাফিয়ার হাতে স্বেচ্ছাসেবক মেয়েদের তালিকা। 'বাংলাবাজার গার্লস স্কুলে কে যাচ্ছে যেন', সাফিরার কণ্ঠস্বর উঁচু হলো। সুফিরা দুটো মেয়েকে ডেকে কাছে আনল সাফিয়ার। ও দিকে ব্যস্ত সারা, মাহফিল আরা, খোরশেদী। তাদের হাতে হাতে পোস্টার।

এর মধ্যে ১২ ও ১৩ ফেব্রুয়ারি পালন করা হয়েছে পতাকা দিবস। কাপড়ের পতাকায় কাগজের স্নোগান—রাষ্ট্রভাষা বাংলা চাই, এটা ফেরি করে করে বিক্রি করা। উদ্দেশ্য যত না তহবিল সংগ্রহ, তার চেয়ে বেশি জনমত তৈরি। যুবলীগের পক্ষে আনিসূজ্জামান লিখেছেন রাষ্ট্রভাষা আন্দোলন কি ও কেন? নামের পুত্তিকা। সেটা বেনামে প্রকাশিত হয়ে বিলিবটন হচ্ছে এখানে-ওখানে। রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদও একটা পুত্তিকা বের করে, বদরুক্ষীন উমর সেটা মুসাবিদা করে দিয়েছেন। যুবলীগ অফিস হয়ে উঠেছে ভাষা আন্দোলনের একটা কেন্দ্র। সেখান থেকে সারা দেশে সব যুবলীগ শাখায় পাঠানো হচ্ছে কেন্দ্রের নির্দেশ। সব সময় অফিসটায় একটা সরগরম ভান ঢাকা মেডিকেল কলেজের হোস্টেলও হয়ে উঠেছে ছাত্রাকর্মীনের আরেক আখড়া। হোস্টেল মানে পাকা বাড়ি নয়, সারি সারি বারাক। সর্বত্র সাজ বাব। ২১ ফেক্রুয়ারি রাষ্ট্রভাষা দিবস ওই দিন একটা কিছু হবে।

একটা কোকিল ভাকছে কোথাও। চারদিকে গাছগাছালি। রমনা এলাকায় পাথপাথালির কোনো ইয়ন্তা নেই। এর ইটেই, কোকিল তো ভাকতেই পারে। কিন্তু হঠাৎই ছাত্রদের কথা।পুকুক্ত, কোকিলের ভাক ছাপিয়ে আসে মাইক্রোকোনের আগুৱাল। সাইক্রেম্বারি ক্রেম্বার ক্রাম্বার ক্রাম্বর ক্রাম্বার ক্রাম

কী করা যায়। গান্ধীউল ক্রেক্স কোয়াল শব্দ হয়ে ওঠে।

তধু গাজীউল হকের হাই ছার্মদের সবাই ভীষণ উত্তেজিত। ১৪৪ ধারা জারি করা হয়েছে, সুমার্কিস বিছিল করা যাবে না। আমরা মানি না। মানব না। সবার চেয়ে(কিম্কুট্র মেয়েদের কণ্ঠস্বর, 'আমরা ১৪৪ ধারা মানব না।'

গুজবে মধুর্ক রেন্তোরার বাতাস ভারী হয়ে ওঠে। হাসপাতালে অনেকগুলো বেভ খালি করা হয়েছে। আগামীকাল যে-ই ১৪৪ ধারা ভঙ্গ করবে, তাকেই হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করা হবে। ট্যাংক-কামান নামানো হবে রাস্তায়, সৈন্য যোতায়েন করা হবে, এই সব কথা তো ছিলই।

হলে হলে ছাত্ররা মিলিত হয় সভায়। ওই সব ছাত্রসভার এক আওয়াজ, '১৪৪ ধারা মানা চলবে নচুা' সেই খবর এসে পৌছায় মধুর রেন্ডোরায়।

'কী হবে ভাহলে?' গাজীউল হকের কাছে ছেলেমেয়েরা জানতে চায়।
গাজীউল হকের চোখেমুখে উদ্বেগ। বুকের মধ্যে দুন্দুভি। এর মধ্যে
খবর আসে, সন্ধ্যায় নবাবপুর আওয়ামী মুসলিম লীগ অফিসে সর্বদলীয়
রাষ্ট্রভাষা পরিষদের সভা। উদ্ভূত পরিস্থিতিতে কী করা কর্তব্য—এই হলো

আলোচনার বিষয়।

গান্ধীউল বলেন, 'সন্ধ্যায় সর্বদলীয় রাষ্ট্রভাষা পরিষদের সভায় কী হয়, আমরা দেখি আগে।'

ছেলেমেয়েরা চিৎকার করে ওঠে, '১৪৪ ধারা মানি না, মানব না' সন্ধ্যার নবাবপুর। রান্তায় দু-চারটে রিকশা, কয়েকটা ঘোড়ার গাড়ি এ আওয়ামী মুসলিম লীগ অফিসে অনেকেই উপস্থিত। রাষ্ট্রতায়া পরিষদের সদস্যরা তো আছেনই, এ কলেজ, ও কলেজের প্রতিনিধিরা অপেক্ষা করেছেন উত্তেজনা নিয়ে। বাইরেও কমীরা উকির্কৃকি মারছে। সভায় সভাপতিত্ব করছেন খেলাফতে রক্মানি পার্টির সভাপতি প্রবীণ আবৃল হাশিম মওলানা ভাসানী নেই, মকস্বলে গেছেন জনসভা করতে। আতাউর রহমান খান নেই, তিনি গেছেন ওকালতির কাজে, ময়মননিংছে। আপত্যা আবৃল হাশিমকে সভাপতিত্ব করতে হছে বিশ্বতি আছেন আওয়ামী মুসলিম লীগের সাধারণ সম্পাদক শাসুক বিশ্বতি আছেন ব্যবলীগ নেতা অলি আহাদ, মোহাম্মদ তোয়াহা, চ্বা বিস্কৃত্বিদালয় রাষ্ট্রতাষা সংগ্রাম পরিবদেনর আহলায়ক অবিলম্ব বিত্তিন বিশ্বালয় রাষ্ট্রতাষা সংগ্রাম পরিবদেনর আহলায়ক আবিল্য বিত্তিন বিশ্বালয় রাষ্ট্রতাষা সংগ্রাম

জ্যেষ্ঠ সদস্যরা ১৪৪ ধারা ভঙ্গ না কর্মক সক্ষে। শামসূল হক বলেন, 'আমরা নিয়মতান্ত্রিক আন্দোলন কর্মেন্ড চাই। আমাদের আশহা, অন্যথায় সরকার পূর্ব বাংলার গণতান্ত্রিক উট্টেলালন উড়িয়ে দেওয়ার জন্য কঠোর দমননীতির আশ্রয় নেবে। (অঠ সামনের বছর নির্বাচন হওয়ার কথা। মুসলিম লীগের জন্মপ্রকাশিতগোল হলে সরকার নির্বাচন পিছিয়ে দেওয়ার জরাছুবি হবে। এক্সা বুড়ুপান্ডগোল হলে সরকার নির্বাচন পিছিয়ে দেওয়ার অজ্বহাত পেস্তে সম্ভান্ত অলি আহাদ, মেডিকেল কলেজের ভিন্দি গোলাম মওলা, আবদুল মুডিন—এরা সবাই ১৪৪ ধারা ভঙ্গ করার পজে জোরালো বক্তর রাধেন। তাঁদের মত হলো, 'যদি এবার প্রতিবাদ করতে না পারি, আর কোনো দিনও এই দেশের গণভাত্রিক আন্দোলন দাঁভাবে না।'

শামসূল হকের যুক্তি খণ্ডন করে অলি আহাদ বলেন, '১৯৪৯ সালের নির্বাচনে তো শামসূল হক সাহেব বিজ্ঞারী হয়েছিলেন, তার পরও তাঁকে আইন পরিষদের সদস্য হিসেবে দায়িত্ব পালনের অধিকার থেকে বক্তিত করা হয়েছে। এমনকি টাঙ্গাইল নির্বাচনে পরাজিত হওয়ার পর মুসলিম কার কার আর কোনো উপনির্বাচন দেয় নাই। আমানে শাতিপূর্ণ আন্দোলনকে বানচাল করার জন্য তারা ১৪৪ ধারা জারি করেছে। ১৪৪ ধারা জারি করেছে। ১৪৪ ধারা জারি করেছে। ১৪৪ ধারা ভঙ্গ করেই আমরা উপযুক্ত জবাব দেব। এখন যদি এই সরকারের

জুলুম ও দমন নিপীড়নকে রুখতে না পারি, ভবিষ্যতে সামান্য প্রতিবাদও আর করতে পারব না ।'

তখন প্রস্তাবটা ভোটে দেওয়া হলো, ১৪৪ ধারার ভঙ্গ করা হবে কি হবে না, ভোট হোক।

কোনো কোনো পর্যবেক্ষকের মনে হলো, মওলানা ভাসানী অনুপছিত, শেখ মুজিবুর রহমান কারারুজ, শামসুল হক জীবনযুদ্ধে পরিপ্রান্ত, ব্লী তাঁকে অসহযোগিতা করছে, দুই দুটি কন্যাসন্তান তাঁকে পিছে টানছে, প্রথম কন্যা শাহিন তো আছেই, সদ্য জন্ম নিয়েছে আরেকজন, সাকু। এ অবস্থায় সংগ্রামী নেতৃত্ব তাঁর কাছ থেকে আশা করা বাতুলতা আবুল হাশিম সাহেবের খেলাফতে রক্ষানি পার্টি তখনো সংগঠিত হয়নি, তার ওপরে আছে তাঁর শারীরিক প্রতিবন্ধিতা, এবং বাছুর্ব্ স্বকিছু হারিয়ে সর্বহার হয়ে যাওয়া অবস্থা। তাঁর পক্ষে বিয়রী কিন্তুর্ভ প্রদান অসম্ভব। ফলে যা হওয়ার তা-ই হলো, ১১-৪ ভোটে ১৪৯ কিন্তু ভ্রমান অসম্ভব। জরলাভ করল।

অলি আহাদ বলেন, 'এই স্কিট্র আমরা মানি না আমরা বিশ্ববিদ্যালয়ে ফিরে যাছি। আগ্রাম্মিন বিশ্ববিদ্যালয়ে যে ছাত্রসভা হবে, সেই সভা যদি ১৪৪ ধারা ভরেষ পুরুষ্ট রায় দেয়, তবে আমরাও ১৪৪ ধারা. ভলের পক্ষে থাকব।'

আবদুল মতিন বলুদ্দেশ একটা সিদ্ধান্ত না নিয়ে এই সভা সিদ্ধান্ত নিক যে ১৪৪ ধারা ত্রুবর্ত পক্ষে আর বিপক্ষে—দুটো মতই এসেছে। আগামীকালের ক্লাইটোর দুটো মতই প্রকাশ করা হবে। এর পর ছাত্ররা সিদ্ধান্ত নেবে।

তখন আবুল হাশিম বললেন, 'আগামীকাল শামসূল হক ১৪৪ ধারা ভঙ্গ না করার পক্ষে ছাত্র জনসভায় বক্তব্য পেশ করবেন। তার পরও যদি ছাত্ররা ১৪৪ ধারা ভাঙে, তাহবে এই কমিটি সঙ্গে সঙ্গেই বিলুপ্ত হয়ে যাবে 'সভার কার্যবিবর্গীতে আবুল হাশিমের এই বক্তব্যও লিখে নেওয়া হলো। ঢাকা বিশ্ববিদ্যালয়েক্কু হলে সেই খবর পৌছাল।

সঙ্গে সঙ্গে সবাই উত্তেজিত। 'এই সিদ্ধান্ত মেলে নেওয়া যায় না। আমরা অবশ্যই ১৪৪ ধারা ভঙ্গ করব।'

গাজীউল হক বললেন, 'আপনারা অধৈর্য হবেন না। একটা কিছু হবেই।'

গভীর রাত। ফজলুল হক হল আর ঢাকা হলের মধ্যবর্তী পুকুরের দিছি। ১১ জন ছাত্র দেখানে উপস্থিত। এরা কেউ রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদের কমিটির সদস্য নন। কিন্তু আন্দোলন এখন আর কেবল কমিটির হাতে নেই। এ আছন ছড়িয়ে গেছে বহুজনের মাঝো। মুহাম্মদ হাবিবুর রহমান শেলী, মোহাম্মদ সুলতান, জিন্তুর রহমান, এম এ মোমিন, এস এ বারী এ টি, এম আর আখতার মুকুল, কমরুদ্দীন শহুদ, আনোয়ারুল হক খান, আনোয়ার হোসেন ও গাজীউল হক সেখানে উপস্থিত আবহাওয়া ছাত চমধ্বার। সন্ধ্যার পর দখিনা বাতাস বইছে। দূব থেকে হলের বিদ্যুৎ বাতি এসে গড়ছে পুরুরের পানিতে।

উপস্থিত সবার একটাই মত। রাত পোহালেই যে সকাল আসবে, যে দিন আসবে, একুশে ফেব্রুন্নারি, ১৪৪ ধারা ভঙ্গ করা হবে। কিন্তু সেই দিন্ধান্ত নিতে হবে আমতলায় বৈঠক করে। শামসুল খুলু আসবেন ১৪৪ ধারা ভঙ্গ না করার পক্ষে কথা বলতে। তার বকুল্লাটে সর আবদুল মতিন ১৪৪ ধারা ভাঙার পক্ষে বলবেন। কাজেই এই সক্ষামতও সভাপতিত্ব করতে হবে গাজীউল হকুকেই। তিনি যদি প্রেক্তার হবে যান তাহলে এম আর আখতার মুকুল, তিনিও আটক হলে ক্ষেক্তালীন শহুদকে সভাপতিত্ব করতে হবে। মতিনের বক্তব্যের পর সন্ধান্ত ১৪৪ ধারা ভঙ্গের পক্ষে জোরালো বক্তব্য রাখবেন এবং ঘোষপা কর্মবিশ যে, '১৪৪ ধারা ভাঙার সিদ্ধান্ত এই সভা গ্রহণ করল।'

তারপর মিছিল **নিয়ে (ইলেমে**য়েরা বেরোবে ক্যাম্পাস থেকে :

মুহাম্মদ হাবিধুর রহমান শেলী বললেন, 'আমি থাকব সবার সামনে । আমাকে গ্রেগুরু ইরা হলে আমি গ্রেগুর বরণ করব।'

এম আর অধৈতার মুকুল বললেন, 'নেতাদের গ্রেপ্তার হওয়া চলবে না গান্ধীউল হক, মতিন—এরা যেন গ্রেপ্তার না হয়।'

গান্ধীউল হক তাকালেন হাবিবুর রহমান শেলীর দিকে। ইতিহাসের ছাত্র। বিশ্ববিদ্যালয়ের সেরা ছাত্রদের একজন তিনি। লম্বা, একহারা, উজ্জ্বল চোখ, দিব্যকান্তি, উন্নত নাসা। তিনি যদি সত্যাগ্রহী দলের নেতৃত্ব দেন, তাহলে সেটা বাকিদের অনুপ্রাণিত করবে সহজেই।

আকাশে বঙ বঙ মেখ দেবা যাছে। তারই ফাঁকে ফাঁকে নক্ষত্রের মিটিমিটি আলো। দূরে ঝোপে ঝাড়ে জোনাকি জ্বনছে। হলঙলোর বারান্দায় বিদ্যুতের আলো। তারই প্রতিবিদ্ব পড়েছে পুকুরের জলে। একটা মাছ বোধ হয় চেউ তুলল জলের গায়ে। ছাত্রদের রুমের বাতি বেশির ভাগই নিভে গেছে। একটা স্তব্ধতা যেন ঝড়ের পূর্বাভাস হয়ে নেমে আসছে ঢাকার।

'আমরা সবাই কাল সকাল সকাল চলে আসব কলাভবনে। ঠিক আছে?'

'হাা, ঠিক আছে।'

সবাই চলে যার পুকুরপাড়ের সিঁড়ি থেকে। গুধু থেকে যান গাজীউল হক আর মৃদুভাষী যুবক আবদুল মোমিন।

মোমিন বলেন, 'আগামীকাল সকালে আপনার বিশ্ববিদ্যালয়ে যাওয়া চলবে না।'

গান্ধীউল তাকান যোষিনের মুখের দিকে। 'কেন?'

'আপনাকে আজ রাতেই বিশ্ববিদ্যালয়ে ঢুকতে হবে। ভোরবেদা আপনি বিশ্ববিদ্যালয়ে ঢুকতে গিয়ে গ্রেন্ডার হতে প্রক্রোক্তন কাজেই আজ শেষ রাতের মধ্যেই আপনাকে ঢুকে পড়তে হবে ক্ল্যাভ্যন এলাকায়।'

শেষ রাতের মধ্যেই আপনাকে ঢুকে পড়তে হবে ক্র্যুট্পন এলাকায়।'
আকাশে অনেক তারা। আকাশ অনুক্র প্রাক্তি করি যেয়।
পুকুরপাড়ে নারকেলগাছ। নিড়িটা শীক্র কেল স্থির। গাজীউল হক
পুকুরের নিড়িতে শরীর এলিয়ে প্রেন্স্ আকাশের দিকে তাকান। এই
বিশাল বিশ্বক্রয়াণ্ডে তিনি একটা স্কুন্তের্জ্জন। তার পাশে আরেকজন সামান্য
মানুষ আগামীকাল তানের ক্রান্ত্র্কিটা অনিভিত যারা। কী হতে
যাছে কাল, তারা কেউ ক্রান্ত্র্নিটা। কির তারা জানেন, পেছনে ফেরার
পথ নাই লড়াই তানের ক্রান্ত্রিকিটা। কির তারা জানেন, পেছনে ফেরার

তিনি বললেন (रोपिन) তোমার কথা আমি মানলাম। আমি আজ রাতে আর হর্কেসফ্রের যাছিং না। আমি কলাভবনের বারান্দাতেই রাত কাটাব '

মোমিন বিদায় নিলেন। গাজীউল হক বিশ্ববিদ্যালয়ের জিমনেসিয়ামের মধ্য দিয়ে এগোতে লাগলেন। মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয়—এ দুটোর মধ্যথানে একটা ছোই প্রাচীর। মধ্র ক্যানটিনছেঁয়া সেই পাঁচিল টপকালেন দীর্ঘদেহী গাজীউল হক। নামলেন বিশ্ববিদ্যালয়ের কলাভবন এলাকায়। কৃষ্ণপক্ষের একটা ক্ষীণতনু চাঁদ তখন তাঁর সঙ্গে লাফাতে থাকে।

তিনি বারান্দায় দূটো পোস্টার বিছিয়ে তার ওপর গুয়ে পড়লেন তাঁর মনে পড়ছে বন্ধুদের মূখ। মনে পড়ছে প্রতিজ্ঞাদীও ছাত্রীদের '১৪৪ ধারা মানি না' স্লোগান। মুহাম্মদ হাবিবুর রহমান যদি গ্রেপ্তার হন, তাঁর তবিষ্যৎ কী হবে? এতগুলো মেয়ে জড়িত আন্দোলনের সঙ্গে, মেয়েরা আসবে বিভিন্ন স্কুল-কলেজ থেকে, তাদের নিরাপত্তার প্রশ্ন। কিন্তু তারও চেয়ে বড় প্রশ্ন বাংলা ভাষার সম্মান।

ভোর হচ্ছে। গাজীউল হক উঠে বসলেন। বারান্দায় হাঁটতে লাগলেন।
মধুর রেজারাঁর দিকে গেলেন। গেটের কাছে বড়সড় আমগাছ। মধুর
রেজারা থেকে দক্ষিণ-পূর্ব দিকে। আমগাছের পূর্ব দিকে বেলতলায় ছোট পুকুর। দক্ষিণ-পশ্চিমে বঙ্গভঙ্গ আন্দোলনের সময়য়য়য় দালান, আটস বিন্তিং। পাঁচিল পেরোলেই মেডিকেল কলেন্দা। কলেন্ড হোটেল হলো বাঁপের তৈরি বাারাক। সবচেয়ে দক্ষিণে রেললাইন।

ভোরবেলা শীতও পড়েছে বেজায়।

ওই যে, গেট ঠেলে কে যেন আসছে। মোহাম্মদ সুলতান তাঁর সঙ্গে এলেন এস এ বারী এ টি এবং আরও দুজন।

এত ভোরে ওঁরা কী করবেন?

তাঁরা ছোট ছোট কাগজের টুকরায় চিঠি কিছু লাগলেন। চিরকুটের মতো একেকটা বার্তা। মোহাম্মদ সুল্ফান স্প্রেণাক্ত স্কুলের ছেলেদের উদ্দেশে লিখলেন, 'ছোট ভাইয়ের। সুকুসি ১৪৪ ধারা জারি করেছে। বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসাকে ক্রিকুটির জন্য ১৪৪ ধারা ভঙ্গের দিক্রাভ নিতে হবে। তোমরা দুজন দুকুম প্রের বিধবিদ্যালরে চলে এসো।'

ততক্ষণে একজন দুজন ক্রিম ছাত্ররা আসতে গুরু করেছে। অনেকেই এসেছে সাইকেল নিছে চার্দের হাতে হাতে চিরকুটগুলো পাঠিয়ে দেওয়া হচ্ছে বিভিন্ন কর্মেন্ড স্কুলে। নওগার ছেলে মেডিকেল ছাত্র মঞ্জুর এসেছেন। তিন্ধি স্থেলন মেডিকেল কলেজের সঙ্গে সরাসরি যোগাযোগ করতে। একটা হাট মেয়ে এসেছে সাইকেল চালিয়ে। 'কী নাম তোমার?'

'আমার নাম জাহানারা লাইজু।'

তুমি কেন এসেছ?

'ওমা : আবার কেন? রাষ্ট্রভাষা বাংলা চাই না'?

'তুমি একটা কান্ধ করতে পারবে? এই চিরকুটটা নিয়ে পৌছে দিতে পারবে মেয়েদের কলেন্ধে?'

'পারব।'

লাইজ সাইকেল চালিয়ে বলাকার মতো যেন উড়ে চলে গেল।

আটটার মধ্যে বিশ্ববিদ্যালয় এলাকা ঘিরে ফেলল পুলিশ। তাদের পরনে হাফ প্যান্ট। হাতে বড় বড় লাঠি। অনেকের হাতেই বন্দুক। পুলিশের ভ্যান রাখা সারি সারি।

বসত্তের সকালে চারদিক আলোকোজ্জ্ব। অনেক ছেলেমেয়ে এরই মধ্যে এসে গেছে বিশ্ববিদ্যালয় চতুরে। তাদের ছায়া লম্বা হয়ে পড়েছে ক্যাম্পামের সবুজ উঠোনে।

কালো শেরওয়ানি গায়ে মাধায় জিল্লাই টুপি চাপিয়ে এলেন শামসুল হক।

তিনি গিয়ে বসলেন মধুর রেস্তোরাঁয়।

উপস্থিত ছাত্রদের তিনি বোঝানোর চেষ্টা করতে লাগলেন, '১৪৪ ধারা ডঙ্গ করা ঠিক হবে না। সর্বদলীয় রাষ্ট্রভাষা পরিষদ যে সিন্ধান্ত নিয়েছে, তা মেনে নেওয়া বৃদ্ধিমানের কাজ হবে। নিয়মতান্ত্রিক আন্দোলনই আমাদের কায়া।'

ছাত্ররা উত্তেজিত। তারা তাঁকে নানা প্রশ্ন কর্মক লাগল। তিনি যথাসাধ্য ছাত্রদের প্রশ্নের উত্তর দেওয়ার চেষ্টা কর্মক্রম

হঠাৎ একজন ছাত্র চিৎকার করে উঠলেন (ক্রিইটর'।

তিনি শামসূল হককে লক্ষ্য করে এই বিদ্ধার্মণ ছুড়ে মারলেন।

উত্তেজিত এই ছাত্রটির নাম হাস্যুক স্টেড্রির রহমান। তাঁকে থামানো যাছে না। তিনি শামসুল হকের ক্রিডেরের এলেন। তাঁর মাথার জিন্নাহ টুপি ছিনিয়ে নিয়ে ছুড়ে ফেলুকুন্ন পূরে, শুন্যে। চিৎকার করে তিনি বলতে লাগলেন, 'ইউ হ্যান্ড নো, মুহুড় শিক্ষ, গেট আউট।'

পুরো পরিবেশ উত্তেলন পুর্ল। হইচই, চিৎকার-চেঁচামেচিতে কে শোনে কার কথা। আমানুবাই অস নামের একজন দীর্ঘদেহী ছাত্র বেঞ্জির ওপরে বক্তা দিতে পঞ্চি করেন, 'ভাইসব, আমরা ১৪৪ ধারা মানি না, মানব না…'

অলি আহাদ এলেন। গাঞ্জীউল হককে ডেকে নিলেন আলাদা করে। বললেন, 'আমি তো বিশ্ববিদ্যালয়ের ছাত্র না, আর আমি সর্বদলীয় রাষ্ট্রভাষা পরিষদের সদসা, আমি কোনো ফরমাল ভাষণ দেব না। তবে ১৪৪ ধারা ভাঙতেই হবে।'

গাজীউল ২ক বললেন, পুলামরা কাল রাতে ফজলুল হক হলের পুকুরের পূর্ব ধারের সিড়িতে বসেছিলাম কয়েকজন। আমরা ১৪৪ ধারা ভাঙব, এই সিন্ধাত নিয়েই রেখেছি।

একটা ছোষ্ট চেয়ার নিয়ে রাখা হলো আমতলায়।

তখন বেলা ১১টা সাড়ে ১১টা। রোদে ঝকঝক করছে চারপাশ। হাজার

হাজার ছাত্রছাত্রী সমবেত হয়েছে আমতলায়, এরই মধ্যে।

এম আর আর্বভার মুকুল আগের মতোই সভাপতি হিসেবে প্রস্তাব করলেন গান্ধীউল হকের নাম। তাঁকে সমর্থন করলেন কমরুন্দীন শহুদ।

সভাপতির চেয়ারে বসলেন গাজীউল। তিনি বললেন, প্রথমেই বক্তব্য রাখবেন সর্বদলীয় রাষ্ট্রভাষা পরিষদের পক্ষ থেকে আওয়ামী মুসলিম নীপ সাধারণ সম্পাদক শামসল হক।

কিছু ছাত্র 'না না' বলে চিৎকার করে উঠল।

শামদূল হক অসাধারণ বাগ্মী। তিনি তাঁর ভাষণ শুরু করলেন। খাজা নাজিম উদ্দিন আর নুরুল আমিন সরকারের সমালোচনা করলেন তীর ভাষার। রাষ্ট্রভাষা বাংলার পক্ষে কথা বললেন। কিন্তু দাবি আদারের পহা হিলেবে তিনি যুক্তি দেখালেন নিরমভান্ত্রিক আন্দোলনের পক্ষে। একজন-দুজন ছাত্র তাঁর কথা সমর্থন করতে চাইলেও সমুব্রেক সাম সবাই তাঁর বিরোধিতা করতে লাগল।

এবার বক্তব্য দিতে দাঁড়াদেন বিশ্ববিদানির সাঁইভাষা কমিটির পক্ষে আবদুল মতিন। তিনি কথা বদতে লগতেন ধীরে ধীরে, যুক্তি দিয়ে। বলদেন, 'আজ ১৪৪ ধারা যদি অন্ব্যাভিদ না করি, ভবিষ্যতে কোনো আন্দোলনই আমরা আর করতে স্থায়ব না। দীর্ঘ পথ পাড়ি দিয়ে আন্দোলন বর্তমান পর্যায়ে এসে পৌঙ্গুড়ে এসন পিছিয়ে আসার আর কোনো উপায় নেই। আমরা কি ১৪৪ ধারু কি তিরে বাব?'

জবাবে সকলে হিংকাৰ করে উঠল, 'না না।'

তখন একটা অনুস্থা ফর্মুলা এল। দশজন দশজন করে গেট থেকে বেরিয়ে পথে চারু তারপর যা হয় হবে। গাজীউল হক সভাপতির ভাষণ দিলেন 'নুরুক্তিপামিন সরকার বিশ্ববিদ্যালয়ের বাইরে পুলিশ মোতায়েন করেছে। ১৪৪ ধারা ভাঙা হলে নালি গুলি করা হবে। আমরা নুরুল আমিন সরকারের চ্যালেঞ্জ গ্রহণ করছি। আমরা দেখতে চাই নুরুল আমিন সরকারের বারুন্দাগারে কত বুলেট জয়া আছে।

এই সময় আবদুস সামাদ চিংকার করে বললেন, 'আমরা যে ১৪৪ ধারা ভাঙব, কয়জন করে বাইরে যাব? আমার প্রভাব হলো, আমরা দশ জনের একটা করে দল করে গেটের বাইরে যাব।'

'কে কে বাইরে যেতে চান, নাম লেখান। মোহাম্মদ সুলতান নাম লিখে নেবেন।'

হইচই পড়ে গেল। সবাই নাম লেখাতে চায়। সুলতান গেট বন্ধ করে

সবার নাম ঠিকানা লিখে নিচ্ছেন, যাতে কোনো দুর্ঘটনা ঘটলে সহজেই তাদের নাম-ঠিকানা পাওয়া যায়।

এদিকে মুহর্ম্ছ স্লোগান উঠছে, 'রাষ্ট্রভাষা বাংলা চাই, চলো চলো, অ্যানেঘলি চলো। পুলিশি জুলুম চলবে না'।

গেট খুলে ছেলের দল বেরিয়ে পড়তে লাগল। হাবিবুর রহমান শেলী, আনোয়ারুল হক, আবু জাফর ওবায়দুল্লাহ, আজমল হোসেন...কে যে কার আগে বেরোবে, তারই প্রতিযোগিতা।

বেরোনোর সঙ্গে সঙ্গেই পুলিশ তাঁদের গ্রেপ্তার করে ট্রাকে তুলে নিতে লাগল।

তারপর পিলপিল করে আরও দশজন বেরিয়ে যেতেই গুরু হলো কাঁদানে গ্যাস নিক্ষেপ আর লাঠিচার্জ।

এবার তাহলে মেয়েদের দল যাক।

সাফিয়া, সৃফিয়া, রওশন আরা বাচ্চু, শাসুর মার্মর, হালিমা খাডুন এগিয়ে এলেন। এগিয়ে গেল স্কুলের বান্ধিকা লাতারা, পারুল, নুরী। গেটের পাশে বালভিতে করে পানি রাখ্ মুসুরে । সবাই রুমাল ভিন্তিয়ে নিল। সুরইয়া, শরিকা, সারাহ, ক্ষুসুনারা লাইভু, ভুলেখা, সুফিয়া, খালেদা ভেরনৌস, চেমন আরক্ত স্কুম্বই মিছিলে যাওয়ার জন্য প্রস্তুত। প্রত্যেকের চোখে-মুখে প্রত্যুক্তি ছাল

মেয়েদের দল এগিনে ক্রাক্টে তাদের সঙ্গে কিছু ছেলেও যোগ দিল। তাদের এগিয়ে চলা ঐক্টা মিছিলের আকার নিয়েছে। পুলিশ লাঠিচার্জ করল। সুফিরার শেষ্ট্রেএকটা অল্প বয়সী ছেলে পুলিশের লাঠির আঘাতে তয়ে পড়ল। অফ্টিক্টলেন রওশন। তবু তাঁরা এগিয়ে যাচ্ছেন।

কাঁদানে গ্যামৈর শেল ছোড়া হলো।

চারদিকে কাঁদানে গ্যাস, গুড়ুম গুড়ুম শব্দ, লাঠিচার্জ, আর্তনাদ। লোগান, হইহই রব। পুলিশ কাঁদানে গ্যাস ছুড়ল বিশ্ববিদ্যালয়ের তেতরেও।

ছাত্ররাও যা হাতের কাছে পাচ্ছে, তা-ই নিয়ে পুলিশের দিকে ছুড়ে মারতে গুরু করল। কাঁদানে গ্যাসে পুরো এলাকা ছেয়ে গেছে। কেউ চোখ খুলতে পারছে না। কাঁদানে গ্যাসের শেল এসে পড়ল সুফিয়ার সামনে। তিনি চোখে আর কিছুই দেখতে পারছেন না।

ছাত্ররা সবাই পুকুরের ধ্রানিতে রুমাল ভিন্ধিয়ে চোঝ মুছছে। হাসান হাফিন্ধুর রহমান ও আন্ধহারকে পাঠানো হলো, ছাত্ররা যাতে পুলিশের দিকে ঢিল ছুড়ে না মারে, সেই চেষ্টা করতে।

তিনি সেই উদ্দেশ্যে ছাত্রদের কাছে গেলেন এবং ইটের টুকরো নিয়ে নিজেই ঢিল ছুড়তে লাগলেন।

শামসূল ২ক উদ্ধান্তের মতো ছুটে এলেন গাজীউল হকের কাছে। বললেন, 'যখনই ১৪৪ ধারা ভঙ্গের সিদ্ধান্ত নেওয়া হলো, তখনই আমি সেই সিদ্ধান্ত মেনে নিয়েছি। আমি অবশ্যই এই সংগ্রামের সঙ্গে আছি।'

কাঁদানে গ্যাসের শেল এসে লাগল গাজীউল হকের বৃকে। তিনি জ্ঞান হারিয়ে পড়ে গেলেন। এম আর মুকুল তাঁকে ধরে দোতলায় নিয়ে গেলেন।

ছাত্ররা তখন মেডিকেল কলেজ আর বিশ্বিদ্যালয়ের মধ্যবর্তী পাঁচিল ভেঙে ফেলেছে। তারা মেডিকেলের দিকে এগোছে। কারণ, তারা অ্যানেম্বলি ভবনের কাছাকাছি হতে চায়।

মেডিকেল কলেজের গেট দিরে ছাত্ররা বেরেনেক চিটা করছে। তখনই লেগে গেল সশস্ত্র পূলিশ ও নিরম্ভ ছাত্রদের মুদ্ধ। ছাত্রদের অস্ত্র মেডিকেলের সামনে রাখা ইটের ন্তপ 🔥

খণ্ড খণ্ড যুদ্ধ চলছে।

গুলি হলো বেলা তিনটার দ্বিক্ত

*৬*১.

ছাপাথানার গন্ধটা প্রথম প্রথম সহ্য হতো না রফিক উদ্দিন আহমেদ রফিকের। এই কালিঝুলি আর সিসার অক্ষর আর কেরোসিন আর শ্লিপরিটের গন্ধ। ঘরটাও গুমোট। ওদিকে গোলানো আটা আর তুঁতের দ্রবর্ণটা মিলিয়ে যে আঠা, তারও একটা গন্ধ আছে। মানিকগঞ্জের সিংগাইরের মুক্ত প্রান্তরের বাওাস থেকে এই বন্ধ ঘরে এসে তার মনটা টিকবে কেন। এই মাথার ওপরে ঝুলমাখা বাবের নিচে বন্দে ঘাড় ওঁজে সামনে প্রকল্প দেখতে গিয়ে পায়ের নিচে গন্ধম্মিকের হঠাৎ দৌড়টা টের পেয়ে আরেকটা নতুন গন্ধ রফিকের নাকে এসে লাগে। বয়রা স্কুলের মাঠতরা ছিল চোরকাঁটা, ছোটবেলায় সে যখন দৌড়ে মাঠ পেরিয়ে বাড়ি ফিরত, তথন শৌ শোঁ বাতাস এসে তার কানে লাগত। তারপর মোল্লাড়ার পেছনের জঙ্গলটা পেরোতে গেলে আতাফুল থেকে তেসে আসত পাকা সবরি কলার গল্প। এখন এই গন্ধমূঘিকের সঞ্চলন থেকে সে কথাটা তার মনে গড়ে অকারণো।

বাবা তাকে এই ঢাকা শহরে এনে ছাপাখানার কাজে লাগিয়ে দিল, এটা মে মানতেই পারছিল না। সতা বটে, দেবেজনাথ কলেজের শিক্ষক প্রাণনাথ বাব বাবাকে বলেছিলেন, রফিক তো ফলেজ ফাঁকি দেয়। কিন্তু কলেজ ফাঁকি দিয়ে সে কী করে? নাটক করে। মানুদা নতুন নাটক লিখেছেন একটা, জুদিরামের ফাঁসি নিয়ে, এতে রফিকের জুদিরামের গাঁসি করার কথা। তো, সেই কারণেই শেহের দিকে রফিক একট বেশি সময়ই দিছিল তাদের উন্মেয় নাটাদলের জন্য। আগের নাইক প্রতির্বাহ বাটাদলের কারার করেছিল। করে লাগান কর্মান করের করে জল গড়াতে শুক্তির বাটিক শেষে মানুদা তাব জাড়িয়ে ধরে বলেছিলেন, স্থানির্বাহক নিয়ে লিখছি রফিক, এবার তুমিই ববে জুদিরাম। জুদিরাক্রমের করের তোমার মিল আছে। ব্যস্। রফিক হাওয়ার স্বিত্ব তর্ম করল। এরপর সে জুদিরাম।

বাস্। রফিক হাওয়ার কার্টের্ড তরু করন্ন। এরপর সে জুনিরাম!
একেবারে সেন্ট্রান কার্ট্রিকা। গালি থেকে ট্রান্ডপথ নাটকটাই তার
জীবনের টার্নিং পর্কেট্রিকারণ, পানুও ওই নাটক দেখতে গিয়েছিল বয়রা
কুল মাঠে। রাহেলা খানম পানুর পরনে ছিল আকািশ শাড়ি, বিকেলের
কুল মালোর সেটা দেখাছিল সবুজ আর হাজাক বাতির আলাের সেটা
জান্তুত একটা মেটে রং পেয়েছিল। নাটক শেষে যথন উইংসের পেছনে
পর্দাঘেরা শামিয়ানা টাঙানো গ্রিনক্রমে রফিক থেকআপ তুলছিল, মানুনার
চোখেমুখে তখনো ভালো লাগার ঘার, আর রফিকও বেশ ফুরফুরে মুডে
ওলতন করে গান গাইছে, মেকআপ তুলেই আবার লাগতে হবে মঞ্চ
ভাঙতে, স্কুলের বেঞ্চলো যথাছানে রাখতে হবে, মঞ্চের টেবিলগুলাের
বাধন খুলতে হবে, কলের ঞ্কুনঅলা তার সরঞ্জাম গোছাচ্ছে, এখনি তার
পাওনা বুলিয়ে দিতে হবে, এই সময় পানুর ছোট বোন শানু এসে হাজির,
ভাইজান, বুবু আপনেরে ডাকে।

পানু ডাকে? রফিকের বুকটা একটা কাকিলা মাছের মতো লাফ দিয়ে ওঠে: সেটা গোপন করে রফিক মেকআপ ঘষতে ঘষতে বলে, 'পানু এখনো যায় নাই। রাইত বেড়ে যাচ্ছে, তোরা যাস নাই কেন?'

'বুবু আপনেরে ডাকে।'

অগত্যা রক্তিককে পর্দার খের থেকে বাইরে আসতে হয়। হ্যাজাক লাইটগুলো এখন স্টেজ থেকে নামিয়ে মাটিতে রাখা হয়েছে, একটা লাল পর্দার ওপার থেকে আলো এসে পড়েছে পানুর মুখে, তাকে দেখাছে একটা টসটসে আমবেগুনের মতো। রফিক বলে, 'কী, যাও নাই কেন বাড়ি?'

পানু কিছু বলে না, তার নাকের দু'পাশটা বিস্ফারিত হতে থাকে, চোখ দিয়ে পানি গড়ায়, লালচে আলোয় সেই পানির ফোঁটা দুটোকে স্থাবিন্দুর মতো লাগে।

'কী হলো, ভোমার চোখে কেন জল?' নাটকের মুখ্য সংলাপ ঝেড়ে মুখ্য ব্যক্তিক

'তোমার দুঃখ দেইখা দুঃখ পাইছি ু তুমি **এই** পার্ট কেন করছ?'

'হা হা হা।' রফিক হানে। 'এইল জী সভ্য না। নাটকের মধ্যে। নাটকের মধ্যে কারও পার্ট দেই বা সিদ দর্শক কান্দে, ভাইলে সে হইল সেরা অভিনেতা। আমার অক্রিরঞ্চার মানে ভালো হইছে।' রফিক প্রাণ খুলে হাসে। আহ্ । আহু জিবুন কী আনন্দের দিন। ওই দিকে মানবেন্দ্র ওরকে মানুদা তারিক্স কৃষ্টকেন, আর এদিকে পানু...আজ ভার জীবন ধন্য।

কম্পোজিটর বর্ণসালাওলো। একটার পর একটা আক্ষর সাজাক্ষ্ণ স্থাপর প্রুফ তুলবে। রফিক প্রুফ দেখবে। কম্পোজও সে পারে কিছু কিছু। 'ম'-এর পরে আকার দিলে 'মা' হয়, কী রকম জাদু না এই হরফগুলোতে।

হরফের এই জাদুটাই ইদানীং তাকে মন্ত্রমুগ্ধ করে ফেলছে। নইলে মানিকগঞ্জ ছেড়ে সে ঢাকা শহরে এসে প্রেসের কাজে লাগে। তার থিয়েটার আর তার পানুকে ফেলে রেখে আসে সে?

রাহেলা খানম পানু তাদের দুই ঘর দূরের প্রতিবেশী। ক্লাস সিক্স পর্যন্ত পড়েছে পানু। তারপর পড়া বন্ধ। ওই দিন, গালি থেকে রাজপথ নাটকের মঞ্চায়ন শেষে তারা বাড়ি ফিরেছিল একসাথে, রাতের পথে ছিল জ্যোৎয়া আর কুয়াশা আর শিশির। দূরে ঝোপঝাড় থেকে ভেসে আসছিল শিয়াল আর কুকুরের পালা দেওয়া ভাক। রফিক বলেছিল, 'পানুরে, এর পরের নাটকে তো আমি ক্ষুদিরাম হব। আমার তো ফাঁসি হইয়া যাবে। এখন এই মামান্য পাগল হইয়া যাওয়ার সিন সহ্য করতে পারতেছ না, ক্ষুদিরাম সাইজা যখন ফাঁসিতে ঝুলব, গান গাব, "একবার বিদায় দে মা ঘুরে আমি", তখন সহ্য করবা কেমনে?'

'তোমার ক্ষুদিরাম করনের দরকার নাই, রফিক ভাই', পানু রফিকের হাত ধরে বলেছিল। আর কী আকর্য, ওই সামান্য একটা হাতের মুঠোয় রফিকের সমস্তটা অন্তিত্ব যেন বন্দী হয়ে গেল মুহুর্তে। তারপর রফিকের দিবস-রজনীজুড়ে গুধু ওই এক বালিকার মুখ। কেন এই রকম হয়।

কিন্তু তাই বলে কুদিরাম নাটকের রিহার্সাল তো আর বাদ দেওয়া যায় না। কলেজ ফাঁকি দেওয়া ওক্ষ করল সে। ওদিকে পানুর বাবা-মাও পানুর জন্য পাত্র বৃঁজত্বেন। রফিক আর পানুর মেলামেশাটা নিমে কানামুষা ওক্ষ হলে ওরা বলল, তাইলে আর বাইরে বাইরে পাত্র বৃঁজ্বত্বিষ্ঠা। পাত্র যথন যরের কাহেই আছে।

ওরা যখন মেলামেশা করছেই, সেইটাকে একটা স্বীকৃতি নেওয়ার জন্যই ওদের পানচিনিও হরে গেছে। এই ছে ক্ষেক্তসন্থারির ২৪ তারিখে ওদের বিয়ে। আর যেহেতু সামনে বিক্তমন্ত্রীন দায়িত, নতুন জীবনের ভার, রফিক তাদের এই বর্ণমালা ক্ষিতি প্রেসের কাজটার ইদানীং মনও লাগিয়েছে বেশ।

কিন্তু এর মধ্যে রফিকের মাধ্যুস নতুন চিন্তা জট পাকাতে গুরু করেছে। যে ছাপাখানার পদ্ধ আৰু সেসহা বোধ হতো, সেটাই তাকে মেশকে আঘরের মতো টান্টে

ঘটনা ঘটল (এইজ্রার । বর্ণমালা প্রিন্টিং প্রেসের বৃদ্ধ কম্পোজিটর, চোখে বেশি পার্ড্যারের গোল চশমা, কী একটা লিফলেট কম্পোজ করছেন, হঠাৎই একটা দীর্ঘশাস ছেড়ে বলে উঠলেন, 'এই বুড়া বয়সে বৃঝি বেকার হইয়া যাইতে অইব। চাকরি বৃঝি আর থাকে না!'

রফিক টেবিলে বসে আজ প্রেসের জন্য কী কী কিনতে হবে, কাদি আর কাগজ ইত্যাদি, সেসবের ফর্দু বানাচ্ছিল। ফরিদ চাচার কথা ওনে সে মাথা না তুলে বলে, 'কী কন, চার্চাঃ'

' হ : বুঝতাছ না চারদিকের বাতাস? লিফলেটে কী লেখছে। উর্দু নাকি এই দেশের ভাষা হইব। সরকারি কাম সব উর্দূতে হইব। তাইলে আমার এই বাংলা হরফ কী হইব। আমি তো এই বাংলা কম্পোজ ছাড়া আর কিছু জানি না। এখন এই বয়সে কি উর্দু কম্পোজ শেখনের টাইম আছে। তোমাগো প্রেস তো আর বন্ধ হইব না, ভান্তা, তোমরা উর্দু টাইপ কিনা আনবা, উর্দু কম্পোজিটর আইব, আমি তো এই বয়সে তোমার চাচি আর অপগও পোলাপান ছয়টা লইয়া রাস্তায় ভিক্ষা করতে থালা হাতে বইয়া পভূম।'

ওই লিফলেটটার প্রফ কাটতে পিয়ে রফিকের মনে হলোঁ, প্রুফের সঙ্গে কন্পোজিটর ফরিদ চাচার চোখের পানি লেগে গেছে। নইলে কাগজটার দুই জায়গায় ভেজা কেন। রফিক লিফলেটটা পড়ে, 'কী কয়? রাষ্ট্রভাষা হবে উর্দু। এটা সংখ্যাগরিষ্ঠ বাঙালিরা কেন মেনে নেবে? তাই তো ছাত্ররা ডাক দিয়েছে প্রতিবাদ সমাবেশ আর মিছিলের ঢাকা বিশ্ববিদ্যালয়ে হবে এই প্রতিবাদসভা।'

ছাপাখানার কাঠের খোপগুলো ভরা বিভিন্ন হরক। একেকটা থোপে একেক বর্ণ। আবার বিভিন্ন পরেটের অন্ধরের জন্ম একেকটা সারি। রফিক এই টাইপগুলোর দিকে তাকায়ে। হাতে ছুল নের সিসার অন্ধরণ্ডলা। নব উন্টা। এগুলো ছাপ দিলে সোজাতিব। এই অন্ধরণা সব ফেলে দিতে হবে। এর বদলে কিনে প্রত্নিব্রাহ্মত হবে উর্দু অন্ধর। রফিক বাংলা অন্ধরগুলোর প্রেন্থে, পুত্রু বায়। এই প্রিটিং প্রেসের

রফিক বাংলা অক্ষরগুলোর প্রেয়ে পৃষ্ঠি থায়। এই প্রিন্টিং প্রেসের কালিঝুলি, কেরোসিন, তারপিন, স্পিষ্টি, সিঙ্গা, লোহার পাত, তুঁতের গন্ধ তাকে আবিষ্ট করে তোলেনু

মধ্যখানে সিংগাইর বান্ধ্য প্রক্রে ঘুরে আসে রফিক। পানুর সঙ্গৈ দেখা করা দরকার ছিল। সাস্ত্রে বিজ্ঞ । বিয়েতে কী কী খরচ করতে হবে, পানুর সঙ্গে একটু পরামর্গ বর্মার জনাই মূলত যাওয়া। পানু তো কিছুতেই মুখ খুলনে না বলে তার্ম কী দিবা, দেও। আমি কেন বলব ।' শেষে পানুর ভাবি মুখ খুলল আলতা, সাবান, চুড়ি, শাড়ি, ব্লাউজ, পেটিকোট, স্লো, পাউডার আরু সোনার জিনিস যা দিবা…'

আজ রফিক বেরোছে সেই কেনাকাটা করার জন্য। তার মামাতো ভাই মোশাররফকে সে ডেকে এনেছে বাড়ি থেকে। হবিবর তার স্রাতুপুত্র বটে, কিন্তু তারা সমবয়সী, আর কেনাকাটার ব্যাপারে তার সুনামও আছে দরাদরির ব্যাপারে মোশাররফের প্রতিভা জাদুকরি, সে দুই আনার জিনিস কিনে দুই পর্মসা দিয়ে চলে আসে। দোকানদার হাসিমুবে বলে, 'আবার আইসেন।'

ফান্ধুন মাস। রোদটা চড়া। তবু শীতটা আছে বলে রোদটা মিটিই লাগছে। দোকানে আজ ভিড কম।

রফিকের গায়ে হালকা নীল রঙের শার্ট, পরনে সাদা প্যান্ট, পায়ে নেভি নীল মোজা এবং ঝকঝকে ইংলিশ জুতা। সদরঘাট, নবাবপুর মার্কেট চষে মোশাররফ আর রফিক মিলে আলতা, সাবান, চুড়ি ইত্যাদি সন্তার জিনিসগুলো কিনে ফেলে তেবেছিল শাঁথারিপটিতে চুকবে স্বর্গালংকারের জনা, কিন্তু এরই মধ্যে রিকশাঅলার মুখে তনল, ঢাকা বিশ্ববিদ্যালয় আর মেডিকেল কলেজের মোড়ে লড়াই বেধে গেছে। ১৪৪ ধারা জারি হয়েছে, মিছিল হবে না আজ আর—রফিক সেটাই জানত। তা না হলে বে বর আর মিছিলে যেত না। কিন্তু ছেলেরা যে ১৪৪ ধারা ভঙ্গ করতে তথ্য করেছে, আর লড়াইটাও যে জয়ে গেছে, সেটা শোনামাত্র রফিক বলল, 'মোণাররফ, চল, মিছিলে যাইতে হইব। বুঝস না...'

মোশাররফ ঠিক বুঝল কি বুঝল না, সেই জানে, কিন্তু সে-ও হাঁটা শুরু করে রফিকের পিছু পিছু।

দূর থেকে শোনা যাচ্ছে হোগান, 'রাষ্ট্রভাষা বাংলা হাই...' রফিকের মাথার মধ্যে স্বরে অ স্বরে আ ক খ বর্গগুলো লাফাতে গ্রন্থ করে। সে বলে, 'মোণাররফ, জোরে হাঁট।'

কিছুক্তণের মধ্যেই তারা মিছিলটা ধরে ক্লিক্সোর মিছিলের সঙ্গে মিশে যায় :

একবার তার পানুর কথা মনে পদ্ধে কি কোনো কারণে পানু পোনে যে রফিক মিছিলে গিরেছিল, পৃত্তি করবার করে কেঁদে ছেলবে। একদিন রিহার্গাল দেখাতে পৃত্তুক দ্বিয়ে গিয়েছিল রফিক। বররা ভূলের হ্লাস ফাইডের যরে রিহার্গাল কুছিল। রফিক যখন গানটা ধরল, একবার বিদায় দে যা ফিরে আমি

তথন পুরোটা যুদ্ধ ক্রীকি জানালায় রিহার্সালদশী জনতাও নীরব হয়ে গিয়েছিল। এর ক্রিক্টের বান্দোর উদ্পিরণের আওয়াজ। কেউ ফোঁপাছে। দে দিকে না তান্ধিয়েও রফিক বুঝতে পারছিল, এটা পানুই। রফিকের কোনো দৃঃখ-কষ্ট, হোক না তা নাটকের কাল্পনিক জীবনে, পানু একদমই সহ্য করতে পারে না।

আহা। আর মাত্র তিন দিন। তিন দিন পরই রফিকের ঘরে আসবে পানু। তার পর থেকে তাদ্বের যৌথ জীবন। ছাপাখানাটা তাদের নিজস্ব। তবু বিশ্বের কার্ডটার ইম্প্রেশীন কালকে পর্যন্ত হয়নি। আজ সন্ধ্যার মধ্যেই আমন্ত্রপত্র বের করে ফেলতে হবে। রাতেই বিরের কার্ড আর বরচাপাতি নিয়ে তারা রওনা দেবে মানিকগঞ্জের পথে। কাল-পরত কার্ডগুলো বিশিবন্টন করতে হবে।

'রাষ্ট্রভাষা রাষ্ট্রভাষা, বাংলা চাই, বাংলা চাই'—স্লোগানে কণ্ঠ মেলাতে

মেলাতে রফিক এই সব ভাবে। সামনে পুলিশের ব্যারিকেড। রফিকের চোয়াল শব্দ হচ্ছে, গলার রগ ফুলে উঠছে, কণ্ঠস্বর আসমান বিদীর্ণ করতে চাইছে, হাতের মুঠো সুর্যকে ধরবে বলে লখা হচ্ছে...

তখনই গুলির শব্দ। রেইনট্রি গাছগুলো থেকে গগনচিলগুলো উড়ে ওঠে, কাকের দল চিৎকার করতে থাকে।

গুলি রফিকের কপালে লাগে। সিসা তার করোটি ভেদ করে মগজে প্রবেশ করলে দে পায় সিসার হরফের গন্ধ। ছাপাখানার গন্ধ।

রণ করতে গে পার ।সমার হরকের গন্ধ। ছাপাঝানার গন্ধ। হাত থেকে বাজারের থলে পড়ে যায়। ভেঙে যায় আলতার শিশি।

বাফিকের শরীর চলে পড়ে। তার মাথা থেকে রক্ত আর মণারের ধারা আলতার ধারার সঙ্গে নিশে পথের ধুলোর প্রবাহিত হয়। আর করোটির ফোকর দিয়ে বর্ণমালা প্রিন্টিং প্রেসের ১২ ফট, ১৪ ফট, ১৮ ফটের বাংলা বর্ণমালাগুলা গড়িয়ে গড়িয়ে বেরিয়ে সটান দাঁড়িয়ে পড়িয়ে বর্গমালাগুলা ক্রিমেনার কর্মানির উজ্জ্বল রোদে তোখে সেই বর্ণমালাগুলা দেখতে পায়। বর্ণমালা ক্রমেনির উজ্জ্বল রোদে যেন সোনা হয়ে উঠছে। আর কী যে ভালো লাস্ক্রমেনির সিসার গদ্ধটুকুন।

রাহেলা খানম পানুর হাতে পানটিনির খানিটা, কুয়োর পাড়ে ওজু করতে করতে পানু সেটা একবার দক্ষে প্রদীষ্ঠার পরে, তারপর হাত ধোধরা হয়ে গেলে আবার পরে, ক্রিমি অনামিকায়। এ সময় তালের বাশঝাড়ে একটা কাক কা কা ক্রিমে ভেকে উঠলে পানুর বুকটা কেন বেন মোচড় দিয়ে ওঠে। ক্রিমে না কেন, রিহার্সালের দিনে 'একবার বিদায় দে মা' বলে রাজ্ঞী শর্মন টান ধরেছিল, রিফিকের সেই মুখখানা পানুর হঠাৎ মনে পুরুষ্ধি

একটা ঢিল 🐒 🌣 🗷 রে পানু কাকটাকে তাড়াতে চায়।



62.

আবুল বরকত সকাল থেকেই ব্যস্ত ছিলেন মধুর রেন্ডোরাঁর। তাঁর হাতে ছিল পোস্টার। লম্বা মানুষটা হাতে পোস্টার নিয়ে ছোটাছুটি করছিলেন মধুর রেন্ডোরাঁয়। মোহাম্মদ সুলতান তাঁকে জিঞেস করলেন, 'পোস্টার নিয়ে ঘুরছ কেন বরকত?'

বরকত বললেন, 'আরে, আমার হাত লম্বা দেখে ওরা সবাই আমাকে পোষ্টার লাগানোর দায়িত্ব দিয়েছে। দেখুন না, আমি কী রকম উঁচুতে পোষ্টারগুলো লাগাছি। অল্প কটা বাকি আছে, লাগিয়ে দেই।

আবুল বরকত ছিলেন অস্বাভাবিক লম্বা। মূর্শিদাবাদের ভরতপুর থানার বাবলা গ্রামে তাঁদের পরিবারটির নামই ছিল টিল ফ্যামিলি'। তাঁর বাবা শামনুজ্জোহাও ভীষণ লম্বা। এত লম্বা যে বহু দরজায় ঢোকার সময় তাঁর মাথা চৌকাঠে অটিকে যায়। তিনি মাথা নিচু করে দরজা পার হন। সেই টল ফ্যামিলির ছেলে আবুল বরকত বহুর চারেক আগে চলে এসেছেন পূর্ব বাংলায়। পুরানা পান্টন লাইনে তাঁর মামা আবদুল মালিক থাকেন। বরকত থাকেন সেই মামার বাসা 'বিক্সুপ্রিয়া'য়। তার ভূতি হয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ে, রাষ্ট্রবিজ্ঞান বিভাগে। পরীক্ষার ফলুকে তার ভালো হচ্ছে তাত বহুর অনার্স পরীক্ষার তিনি বিভীয় বেলুকে তুর্ব হ্রান অধিকার করেছেন।

রাষ্ট্রবিজ্ঞান পড়েন, আর আবুল বর্তু উর্ত্তিবন, কাকে বলে রাষ্ট্র আর কাকে বলে দেশ। একটাই দেশ ক্রি, মূর্শিদাবাদ, আর ঢাকা, দিরাজউন্দোলার মূর্শিদাবাদ আই সায়েজ। খার ঢাকা ১৯৪৭-এ মাউন্ট্রয়াটেন কলম দিয়ে লুক্ট্রস্ট্রিনে, আর দেশটা দুই ভাগ হয়ে গেল। তার মা থেকে গেলেন মুন্দ্রিনাদে, আর তিনি এলেন ঢাকায়। কোনটা তাঁর দেশ, কোনটা জারি মার্চভূমি?

কিন্তু মাতৃভাষ্ট্র কী তা নিয়ে আবুল বরকতের কোনো হিধা ছিল না। বাংলা ভাষার মুর্যানা তাঁর কাছে মারের মর্যাদারই সমান তাঁর হাতের একটা পোন্টারে লেখা: 'নাজিম, চুক্তি পালন কর, নইলে গদি ছাড়। রাষ্ট্রভাষার সংগ্রাম আমাদের জীবন-সংগ্রাম'।

সাদা কাগজে লাল কালিতে লেখা। এ যেন আবুল বরকতেরই মনের কথা। রাষ্ট্রভাষার সংগ্রাম আর তাঁর জীবন-সংগ্রাম এখন একবিন্দুতে এসে মিলেছে।

চুক্তিটা হলো সেই 'ঞ্জীন সালের চুক্তি। যেই চুক্তি প্রিন্দিপাল আবুল কাশেম, কামক্রন্ধীন আহমদ, সৈরদ নজকুল ইসলামেরা করেছিলেন থাজা নাজিম উদ্দিনের সঙ্গে, ৮ দফা চুক্তি, যার একটা ছিল বাংলাকে রাষ্ট্রভাষা করার প্রভাব উত্থাপন। যেই চুক্তি জেলখানার শেখ মুজিবুর রহমান, শামসুল হক, অলি আহাদ প্রমুখ অনুমোদন করেছিলেন। নীল রঙের হাফ শার্ট, থাকি প্যান্ট, পায়ে কাবুলি স্যান্ডেল—সদা বিনয়ী এই ছেলেটার কর্মতৎপরতার দিকে আরেকবার প্রসন্ন দৃষ্টিতে তাকান মোহাম্মদ স্লতান।

শামসূল হক রেন্ডোরার চেয়ারে বসে ১৪৪ ধারা ভঙ্গের বিপক্ষে কথা বলছিলেন। তথন হাসান হাফিজুর রহমানের সঙ্গে আবুল বরকতও উত্তেজিত হয়েছিলেন।

হাসান হাফিজুর রহমান কবিতা লেখেন। আবুল বরকতের সঙ্গে তাঁর বিশেষ রকমের বন্ধুত্ও আছে।

ভারপর আবুল বরকত হাজারো ছেলের ভিড়ে কোথায় হারিয়ে যান।
না, আবুল বরকত হারান না। তিনি আমতলার সভায় যান। 'আমরা
কি ১৪৪ ধারার কয়ে হার মানবং' বক্তার এই প্রশ্নের জনাবে 'না, না'
বলতে বলতে তিনি দু হাত ভোলেন। তাঁর লখা বন্ধীরের লখা হাত
আমগান্তের পাতা স্পর্শ করে।

ব্যাসমা আর ব্যাসমি সেই দৃশ্য দেখে হেরেই ক্রিটিকুটি।

তাদের মনে হয়, আবুল বরকতের এই প্রক্রিস্ট্র হাতের মুঠো আমণাছ ফুঁড়ে ওই আকাশটাকেই যেন স্পর্ণ কুর্ত্তর 🗘

কাঁদানে গ্যাস নিক্ষেপ শুরু হত্তি সারও অনেকের মতো আবুল বরকতও মধুর রেন্ডোরার পার্থকী দেয়াল টপকে মেডিকেল ক্যাম্পাসে ঢোকেন। সেখানে শুরু হয় ক্ষুক্তিপুদ্ধ।

ছাপরার তৈরি ব্যার্কিন্ট্র শতো ঘরে মেডিকেল ছাত্রদের হান্টেল। আবুল বরকত গিক্রে দুইলানে অবস্থান নেন। অন্য ছেলেনের সঙ্গে তাঁরা ইট নিয়ে পুলিন্তেই উচ্চক ছুড়তে ছুড়তে এগোন। আবার পুলিশ কাঁদানে গ্যানের শেল কিন্দুলি তুলক করে পুরো এলাকাটাকে ধোঁরায় হেয়ে ফেলতে ধরেলে তিনিও পিছিয়ে ব্যারাকের দিকে আসেন। চোখের স্কুলুনি থেকে বাঁচার কৌশল ছাত্ররা আবিচ্চার করেছে। বালতি, ভেকচি, ইডিকেলিস—যা পাওয়া গেছে, তাতেই পানি ভরে রাখা হয়েছে। ছেলেরা বারবার করে চোখ ধুয়ে নিছে। কেউ বা গায়ের কাপড় খুলে পানিতে ছিজিয়ে নিয়ে চোখ মুছছে। এখানে মেডিকেলের ছাত্র, ইঞ্জিনিয়ারিং কলেজে ছাত্র, আউসের ছাত্র, সায়েকের ছাত্র—সবাই এসে মিলেছে। এটাই এখন প্রতিরোধের সবচেয়ে বড় মঞ্চ। বাবুর্চিরা ইটের পালা থেকে ইট তুলে এনে ভেঙে ভেঙে টিল বানিয়ে ভূপ করে রাখছে। মেখান থেকে টিল ভূলে নিয়ে ছেলেরা ছুড়ে মারছে পুলিশের দিকে। আরও সাহনী

ছেলেরা টিয়ার গ্যাসের শেল এসে পড়ার সঙ্গে সঙ্গে সেটা ধরে পান্টা ছুড়ে মারছে পুলিশের দিকেই। এবার পুলিশও কাদানে গ্যাসের যন্ত্রণায় অন্থির হয়ে পিছিয়ে যাচ্ছে।

লড়াইরের একপর্যা<mark>রে আবুল বরকত আর তাঁর কজন বন্ধু একটু</mark> পিছিয়ে ২০ নম্বর ব্যারাকের মাঝামাঝি জায়গায় অবস্থান নেন। একটুখানি জিরিযে নিয়ে আবার লড়াইয়ে নামতে হবে।

আবুল বরকতের লম্বা হাতে ঢিল ছোড়ার কাজটা হয় খুব ডালো। বিশ্রামের সময় তো এখন নয়।

মোহন মিয়া সেখানে এলেন। আবুল বরকতকে ডাকলেন, 'আবাই। কী অবস্থা?'

বরকত বললেন, 'চলুন আবার যাই ৷'

ওরা কেবল উঠেছেন, এমন সময় গুলির শব্দ পেছে গেলেন আবুল বরকত

শফিকুর রহমান থাকেন ১৭ নম্বরে, এক বাল্টির পানি এনে ওর মাথায় চোখেমুখে ঢেলে দিলেন। তিনি ভাবছেন, টিয়ার গ্যানের প্রতিক্রিয়া

ততক্ষণে রক্ত এসে মিশেছে পান্নির প্র**র্থ**হের সঙ্গে।

মোহন মিয়া বললেন, 'গুলি লেখিটে। ধরেন, হাসপাতালে নিতে হবে, ধরেন। চলেন।'

মোহন মিয়া ধরলেন অপ্নি স্থানিতের মাথার দিকটা, শফিকুর ধরলেন পায়ের দিকটা। এত ক্রিটেপ বপুটাকে ওরা দূজনে ধরে নিতে পারেন। ভীষণ কট লাগছিদ।

আরও দু-ক্তিন্দ্রী ওঁসে ধরল আবুল বরকতের পড়ে যাওয়া শরীরটা। আবুল বরক্ত বললেন, 'ভীষণ কন্ত হচ্ছে। বাঁচব না। বিষ্ণুপ্রিয়া ভবন, পুরানা গল্টনে সংবাদ পৌছে দেবেন।'

তাঁকে নিয়ে ওরা ছুটছেন জরুরি বিডাগের দিকে। রেডক্রস আঁকা ইমার্জেন্সির বারান্দায় উঠলেন তাঁরা। স্ট্রেচার কই। স্ট্রেচার।

স্ট্রেচারে শোয়ানো হলো বরকতকে। স্ট্রেচার বেয়ে রক্ত পড়ছে মেঝেতে। টুপটাপ। তাঁর পেটের চামড়া ঝুলে আছে স্ট্রেচারের বাইরে। তিনি বলছেন, 'পানি পানি।'

মোহন মিয়া তাঁর ভেজী রুমালটা দিলেন বরকতের মুখে বললেন, 'চোষো:'

একজন নার্স সেই দৃশ্য দেখে পুলিশের উদ্দেশে বললেন, 'কাপুরুষ ।'

আর মোহন মিয়াদের বললেন, 'আপনারা যান গেটে, প্রতিশোধ নেন আমরা এনাকে দেখছি।'

মোহন মিয়া প্রতিশোধের জন্যে যাচ্ছেন। তথনই আরেকটা দেহ স্ট্রেচারে আসছে। তার মাথার খুলি হাঁ করা। সেখান থেকে যেন বেরিয়ে আসছে রক্তাক্ত বর্ণমালা।

মোহন মিয়া ফিরে তাকালেন। দেখলেন, আবুল বরকত স্ট্রেচার থেকে উঠে যাচ্ছে। তাঁর শরীর লম্বা হচ্ছে। তাঁর মাথা ফুঁড়ে গেল হাসপাতালের ছাদ

তাঁর শরীর আরও বড় হচ্ছে। তাঁর হাত আরও লম্বা হচ্ছে। আর তখন আকাশভরা নক্ষত্র।

নক্ষত্রগুলোর গায়ে গায়ে বর্ণখচিত। অ আ ক খ।

আবুল বরকত হাসছেন আর একটা একটা করে বর্ণের গায়ে হাত বোলাচ্ছেন। সোনালি বর্ণগুলো লাল হতে শুরু করেছে।

কাঁদানে গ্যাসের ধোঁয়ায় আর কিছু দেখা যাছে বা তিনি বললেন, 'পুরানা পন্টন লেইনে বিষ্ণুপ্রিয়া ভবনে খবরটা দিতে বাই) সাইকেল...'

মোহন মিয়া জ্ঞান হারিয়ে পড়ে গেল্ডেন্।

আবুল বরকত তথনো, ওই সন্ধার ক্রিকাশের গারে নক্ষত্রে নক্ষত্রে স্পর্শ করে চলেছেন বাংলা বর্ণমাল্ট

ব্যাঙ্গমা আর ব্যাঙ্গমি বললত আই ভেবেছিলাম তাই, এই ছেলের হাত

আকাশ স্পর্শ করল।

আর মুর্শিদাবাদের বার্ত্তর্য গ্রামে, জননী হাসিনা বেগম, হঠাৎ আকাশে তাকালেন। রাত ভূমবুসাড়ে সাতটা, মুর্শিদাবাদে, ঢাকায় আটটা।

তিনি দেখতে ৡর্পর্টেন, আকাশে নক্ষত্রগুলোয় যেন আগুন লেগেছে, সব এত লাল। তিনি কারণটা ধরতে পারলেন না।

পরের দিন সন্ধ্যায় টেলিগ্রাম এল ঢাকা থেকে। আবুল বরকতের আব্বা শামসুজ্ঞোহা সেই বার্তা পড়ে তব্ধ হয়ে রইলেন। হাসিনা বেগম বুঝতে পারছেন না কী হয়েছে। ছেলের নিরাপত্তার জন্যে তাকে পাঠানো হয়েছে ওপার বাংলায়, কলকাতায় কিংবা মূর্শিদাবাদে কখন কী বিপদ ঘটে, সেই ভয়ে। তাহলে কী ঘটল আবুল বরকতের! পাকিস্তান কি মুসলমানদের জন্য নিরাপদ নয়?

তিনি তাকিয়ে রইলেন আকাশে, তারার দলের দিকে, একই আকাশ,

একই তারা, একই চাঁদের নিচে, দূরে কোখাও তাঁর ছেলে আছে। কেমন আছে সে?



60.

কামরুন্দীন আহমদের বাসায় কড়া নাড়পেন তাজউদ্দীন আহমদ। বারান্দায় তেরসা করে এসে পড়েছে বিকেলের রোদ। তাজউদ্দীনের ছায়া পড়ে কবাটে। সেই কবাট খুললে তাঁর ছায়া গিয়ে পড়ে-ফ্রিক্সে,ভেতরে।

কামরুদ্দীন সাহেব দরজা খুলেই উদ্বিশ্ব মার্ক্ত জিজ্ঞেস করলেন, 'ইউনিভার্সিটির কোনো খবর জানেন?'

বাইরের আলো তাঁর মুখে পড়েছে, উল্লেখনের বলিরেখা কামরুদ্দীন আহমদের মথে স্পষ্ট দেখা যায়।

তাজউনীন বললেন, 'আদি পিনিটিলাম দুপুরের পরে, জনসমাবেশ দেখলাম, তনলাম কাঁদানে স্মুখিও ছোড়া হয়েছে। সেখান থেকে কাজে ডিপিআই অফিল এসন্তিও জিফিন হয়ে আসছি।

'की वलन? किছूरें ज़िस्नेन ना?'

'না, মানে অনুপৃষ্টি কি ঘটেছে?' তাজউদ্দীনের মুখটা বিব্রত দেখায়। 'জানেন রুত্তিই ইয়েছে? ছাত্র মারা গেছে।'

'না তো!'\

'আপনি যে কোন জগতে থাকেনং'

তাজউদ্দীন আহমদের মুখটা পাংগু হয়ে গেল। বিশ্ববিদ্যালয় এলাকায় তিনি দুপুরে গিয়েছিলেন, মিনিট কুড়ি ছিলেনও। সমাবেশ দেখেছেন, কাঁদানে গ্যাস ছোড়া হয়েছে, তলেছেনও, কিন্তু শ্রীপুরের ফাওগাঁও এমই ফুলের দায়িত্ব তাঁকে দেওয়া হয় দিন পনেরো আগে, তিনি সেই দায়িত্ব বুবে নিয়েছেন এবং ওই স্কুলের উন্নতি কীভাবে ঘটানো যায়, তাই নিয়েই ময় হয়ে ছিলেন। আজওরীতনি ডিপিআই অফিসে ধরনা দিয়েছেন স্কুলের জনা য়ান্ট ইন এইডস পাওয়া নিয়ে। তারপর গেছেন এসডিও অফিসে, ফুলের ম্যানেজিং কমিটির সভা নিয়ে কথা বলতে। এর মধ্যে এও বড়

ঘটনা ঘটে গেল, আর তিনি তার সঙ্গে যুক্ত থাকতে পারলেন না! তিনি ইতন্তত করতে লাগলেন।

কামরুদ্দীন বললেন, 'চলেন, আওয়ামী মুসলিম লীগ অফিসে চলেন।'
'চলেন।'

কামরুদ্দীন আহমদ ও তাজউদ্দীন নবাবপুরে লীগ অফিসে গেলেন। তারপর সেখান থেকে কেমব্রিজ ফার্মেসি হয়ে ডা. করিমকে সঙ্গে নিয়ে তিনি রওনা হলেন মেডিকেল হাসপাতালের দিকে।

মেডিকেল হাসপাতালে গিজগিজ করছে পূলিশ আর সামরিক বাহিনীর লোক। তারা কিছুতেই মর্গের আশপাশে থেঁবতে দিছে না। রফিক নামের এক প্রেসের মালিকের ছেলে মারা গেছেন। আবদুল জরবার নামে একজনও মৃত্যুর কল জড়ছেন। আবুল বরকত নামের রাষ্ট্রবিজ্ঞানের এক ছাত্রের অপারেশন চলছে ওটিতে। আরও অনেক অম্বর্জাও গুলিবিজ। শোনা যাছে, দশ জন মারা গেছে। শত শত আস্ক্র্য

কিন্তু হাসপাতালে আহত বা নিহতদের আ**শুপারে থা**ওয়া যাচ্ছে না।

কলেজ হোন্টেল থাকণে মানুষ অনুষ্ঠা পুরান ঢাকার যে অধিবাসীরা চার বছর আগে রাষ্ট্রভাষ্ঠ আইটার্সন্তান বর্ষাধিতা করেছিল, তারাই 'কস কী, ছাত্র মাইরা স্কেন্সট্টের গুলি কইরা' বলে মেতিকেল কলেজ হোস্টেলে ভিড় জমাল স্ক্রান্ট্রের ওখানে রক্তের দাগ, গুলির খোসা। বাতাসে তথনো কাঁদানে সমুষ্ট্রের পর। হাজার মানুষের ভিড়ে পদধূদিতে ভারী চারপাশ।

नानाभ नारम अस्तिकेन भाता श्राटक, श्लाना श्रान ।

মাইক্রোফের্ক্ ক্রিস্ট্রিশ গৈছে একটা। আনিসুজ্জামান লিখে দিছেন আর মোহাম্মদ তোয়ার্ম্ব সেই লেখা দেখে ভাষণ দিছেন। শেষে লেখা ফুরিয়ে একে মাইক্রোফোন ভূলে নিলেন আনিসুজ্জামান। পুলিশের উদ্দেশে বলদেন, 'পুলিশ ভাইয়েরা, চাব বছর আগে আপনারা যখন প্রতিবাদ করেছিলেন, তখন সেনাবাহিনীর সদস্য এনে আপনাদের ওপরে গুলি চালানো হয়েছিল, আর আপনারা গুলি করছেন আপনাদের ভাইয়ের ওপরে, যারা আপনাদের আয়ের ভাষার মর্যাদার জন্য লড়হেং?

এর মধ্যে অনেক বন্ধা এসে গেছে। মাইক্রোফোন নিয়ে টানাটানি। সবারই প্রচণ্ড ক্ষোভ, ঘৃণা আগুনের গোলার মতো কণ্ঠ থেকে নিঃসরিত হচ্ছে। গুলিবর্বগের প্রতিবাদে ও রাষ্ট্রভাষা বাংলার দাবিতে পরিষদ সদস্য আবদুর রশীদ তর্কবাগীশ চলে এলেন পরিষদ থেকে পদত্যাগ করে। তিনি মাইক্রোফোনে জানালেন সে কথা। আবুল কালাম শামসৃদ্দীন ছুটে এলেন আন্তাদ অফিস থেকে। আরও আরও পরিষদ সদস্য এলেন ছাত্রদের সঙ্গে সংহতি জানাতে।

ফররুখ আহমদের নেতৃত্বে শিল্পীরা বেতারকেন্দ্র বর্জন করে চলে এলেন রাস্তায়।

হাসান হাফিজুর রহমান চলে গেলেন ছাপাখানায়, ইশতেহাব বের করতে।

বাইরে মিলিটারি মোভায়েন করা হয়েছে। কারফিউয়ের ঘোষণা আসছে।

রাত ১১টায় তাজ্বউদ্দীন ফিরে এলেন যোগীনগরের বাসায়। আকাশে-বাতাসে চাপা উত্তেজনা। চারদিক থমথমে।

যুবলীগের অফিসের সঙ্গেই তাজউদ্দীনের শোঝুর্

রাত তিনটায় কিসের যেন শব্দে তাজউদ্দীকে বুটি তৈঙে গেল। তিনি বুখলেন, পূলিশ এসেছে যুবলীগ কার্যালমে তির্মাশ করতে। অন্ধলরে দরজা খুলে তিনি বেরিয়ে পড়লেন। এই ফেওইখানে পূলিশের গাড়ি। তারা চুকছে যুবলীগ অন্ধিসে। তালুক্তিশুনি শক্তের নিষাসের শব্দ তনছেন একটার পর একটা বাড়ির লেয়াল্ল আমে, বেড়া ঘেঁঘে তিনি সরে যাছেন। অন্ধলার কিছুই দেখা যাছে গুটি ওই বাড়ির বারান্দার আলো। আলোর পদা নিয়ে গেলে তাঁকে, ক্রম্বাশীবাব। আলোটা যেখানে পড়েনি, তত দূর পর্যন্ত সরে গেলেন তিরে ধ

একটা বাড়ির বাসনৈ, একটা গাছের নিচে তিনি চুপ করে বসে

রইলেন। (৮)

র্ঝিথির ডাক আসছে গাছটা থেকে? কী গাছ এটা? তিনি জানেন না : চুপ করে বসে রইলেন। মশা তাঁর পায়ে কামড় বসাচ্ছে, কিন্তু চাপড় মারা যাবে না । যদি শব্দ হয়। গত রাত পর্যন্ত থবর, চারজন মারা গেছে, তবে চারদিকে রব, শহীদের সংখ্যা ১০-১১ জন। আহত ৩০, জেলে নেওয়া হয়েছে ৬২ জনকে। এখন আবার গ্রেপ্তার অভিযানে বেরিয়েছে পুলিশ। অনি আহাদকে সাবধান করা দরকার।

পুলিশ চলে গেল চারটার দিকে। তারপর আর ঘুমোনোর মানে হয় না। তিনি আবার মেডিকেল কলেজের হোস্টেলের দিকে রওনা হলেন সাইকেল নিয়ে।



৬৪

আকিলা খাতুনের পেটে সাত মাসের বাচা। উঠতে বসতে হয় সাবধানে। কোলে একটা বাচা, চার বছরের শাহনাঞ্জ।

সকাল সকাল আফিলা খাতৃনকে গরম ভাত রায়া করতে হচ্ছে। কাঠের চুলা। একটা চোঙে ফুঁ দিচ্ছেন আফিলা। তাঁর মুখে চুলার আগুনের লাল আলো, সাদা ছাই এসে পড়ছে। মুখ ফুলিয়ে ফুঁ দিতে তাঁর কট হচ্ছে।

আলো, সাদা ছাহ এসে পড়ছে। মুখ ফুলরে ফু ।দতে তার কন্ত হচ্ছে। তার স্বামী শক্তির রহমান যাবেন কাজে। হাইকোর্টের কেরানি তিনি। আবার বিএ পড়ছেনও।

শফিউর রহমানের পরনে পায়জামা। গায়ে একটি ফুফহাতা গেঞ্জি। তার ওপরে তিনি শার্ট চাপালেন। তার ওপরে ছালালেন কোট।

তিনি বললেন, 'এটা কোনো সভ্য দেশ বৃদ্ধি ক্রমন্ত দেশে পুলিশ গুলি করার আগে সাবধান করে। সিগন্যাল বিষ্কৃতিতার পরও লোকে কথা না শুনলে পায়ে গুলি করে। আর এ কি বিষ্কৃতি! এভাবে গুলি করে ছাত্রদের মারল পুলিশ।'

শফিউরের আব্বা বসেছির্কি প্রশিশর ঘরে, বিছানায়। তাঁর বয়স ঘাট, গালে দাড়ি, মাথায় ট্রিন টুলি বললেন, 'এই জন্য লড়কে লেঙ্গে পাকিন্তান বলেছিলায়। কৈ তো খালি মুখে বলি নাই রে, অন্তর থেকেই বলেছিলাম। তাই ক্রা তোদের পাঁচটা ভাইকে নিয়ে সবকিছু পেছনে ফেলে চিবিম্প পরগনা খেকে ঢাকা চলে এলাম। ভাবলাম, আজাদ পাকিন্তানে আজাদিতে থাকব। এখন এসব কী গুনছি। এই এর পেছনে আবার হিন্দুন্তানের ষড়যন্ত্র নাই তো। মার্নিং নিউজ পত্রিকায় তো তা-ই লিখেছে দেখছি।'

শফিউর বললেন, 'আব্বা, সবকিছুর পেছনে হিন্দুন্তানের ষড়যন্ত্র বঁজবেন না তো! ওগো তোমার ভাত হলো?'

শাহনাজ বলল, 'আম্মা, আববা ভাত চায়।'

'এই তো হয়ে এল।' আকিলা খাতুন ভাভের হাঁড়িতে চামচ ডুবিয়ে একটা ভাত তুলে সেটা টিপতে টিপতে বলেন।

শফিউর বলেন, 'আববা, আপনাকে বললাম, পাকিস্তান আর টিকবে না । কাল গুলির খবরে সারা দেশে সবাই খুবই খেপে গেছে। রাস্তায় রাস্তায় মিছিল বেরিয়েছে। হাজার হাজার লোক সেই সব মিছিলে যোগ দিয়েছে। মিছিলে কত লোক। এইভাবে কেউ মানুষ মারে। গুলি করে মাথার খলি উডিয়ে দিয়েছে।

শাহনাজ বলে, 'আব্বা খুলি কী?'

'ভাত হয়ে গেছে। খেতে আসো। আব্বা, আপনিও বসেন।' মেঝেতে পিঁড়ি বিছিয়ে ভাত বাড়ে আকিলা।

শফিউর আর তাঁর পিতা মাহবুবুর রহমান খেতে বসেন। টিনের থালায় ভাত। টিনের মগে পানি। ভাত, ডাল, আলুর ভর্তা।

বাইরে তখন স্লোগান উঠেছে, 'নুরুল আমিনের ফুঁসে চাই : শহীদের রক্ত বথা যেতে দেব না। রাষ্ট্রভাষা বাংলা চাই'।

শফিউর এক লোকমা ভাত মুখে দিয়ে কিব্রীকৈ চিবোতে বলেন, 'দেখলা, মিছিল এই আজাদ সিনেমা হলের ক্রিছে পর্যন্ত চলে এসেছে।

সবাই এখন মিছিলে অংশ নিচ্ছে।

মাহবুবুর রহমান বললেন, 'বাবা মাষ্টিউর, সাবধানে যেয়ো।' খাওয়া শেষে থালাতেই হাত সুমুহত শফিউর। লাল গামছায় হাত মুছে তিনি শাহনাজকে কোলে নি**লেম্** পুললেন, 'আসি আন্মা।'

শাহনাজ বলল, 'আকুষ, খুলি কী? গুলি কী?'

তার গালে এক্টা চুর্মু দিয়ে কোল থেকে মেয়েকে নামিয়ে দিলেন

শফিউর।

উঠোনে সাইক্রেল। তিনি সাইকেলটা নিলেন। 'আব্বা আসি শাহনাজের আম্পা। সাবধানে থেকো। তোমার পেট যে রকম বড় হচ্ছে. এইবার নিশ্চয়ই ছেলে হবে।' আববার কান ফাঁকি দিয়ে আকিলার কানে ফিসফিসিয়ে বললেন শফিউর।

৩৪ বছরের শফিউরকে দেখাচ্ছে রাজপুত্রের মতো। আকিলার মনে ह्य।

আকিলার বয়স ১৯ বছর। ৭ বছর আগে শফিউরের সঙ্গে বিয়ে হয়েছে আকিলার। তখন তাঁর বয়স ছিল ১২ বছর। ১৫ বছর বয়সে প্রথম মা হন। আকিলার বয়স হচ্ছে, বোঝার বয়স, ভালোবাসার বয়স। নিজের স্বামীর দিকে প্রেমপূর্ণ দৃষ্টিতে তার্কান তিনি। প্রথম সন্তান মেয়ে হয়েছে, পরেরটা যেন আল্লাহ ছেলে দেন।

শফিউরকে দরজা পর্যন্ত এগিয়ে দেন আকিলা। শাহনাজও মায়ের সঙ্গে দরজার চৌকাঠ ধরে থাকে।

সজনেগাছের তলায় সাইকেল। সজনেগাছের পাতা ঝরে পড়েছে সিটের ওপরে। অন্ধকার কোপটা থেকে সাইকেল বের করে রোলুর পেরিয়ে গেটের কাছে আসেন শক্ষিউর। ৬ নম্বর রঘুনাথ দাস লেনের গেটের দরজা পেরিয়ে বেরিয়ে খান তিনি।

শাহনাজ বলে, 'আব্বা, বেল বাজান।' ক্রিং ক্রিং। শফিউর সাইকেলের ঘটি বাজান। তারপর মিশে যান রোদ্ধরে।

বেলা ১১টা কি সাড়ে ১১টা বাজে। কিছু গোছগাছ ধোয়ামোছা সেরে নিয়ে আকিলা প্রথমে শাহনাজকে খাওয়াবেন। তারপর নিজে খাবেন।

শফিউর পথে নেমেই পড়েন মিছিলের পেছনে কিশ্বী বড় মিছিল। তিনি সাইকেল থেকে নেমে হেঁটে হেঁটে সাইকেল কৈলে নিয়ে মিছিলের পেছনে হাঁটেন খানিকক্ষণ।

রোদে যেন মিছিল জ্বলছে। ক্ষোভে যেন ফুর্নিষ্টল পুড়ছে। 'আমার ভাই মরল কেন, খুনি নুকুল ফুর্মিন জবাব চাই'

'খুনি নুরুল আমিনের ফাঁসি চিই' 'রাষ্ট্রভাষা বাংলা চাই' ৷

শফিউর সেই মিছিলের স্লাগানের সঙ্গে মনের অজাতেই কণ্ঠ মেলালেন। পথচারীনের স্লার মিছিলকারীদের মুখ থেকেই ভনলেন, সংবাদ অফিসে আগুন দেবল ইয়েছে, জনতার কোন্ডের আগুনে ছাই হয়েছে *মর্নিং* নিউজ...

তারপর তাঁর মনে হলো, অফিসের দেরি হয়ে যাছে। তিনি জোরে হেঁটে মিছিলটা অতিক্রম করলেন। তারপর উঠে পড়লেন সাইকেলে।

রথখোলায় মরণচাঁদের মিটির দোকানের সামনে তিনি, তাঁর পেছনে মিটিল, এই সময় গুলির শব্দ।

গুলি এসে লাগল শফিউরের পিঠে।
শফিউর তথনো সাইকেল চালাছেন।
তাঁর পেছনে কোট ভেদ করে রক্ত ঝরছে।
কিন্তু তিনি সাইকেল চালাছেন।
সাইকেল চলছে।
তিনি ল্লোগান ধরলেন, 'রাষ্ট্রভাষা বাংলা চাই...'

সাইকেল এগিয়েই চলেছে।

খোশমহল রেক্টুরেন্টের সামনে এসে তিনি পড়ে গেলেন।

তাঁকে অ্যামুলেন্সে করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

আফিলাব দরজায় জোরে জোরে আঘাত। দর**জা খুললেন বৃদ্ধ মাহবুবুর** রহমান। আফিলা শুনতে পেলেন, শফিউর রহমানের হাতে গুলি লেগেছে। তাঁকে হাসপাতালে নেওয়া হয়েছে।

তাঁরা পাগলের মতো ভূটে গেলেন মেডিকেল কলেজ হাসপা**তালে।**শফিউর রহমানের এক ভাই তৈয়বুর রহমান, সন্তানসম্ভবা আকিলা, তাঁর মেয়ে শাহনাজ আর মাহবুবুর রহমান।

আকিলার শাশুড়ি ছিলেন আরেক ছেলের বাড়িছে। জিনিও এসেছেন হাসপাতালে।

তখনো শফিউর রহমানের জ্ঞান আছে। ত্রিস্টারা করে ডাকলেন মাকে। মা তাঁকে জড়িয়ে ধরলেন। তাঁর শাঙ্কিক্রেরক লেগে গেল।

তৈয়বুর এগিয়ে গেলেন। তাঁকেও প্রতিষ্ঠেবলেন।

আফিলা ভুকরে কেঁদে উঠল।

তা দেখে কেঁদে উঠল শাহনদন্তব। মাহবুবুর রহমান ন্তব্ধ আজ্ঞাদ
পাকিন্তান তাঁকে কী দিল?

স্ট্রেচারে করে শফিউস্কিক্স্পীপারেশন থিয়েটারে নেওয়া হলো। তাঁর অপারেশন করেন ডুফ্রিক্স এলিনসন।

তিনি বাইকে বৈশ্বিমে এসে বললেন, 'তাঁর লিভার পুরোটাই ছিড়ে গেছে। গডকে ডিকুল ।'

সন্ধ্যা সাতটার ডাক্তাররা জানালেন, শফিউর আর নেই।

আকিলা ন্তব্ধ হয়ে রইলেন। তাঁর সাত যাস চলছে। মেয়েটার বয়স চার। তিনি কী নিয়ে বাঁচবেন। শক্ষিউর তাঁর অনাগত সন্তানকে কোনো দিন দেখবেন না। এই বাচচাও কোনো দিন দেখবে না তার আব্বাকে!

ঠিক ৩খন আবদুল জব্বারের দুই বছরের ছেলে নুকল ইসলাম বাদল ঢাকা মেডিকেল কলেজের মেঝেতে একা একা ইটিছিল আর হামাণ্ডড়ি দিছিল। সে এসেছিল ময়মনসিংহ থেকে। তার নানির অসুখ। তার মা আর বাবা আবদুল জব্বার নানিকে নিয়ে মেডিকেলে এসেছেন চিকিৎসার জন্যে।

শাণ্ডড়িকে হাসপাতালে ভর্তি করিয়ে, স্ত্রী ও শিশুপুত্রকে হাসপাতালে

রেখে আবদুল জব্বার, ফাইত পাস, ন্যাশনাল গার্ডের চাকুরে, বাইরে জনতার সঙ্গে মিশে যান। আগের দিন গুলি হয়েছে এই চতুরে, ছাত্র মারা গেছে আজও চলছে শকাল থেকে লড়াই। মেডিকেল হোস্টেল পরিণত হয়েছে আন্দোলনের নিয়ত্রগক্তের। মাইকে চলছে অবিরাম অনল বর্ষণ। বাইরে সশস্ত্র পুলিশ আর মিলিটারি, তারা কাঁদানে গ্যাস ছুড়ছে, লাঠিচার্জ করছে, একপর্যায়ে গুলি করেই বন্দো...

আবদুল জব্বার গুলিবিদ্ধ হন।
তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়।
চোখেমুখে অনিকরতা নিয়ে বিলাগ করেন তাঁর খ্রী।
তাঁর শিশুপুত্র নুক্ষল ইসলাম বাদল হাসপাতালের মেঝেতে হাঁটে,
হামাণ্ডতি দেয়, মেঝেতে পড়ে থাকা মহালা তলে মধে দেয়।

সেখান থেকে সামান্যই দ্রে, কলাভবনের আম্তর্ভারী সামা আর ব্যাসমি কাঁদানে গাানের ধোঁরার দু চোখ লাল করে পাতার আড়ালে মুখ লুকার। ব্যাসমা বলে.

> জব্বারের ছেলে হলো হোটু বাদ্দির্থ হাসপাতালের ফ্লোরে ছুটুছে তর্জন। মা তার পাথর যেন কুইব্রি জানে না, স্বামী তার মরে, প্রাষ্ট্রেই জানে না বানল চিক্টু জানি কর্তব্য যে তার, উনিশ বহুর দিল্ল করেবে যা করার। প্রশিক্ষি ক্রিতে যাবে ভারত উদ্দেশে, দেশে ফ্লিরবে ফের যোদ্ধারই বেশে। ভাষার দাবিতে দের জব্বার জীবন, তার ছেলে মুক্তিয়োদ্ধা লড়ে প্রাণপণ।

ফজলুল হক হলের মিলনায়তনে ছাত্রসভা। সভাপতিত্ব করছেন তাজউদীন আহমদ। রাষ্ট্রভাষা আন্দোলনের পরবর্তী গভিপ্রকৃতি কী হবে, তা নিয়ে আলোচনা হলো। সেখান থেকে বেরিয়ে অলি আহাদের সাইকেলের পেছনে চড়লেন তাজউদীন। উদ্দেশ্য, মেডিকেল কলেজ হোস্টেল চতুর। এটাই এখন আন্দোলনের অগ্নিমুখ।

সারাটা দিন সাইকেলে চড়ে বাংলার মানুষের বদলে যাওয়া দেখেছেন

ভিনি অলি আহাদের সাইকেলের পেছনে বসে ফাল্পনের বাতাস কেটে এগিয়ে যেতে যেতে তা-ই ভাবছিলেন তাজউদ্দীন। হোস্টেলের বয়-বেয়ারা, নির্মাণপ্রমিক থেকে শুক করে সাধারণ মানুষ, দোকানদার, পুরান ঢাকার অধিবাসী সবাই আজ নেমে এসেছে মিছিলে। মিছিলে যোগ দিয়েছে কুলের ছাত্রীরা। গায়েবানা জানাজা হয়েছে, এ কে এম ফজলুল হকসহ হাজার হাজার মানুষ যোগ দিয়েছে জানাজায়, যোগ দিয়েছেন আবুল হাশিম। আজও সারা দিন গুলি হয়েছে। কড জন শহীদ হয়েছেন, পুলিশ হাতাসে নামা গুজব। কেউ বলছে ১০-১২ জন শহীদ হয়েছেন, পুলিশ হাত-শা ধরে লাশ ভূদেছে ট্রাকে, গাঁরা দেখেছেন। আহত হয়েছে বোধ হয় কয়েক শ।

ণতকাল গুলির সংবাদ শোনার এক ঘণ্টার মধ্যেই ক্রমণ আহমদ, সিকাদ্দার আরু জাফর, সাইয়িদ সিম্মিনী, আবদুল আইম্মিন্তাবদুল লতিফ প্রমুথ রেডিওপিল্পী ধর্মঘট করে বেরিয়ে এসেছেন ব্রেচিপ্ত অফিন থেকে। শহীদুল্লা কারসার, কে জি মোন্তলা, গোলাম্ম মুখলা, মাহবুব জামাল জাহেদি, আবদুল পফুর, মোহাম্ম্ম স্কেমারা, আবদুল মতিন, আনিস্জ্জামান—সবাই বাত্ত। আহমদ মুম্মিক্ত ও রফিকুল ইসলাম প্রাণান্ত খাটছেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষর মুখ্যার চৌধুরী, মোজাফ্ফর আহমদ চৌধুরী, পৃথীশ চক্রবর্তী প্রসূত্র প্রতিবাদ সভা করেছেন। বিধানসভার গুলিবর্ধণের তীব্র প্রস্থিত বাদ সভা করেছেন। বিধানসভার গুলিবর্ধণের তীব্র প্রতিবাদ কিন্তু করেছেন। বিধানসভার করেমান করেমার বেণ্যম করেম্বর্ধণ করে পামসুজ্জীন আহমদ, মনোরক্তা কর্মান দিতে পারে না, করেম্বর্ধণ করেম আনিবার্ধ। মিলিটারি মেয়েদের গাভারে মাতৃজ্জাতির সম্মান দিতে পারে না, করেম্বর্ধণ করেমান করেমান করেমান পার না, মেয়েদের ওপর এই দব অভ্যাচার হয়, তাদের পতন অনিবার্ধ। পুলিশের লাঠিচাক্তে মেয়েরা উত্তেভ হয়েছে। একজন হলেন ঢাকা হাইকোটের জান্তিস ইরাহিম সাহেবের মেয়ে সুফিয়া ইরাহিম, আরেকজন মিস রওপন আরা, থাকি ইয়ার, বিএ। মেয়েদের টোটাল উড্ডেড হলো আটজন। মন্ত্রিসভা এমন একটা আবহাওয়া সৃষ্টি করেছে যাতে মেয়েরা পর্যন্ত লাঞ্জিত হয়। '

আজিমপুর করবস্থান থেকেঁ শহীদদের রক্তাক্ত জামা উদ্ধার করে লাঠির ডগার লাগিয়ে মিছিল হছে। পুরো ঢাকা আন্ত আগ্রেয়গিবি। জুমার নামাজের পর ঢাকার বহু মগজিদে গায়েবানা জানাজা হয়েছে, তারপর স্বতঃস্ফূর্ত মিছিল ১৪৪ ধারার কথা ভূলে গিয়ে রান্তা দখল করে ফেলেছে। মোহাম্মদ সুলতান, হাসান হাফিজুর রহমান, মুর্তজা বশীর কালো পতাকা উত্তোলন করেছেন কলাভবনের ছাদে। শিল্পী আবদুর রাজ্জাকের পরনের সাদা পায়জামায় রক্তের দাগ। রিকশাচালক আউয়াল আর নিম্পাপ কিশোর অহিউল্লাহ শহীদ হয়েছে পুলিশের গুলিতে।

বাংলা একটা আন্চর্য জায়গা।

ফোঁটা ফোঁটা বৃষ্টি পড়ছে।

অলি আহাদের সাইকেল মেডিকেল ক্যাম্পানে এনে ঢুকল। তাজউদ্দীন ও অলি আহাদ মিশে গেলেন মেডিকেল হোস্টেল চত্বরের কন্ট্রোল রুমের অসংখ্য ভাষানৈনিকের সঙ্গে।



প্রতিষ্ঠ জ্বানেন না, ঢাকুর্যু ক্রী হচ্ছে। ঢাকা থেকে ফরিদপুর যেতে লাপে দুদিন। ঢাকার কার্গজ্ব ক্রির্দপুরে এসে পৌছায় পরের দিন সন্ধ্যায়। কিন্তু তাঁর কেমনু খেদু স্ক্রীষ্ট্র অস্থির লাগে।

এমনিতেই তাঁক বাসির খুব খারাপ। তিনি হৃদরোগ, চোখের রোগে ভূগছিলেন বস্তুই তাঁর চিকিৎসা চলছিল। তিনি অনশন করবেন, এই ঘোষণা দেওমুদ্ধ পরে তাঁকে তড়িয়ড়ি ফরিদপুর জেলে আনা হয়েছে। এখানে এসেই তিনি আর মহিউদ্দিন আহমদ অনশন শুরু করে দিয়েছেন।

তাঁর আশা ছিল, ২১ ফেব্রুস্মারির আগেই তাঁকে ছেড়ে দেওয়া হবে। তাহলে তিনি রাষ্ট্রভাষা দিবসের সাধারণ ধর্মঘট আর আন্দোলনে অংশ নিতে পারবেন। কিন্তু নুরুল আমিন চালাকি করে তাঁকে ঢাকার বাইরে পাঠিয়ে দিয়েছে। ঢাকায় যে কী হছেছ, তিনি জানেন না। মওলানা ভাসানী, শামসূল হক কি পারবেন আওয়ামী মুসলিম লীগকে নিরাপস সংগ্রামের ধারায় এপিয়ে নিতে? মওলানা হয়তো পারবেন, কিন্তু তাঁর দরকার একজন যোগ্য ঘাঠসৈনিক। শামসূল হক ঠিক তা নন। মুজিব মনে করেন, তাঁর এখন ঢাকায় থাকা খুব দরকার ছিল।

তিনি অনশন চালিয়ে যান।

১৯ ফেব্রুয়ারিতে ডাক্তার তাঁর রিপোর্টে লেখেন :

মৌলভি মুজিবুর রহমান:

তার হৃৎপিণ্ড ও চোখের সমস্যার কারণে মারাত্মক ফোলা রোগের লক্ষণ দেখা দিয়েছে। তার জন্যে অনশন ধর্মঘট চালিয়ে যাওয়া নিরাপদ না-ও হতে পারে। যা তার হৃৎপিণ্ডের ক্ষতি করতে পারে। বর্তমান অবস্থা গুরুতর নয়।

একুশে ফেব্রুয়ারিতে মুজিব অন্থির হয়ে পড়েন ঢাকার খবর জানার জন্য। আকাশবাণীর খবর সূত্রে ফরিদপুরের লোকসুখে নানা কথা ভালে, কিংবা টেলিগ্রামে আসে কিছু ঢাকার খবর। সেই ভাসা ভালা খবরের কোনো কোনোটা এসে কারাগারের মধ্যে পৌছায়। ছার্মুছিলে ওলিবর্ষণ করা হয়েছে গুনে তিনি তার অনশনের কারণ হিসুদ্ধে ক্রিক মুক্তি দাবির সঙ্গে ঢাকায় ভলিবর্ষণের প্রতিবাদ কথাটা যুক্ত রুব্রেক্টিক

তিনি ব্যবস্থা করেন, তিনি যে ঢাকার (র্য্ট্রিক্সর্বা আন্দোলনে ওলি, জুলুম, নিপীড়ন, হত্যা, গ্রেগুরের প্রতিবাদে, স্কুলন করছেন, সেই খবরটা টেলিগ্রামের মাধ্যমে যাতে ঢাকায় (স্ক্রিম্ন)

২৩ ফেব্রুয়ারি। যুবলীগের ক্রিক্সন্পাদক আনিসুজ্জামানের বাসায় টেলিগ্রাম পৌছে দের ভাক্সিয়াই তাকে তেমনই বলা ছিল, যেন সে যুবলীগ অফিসের নামে ক্লুব্রু ভাক আনিসুজ্জামানের বাসাতেই পৌছে দেন।

আনিসুজ্ঞামান বিশ্বীমাটা হাতে পান। দেখতে পান, রাষ্ট্রভাষা আন্দোলনকারীধৃষ্ট্রপর গুলিবর্ষণের প্রতিবাদে ও তার বিচার চেয়ে শেখ মুজিব ও মহিউদ্দিন আহমদ ফরিদপুর জেলে অনশন করছেন।

আনিসুজ্জামান সেই টেলিগ্রামের ভিত্তিতে একটা খবর তৈরি করে পৌছে দেন দৈনিক *আজাদ* অফিসে।

দুর্বল স্বাস্থ্য নিয়েও শেখ মুজিব অনশন চালিয়ে যেতে থাকেন।

২৩ ফেব্রুয়ারি ১৯৫২ জেল সুপার লিখছেন:

শেখ মুজিবুর রহমান : তার ওজন খুব দ্রুত কমে যাঙ্গে। হৃদ্যন্ত্রের অবস্থা সভোষজনক নয়। মায়োকার্ডিয়াল দুর্বলতার লক্ষণ খুব স্পষ্ট।

২৫ ফেব্রুয়ারি শেখ মুজিক্সের সঙ্গে সংহতি জানিয়ে আরও পাঁচজন নিরাপন্তাবন্দী অনশন ধর্মঘট ওরু করেন। এদিকে তাঁদের অনশনের খবর ঢাকার কাগজে নিয়মিত বেরোতে থাকে। স্থানে স্থানে তাঁদের মুজির দাবিতে বিক্ষোত হতে থাকে। ২০ ফেব্রুয়ারিতে পরিষদ সদস্য আনোয়ারা খাতুন শেখ মুজিবের অনশনের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে পরিষদের অধিবেশন নিয়মিত আলোচনা করে শেখ মুজিবের অনশন নিয়ে আলোচনার দাবি তোলেন।

জবাবে নুরুল আমিন বলেন, 'এ ধরনের কোনো অনশনের থবর তাঁর জানা নাই। আর শেখ মুজিব যদি তা করেও থাকেন, সেটা তাঁর জন্য ভাশো কিছু বরে আনবে না, তাঁর সমর্থকদের জন্যও নয়। কেউ যদি আত্মহত্যা করতে চায়, আর আমরা যদি সেই ধবর পাই, তাহলে কি আমরা পরিষদের নির্ধান্তিত কর্মসূচি স্থাণত করব?'

কিন্তু একুশে ফেব্রুয়ারির আন্দোলন সারা বাংলুছ্ম বৈস্ফোরণ সৃষ্টি করেছে। এই অবস্থায় শেখ মুক্তিবের কিছু হয়ে স্পের্ফ্স করিছিতি যে আর সামলানো যাবে না, সেটা নুরুল আমিন সরক্ষ্য ক্রিষ্ট বৃঞ্জতে পারে।

২৫ ফেব্রুয়ারি শেখ মুজিবকে জানানে হারী, তাঁর মুক্তির আদেশ দেওয়া হয়েছে। তিনি অনশন ভঙ্গ করেন

এর দুদিন পরে কারাগারের হাক্তিক্রিক থেকে তাঁকে মুক্তি দেওয়া হয়।

শেখ মুজিব তাঁর দুর্বল ধরিত্ব সিঁয়ে বের হচ্ছেন কারাগার থেকে। গুকিয়ে কাঠ হয়ে (পঞ্চন সিঁতনি। তাঁকে আর চেনাই যায় না। তিনি হাঁটতেও পারছেন সম্মা

তিনি ঠিক কুরেইপ, ফরিদপুর থেকে টুন্সিপাড়া যাবেন। তিনি বড় ক্লান্ত। কিছুদিন প্রকিবেন বাড়িতে। আব্বা, আম্মা, রেনু, হাসু, কামালের সামিধ্যে।

তাঁকে নিয়ে যাওয়া হচ্ছে ফটকের দিকে।

সেখান দিয়ে তিনি যাবেন জেলারের অফিসে। স্বাক্ষ**র করে, তাঁর** জিনিসপাতি বুঝে নিয়ে তারপর বেরোবেন প্রাচীরের বাইরে, **মৃক্ত** আকাশের নিচে।

সামনে লোহার গেট।

দুজন প্রহরী সেটা পাহারা দিচ্ছে।

একজন জেলকর্তা তাঁকে একজন জমাদারের প্রহরায় বাইরে নিয়ে যাচ্ছেন। বড় গেটটা বন্ধ।

বড গেটের ভেতরে একটা ছোট গেট।

কারাগার-কর্তা সেই ছোট গেটটা দিয়ে মাথা নিচু করে বের হয়ে গিয়ে ঘুরে মজিবের দিকে তাকিয়ে বললেন, 'আসেন।'

মুজিব তাঁর রোগা দেহ থেকে বাঘের গর্জন বের করে বললেন, 'বড় গেটটা খোলেন।'

কর্তা বললেন, 'বড গেটের চাবি তো এখন আমার কাছে নাই।'

মুজিব বললেন, 'যার কাছে আছে তার কাছ থেকে আনেন। শেখ মুজিবুর রহমান কোনো দিনও মাথা নিচু করে কারাগার থেকে বার হয় নাই। আমার নাম শেখ মুজিবুর রহমান, আমি মাথা নিচু করি না।'

তাঁর কণ্ঠস্বরে একটা অন্যোঘতা ছিল। মন্ত্রতাড়িতের মতো কারাগার-কর্তা ছুটে গেলেন বড় গেটের চাবি আনতে। মুজির মার্ট্ট্রাড়িয়ে রইলেন অসুস্থ শরীর নিয়ে।

যড়ঘড় করে বড় দরজার পালা খুলে গেক

বাইরে তাঁকে বরণ করে নেওয়ার জুরা প্রি শত মানুষ জমা হয়ে গেছে। মিটির খবর কী করে পিপুরুষ পীয়, সেটা রহস্যজনক, কিন্তু ঠিকই মিটির পাশে ভিড় জমাদ পিপুরার দল। শেখ মুজিব বের হয়ে আসহেন, এই খবর ক্যেক্ত্রেক পূপল মানুষ, তারাই জানে, কিন্তু কার্যেক প্রাথমি ক্রেট 'শেখ মুজিব শেখ মুজিব, জিন্দাবাদ জিন্দাবাদ। শহীদের ব্রক্ত কর্মাধি ব্যতে দেব না'।

শেখ মুজিবুর বৈষ্ঠার কারাপ্রাচীরের অন্তরাল থেকে বের হয়ে এলেন মাথা উঁচু করে ৮